# দেবীর ধ্যান

ওঁ কালাভ্রাভাং কটাক্ষৈ-ররিকুল-ভয়দাং মৌলিবদ্ধেন্দুরেখাং,
শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈ-রুদ্বহন্তীং ত্রিনেত্রাম্ ।
সিংহ-স্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবন-মখিলং তেজসা পূরয়ন্তীং,
ধ্যায়েদ্ দুর্গাং জয়াখ্যাং ত্রিদশ পরিবৃতাম্ সেবিতাং সিদ্ধিকামৈঃ ॥

**Om Kala-abhrabham katakshair-arikula-bhayadaam**
**mauli-baddheyndurekham shankham chakram kripanam**
**trishikhamapi karaih-rudwahantim trinetraam |**
**Sinhaskandha-adhiruddham**
**Tribhuban-makhilam tejasa purayantim**
**dhyaayed Durgam Jayakhayam tridasha-paribritam**
**sebitam siddhikamaih ||**

One should meditate on Mother Durga whose another name is Jaya,
who has the complexion of deep dark cloud,
whose mere glance can arouse fears to the enemies,
tightly fastened in her crown is the shining crescent moon.
Who has three eyes, who is holding conch, disc, sword, and
three-pointed weapon (trident) in her hands,
Who is riding on a lion, and is energizing all
three worlds with her brilliant light, who is always surrounded by Gods,
she is served by those who want success.



দেবীর ঘোটকে আগমন
ফল : ছত্রভঙ্গস্তুরঙ্গমে





দেবীর ঘোটকে গমন
ফল : ছত্রভঙ্গস্তুরঙ্গমে

## কার্যকরী কমিটি ২০২২-২০২৩

**BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY &**
**BANGLADESH CANADA HINDU MANDIR**
TORONTO, CANADA

# Bangladesh Canada Hindu Cultural Society
# &
# Bangladesh Canada Hindu Mondir

## Executive Committee 2022-2023

| Name | Designation |
|---|---|
| Praduyt Chakraborty | President |
| Biswajit Mitra | Vice-president |
| Satyabrata Purkayastha | General Secretary |
| Niranjan Kumar Mandal | Assistant General Secretary |
| Palak Datta | Finance Secretary |
| Shubha Banik | Assistant Finance Secretary |
| Imon Das | Cultural Secretary |
| Paromita Sen Tinnie | Assistant Cultural Secretary |
| Debashish Deb Chowdhury | Organizing Secretary |
| Ashis Das | School Secretary |
| Seema Das | Publication Secretary |
| Benoy Majumder | Secretary, Property Management |
| Dilip Kumar Saha | Secretary, Puja Committee |
| Sujit Das | Secretary, Prasad Management |
| Kajal Roy | Secretary, Youth Affairs |
| Vaskar Roy | Director |
| Gokul Biswas | Director |

## Board of Trustees (BOT) 2022-2025

| Name | Designation |
|---|---|
| Ajoy Das | Member |
| Anil Nath | Member |
| Ashok Debnath | Member |
| Anup Roy | Member |
| Bijit Roy | Chairman |
| Dilip Kumar Halder | Secretary |
| Himangshu Sarkar | Member |
| Jhantu Debnath (Nirmal) | Member |
| Ramapada Paul (Mintu) | Member |
| Rajat Paul | Member |
| Sabyasachi Choudhury (Jishu) | Member |
| Sajal Deb | Member |

**Interim Committee 2021**
Convenor : Praduyt Chakrabarty
Member Secretary : Biswajit Mitra

**Executive Committee 2018-2020**
President : Bijit Roy
General Secretary : Borendra Sanyal

**Executive Committee 2016-2018**
President : Shebu Choudhury
General Secretary : Arun P. Paul

**Executive Committee 2014-2016**
President : Shubhash Roy
General Secretary : Borendra Sanyal

**Executive Committee 2012-2014**
President : Shubhash Roy
General Secretary : Chanchal Saha

**Executive Committee 2009-2011**
President : Nirmal Kumar Kar
General Secretary : Shubhash Roy

**Executive Committee 2007-2009**
President : Arun Dutta
General Secretary : Ramapada Paul

**Executive Committee 2005-2007**
President : Anil Nath
General Secretary : Samir Lal Datta

**Executive Committee 2004-2005**
President : Ajoy Das
General Secretary : Debobrata Dey (Tamal)

**Executive Committee 2003-2004**
President : Anjan Datta
General Secretary : Debobrata Dey (Tamal)

**Executive Committee 2002-2003**
President : Shebu Choudhury
General Secretary : Sudip Shome (Rinku)

**Executive Committee 2001-2002**
President : Kirit Bikram Sinha Roy
General Secretary : Sabyasachi Choudhury

**Executive Committee 2000-2001**
President : Sudip Dey (Anju)
General Secretary : Bijit Roy

**Executive Committee 1997-2000**
President : Alok Choudhury
General Secretary : Kishore Chowdhury

**Executive Committee 1996-1997**
President : Swadesh Saha
General Secretary : Bibekananda Talukder

**Executive Committee 1994-1995**
President : Sudhangshu Datta (Suda)
General Secretary : Bibekananda Talukder

**Puja Mandap**
16 Dohme Avenue, Toronto
ON M4B 1Y9
Phone: (416) 693-4444

**পুরোহিতবৃন্দ**
শ্রী শ্যামল ভট্টাচার্য্য
শ্রী মিটন পারিয়াল
শ্রী তরুণ চক্রবর্ত্তী

# সূচিপত্র


| বিষয় | লেখক | পৃষ্ঠা |
|---|---|---|
| দুর্গাপূজা উদ্‌যাপন : গ্রামবাংলা এবং শহর | নিরঞ্জন রায় | ১২ |
| সন্ধি পুজো, আঙ্গিনায় স্বর্গের পদ্ম ও আমার রানীশ্রী | ড. প্রভাতী দাস | ১৪ |
| সাম্য মৈত্রী ঐক্যের দুর্গা | ড. ঊষা দাস চৌধুরী | ১৫ |
| উপনিষদের শিক্ষা | শ্রী বুলবুল ভৌমিক | ১৮ |
| ডাক | রেখা পাঠক | ২৪ |
| শ্রীমদ্ভগবদ্‌গীতা : জ্ঞাপনপথ ও ভক্তিপথ | শ্রীবিদ্যুৎ মজুমদার | ২৮ |
| কেন উপনিষদ | রাম কৃষ্ণ তালুকদার | ৩২ |
| মাণ্ডুক্য উপনিষদে আত্ম-বিচার প্রসঙ্গ | সুমন ধর | ৪০ |
| প্রশ্ন উপনিষদ্ | প্রারব্ধ বণিক | ৪৪ |
| শ্রীশ্রীরামঠাকুর | অরুনাংশু হোর | ৭৪ |
| অখণ্ডমণ্ডলেশ্বর শ্রীশ্রী স্বামী স্বরূপানন্দ পরমহংসদেব | - | ৭৬ |
| সমগ্র পৃথিবীই আমার কর্মক্ষেত্র | স্বামী চেতনানন্দ | ৭৮ |
| হোলি : উৎসবের উৎস সন্ধান | সুচেতা বন্দ্যোপাধ্যায় | ৮০ |
| কৃষ্ণের বহুরূপের মধ্যে গোপাল কেন শ্রেষ্ঠ? | ভাস্কর বন্দ্যোপাধ্যায় | ৮৮ |
| প্রভু নিত্যানন্দ | রাধাবিনোদিনী বিন্তি বণিক | ৯৬ |
| মণিকরণ হিন্দু-শিখের মিলনতীর্থ | হেমন্তিকা কর | ১০০ |
| মানুষের কর্ম | সুমন বনিক | ১০২ |
| Swami Vivekananda - The Universal Teacher | Dr. Dilip Chakraborty | ১০৪ |
| In This World, We Fight | Suparna Dey | ১০৬ |
| দ্রৌপদীপ্রেমিক ভীমসেন | সুব্রত কুমার দাস গুপ্ত | ১০৭ |
| **কবিতাঙ্গন** | | |
| জন্মাষ্টমী | অমিত কুমার মুখোপাধ্যায় | ১০৯ |
| নদীজলে আরাধনা | তুষার গায়েন | ১০৯ |
| শিববন্দনা | সুব্রত পুরু | ১১০ |
| দশভুজা মা আমার | পিংকি চৌধুরী | ১১০ |
| রথের গল্প | শুভশ্রী ভট্টাচার্য | ১১১ |



| | | |
|---|---|---|
| **Publishers** | : | Bangladesh Canada Hindu Cultural Society<br>Bangladesh Canada Hindu Mandir<br>Toronto, Canada<br>16 Dohme Ave., Toronto, ON. M4B 1Y9<br>Phone: (416) 693-4444 |
| **Published Date** | : | October 2023 |
| **Cover** | : | **Sufala Printers**<br>Phone : +880 1715 295 834, Bangladesh |
| **Graphics & Printing** | : | **Sufala Printers**<br>49/4-A R K Mission Road<br>Dhaka-1203, Bangladesh<br>Cell: +880 1715 295843<br>Email: sufala.printers@gmail.com |


বিঃ দ্রঃ এ সংখ্যায় প্রকাশিত প্রবন্ধ, অন্যান্য লেখা ও মতামতের জন্য সম্পাদক দায়ী নন।

কৃতজ্ঞতা স্বীকার: সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার পেছনে যাঁরা আমাদের আর্থিক, কায়িক, নৈতিক এবং সার্বিক সমর্থন দিয়েছেন ও সহযোগিতা করেছেন তাঁদের সকলের প্রতি জানাই কৃতজ্ঞতা।

PRIME MINISTER · PREMIER MINISTRE

October 20–23, 2023



Dear Friends:

I am pleased to offer my warmest greetings to my fellow Canadians celebrating Durga Puja.

Durga Puja is a time of hope and self-renewal. Paying homage to the goddess Durga, it serves as a timely reminder of the ultimate triumph of light over darkness and invites us to remain optimistic in our daily lives. This occasion also offers a wonderful opportunity to learn more about Canada's vibrant Hindu community and to recognize its important contributions to our country's social, cultural and economic fabric.

I would like to thank the Bangladesh Canada Hindu Mandir and Bangladesh Hindu Cultural Society for bringing this celebration to the community and for their commitment to promoting cross-cultural exchange. Events such as this are a wonderful reminder that Canada is truly a multicultural nation, made stronger and more resilient by our diversity.

On behalf of the Government of Canada, I offer my offer my best wishes to everyone celebrating Durga Puja.

Sincerely,

The Rt. Hon. Justin P. J. Trudeau, P.C., M.P.
Prime Minister of Canada

Premier of Ontario - Premier ministre de l’Ontario



October 20, 2023

**A MESSAGE FROM PREMIER DOUG FORD**

Warm greetings to everyone celebrating Durga Puja, one of the most important and anticipated festivals on the Hindu calendar.


On this special occasion, Hindu Canadians celebrate with music and joyful worship as they renew bonds with loved ones, reaffirm their faith, and rejoice in the victory of good over evil.

Ontario is proud to be home to a strong, vibrant Hindu community whose members have enriched our culture and contributed much to our success story.

Many thanks to the wonderful folks at the Bangladesh Canada Hindu Cultural Society and Bangladesh Canada Hindu Mandir for their commitment to the spiritual and social well-being of Bangladeshi Hindu Canadians.

As we work together to lay the groundwork for Ontario’s future, our diverse faith communities will play a vital role in helping build a stronger province and economy.

Have a blessed and joyous Durga Puja!



**Doug Ford**
**Premier**

CITY OF TORONTO

**Message from the Mayor**

It is my pleasure to extend greetings and a warm welcome to everyone participating in this year's Durga Puja festival hosted by the Bangladesh Canada Hindu Cultural Society and Bangladesh Canada Hindu Mandir.

Best wishes to everyone taking part in this festival which is one of the most important festivals in the Bengali Hindu culture. I wish everyone a memorable and happy festival as you celebrate with community members and loved ones.

Thank you to the Bengali Hindu community for your valued contributions to our city and for forming an important part of our city's motto: "Diversity Our Strength."

On behalf of Toronto City Council, please accept my best wishes for a memorable event and continued success.

Yours truly,

Olivia Chow
Mayor of Toronto

OFFICE OF THE MAYOR
100 QUEEN STREET WEST, TORONTO, ONTARIO, M5H 2N2

Nathaniel Erskine-Smith, M.P.
Beaches-East York



Dear Torontonians and visitors,

October 19-23, 2023

It is an honour to welcome you to Durga Puja - the Autumn Festival!

This event, hosted by the Bangladesh Canada Hindu Cultural Society and the Bangladesh Canada Hindu Mandir, aims to celebrate and promote Bengali Hindu heritage and culture and to bring devotees, families, and friends together to pay homage to Durga. I am pleased to send my congratulations and greetings to mark this special occasion.

I admire the work that the Bangladesh Canada Hindu Cultural Society and the Bangladesh Canada Hindu Mandir undertake in order to serve our South Asian communities here in Toronto and all over the GTA, including hosting valuable annual cultural events, programming and community service.

This annual Autumn Festival has required a tremendous amount of effort, organizing and hard work. On that note, I would like to thank the organizing team and the volunteers who ensure that such a wonderful event can take place. May Goddess Durga strengthen and bless you and your families with courage to fight all evils.

Please accept my best wishes on this festive occasion.

Sincerely,

**Constituency Office**
1902 Danforth Ave
Toronto, ON
M4C 1J4
416 467 0860

**House of Commons**
802 - Justice Bldg.
Ottawa, ON
K1A 0A6
613 992 2115

# BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY & BANGLADESH CANADA HINDU MANDIR TORONTO, CANADA

## শারদীয় দুর্গাপূজা ২০২৩ উপলক্ষে
## নির্বাহী কমিটির নিবেদন

**"যা দেবী সর্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ ॥"**

"শ্রীশ্রীচণ্ডী" গ্রন্থের এই মূলমন্ত্রটি উচ্চারণের মাধ্যমে আমরা দশভূজা, মহাশক্তি দেবী দুর্গাকে শ্রদ্ধাবনত চিত্তে স্মরণ করছি। পঞ্জিকা অনুসারে সাধারণত সপ্তমীতে দেবী দুর্গার আগমন ও দশমীতে গমন হয়। কিন্তু প্রতিবছর দুর্গার আগমন ও গমন একই বাহনে হয় না। যদি কোনো বছর হয়, তবে তা শুভ ইঙ্গিত বহন করে না। এবছর দেবী দুর্গার আগমন ও গমন দুই-ই ঘোটকে। দেবী ঘোটকে চড়ে আগমন করলে তাঁর বোধন, আমন্ত্রণ ও অধিবাসের মধ্য দিয়ে আমাদের দুর্গোৎসব শুরু করা হলো।

তিথী অনুসারে প্রতিদিন পূজা, পূজা শেষে পূজার্থী ও দর্শনার্থীদের মধ্যে প্রসাদ বিতরণ, পূজা পরিচালনা এমনকি বোধন থেকে বিজয়া অবধি বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মতো বিশাল আনন্দযজ্ঞের মাধ্যমে বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি ও বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির যথাযথ সামাজিক উৎসবের মর্যাদা ও গুরুত্ব নিয়ে এ-বছর দেবীপূজা উদ্‌যাপন করছে।

মা তো স্বয়ং মহামায়া। চিন্ময় জগতের যোগোমায়া। পুরুষ ও প্রকৃতি সকল আধারেই যে তিনি "মাতৃরূপিনী" মহাশক্তি দেবী দুর্গা। তাই এ উৎসব আমাদের সকলের, আমাদের সমাজের। নানা চড়াই-উৎরাইয়ের সম্মুখীন হলেও প্রবাসে বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি ও বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির কমিটি দীর্ঘ একযুগেরও বেশি সময় ধরে মায়ের পূজা উদ্‌যাপন করে আসছে, এবং এ উপলক্ষে আমাদের বিশেষ প্রকাশনা "চিন্ময়ী" শারদসংখ্যা প্রকাশ করে চলেছে।

আমাদের সনাতন বাঙালির প্রবাসী জীবনে সামাজিক পরিবর্তন, ধর্মীয় আচার ও সংস্কার ইত্যাদির কথা বিবেচনা করেই নির্বাহী কমিটি ও পূজা প্রকাশনা কমিটি "চিন্ময়ী" প্রকাশনার ক্ষেত্রে নির্ধারিত কিছু নীতি-নির্দেশাবলী অনুসরণ করে। ফলে, নিয়মিত লেখকের পাঠানো লেখাগুলোর ওপর বিশেষ গুরুত্ব এবং নিরপেক্ষ বিবেচনা করে তা প্রকাশের উদ্যোগ নেয়া হয়। কিন্তু কমিটির হাতে পৌঁছনো কিছু লেখা অনিচ্ছাকৃতভাবে এ-সংখ্যায় প্রকাশ করা যায়নি। আশাকরি, পূজাসংখ্যা চিন্ময়ীর এই সীমাবদ্ধতাকে লেখক ও পাঠক ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন এবং চিন্ময়ী'র গুরুত্ব অনুভব করে কিংবা চিন্ময়ীর নির্ধারিত নীতি নির্দেশাবলীর বিষয় বিবেচনা করে পরবর্তী সংখ্যায় তারা তাদের সেরা লেখাটিই পাঠাবেন এবং প্রকাশনা কমিটি নিশ্চয়ই আপনাদের সে লেখা সাদরে গ্রহণ ও প্রকাশনার দায়িত্ব নেবেন।

সর্বোপরি, যে কথা না বললেই নয়, তা হলো– বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি ও বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির, সারাবছর ধরে মন্দিরের নিয়মিত পূজা-পার্বণ, উৎসব-অনুষ্ঠানাদির পাশাপাশি সংগঠনের সার্বিক উন্নয়ন ও গঠনমূলক কাজ বিশেষ করে মন্দির সংস্করণের যে বিশাল উদ্যোগ নিয়ে থাকে, তার অবদান একার নয়, কমিটি ও সনাতন সমাজের সকলের যা কিনা সমষ্টিগত। নির্বাহী কমিটির পক্ষ থেকে মন্দিরকে ঘিরে সমাজের সকল সদস্য, নিবেদিত কর্মী, সেচ্ছাসেবী, ভক্তবৃন্দ, ও নিয়মিত অনুদানকারী শুভানুধ্যায়ীদের প্রতি আমাদের গভীর শ্রদ্ধা, কৃতজ্ঞতা ও অভিনন্দন জানাই। প্রার্থনা করি, মা দুর্গা গজে গমন সকলের জন্য মঙ্গল হোক, নিরাপদ ও সুখের হোক।

"তব অচিন্ত্য, রূপ-চরিত-মহিমা হে মহালক্ষ্মী, জননী গৌরী জয়সঙ্গীত ধ্বনীত হোক তোমারই ভূবনে"।

বিনীত
নির্বাহী কমিটি
বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির
টরন্টো, কানাডা

# BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY & BANGLADESH CANADA HINDU MANDIR TORONTO, CANADA

## শারদীয় দুর্গাপূজা ২০২৩ উপলক্ষে
## বোর্ড অব ট্রাস্টির নিবেদন

শারদীয় শুভেচ্ছা ও প্রণাম জানাই সকল সদস্য, ভক্ত ও সুধীজনকে। বছরঘুরে সমাগত শারদীয় দুর্গোৎসব। আমাদের সকলের আনন্দের শারদীয় দুর্গোৎসব। মাতার আগমনের আনন্দে ভেসে যায় আমাদের সকল শোক, বেদনা আর হতাশা। আত্মীয় পরিজন আর বন্ধুদের সমাগমে আনন্দময় হোক আপনার গৃহ, আপনাদের আগমন এবং অংশগ্রহণে মুখরিত হোক আমার আপনার সকলের মন্দির, বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির। সেই সাথে আমাদের মাঝে বিরাজমান হিংসা, লোভ, ঘৃণা দূরীভূত হয়ে আমাদের সংসার, সমাজ হয়ে উঠুক আনন্দময়। আপনাদের আগমনে পূর্ণ হোক আমাদের সকলের আনন্দধাম এই মন্দির।

একটা কথা উল্লেখ না করলেই নয়, আপনাদের সার্বিক সহযোগিতায় মন্দির যেভাবে চলছে, আমাদের বিশ্বাস আগামী দিনগুলোতেও আপনাদের আন্তরিক সহযোগিতায় মন্দিরের সার্বিক সমৃদ্ধি বৃদ্ধি পাবে। মায়ের পুজোর আয়োজনে যে সকল সদস্য, ভক্ত, সেচ্ছাসেবী দিন-রাত আন্তরিক সহযোগিতার হাত প্রসারিত করেছে, শ্রম ও আর্থিকভাবে সাহায্য করেছে তাদের সকলকে বোর্ড অব ট্রাস্টি-এর পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মন্দির পরিচালনায় ও মন্দিরের সার্বিক উন্নয়নে সকলের সহযোগিতা কামনা করে ট্রাস্টি বোর্ডের পক্ষে শারদীয় শুভেচ্ছা ও ধন্যবাদ জানাচ্ছি।

"মা দুর্গা কি জয়, মা দুর্গা কি জয় ॥"

বিনীত
বোর্ড অব ট্রাস্টি
বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির
টরন্টো, কানাডা

**BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY &**
**BANGLADESH CANADA HINDU MANDIR**
**TORONTO, CANADA**

## শারদীয় দুর্গাপূজা ২০২৩ উপলক্ষে
## সম্পাদকের নিবেদন

পূজা ধর্মীয় চেতনা থেকে উৎসারিত হলেও তা সামাজিক উৎসবের একটি অংশ। ঐতিহ্যগতভাবে, সনাতন হিন্দুরীতিতে পূজা-পার্বণ, উৎসব অনুষ্ঠান সবই অত্যন্ত আনন্দের। সাকার বা নিরাকার ব্রহ্মের আরাধনা, আচার-উপাচার, ধর্মীয় বিশ্বাস-অবিশ্বাস মানুষের মধ্যে যাই হোক না কেন, যেকোনো উৎসবই বিচ্ছিন্ন মানব সমাজকে একসূত্রে বাঁধার চেষ্টা করে। পাশাপাশি নিত্য-নৈমিত্তিক দুঃখ ক্লেশ অশান্তি দূর করে মানুষ মানুষের পারস্পরিক বন্ধনের নিমিত্তে, উৎসবে-আনন্দে মেতে ওঠে এবং নতুন করে কর্মের জগতে প্রবেশ করারও উদ্দীপনা-উৎসাহ খুঁজে পায়।

তাই, বর্তমান আধুনিক সমাজ ও সংস্কৃতিতে আমাদের প্রবাসজীবনের মাতৃবন্দনা, পূজা, ধর্ম ও আধ্যাত্মিকতা নিয়ে যদি কোনো না কোনো মতানৈক্য থেকেও থাকে, তবু বলবো, প্রবাসে শারদীয় দুর্গোৎসবসহ অন্যান্য পূজা-পার্বণ, নিত্যকর্ম, বেদ, উপনিষদ, গীতার আলোকে কৃষ্ণ শিক্ষা, কৃষ্ণ-জন্মাষ্টমী, রথমেলা, ধর্মীয় আচার-উপাচার এবং পৌরহিত্য, পাঁচালী ও ব্রতকথা, বিভিন্ন যোগী মহাপুরুষ, অবতার, প্রাণের ঠাকুর, অনাথের নাথ, এছাড়াও সনাতন ভারতীয় দেব-দেবী ও বিগ্রহ ইত্যাদি নানা বিষয়ে অভাবনীয় যতসংখ্যক লেখা এ যাবৎ "চিন্ময়ী"কে উপলক্ষ্য করে প্রকাশ পেয়েছে তা অপ্রত্যাশিত।

আমার ধারণা, "চিন্ময়ী" শারদসংখ্যা এসব লেখার মধ্যদিয়ে কানাডা প্রবাসী সনাতন বাঙালি সমাজকে এমনকি লেখকের সঙ্গে পাঠক সমাজকে একসূত্রে বাঁধতে শুরু করেছে। আজ অবধি "চিন্ময়ী"র প্রকাশিত যত লেখা, লেখক ও পাঠকের মধ্যের সুসম্পর্ক, চিন্ময়ীর গুরুত্ব যথেষ্ট বাড়িয়ে চলেছে। মূলতঃ এ প্রকাশনার যা কিছু প্রসার, প্রশংসা, কৃতজ্ঞতা ও শুভকামনা তা সম্পূর্ণ "চিন্ময়ী"র, এর সকল লেখকের এবং অবশ্যই তা পাঠকের।

"চিন্ময়ী" কোনো সাহিত্য পত্রিকা নয়, কোনো ধর্মপুস্তকও নয়, প্রকাশের ক্ষেত্রে "চিন্ময়ী" কেবল হিন্দুধর্ম ও শাস্ত্রগ্রন্থে বর্ণিত উন্নত জীবনবোধের নীতি অনুসরণ করে। তাই প্রকাশনার সকল সীমাবদ্ধতাকে স্বীকার করে বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি ও বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির, টরন্টোর পূজা ও প্রকাশনা কমিটি আমাদের প্রবাসীসমাজের সকল সদস্য, ভক্তবৃন্দ, পৃষ্ঠপোষক ও শুভানুধ্যায়ীদের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানায়, এবং আনন্দময়ী মায়ের কাছে এই প্রার্থনা রাখে, যেন দশভূজা মা দুর্গা অপার সংসারে আমাদের সকলকে রোগ, শোক, পাপ, ভয়, দৈত্য, বিঘ্ন ও শত্রুর হাত থেকে রক্ষা করে, অশেষ আনন্দ ও আশীর্বাদ বর্ষণ করেন।

বিনীত
সম্পাদক
বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির
টরন্টো, কানাডা

# DURGA PUJA – 2023 SUB COMMITTEES

**CO-ORDINATING SUB-COMMITTEE**
1. Ajoy Das
2. Shebu Chowdhury
3. Bijit Roy
4. Shubhash Roy
5. Dilip K. Halder
6. Nirmal Kar
7. Rajat Paul
8. Borendra Sanyal
9. Chanchal Saha
10. Ashoke Debnath
11. Satyabrata Purkayastha
12. Praduyt Chakraborty
13. Sabyasachi Chowdhury

**PUJA MANAGEMENT SUB-COMMITTEE**
Convenor : Ajoy Banik
1. Dilip K. Saha
2. Ira Datta
3. Nirmal Kar
4. Nirmal Debnath
5. Shyamal Bhattacharjee
6. Miton Parial
7. Shimul Bhattacharjee
8. Chanchal Saha
9. Shyamoli Deb
10. Nabonita Choudhury
11. Rajal Paul
12. Sukla Debnath
13. Niranjan K. Mandal
14. Anita Sarker

**PRASHAD MANAGEMENT SUB-COMMITTEE**
Convenor : Sujit Das (Subodh)
1. Anil Nath
2. Sajal Deb
3. Kajal Roy
4. Apu Das
5. Ashoke Dutta
6. Pulak Dutta (Ashit)
7. Mrithunjoy Saha
8. Gokul Biswas
9. Nakul Dey
10. Liton Roy
11. Paplu Das
12. Ramapada Paul (Mintu)
13. Rajat Paul
14. Rajesh Pramanik
15. Samir Lal Dutta
16. Vaskar Roy
17. Tublu Das
18. Shubhash Roy
19. Dr.ashis Das
20. Manna Dey
21. Ramanuj Bhowmick
22. Uttam Roy
23. Benoy Majumder
24. Anirudda Bhadra (Omi)

**BHOG AND RITUAL SUB-COMMITTEE**
Convenor : Anup Roy
1. Ira Datta
2. Nabonita Choudhury
3. Sukla Debnath
4. Biva Roy
5. Subana Das
6. Namita Paul
7. Sanchita Roy
8. Jhantu Debnath (Nirmal)
9. Rima Datta
10. Krishna Dey
11. Gouri Dey
12. Chapala Nath
13. Borna Dutta
14. Druva Sharma
15. Shangamitra Dasgupta

**CULTURAL PROGRAM SUB-COMMITTEE**
Convenor : Imon Das
1. Paromita Sen Tinnie
2. Shubhas Roy
3. Debashish Deb Chowdhury
4. Nakul Dey
5. Shebu Chowdhury
6. Samil Lal Dutta
7. Himangshu Sarkar (Tinku)

**DECORATION (STAGE/PROTIMA) SUB-COMMITTEE**
Convenor : Anil Nath
1. Rajesh Pramanik
2. Bikash Ghosh
3. Pulak Dutta (Ashit)
4. Sukla Debnath
5. Shyamoli Deb
6. Himangshu Sarker (Tinku)
7. Imon Das
8. Nirmal Debnath
9. Druva Sharma
10. Benoy Majumder

**PUBLICATION SUB-COMMITTEE**
Convenor : Seema Das
1. Bimal Chowdhury
2. Bulbul Bhowmik
3. Ram Krishna Talukder
4. Dr. Ashis Das
5. Biswajit Mitra
6. Debashis Chowdhury
7. Mrithunjoy Saha (Pappu)
8. Nirmal Kar
9. Chanchal Saha
10. Sumon Dhar

**FINANCE SUB-COMMITTEE**
Convenor : Palak Datta
1. Anup Roy
2. Biswajit Datta
3. Debashis Deb Chowdhury
4. Dilip Saha
5. Niranjan Kumar Mandal
6. Nirjhendu Shekhar Mitra (Bhulon)
7. Shuvo Banik
8. Dilipk K. Halder
9. Ajoy Das
10. Sabyasachi Chowdhury
11. Biswajit Mitra

# দুর্গাপূজা উদ্‌যাপন : গ্রামবাংলা এবং শহর

নিরঞ্জন রায়

দুর্গাপূজা বাঙালি হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় অনুষ্ঠান। ষষ্ঠি থেকে দশমী পর্যন্ত পুরো পাঁচদিনব্যাপী এক বিশাল আয়োজন। অনুষ্ঠানের এই ব্যাপ্তি থেকেই দুর্গাপূজাকে দুর্গোৎসব বলে অভিহিত করা হয়। দুর্গোৎসবের আরও একটি বৈশিষ্ট হলো এই পূজায় সকল বর্ণ ও শ্রেণীর মানুষের অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে। অতীতে জমিদার এবং সামর্থ্যবান ব্যক্তিরা পূজার আয়োজন করলেও সমাজের সকল শ্রেণীর মানুষের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করে এই পূজাকে একটি সার্বজনীন রূপ দিত, যার ধারাবাহিকতা আজও বহমান মন্দিরে মন্দিরে বারোয়ারী পূজা উদযাপনের মাধ্যমে। আমাদের ছোটবেলা কেটেছে গ্রামে, কৈশোর ও যৌবন পার করেছি শহরে আর এখন আছি টরন্টোয়, তাই গ্রামীণ ও শহর উভয় পরিবেশে দুর্গাপূজা উদযাপনের সুযোগ পেয়েছি। সেইসাথে স্থানকাল তারতম্যে পূজা উদযাপনের মাত্রা ও ব্যাপকতায় যে পরিবর্তন ও পরিবর্ধন সাধিত হয়েছে তাও প্রত্যক্ষ করেছি। আমাদের গ্রামে তখন একটি মাত্র বারোয়ারী দুর্গাপূজা অনুষ্ঠিত হত। পূজার সময় যত ঘনিয়ে আসতো ততই জমে উঠতো বন্ধু-বান্ধবদের মধ্যে আলোচনা। কে কি করবে, কে কে নতুন জামা কাপড় পাবে, কেমন হবে নতুন জামা ইত্যাদি ছিল বন্ধু মহলে প্রতিদিনের আলোচনার বিষয়। অনেকে অবশ্য নতুন জামাকাপড় যোগাড় করতে পারে নাই। তাতে কি, এজন্য পূজার আনন্দে এতটুকু কমতি ছিল না। আরও একটি বিষয়ে আলোচনা হত তা হলো কার কার বাড়িতে কোন কোন আত্মীয় বেড়াতে আসবে। কেননা পূজা উপলক্ষে আত্মীয়স্বজনের বেড়াতে আসা ছিল তখনকার দিনের রেওয়াজ। দুর্গাপূজায় গ্রাম হয়ে উঠতো আত্মীয়স্বজনের এক মহামিলনমেলা যার আনন্দ শুধু উপভোগ করা যায় কিন্তু লিখে বা বলে বোঝানো যায় না।

> **মফস্বল শহর থেকে শুরু করে পাশ্চাত্য শহরসহ অনেক স্থানে দুর্গাপূজা দেখার আনন্দ পেলেও আমাদের গ্রামবাংলার দুর্গাপূজার যে আনন্দ তা আর কখনই কোথাও পাইনি এবং আর পাবোও না।**

যখন পাল মশায় প্রতিমা গড়ার কাজ শুরু করতেন তখন আমরা সবকিছু বাদ দিয়ে অতি উৎসাহে পাল মশায়কে প্রতিমা নির্মাণের কাজে সহযোগিতা করতে যেয়ে তার কাজে ভীষণ বিঘ্নই সৃষ্টি করেছি। এতদসত্ত্বেও সেই সহযোগিতার মাধ্যমে যে আনন্দ উপভোগ করেছি তা আর কোথাও পাইনি। সবচেয়ে বেশি মজা হত যখন পূজার আগের রাতে মা-বাবার নিষেধ উপেক্ষা করে রাত জেগে পাল মশায়ের প্রতিমা রঙানোর দৃশ্য উপভোগ করতাম। প্রথম পূজার দিন প্রতিমা বোধনের অনুষ্ঠানের আগেই নতুন জামা বা অতি সযত্নে রাখা পুরাতন জামা পড়ে গ্রামের সকলের সাথে দল বেধে পূজামণ্ডপে যেতাম। দলটা বেশ বড়ই হত গ্রামের অধিকাংশ বাড়িতে আত্মীয়স্বজন আসার কারণে। বাংলাদেশের অধিকাংশ গ্রামেই একটি বা দুটি করে বারোয়ারী পূজা অনুষ্ঠিত হয়ে আসছে যুগের পর যুগ ধরে বংশ পরিক্রমায়। গ্রামের সবাই যে সমান স্বচ্ছল তা যেমন নয়, তেমনি গ্রামবাসীদের মাঝে যে সাধারণ মনমালিন্য বা ঝগড়াবিবাদ নাই তাও বলা যাবে না। তারপরও সবকিছুকে ছাড়িয়ে সকলের সাথে পূজার আনন্দ ভাগাভাগি করে নিতে সবাই মিলে এই বারোয়ারী দুর্গাপূজা উদ্‌যাপন করে প্রতিবছর। পূজার কয়েকটা দিন ধরেই চলে ভীষণ ব্যস্ততা। মন্দিরে একই প্রতিমা বার বার দর্শন করা, বন্ধুদের সাথে নানা বিষয়ে আলাপ আলোচনা করা এবং রাত্রিতে নানান ছন্দে আরতি প্রতিযোগিতা উপভোগ করা ছিল এক অভাবনীয় আনন্দমুখর ঘটনা। আরতির সময় ধূপতি হাতে অনেক ভক্তের রকমারি নৃত্য দেখতে যত না সুন্দর লাগতো তার চেয়ে বেশি উপভোগ্য ছিল দুই ঢাকির সাদা ফুল লাগানো ঢাক নিয়ে নৃত্যের তালে তালে বিশেষ ভঙ্গিতে ঢাক বাজানোর দৃশ্য। এভাবে কখন যে পূজার পাঁচদিন পার হয়ে যায় তা বোঝাই যায় না। দশমীর দিন ভারাক্রান্ত হৃদয়ে গ্রামেরই কোনো নদী, পুকুর বা জলাশয়ে প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে সেই বছরের পূজার আনন্দের সমাপ্তি ঘটে। রীতি অনুযায়ী বিজয়া দশমীর পরের দিন গ্রামের প্রতিটি বাড়িতে গিয়ে বয়োজ্যেষ্ঠদের প্রণাম করা এবং সমসাময়িকদের সাথে কোলাকুলি শেষে নারিকেলের নাড়ু হাতে ঘরে ফেরার যে অনাবিল আনন্দ তা আজও আমাদের প্রবাসীদের স্মৃতিতে অম্লান হয়ে আছে।

পরবর্তীতে লেখাপড়ার প্রয়োজনে যখন শহরে এলাম তখন সেখানে দুর্গাপূজা উদ্‌যাপনের এক ভিন্ন মাত্রা খুঁজে পেলাম। শহরের প্রতিটা পাড়া বা মহল্লায় এই পূজা অনুষ্ঠিত হয়। ক্ষেত্র ভেদে প্রতিটা শহরে বিশ থেকে ত্রিশটির মত দুর্গাপূজা প্রতিবছর অনুষ্ঠিত হয়। শহরে দুর্গাপূজা উপলক্ষে প্রায় প্রতিটা ছেলেমেয়েই নতুন জামাকাপড় পেয়ে থাকে কেননা শহরের মানুষ গ্রামের তুলনায় একটু বেশি স্বচ্ছল। মাঝে মধ্যেই শুরু হয় বন্ধু-বান্ধবদের মাঝে জামাকাপড়ের প্রতিযোগিতা। এখানে পাল মশায় কখন প্রতিমা নির্মাণ করেন তা জানার উপায় নাই। মাঝে মধ্যে মনে হয় যেন ভগবান স্বয়ং নিজে এসে প্রতিমা বোধনের কাজটা সম্পন্ন করে গেছেন। এর সাথে যোগ হয় রকমারি বৈদ্যুতিক আলোকসজ্জা এবং ঢাকের পাশাপাশি ইংরেজি বাদ্য (ব্যান্ডপার্টি)। পাড়ার কয়েকজন মিলে দল বেধে মন্দিরে মন্দিরে ঘুরে প্রতিমা দর্শনই ছিল পূজার একমাত্র আনন্দ। শহরে পূজায় এটা স্পষ্ট হয়ে উঠে যে প্রতিযোগিতা শুধুমাত্র নতুন জামাকাপড়ের মধ্যে সীমাবদ্ধ থাকে

না। কে কত মন্দিরে পূজা দেখে, কোন মন্দির কত সুন্দরভাবে সাজায়, কার বাড়িতে কত ভালো ভালো খাবার তৈরি হয়– ইত্যাদি নানান বিষয়ে জীবনের প্রতিযোগিতা শুরু হয়ে যায়।


পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাজীবন এবং চাকরির সুবাদে ঢাকায় থাকার কারণে বৃহৎ মেট্রোপলিটন শহরে দুর্গাপূজা উদ্‌যাপন করার সুযোগ পেয়েছি অনেক বছর। ঢাকায় দুর্গাপূজা উদ্‌যাপনের আয়োজন দেখে মনে হয় এক ধরণের যান্ত্রিকতা এবং কর্মব্যস্ততা যেন স্পর্শ করেছে ধর্মীয় অনুষ্ঠান দুর্গাপূজাকেও। অসংখ্য মন্দির, ভিন্ন ভিন্ন আঙ্গিকে দুর্গাপ্রতিমা স্থাপন, হরেক রকম আলোকসজ্জা– এ সবকিছুই ঢাকা শহরের দুর্গাপূজার মূল আকর্ষণ। এর সাথে থাকে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান যা বৃহত্তম শহরের দুর্গাপূজায় যোগ করে নতুন মাত্রা। এখানে প্রতিবেশীদের বা বন্ধুবান্ধবদের সাথে দল বেঁধে মন্দিরে মন্দিরে ঘুরে দুর্গাপ্রতিমা দর্শনের সুযোগ খুব কমই থাকে। পরিবারের সবাইকে সাথে নিয়ে বেশ কয়েকটি পূজামণ্ডপ ঘুরে দেখার আনুষ্ঠানিকতার মধ্যেই সীমিত হয়ে যায় দুর্গাপূজা উদ্‌যাপন।



আমাদের ছোটবেলায় গ্রামের দুর্গাপূজা ছিল এক মহা আনন্দের বিষয়। পূজা উপলক্ষে নতুন এক সেট জামাকাপড় হবে, যার জন্য সারাটা বছর ধরে চলতো অপেক্ষা। পূজা উপলক্ষে হরেক রকমের সুস্বাদু খাবার তৈরি হত যার স্বাদ গ্রহণের জন্য বছর ধরে অধীর আগ্রহে থাকতে হতো। তখন পূজা উপলক্ষে অনেক আত্মীয়স্বজন বেড়াতে আসতো এবং সৃষ্টি হতো এক মহামিলনমেলা। এ সবকিছুই ছিল সেসময়ের গ্রামবাংলায় অনুষ্ঠিত দুর্গাপূজার এক বিশেষ রীতি ও আকর্ষণ এবং এক অনাবিল আনন্দ যা আর কখনই কোথাও পাওয়া যায় নাই। সময়ের আবর্তে দুর্গাপূজা উদ্‌যাপনে বৈচিত্র এসেছে। সেই সাথে বেড়েছে মানুষের সচ্ছলতা এবং জীবনযাত্রায় এসেছে আমুল পরিবর্তন। তাই দুর্গাপূজা এখন মানুষের নতুন জামাকাপড়, ভালো ভালো সুস্বাদু খাবার এবং আত্মীয়স্বজনের আগমনের গণ্ডি ছাড়িয়ে আধুনিকতার পরশ লাগিয়ে এক বিশেষ আনন্দ উপভোগের মাধ্যমে পরিণত হয়েছে।

বাংলাদেশের গ্রামবাংলা থেকে মফস্বল শহর হয়ে ঢাকা শহরের পাঠ চুকিয়ে পাশ্চাত্যের টরন্টো শহরে পা রেখে ভেবেছিলাম যে দুর্গাপূজা উদ্‌যাপনের আনন্দ হয়তো এখন আস্তে আস্তে ভুলে যেতে হবে। কিন্তু না, এখানেও প্রবাসী বাংলাদেশী হিন্দু সম্প্রদায় অনেক ধুমধাম করে দুর্গাপূজা উদ্‌যাপন করে। তাও আবার একটি নয়, একাধিক মন্দিরে এই পূজা অনুষ্ঠিত হয়। প্রথমদিকে নিজস্ব মন্দির না থাকায় পূজার তিথির সাথে সামঞ্জস্য রেখে সাপ্তাহিক ছুটির দিনে কোনো বিশেষ ভবন ভাড়া নিয়ে এই পূজার আয়োজন করা হতো। এখন নিজস্ব মন্দির হওয়ায় পঞ্জিকা অনুযায়ী বাংলাদেশের তিথির সাথে হুবহু মিল রেখে পূজার আনুষ্ঠানিকতা পুঙ্খানুপুঙ্খভাবে মেনে বাঙালি হিন্দু সম্প্রদায়ের বৃহত্তম এই ধর্মীয় অনুষ্ঠান দুর্গাপূজা উদ্‌যাপন করা হয়। প্রবাসের ভিন্ন সংস্কৃতির অবয়বে বসবাস করে আমাদের নতুন প্রজন্মের ছেলেমেয়েদের নিজস্ব ধর্মীয় ও সাংস্কৃতিক পরিবেশে দুর্গাপূজা উদ্‌যাপনে অংশগ্রহণ করাতে পেরে আমরা অভিভাবকরাও গর্বিত। প্রবাস জীবনের এটি একটি বড় পাওয়া এবং এ কারণে বিদেশ এখন আর দূরের কোনো দেশ মনে হয় না। এ যেন বাংলাদেশেরই কোনো একটি শহরে বাস করছি। এই টরন্টো শহরে বাংলাদেশী হিন্দু সম্প্রদায়ের তিনটি মন্দিরে যখন মহা ধুমধামে এবং উৎসাহ উদ্দীপনার সাথে শারদীয় উৎসব অনুষ্ঠিত হয় এবং টরন্টোয় বসবাসরত বন্ধুবান্ধব এবং পরিচিতরা যখন নানা সাজে সজ্জিত হয়ে দল বেধে এক মন্দির থেকে আরেক মন্দিরে ঘুরে ঘুরে প্রতিমা দর্শন করে এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের মহা আনন্দে মেতে উঠে তখন নিজের মধ্যে খুঁজে পাই বাংলাদেশের সেই মফস্বল শহর বা ঢাকা শহরের মন্দিরে মন্দিরে ঘুরে পূজা দেখার আনন্দ। মফস্বল শহর থেকে শুরু করে পাশ্চাত্য শহরসহ অনেক স্থানে দুর্গাপূজা দেখার আনন্দ পেলেও আমাদের গ্রামবাংলার দুর্গাপূজার যে আনন্দ তা আর কখনই কোথাও পাইনি এবং আর পাবোও না। ❑

[ * ব্যাংকার, টরন্টো, কানাডা ]



# সন্ধি পুজো, আঙ্গিনায় স্বর্গের পদ্ম ও আমার রানীশ্রী

ড. প্রভাতী দাস

আশ্বিনের শুক্লা অষ্টমী তিথী। পুরাণমতে, দেবী চামুণ্ডারূপে মা দুর্গার আগমন। চণ্ড ও মুণ্ড নামের ভয়ানক দুই অসুরকে বধ করবে বলে ঠিক যেন অষ্টমী ও নবমী তিথীর শুভ সন্ধিক্ষণে মা আবির্ভূত হন। সে এক বিশেষ তিথী, শুভক্ষণ। সন্ধিপুজোর সন্ধিক্ষণ! বিশেষ নিয়মে সন্ধি পুজোর সকল আয়োজন হবে সারা। সন্ধি পুজোর মধ্যদিয়ে দেবী অশুভ শক্তির বিনাশ ও সৃষ্টের পালন করবেন। দেবীর পায়ে উৎসর্গিত হবে একশত আটটি লাল পদ্ম। প্রজ্জলিত হবে সমসংখ্যক প্রদীপ। ধুপে-দীপে অষ্টমী তিথীর শেষ চব্বিশটি মিনিট ও নবমী তিথীর প্রথম চব্বিশ মিনিট একত্রে আটচল্লিশ মিনিটের সন্ধিক্ষণে দেবীকে চামুণ্ডারূপিনী ভেবে করা হবে দেবী মায়ের ভক্তি অর্ঘ্যদান–

ওঁ নীলোৎপলদলশ্যামা চতুর্ব্বাহসমন্বিতা।
খট্টাঙ্গং চন্দ্রহাসঞ্চ বিভ্রতী দক্ষিণ করে ॥
বামে চর্ম্ম চ পাশঞ্চ উর্দ্ধাধোভাগতঃ
পুনঃ দধতী মুণ্ডমালঞ্চ ব্যাঘ্রচর্ম ধরাম্বরা ॥
বৃশোদরী দীর্ঘদংষ্ট্রা অতিদীর্ঘাতিভীষণা।
লোলজিহ্বা নিম্নবক্তনয়ণা রাবভীষণা ॥
কবন্ধবাহনাসীনা বিস্তার শ্রবণাননা।
এষা কালি সমাখ্যাতা চামুণ্ডা ইতিকথতে ॥

–এ সন্ধিপূজোর মধ্যদিয়েই যে দেবী জগতের সকল অশুভ শক্তির নিয়ত বিনাশ ও সৃষ্টের পালন করে চলেছেন।

কৃত্তিবাসের রামায়ণেও একইভাবে আশ্বিনের শুক্লা অষ্টমী তিথীতে রাক্ষসরাজ রাবণকে বধ করার জন্য রাজা রামচন্দ্র এভাবেই অকালবোধন করেন সন্ধি পুজোর বিশেষ তিথীতে। সেখানেও দেবী পায়ে উৎসর্গ করা হয় একশত আটটি নীল পদ্ম। কথিত আছে, রামভক্ত হনুমানের সংগ্রহ করা ১০৮টি পদ্ম দেবী পায়ে নিবেদন করতে গিয়ে একটি পদ্মের গরমিল হয়ে পড়ে। তাই রাজা রামচন্দ্র নিজেই তাঁর নীল পদ্মসম একটি চক্ষুদানের ইচ্ছে পোষণ করেন। ফলে, দেবী আবির্ভূত হয়ে রামচন্দ্রকে বর দান করেন। যে বরে কিনা দেবী নিজে লঙ্কাধীপতি মহা শক্তিধর রাবণের সুরক্ষা বাণ সরিয়ে নেন। রাজা রামচন্দ্র দেবী দুর্গার পূজা ষষ্ঠীর দিন থেকেই শুরু করেন। অষ্টমী এবং নবমী তিথির সন্ধিক্ষণে রাজা রামচন্দ্রের অস্ত্র রাবণের শরীরে প্রবেশ করে এবং দশমীর দিন রাবণের বিনাশ ঘটে। অশুভ শক্তির বিনাশে যুগ যুগ ধরে সন্ধিপুজোর এ মাহেন্দ্রক্ষণ সনাতনী হিন্দু সমাজের সকলের কাছে খুব গুরুত্বপূর্ণ। দেবীপুজোর অর্ঘ্যদান, ভক্তিভরে পদ্ম নিবেদন করার বিষয়টিও ঠিক তেমনই গুরুত্বপূর্ণ। আমার কাছে তো বটেই। মায়ের পুজোর প্রতিটি দিনক্ষণই আমার কাছে বহু আকাঙ্ক্ষার ও আরাধনার। তাও কেন জানিনা, রামভক্ত হনুমানের সংগ্রহ করা সেই একশত আটটি পদ্ম, রামায়ণ মহাভারতে পদ্ম নিয়ে লেখা নানান গল্প, বহু বছর ধরে বুদ্ধের মূর্তির সাথে যুক্ত থাকতে দেখা পদ্ম, এশিয়ান ধর্মগুলোতে পদ্মের ওপর গড়া দেবতাদের সব ভিত্তি, এশীয় সাহিত্যে পদ্মকে সৌন্দর্য, পরিপূর্ণতা, বিশুদ্ধতা এবং করুণার প্রতিনিধি হিসাবে বিবেচনা, রূপকথায় পড়া সুয়োরানী-দুয়োরানী'র গল্পে দুয়োরানীর মন রক্ষার্থে রক্ত-পদ্মের জন্য রাজার সাত-সমুদ্দুর-তেরো নদী পার হওয়া, দৈত্যপুরীতে পদ্মপুকুরে বন্দী রাজকন্যার নীলপদ্মর মধ্যে ঘুমোনো, অথবা ছোট রানীর অসুখ সারাতে শ্বেত-পদ্মের জন্য রাজপুত্রের ডাইনীর দেশে অভিযান, এর সব কিছুই আমার কল্পনায় জাগিয়ে রেখেছে বছরের পর বছর। মায়ের অর্ঘ্যদানের সেই পদ্ম, পদ্মের এই রূপ, রঙ, বর্ণ, সৌন্দর্য্য, বিশুদ্ধতা, পরিপূর্ণতা ও পূজা অর্ঘ্য আজও আমায় মুগ্ধ করে রেখেছে। পদ্মের এতকিছু জানা ও শোনার মধ্য দিয়েই বোধহয় পদ্মের প্রতি আমার আশৈশব আকর্ষণ।

দেশে থাকাকালীন সময়ে কখনো পদ্ম দেখেছি কিনা ঠিক মনে করতে পারিনা। তবে, ২০০৯ সালে ওয়াশিংটন ডিসি-র ন্যাশনাল জু'তে বেড়াতে গিয়ে প্রথম পদ্ম দেখে আমি মুগ্ধ। যেন কল্পনার বাস্তবরূপ। অপূর্ব সুন্দর! এমন রানীশ্রী ফুলকে নিয়েই না অমন সব সত্যি ও রূপকথার গল্প মানায়! শুধু কি ফুল! এর পাতা, ফল সবকিছুকেই আমার কাছে স্বতন্ত্র এক সৌন্দর্যের অধিকারীনী বলে মনে হতে থাকে। নীল-লাল-শ্বেত পদ্ম শুধু রূপকথাতেই হয় বলে



ভাবতাম। কিন্তু এখন তো জানি যে পদ্ম নানা রঙেরও হয়। পদ্মের চাষ করাও তেমন কঠিন নয়। বীজ বা চারা কিনে কাদামাটিতে দিয়ে কিংবা টবেও এর চাষ করা যায়। যেমনটি আমিও করেছি। যদিও সেটি কোনো আসল ঝিল নয়, আমার বারান্দার কাদামাটি ভরা এক ছোট আয়োজন। তাতে কি! পদ্মগুলো যে আসল। খুব বেশি যত্নও সে দাবী করেনা। শুধু চাই প্রাণভরা ভালোবাসা আর দিনভরা সূর্যের আলো। তারপর? আমার রানীশ্রী অপরূপা পদ্মের ডালি সাজিয়ে আশ্বিনের শুক্লা অষ্টমীতে সন্ধিপুজোয় মায়ের অর্ঘ্য নিবেদন–"আজি কমল মুকুলদল খুলিল"। ❑

# সাম্য মৈত্রী ঐক্যের দুর্গা

ড. ঊষা দাস চৌধুরী

"বলো, দুর্গা মাই কী জয়"

দুর্গা পুজোর কথা মাথায় এলে প্রথমেই কানে বাজে এই জয়ধ্বনীটি। কানে বাজে ঢাক, কাঁসর, করতাল, ঘণ্টা ও শঙ্খের পবিত্র শব্দের ঝঙ্কার। কানে ধ্বনীত হয় চণ্ডীপাঠের রসের ধারা–

"যা দেবী সর্বভূতেষু মাতৃরূপেন সংস্থিতা
নমস্তসৈ নমস্তসৈ নমস্তসৈ নমো নমঃ ॥
যা দেবী সর্বভূতেষু শক্তিরূপেণ সংস্থিতা
নমস্তসৈ নমস্তসৈ নমস্তসৈ নমো নমঃ ॥"

আর মনে নাড়া দেয় বাঙালি হিন্দু সম্প্রদায়ের সর্বশ্রেষ্ঠ এই দুর্গোৎসবের আনন্দমুখর দিনগুলো। যা মানুষের মধ্যে আনে বন্ধন– আনে মানুষে মানুষে মিলন। মহামিলন! কিন্তু কীভাবে? সেই গল্পই বলি এবার–

**শারদীয়া দুর্গোৎসব মানুষের মনের সকল সংকীর্ণতা দূর করে, মানুষকে শ্রদ্ধা করা ও সম্মান দেয়া শেখায়, একে অন্যের প্রতি সহানুভূতিপ্রবণ ও বন্ধুভাবাপন্ন করে গড়ে তোলে আর সবাইকে শেখায় 'একতাই বল'।**

আমাদের বাড়িতে পুজো পুজো গন্ধ যেন বাতাসে নেচে বেড়াতো সেই বর্ষাকাল থেকেই। হ্যাঁ, বলছি সেই পাকিস্তান আমলের কথা। আমার শৈশব, বাল্যকাল ও কৈশোরের রাজশাহী দুর্গোৎসবের কথা। প্রকৃতপক্ষে বিজয় দশমীতে ব্যথিত হৃদয়ে চোখের জলে দুর্গামায়ের বিসর্জনের পর হতেই আমরা ভাইবোন ও বন্ধুরা ভগবতী মায়ের সুভাগমনের দিন গণনা শুরু করতাম। আসন্ন উৎসবের কথা ভেবে সারা অঙ্গে যেন খুশির ঢেউ খেলে যেতো। সঙ্গে আমার বাবাও সেই প্রতীক্ষার গণনায় যোগ দিতো। পুজোর ব্যাপারে বাবার বালকসুলভ আগ্রহ উৎসাহ উদ্দীপনা ছিল যা আমাদের আরও উৎসাহিত ও উচ্ছ্বসিত করে তুলতো। এখন সেসব আনন্দঘন দিনের মুহূর্তগুলো মনে এলে মন আজও খুশিতে পুলকিত হয়ে ওঠে। মনে হয় যদি আবার সেই হারানো আলোড়িত সুখের দিনগুলো ফিরে পেতাম!–

দুর্গামায়ের খুঁটিপুজোর পর হতেই আমাদের অর্থাৎ আমার বাবার বাড়িতে শুরু হতো মহাধূম। কারণ বাড়িতেই প্রতিমা গড়া হতো। বাড়িতে পটুয়া আসতেন। নাম তার অবনী পাল। সে সময় আমাদের বাড়িতে পটুয়াকে বলা হত কারিগর। সে কাকুর স্নানাহার সবই হতো আমাদের বাড়িতে। আমার মায়ের পরম যত্নের সেবালয়ে। প্রতীমা গড়ার পারদর্শীতা ও সুনামের জন্য তাঁকেই আমাদের মন্দিরের প্রতীমা গড়ার বায়না দেওয়া হতো। অবনী কাকুর বাড়ি রাজশাহীর হরগ্রামে। অন্য সময় তিনি মাটির হাড়ি, কলসি, খেলনা বিক্রি করে অতি কষ্টে সংসার চালাতেন। একনিষ্ঠ কর্মী ও প্রতীভাবান এই কারিগর কাকু কেন এতো দরিদ্র তা ভেবে কুল পেতাম না তখন! তবে সান্ত্বনা এটাই যে তিনি বছরের এ সময়টাতে কিছুটা হলেও অন্তত মৃণ্ময়ী মাকে সৃষ্টি করে তাঁর সংসারের সচ্ছলতা ফিরিয়ে আনতে পারতেন।

আমাদের বাড়িতে ঠাকুর গড়া হলেও পুজোটা হতো বারোয়ারি বা সার্বজনীনভাবে। আমাদের দোকানদার দাদু ব্রজেন্দ্রনাথ সাহা রাজশাহী "চন্ডিপুর কালী মন্দির" সার্বজনীন পুজোর জন্য দান করে দিয়েছিলেন তাঁর স্বর্গীয় মায়ের নামে। আমি তখন ওই দাদুর বাড়িতে থাকতাম দিদিমার স্নেহাদরের ছায়ায়। তখন প্রাইমারি মিশন স্কুলে পড়ি। স্কুলে যাবার পথে একবার ও স্কুল থেকে ফেরার পথে আর একবার বাবার বাড়িতে ঢু মারতাম এবং প্রতিমা গড়া নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতাম। কী মনোনিবেশ কাকুর কী নিখুঁত তাঁর কাজ! তাঁর এমন নিবিষ্টতার মধ্যেই আমার কৌতূহল নিরসনের জন্য প্রশ্নবানে জর্জরিত করতাম কাকুকে। প্রথমে বাঁশ, কাঠ ও খড় দিয়ে কাঠামো তৈরি এরপর একমাটি দুইমাটি করে নিষ্ঠার সাথে তাঁর কাজ এগিয়ে চলতো। এতো সুন্দর মাটি যেন মাখনের মতো নরম তুলতুলে। এতো কোমল মাটি কোথায় পান কাকু– জিজ্ঞেস করতাম? উনি বলতের– গঙ্গা পাড়ের বিশেষ ধরণের মাটিরে। তবে তার সাথে গঙ্গাজল, ধানের শীষ, গোবর, গোমূত্র ও পতিতালয়ের মাটি দুর্গা প্রতীমা গড়ার মাটিতে মেশাতে হয় বুঝলি। আমি তখন উপকরণগুলোর মধ্যে 'পতিতালয়' বা 'খারাপ মেয়েমানুষ' বা 'নিষিদ্ধ পল্লী' কথাটার অর্থ বুঝতে পারিনি। বেশ পরে অনুধাবন করেছিলাম। সে নারীদের এক ঘৃণ্য দেহব্যবসার জীবন! কিন্তু কেন এই পেশা? এই অর্থলোভী, পচে যাওয়া, ঘুণে ধরা সমাজই নারীদের নানান ছলে এই অমানবিক দেহব্যবসায় ঠেলে দেবার জন্য দায়ী। তাই মৃণ্ময়ী দুর্গা মা নিরাপরাধ অসহায় নারীদের পতিতালয়ের মাটি সারা অঙ্গে ধারণ করে দেখিয়ে দিয়েছেন তাঁরা মোটেও ঘৃণ্য বা অসম্মানের নন। আমার বিশ্লেষণ ও ব্যাখ্যায়– মানুষে মানুষে ঘৃণা ও ভেদাভেদ দূর করবার জন্যই দুর্গা প্রতীমা গড়ার এই প্রথা এই রীতি। মানুষের মনের অন্ধকার, নিম্নমানসিকতা ও বিভাজন দূর করবার জন্য চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেবার বলিষ্ঠ এই পদক্ষেপ দুর্গামায়ের বলা যেতে পারে।

প্রতীমা গড়ার কাজ চলতো পুরোদমে। মাটির সব প্রলেপের পরে রঙ ও তুলির ছোঁয়ায় দুর্গা দেবী, লক্ষ্মী দেবী, সরস্বতী দেবী, কার্তিক ঠাকুর, গণেশ ঠাকুর, অসুর ও তাঁদের বাহন জীবন্ত হয়ে উঠতেন। অপলক দৃষ্টিতে চেয়ে থাকতাম কাকুর নিখুঁত শৈল্পিক বিস্ময়কর সৃষ্টির দিকে। কী যে অপরূপ মুখশ্রী তাঁদের! যেন তাঁদের মোহনীয় চাহনী থেকে অন্তহীন আনন্দবার্তা বিচ্ছুরিত হচ্ছে এই ভুবনে।

এরই মধ্যে মহালয়া চলে আসতো। আকাশ বাণী থেকে প্রচারিত শ্রদ্ধেয় বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের মহিষাসুরমর্দিনী শুনতে হবে। উত্তেজনায় যেন ঘুমই আসতো না ভাইবোনদের। সবে তন্দ্রামত এসেছে, ভোর প্রায় চারটা বাজে। বাবা হৈ চৈ করে ডাকাডাকি শুরু করতো। আমরা ধড়ফড়িয়ে উঠে রেডিওর চারদিক ঘিরে বসতাম। বাড়ি ও প্রতিবেশী সব আবাল-বৃদ্ধ-বনিতা নীরবে নিঃশব্দে হৃদঙ্গম করতাম দেবীর আবাহনী। শেষ হতে হতে ভোর হয়ে যেত। শরতের হিমেল হাওয়ায় ভেসে আসতো বাগানের শিউলী ফুলের সুবাস। ফ্রকের কোঁচর ভরে কুড়িয়ে আনতাম সদ্য ফোটা শিউলী। মৃন্ময়ী মায়ের পায়ে করতাম অর্পণ। এরপর উৎফুল্ল মনে বাবার হাত ধরে প্রাতঃভ্রমণে বের হতাম পদ্মার পাড়ে। কী অপূর্ব শান্ত স্নিগ্ধ পরিবেশ। ঝিরঝির নির্মল বাতাসের দোলায় পদ্মার বুকে জেগে ওঠা চরে সাদা কাশফুল যেন খুশিতে হাত ধরাধরি করে ঢলাঢলি করছে। মনে হতো শিউলী ও কাশফুলেরাও আমাদেরই মতোন হৃদয়ের টানে আনন্দময়ী মাকে স্বাগত জানাচ্ছে।

এদিকে সার্বজনীন দুর্গোৎসবের প্রস্তুতিপর্ব চলতো দ্রুতবেগে। পুজো কমিটিতে বিভিন্ন জাত, পেশা ও ধর্মের মানুষ অন্তর্ভুক্ত থাকতো। সেখানে উঁচু জাত নিচু জাত ভেদাভেদ ছিল না। পঞ্চমীর দিন মৃন্ময়ী মাকে কালীর থানে নিয়ে যাওয়া হতো। বাড়িটা যেন শুন্য খাঁ খাঁ হয়ে যেতো! বাড়ির কাছেই মন্দির। কাকুরা আমার মায়ের শাড়ী দিয়ে মন্দির এতো সুন্দর করে সাজাতো আমার চোখে তা চোখ ধাঁধানো দেবালয় হয়ে উঠতো। ষষ্ঠীর দিন মন্দিরে বোধনের ঘট বসতো ঢাকে কাঠি পড়তো। আমরা ছেলেমেয়েরা আনন্দে হতাম উদ্বেলিত। ঢাক বাজাতো দু'জন। ঢাকীর সঙ্গে কাঁসর বাজাবার জন্য একটি ১০-১২ বছরের ছেলে। বাড়ি থেকে ঢাকের শব্দ পেয়ে লাফাতে লাফাতে যেতাম মন্দিরে। পুরোহিতের পাশে থেকে সাহায্য করার চেষ্টা করতাম। কী যে শাসনছাড়া সেসব সুখের দিন!

ষষ্ঠীর দিন ভোরবেলা মা ও কত্তামা বাড়ির সারা উঠোন গোবরের গোলা দিয়ে লেপে ঝকঝকে পরিষ্কার ও পবিত্র করে তুলতো। তার ওপরে খড়িমাটি গুলে দেয়া হতো আলপনা। বাড়ি যেন ঝলমল করে সেজে উঠতো। পুজোর সব কটা দিন ঢাকীদের শয়ন ও ভোজনের ব্যবস্থা আমাদের বাড়িতেই সম্পন্ন হতো। ঢাকী কাকুরা প্রথম দিন বাড়িতে ঢুকেই উঠোনে শুরু করতেন ঢাকের তালে তালে ঘুরে ঘুরে মনোরম নৃত্য। এভাবেই আমার মাকে তাঁরা শ্রদ্ধা জানাতেন। পাড়ার ছেলেমেয়েরা ছুটে আসতো। মা সবার হাতে লোভনীয় নাড়ু তুলে দিতো। পুজোতে আমার মা তার যেন দশ হাতে খই, মুড়ি, মুড়কি, মোয়া, নারকেলের নাড়ু, চিড়ের নাড়ু, চালের নাড়ু, তিলের নাড়ু তৈরি করে রাখতেন আমাদের বাড়ির সবার জন্য ও অন্যদের মধ্যেও বিলানোর জন্য। আহা! আনন্দ যেন বুকের ভেতর ঠগবগিয়ে ফুটতো তখন!

এরপর সপ্তমী, অষ্টমী, মহাষ্টমী, নবমী ও দশমীতে মহানন্দে নতুন পোষাকে হাতে হাত মিলিয়ে মন্দিরের কাজ করতো সবাই মিলে। কারো মনে কোনো অহংকার ছিল না, ক্ষমতার দম্ভ ছিল না, ছিল না কোনো চোখ রাঙানী বা রুঢ় ভাষা। জাত, পাত, বর্ণ নির্বিশেষে সবাই এক সাথে পুজোর আয়োজন করতো, বিভোর হয়ে পুরোহিতের বিশুদ্ধ মন্ত্রপাঠ শুনতো, চিন্ময়ী মায়ের আরাধনা করতো, পুষ্পাঞ্জলি দিতো, প্রসাদ পেতো। ধূপ ধুনোর সুগন্ধে মন্দির যেন স্বর্গধামে রূপান্তরিত হতো। ঢাক, ঘন্টা, কাঁসর, শঙ্খ ও মায়েদের উলুধ্বনীতে ভক্তি যেন আপনা হতেই ধরা দিত। সন্ধিপুজোয় সবাই মিলে ভক্তি ভরে ১০৮টি প্রদীপ ধরাতাম। বলি হতো রাণী রাসমণির নতুন রীতি অনুযায়ী একটা চালকুমড়ো। তবে বলির সময় আমাদের কোমলমতী মা "দেখতে হয় না" বলে আমাদের চোখ হাত দিয়ে ঢেকে দিতো!

প্রতি সন্ধ্যায় মহা সমারোহে অনুষ্ঠিত হতো মহামায়ার আরতি ও ধূনচী নাচ। মেয়ে- পুরুষ, ছেলে-বুড়ো, ধনী-দরিদ্র, জাত পাত কোনো ভেদাভেদ ছিল না। মন্দির হতো লোকে লোকারণ্য। কিন্তু কোনো বিশৃংখলতা ছিল না। ছিল না কোনো দলাদলি বা কোন্দল। আরো যে বিষয়টি বিশেষভাবে লক্ষ্য করা যেত তা হল, তখন কোনো বাধা নিষেধ ছিল না কারোর মন্দিরে আসতে, পুজো দেখতে, প্রসাদ উপভোগ বা ধূনচী নাচে অংশগ্রহণ করতে।

পাড়ার সবার অনুরোধে অষ্টমী ও নবমীর রাতে যাত্রাগান অনুষ্ঠিত হতো। সারা রাত জেগে পলকহীনভাবে যাত্রাগান শুনতাম। মঞ্চস্থ হতো রাজা হরিশচন্দ্র, রক্তস্নান, মুক্তিযোগ্য, মেঘনাদবধ, সিরাজ-উদ-দৌলা ইত্যাদি শিক্ষামূলক যাত্রাগান। আমাদের বাড়ি থেকেই যাত্রায় মুখ্য চরিত্রে অভিনয় করতেন তিন শক্তিমান অভিনেতা। পাড়ার দলে বাবা এবং খোজাপুর ডাঁসমারি দলে দাদামশাই ও মামা। তাই বয়সে ছোট হলেও যাত্রা দেখতে আমাদের ছিলনা কোনো নিষেধাজ্ঞা। হিন্দু, মুসলমান, খ্রিস্টান, বৌদ্ধ একসাথে মন্দির প্রাঙ্গণে ঘাসের উপর মঞ্চের চারিদিকে উপবিষ্ট হয়ে উপভোগ করতো অনবদ্য সেই যাত্রাগান। অন্য ধর্মাবলম্বী কাকুরা পুজো কমিটিতে অন্তর্ভুক্ত হয়ে কাঁধে কাঁধ মিলিয়ে যাত্রানুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করে তুলতেন। কী একতা! সে ছিল যেন মানুষে মানুষে মহামিলন।

বিজয় দশমীতে পাড়ার সব বাড়ির মা ও বউরা দুর্গামায়ের পায়ে সিঁদুর দিয়ে এবং সন্দেশ উৎসর্গ করে ছল ছল নেত্রে মাকে বিদায় জানাতো। আর নিমন্ত্রণ জানাতো উমা মাকে আসছে বছর পিত্রালয় আলোকিত করার। সন্ধ্যায় বিসর্জন মিছিল ও পদ্মার বুকে নৌকো বাইচ খেলার আনন্দে পাড়ার আগ্রহী সবার থাকতো পূর্ণ অংশগ্রহণ। আনন্দ আনন্দ আর আনন্দ –পাড়ার সবাই মিলে আনন্দ।

এভাবে বিভিন্ন স্তরের কর্মযজ্ঞের মাধ্যমে শারদীয়া দুর্গোৎসব মানুষের মনের সকল সংকীর্ণতা দূর করে, মানুষকে শ্রদ্ধা করা ও সম্মান দেয়া শেখায়, একে অন্যের প্রতি সহানুভূতিপ্রবণ ও বন্ধুভাবাপন্ন করে গড়ে তোলে আর সবাইকে শেখায় 'একতাই বল'।

তাই তো মা দুর্গা আমাদের সাম্য, মৈত্রী ও ঐকের দুর্গা। বলো, দুর্গা মাই কী জয় ॥ ❑

# Markington FamilyCare & Walk In Clinic

## Family Practice & WALK-IN

Eglinton & Markham

**416-261-4446**



Dr. Laila Afroz (Neela)
Family Physician MD, MCFP


Call to Register or WALK IN



Dr. A S M Noorullah Tarun
Family Physician MD, CCFP

**Hour of Operation**
7 days in a week
*Effective from July, 2017*

M-F 9am to 8pm
Sat 10am to 6pm
Sun 10am to 6pm




**Markington Square**
3227 Eglinton Ave. East
Unit-143-144
Scarborough, M1J 3M5



**Kanan Barua**
M. Pharm, R.Ph.
Patient Impact Award Winner Pharmacist
Ontario Pharmacusts Association (OPA)
pharmacistkanan@gmail.com

- Free Prescription Pick Up & Delivery
- Accept All Public & Private Drug Insurance
- Waive $2.00 for all Drug Plans
- 15% Senior Discount On All Thursdays
- We Speak Bengali, English, Hindi & Urdu
- Free Blood Pressure & Diabetes Check

ফার্মাসিস্ট কানন বড়ুয়ার নতুন ফার্মেসী

KANAN'S Guardian™ PHARMACY

**416-264-1110**

# উপনিষদের শিক্ষা

শ্রী বুলবুল ভৌমিক

**ভূমিকা :** সনাতন ধর্মের (এমনকী পৃথিবীর) প্রাচীনতম শাস্ত্র বেদের চারটি স্তর রয়েছে : সংহিতা, ব্রাহ্মণ, আরণ্যক ও উপনিষদ। প্রথম দু'টিকে (সংহিতা ও ব্রাহ্মণ) কর্মকাণ্ড এবং শেষের দু'টিকে (আরণ্যক ও উপনিষদ) জ্ঞানকাণ্ড নামে অভিহিত করা হয়। আবার শেষের দু'টির মধ্যেও উপনিষদে ব্রহ্মজ্ঞানের পরাকাষ্ঠা প্রদর্শিত হয়েছে। **"সর্বং ব্রহ্মৌপনিষদম্।"** অর্থাৎ সকলই ব্রহ্ম, এই কথাই সকল উপনিষদ বলে। (মঙ্গলাচরণ, কেন উপনিষদ)। বেদের শেষভাগ বিধায় উপনিষদ বেদান্ত নামে পরিচিত। তদুপরি, বেদের সারভাগ বলেও উপনিষদকে বেদান্ত বলা হয়। **"বেদগুহ্যোপনিষৎসু।"** অর্থাৎ উপনিষদ বেদের সার। (শ্বেতাশ্বতর উপনিষদ, ৫/৬) "ঋক্, যজুঃ, সাম ও অথর্ব হল উর্বরকারী বৃষ্টি যা সত্যের গাছকে পুষ্টি দিয়ে বড় করেছিল, ব্রাহ্মণগুলি সেই অরণ্য যার মধ্যে এই গাছ পাওয়া যায়, আরণ্যক সেই মাটি যাতে ইহা বৃদ্ধি পায় আর উপনিষদগুলিই সেই গাছ, ইহার মূল, বৃন্ত, পত্রপল্লব, পুষ্পবৃত ও পাপড়িদল...।" (উপনিষদাবলী, পৃ. ৪৫৫)

**উপনিষদের শিক্ষালাভে আমরা কিভাবে উপকৃত হব? উপনিষদ শিক্ষা দেয় স্থিরচিত্ত, জিতেন্দ্রিয়, সত্যান্বেষী হয়ে মনুষ্যত্বের নিম্নস্তর থেকে ক্রমশঃ উচ্চস্তরে উপনীত হতে।**

**উপনিষদের সংজ্ঞা :** শুধুমাত্র এক কথায় উপনিষদের সংজ্ঞা দেয়া অসম্ভব এবং অপ্রয়োজনীয়ও বটে। বিভিন্ন পুস্তকে উপনিষদ শব্দের বিভিন্ন সংজ্ঞা পরিলক্ষিত হয় যা বিভিন্ন দৃষ্টিকোণ থেকে উপনিষদকে চরিত্রায়ণ করতে প্রচেষ্টা চালিয়েছেন বিভিন্ন লেখকগণ। প্রত্যেকটি দৃষ্টিকোণ থেকেই সেই সেই সংজ্ঞা যথার্থ। এরূপ কয়েকটি সংজ্ঞা নিম্নে উল্লেখ করা হল।

১) গুরুর নিকটে (উপে) বসে যে দার্শনিক বিদ্যা (নিষদ) লাভ করা হয়, তাকে উপনিষদ বলে। (উপনিষদ, পৃঃ ১৭) "আচার্যের 'কাছে বসে' শিষ্যের শিক্ষা বলতে বুঝায় আচার্য ও শিষ্যের মধ্যে অত্যন্ত ঘনিষ্ঠ আলাপন।" (উপনিষদের শক্তি ও মনোহারিত্ব, পৃঃ ১৫)

২) উপনিষদ শব্দের অর্থ ব্রহ্মবিদ্যা। শঙ্করাচার্য 'উপনিষদ' শব্দের যে ব্যাখ্যা করেছেন, তা নিম্নরূপ :

উপ = সত্বর বা সামীপ্য (ব্রহ্মের সামীপ্য)

নি = নিশ্চয়ার্থক ও নিঃশেষার্থক

ষদ্ = বিশরণ বা শিথিলীকরণ, জীর্ণ করা, গতি বা প্রাপ্তি, অবসাদন বা বিনাশ

সুতরাং উপনিষদ শব্দের ধাতুগত অর্থঃ ঐকাত্ম্য-নিশ্চয়ের দ্বারা যে বিদ্যা সত্বর সহেতুক সংসার উন্মূলিত করে অথবা যা সত্বর নিশ্চিতরূপে আত্মসমীপে লয়ে যায়। অর্থাৎ যে বিদ্যার আশ্রয় গ্রহণপূর্বক তন্নিষ্ঠ হয়ে নিঃসংশয়ে এর অনুশীলন করলে উক্ত বিদ্যা অবিদ্যাদি সংসারবন্ধনকে শিথিল বা নিঃশেষ বা বিনাশ করে সেই বিদ্যা। উপনিষদ শব্দের অপর অর্থ (বেদ) বিদ্যা-বিশেষের সারাংশ বা রহস্য-বিদ্যা। (উপনিষদ্ গ্রন্থাবলী, ১ম খণ্ড, ভূমিকা, পৃঃ ৯)

**উপনিষদের সংখ্যা :** এখন পর্যন্ত অসংখ্য উপনিষদের প্রাদুর্ভাব পরিলক্ষিত হয়। এর মধ্যে ১০৮টি উপনিষদকে গুরুত্বপূর্ণ জ্ঞানভাণ্ডার বলে পণ্ডিতগণ অভিমত প্রদান করেছেন। তন্মধ্যে মাত্র ১২টি উপনিষদকে বৈদিক উপনিষদ হিসাবে গ্রাহ্য করা হয়, কেননা এই ১২টি উপনিষদ চার বেদের সাথে সংশ্লিষ্ট। বিভিন্ন বেদের সাথে সংশ্লিষ্টতা প্রদর্শন করে সেগুলির একটি তালিকা নিম্নে প্রদত্ত হল।

ঋগ্বেদ (ঐতরেয়, কৌষীতকি)

সামবেদ (ছান্দোগ্য, কেন)

↱ কৃষ্ণ যজুর্বেদ (তৈত্তিরীয়, কঠ, শ্বেতাশ্বতর)

↳ শুক্ল যজুর্বেদ (ঈশ, বৃহদারণ্যক)

অথর্ববেদ (মুণ্ডক, প্রশ্ন, মাণ্ডুক্য) (উপনিষদের দর্শন, উপনিষদ, পৃঃ ২২)

এখানে উল্লেখযোগ্য যে, ভগবান শ্রীকৃষ্ণের মুখনিঃসৃত বাণী শ্রীমদ্ভগবদ্গীতাও একখানি উপনিষদ (প্রতিটি অধ্যায়ের সমাপ্তিতে পাওয়া যায়, **"...শ্রীমদ্ভগবদ্গীতাসু উপনিষৎসু...।"** অর্থাৎ শ্রীমদ্ভগবদ্গীতা নামক উপনিষদে।) কিন্তু শ্রীমদ্ভগবদ্গীতা বৈদিক উপনিষদ নয় যদিও এই শাস্ত্রে অন্য চারি বেদের নির্যাস পাওয়া যায়। "এই ভগবদ্গীতাকে সর্বশেষ উপনিষদ্ বলিয়া ধরা যাইতে পারে।" (আত্মার মুক্তস্বভাব, জ্ঞানযোগ, পৃঃ ২০৩)

**উপনিষদের শিক্ষা :** উপনিষদসমূহকে জ্ঞানসমুদ্র বলে আখ্যায়িত করলে অতিরঞ্জিত করা হবে না। আধ্যাত্মিকতার বিভিন্ন প্রসঙ্গ আলোচিত হয়েছে এসকল জ্ঞানভাণ্ডারে। সঙ্গত কারণেই উপনিষদের বাণীগুলিতে সঞ্জাত শিক্ষা বা উপদেশসমূহ একটি স্বল্প কলেবরের প্রবন্ধে সংকুলান করা সম্ভব নয়, সঙ্গতও নয়। কেবলমাত্র বৈদিক উপনিষদগুলি থেকে কয়েকটি উজ্জ্বল মণি আহরণ করে এ প্রবন্ধটি সজ্জিত করা হয়েছে। সাথে শ্রীমদ্ভগবদ্গীতার প্রাসঙ্গিক শ্লোকসমূহ মণিকাঞ্চন সংযোগ ঘটাবে।

১) ব্রহ্ম ও জীবে ঐক্য : উপনিষদ শিক্ষা দেন যে, ব্রহ্ম (পরমাত্মা) ও জীব (জীবাত্মা) এক ও অভিন্ন। ব্রহ্ম ও জীবের পার্থক্য গুণগত নয়, বরং পরিমাণগত। ব্রহ্ম যেখানে অসীম, জীব সেখানে সসীম।

ক) **"অহং ব্রহ্মাস্মি।"** অর্থাৎ আমি ব্রহ্ম। (বৃহদারণ্যক উপনিষদ, ১/৪/১০) সমুদ্রের জল সূর্যালোকের তাপে বাষ্পাকারে উবে গিয়ে মেঘে পরিণত হয়। মেঘ থেকে বৃষ্টি বর্ষিত হয়ে পাহাড়-পর্বত বেয়ে নদীর সৃষ্টি হয় এবং পরবর্তীতে সেই নদীর জল পুনরায় সমুদ্রে পতিত হয়। তাই বলা যায় যে, নদী সমুদ্র ব্যতীত আর ভিন্ন কিছু নয়। (প্রশ্ন উপনিষদ, ৬/৫; মুণ্ডক উপনিষদ, ৩/২/৮) সেরূপ জীবও ব্রহ্ম ব্যতীত কিছু নয়। ঠিক এই বক্তব্যটিই আমরা দেখতে পাই, **"তজ্জলানিতি।"** শব্দটিতে। অর্থাৎ যা হতে উৎপন্ন হয়, যাতে লীন হয় এবং যাতে জীবিত থাকে। (ছান্দোগ্য উপনিষদ, ৩/১৪/১) নদী যেমন সমুদ্র থেকে উৎপন্ন হয়ে আবার সমুদ্রেই লয়প্রাপ্ত হয়, জীবও তেমনি ব্রহ্ম থেকে উৎপন্ন হয়ে পুনরায় ব্রহ্মকেই প্রাপ্ত হয়। আর **"সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম।"** অর্থাৎ ব্রহ্ম হচ্ছেন সত্যস্বরূপ, জ্ঞানময় ও অনন্ত। (তৈত্তিরীয় উপনিষদ, ২/১/২) তদুপরি, ব্রহ্ম হচ্ছেন শান্ত, অনিন্দ্য, অপাপবিদ্ধ। (শ্বেতাশ্বতর উপনিষদ, ৬/১৮) সাংসারিক অজ্ঞানের দ্বারা আপাতভাবে আমরা যদিও আমাদের ব্রহ্ম-পরিচয়টুকু বিস্মৃত হয়ে আছি, কিন্তু স্বরূপ উদ্‌ঘাটনে সক্ষম হলে আমরাও ব্রহ্মেই পরিণত হব। **"স যো হ বৈ তৎ পরমং ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতি।"** অর্থাৎ যিনি পরম ব্রহ্মকে জ্ঞাত হন, তিনি ব্রহ্মই হন। (মুণ্ডক উপনিষদ, ৩/২/৯) জীবাত্মা যে পরমাত্মারই অংশবিশেষ, তার সমর্থন আছে শ্রীমদ্ভগবদ্গীতাতেও। **"মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ।"** অর্থাৎ সংসারে অবস্থিত জীবাত্মা আমারই সনাতন অংশ। (শ্রীমদ্ভগবদ্গীতা, ১৫/৭) আমাদের নিজেদের দেহাতীত আত্মা বা ব্রহ্ম বলে ভাবনার ফল, "জেলে যদি নিজেকে আত্মা বলিয়া চিন্তা করে, তবে সে একজন ভাল মৎসজীবী হইবে; ছাত্র যদি নিজেকে আত্মা বলিয়া চিন্তা করে, তবে সে একজন ভাল বিদ্যার্থী হইবে। উকিল যদি নিজেকে আত্মা বলিয়া চিন্তা করে, তবে সে একজন ভাল আইনজ্ঞ হইবে। এইভাবে অন্যান্য সর্বত্র।" (কর্মজীবনের বেদান্ত, বেদান্তঃ মুক্তির বাণী, পৃ. ১৭০)

খ) **"তত্ত্বমসি।"** অর্থাৎ তুমি হও সেই। (ছান্দোগ্য উপনিষদ, ৬/৮/৭) পিতা উদ্দালক পুত্র শ্বেতকেতুকে বিভিন্ন উদাহরণের মাধ্যমে শিক্ষা দিচ্ছেন যে, যিনি ব্রহ্ম, তিনিই জীব। উপনিষদের এই মহাবাক্যটি সমগ্র মানবজাতির কাছে একটি চরম বাণী। বৃহদারণ্যক উপনিষদেও এর সমরূপ ব্যাখ্যা পাওয়া যায়। "এই মহাভূত (পরমাত্মা) অনন্ত, অপার ও বিজ্ঞানময়। (এই মহান আত্মা) এই সর্বভূত হতে (জীবাত্মারূপে) উত্থিত হয়ে আবার এতেই বিলীন হয়। (বৃহদারণ্যক উপনিষদ, ২/৪/১২) একজন প্রখ্যাত পারমাণবিক পদার্থবিজ্ঞানী Erwin Schrodinger লিখেছেন, "উপনিষদের যুগ থেকে আত্মা-ব্রহ্মের একত্ব (অর্থাৎ জীবাত্মা ও সর্বব্যাপী শাশ্বত পরমাত্মার ঐক্য) ভারতীয় চিন্তায় ঈশ্বরনিন্দা বলে বিবেচিত হয়নি, বরং এই একত্বচেতনা ভারত-মনীষার গভীরতম অন্তর্দৃষ্টির শুদ্ধ নির্যাস, যা জগতের সর্ববিধ ঘটনাবলির চূড়ান্ত ব্যাখ্যা। শৈশবে কথা বলা শেখার দিন থেকেই সমস্ত বৈদান্তিক পণ্ডিতের একটাই ধ্যানজ্ঞান ছিল– কেমন করে সর্বোত্তম ভাবটি জীবনের অঙ্গীভূত করা যায়।" (বিবেকচূড়ামণি ও তার মর্মবাণী, পৃ. ৪৪৩) মানুষের মধ্যে যে এক অসীম শক্তি লুক্কায়িত রয়েছে যার উদ্বোধনে জীব নিজের উত্তরণ ঘটিয়ে ব্রহ্মের মধ্যে বিলীন হয়ে যেতে পারে, সে শিক্ষাই পাওয়া যায় এই বাণীতে।

কঠ উপনিষদে (১/৩/১) ধর্মরাজ যম রৌদ্র ও ছায়ার রূপকের মাধ্যমে নচিকেতাকে পরমাত্মা ও জীবাত্মার সম্পর্ক ব্যাখ্যা করেছেন। ছায়া হচ্ছে রৌদ্রেরই এক খণ্ডিত ও আবৃত অংশ। রৌদ্র ব্যতীত ছায়ার কোন অস্তিত্ব থাকে না। তদ্রূপ, জীবাত্মাও হচ্ছেন পরমাত্মারই এক খণ্ডিত ও (অজ্ঞানের দ্বারা) আবৃত অংশ। যেমন রৌদ্রকে আশ্রয় করেই ছায়া বর্তমান থাকে তেমনি জীবাত্মাও পরমাত্মাকে আশ্রয় করেই বর্তমান থাকেন। পরমাত্মা ব্যতীত জীবাত্মাও অস্তিত্ববিহীন।

অন্যান্য উপনিষদেও এই বক্তব্যের সমর্থন পাওয়া যায়। **"ব্রহ্মবিদাপ্নোতি পরম্।"** অর্থাৎ ব্রহ্মজ্ঞানী পরব্রহ্মকে প্রাপ্ত হন (অর্থাৎ পরব্রহ্মে বিলীন হয়ে যান)। (তৈত্তিরীয় উপনিষদ, ব্রহ্মানন্দবল্লী, ১/২)

গ) **"অয়মাত্মা ব্রহ্ম"**। অর্থাৎ এই আত্মা ব্রহ্ম। (মাণ্ডুক্য উপনিষদ, ১/২) এই জীবাত্মাই ব্রহ্ম অর্থাৎ পরমাত্মা।

শঙ্করাচার্যের নির্দিষ্ট করা উপনিষদের চারটি মহাবাক্যের মধ্যে তিনটিই ব্রহ্ম ও জীবের একত্ব নির্দেশ করে। তিনি এক শ্লোকে অতি সংক্ষিপ্তভাবে এর মূলভাব প্রকাশ করেছেন এই বলে,

**"...জীবো ব্রহ্মৈব নাপরঃ।"** অর্থাৎ জীব ব্রহ্মই, অন্য কিছু নয়। (ব্রহ্ম-সূত্র, পৃ. ৪২)

২) ব্রহ্ম বিশ্ব-ব্রহ্মাণ্ডের সর্বত্র এবং সর্বভূতে অবস্থিত : সৃষ্টির মধ্যেই স্রষ্টা অনুস্যূত হয়ে আছেন তা আস্তিক মাত্রই বিশ্বাস করেন। উপনিষদ তারস্বরে এই বাণীটি ঘোষণা করেছেন, **"ঈশা বাস্যমিদং সর্বং যৎকিঞ্চ জগত্যাং জগৎ।"** অর্থাৎ এ পরিবর্তনশীল বিশ্ব-ব্রহ্মাণ্ডে যা কিছু সৃষ্ট পদার্থ বর্তমান, এ সমস্তই (স্থির সত্তা) ঈশ্বরের দ্বারা ব্যাপ্ত। (ঈশ উপনিষদ/১) **"তদন্তরস্য সর্বস্য তদু সর্বস্যাস্য বাহ্যতঃ।"** অর্থাৎ ব্রহ্ম সব কিছুর ভিতরেও আছেন আবার সব কিছুর বাইরেও আছেন। (ঈশ উপনিষদ/৫) একই সুরের প্রতিধ্বনি আমরা শুনতে পাই, **"তস্যাবয়বভূতৈস্তু ব্যাপ্তং সর্বমিদং জগৎ।"** অর্থাৎ তাঁর অবয়বভূত বস্তুসমূহ (মায়াধীশ মহেশ্বরের সর্বত্র ও সর্বজীবে বিরাজিত ব্রহ্ম) দ্বারা এই নিখিল বিশ্ব পরিব্যাপ্ত। (শ্বেতাশ্বতর উপনিষদ, ৪/১০) **"যদেবেহ তদমুত্র যদমুত্র তদন্বিহ।"** অর্থাৎ এখানে (ইহ বা জগতে) যা আছে, ওখানেও (**অমুত্র** বা ব্রহ্মে) তা আছে। ওখানে যা আছে, এখানেও তা আছে। (কঠ উপনিষদ, ২/১/১০) "জগৎ ঈশ্বরের প্রকাশ অর্থাৎ ঈশ্বরই জগৎ হয়েছেন। ব্রহ্মই জগতের মূল উপাদান।" (উপনিষদ, প্রথম ভাগ, পৃঃ ১১৯) **"সর্বং খল্বিদং ব্রহ্ম।"** –অর্থাৎ সবকিছুই ব্রহ্ম। (ছান্দোগ্য উপনিষদ, ৩/১৪/১)। ঋগ্বেদের ৮/৫৮/২ মন্ত্রেও একই দেবতাই সমস্ত বিশ্বে প্রকাশিত হয়েছেন –এই ভাবটি পরিস্ফুটিত। ব্রহ্ম হতে জগৎকে পৃথক দেখা অজ্ঞানের ফল। (কঠ উপনিষদ, ২/১/১১, বৃহদারণ্যক উপনিষদ, ৪/৪/১৯)

সর্বত্র এবং সর্বভূতে ঈশ্বরের অস্তিত্ব উপলব্ধি করলে মানুষ আর কাউকে ঘৃণা করতে পারবে না। কেননা তখন, "যাঁহা যাঁহা নেত্র পড়ে তাঁহা কৃষ্ণ স্ফুরে ॥" (শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত, আদিলীলা, ৪/৭২) কেউ সর্বভূতের হৃদয়ে অবস্থিত ভগবানকে (**"ঈশ্বরঃ সর্বভূতানাং হৃদ্দেশেঽর্জুন তিষ্ঠতি।"** –হে অর্জুন! ঈশ্বর সকল জীবের হৃদয়ে অবস্থান করেন। –শ্রীমদ্ভগবদ্গীতা, ১৮/৬১; সমরূপ শ্রীমদ্ভগবদ্গীতা, ১৫/১৫) ঘৃণা করতে পারে না। তৈত্তিরীয় উপনিষদেও এর সমর্থন পাওয়া যায়। **"যো বেদ নিহিতং গুহায়াং পরমে ব্যোমন্।"** –আমাদের গুহারূপ হৃদয়াকাশে তাঁর (ব্রহ্মের) অধিষ্ঠান। (ব্রহ্মানন্দবলী, ১/২) ফলস্বরূপ,

**"যস্তু সর্বাণি ভূতানি আত্মন্যেব অনুপশ্যতি।**

**সর্বভূতেষু চাত্মানাং ততো ন বিজুগুপ্সতে ॥"** –যিনি নিজের মধ্যে সকলকে দর্শন করেন এবং সকলের মধ্যে নিজেকে দর্শন করেন, তিনি কোন কিছু ঘৃণা করেন না। (ঈশ উপনিষদ/৬) ঈশ উপনিষদের এই শিক্ষাটি যদি মানবসমাজ গ্রহণ করে, তাহলে ধর্ম নিয়ে বিবাদ-হানাহানি দূরীভূত হওয়া সম্ভব। শ্রীমদ্ভগবদ্গীতার ৬/২৯-৩২ শ্লোকচতুষ্টয়ে এই ভাবটিই আরও বিশদভাবে ব্যাখ্যাত হয়েছে। শ্রীরামকৃষ্ণের সেই অবস্মরণীয় উক্তি, "যত মত, তত পথ।"

৩) ত্যাগের মাধ্যমে ভোগ : জীব সর্বদাই ভোগপরায়ণ। ভোগ ব্যতীত তাঁর অস্তিত্বও হুমকির সম্মুখীন। কিন্তু নিজ স্বার্থে ভোগ আমাদের আসক্তির কারণ। ফলশ্রুতিতে ভোগ বা লোভ ক্রমবর্ধনশীল এবং বিশ্বময় অশান্তি, দুঃখ ও দৈন্যের উপস্থিতি। তাই উপনিষদ আমাদেরকে শিক্ষা দেন ত্যাগের মাধ্যমে ভোগ করতে। **"তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যস্বিদ্ ধনম্।"** অর্থাৎ ঈশ্বরকে স্মরণপূর্বক ত্যাগপূর্বক ভোগ কর, কারও ধনে লোভ করো না। (ঈশ উপনিষদ/১) ঈশ উপনিষদের ১ম মন্ত্র সম্বন্ধে মহাত্মা গান্ধী বলেন, "...আমি এই চরম সিধান্তে উপনীত হয়েছি যে, যদি সমস্ত উপনিষদাবলী ও সমস্ত (হিন্দু) শাস্ত্রাদি অকস্মাৎ ভস্মীভূত হয়ে যায় আর শুধু এই মন্ত্রটি রক্ষা পায়, তাহলে এই মন্ত্রটির জন্য হিন্দুধর্ম হিন্দুদের (এবং অন্য সুবুদ্ধিসম্পন্ন ও বিবেকবান মানুষের) মনে চিরদিন সজীব হয়ে থকবে।" এই মন্ত্রটির ভাবধারা আকস্মিকভাবে মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের (বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের পিতা) ধর্মজীবনেরও আমূল পরিবর্তন এনে দেয়। (উপনিষদ, পৃ. ৪)

"ত্যাগের প্রকৃত তাৎপর্য সর্বত্র ঈশ্বরদর্শন। সর্বত্র ঈশ্বরবুদ্ধি করিতে পারিলেই প্রকৃতপক্ষে কার্য করিতে সক্ষম হইবে। যদি ইচ্ছা হয়, শতবর্ষ বাঁচিবার ইচ্ছা কর, যত কিছু সাংসারিক বাসনা আছে ভোগ করিয়া লও, কেবল ঐগুলিকে ব্রহ্মরূপে দর্শন কর, স্বর্গীয়ভাবে পরিণত করিয়া লও, তারপর শতবর্ষ জীবনযাপন কর। এই জগতে দীর্ঘকাল আনন্দে পূর্ণ হইয়া কার্য করিয়া জীবন সম্ভোগ করিবার ইচ্ছা কর। এইরূপ কার্য করিলে তুমি প্রকৃত পথ পাইবে। ইহা ব্যতীত অন্য কোন পথ নাই।" (সর্বভূতে ব্রহ্মদর্শন, জ্ঞানযোগ, পৃঃ ১৭৩)

কী অপূর্ব শিক্ষা! হাতে ভোগ্যবস্তু পেয়েও একে একমাত্র নিজের মনে না করে শুধু প্রাণধারণের প্রয়োজনীয় বস্তুই গ্রহণ করা আবশ্যক। পরিমিত আহার-বিহারকারী, নিদ্রা-জাগরণকারীই যোগী হতে সক্ষম। (শ্রীমদ্ভগবদ্গীতা, ৬/১৭) একজনের অত্যধিক ভোগলিপ্সা আরেকজনকে অভাবের দিকে ঠেলে দেয়। ত্যাগ আমাদেরকে উদারতা শিক্ষা দেয়। বিশ্ব-ব্রহ্মাণ্ডের প্রতিটি বস্তুই ব্রহ্ম কর্তৃক সৃষ্ট। সুতরাং এতে সবারই অধিকার আছে। লোভ পরিহার করতে পারলে আমরা আরও অনেক সমস্যা পরিহার করতে সক্ষম হব এবং পৃথিবী শান্তির আবাস হয়ে উঠবে। উপরন্তু, ভগবানে সবকিছু সমর্পণ করে ভোগ করলে কর্মফল থেকে মুক্ত হওয়া যায়। (শ্রীমদ্ভগবদ্গীতা, ৯/২৭-২৮)

৪) একই ব্রহ্মের বিবিধ রূপ : বিশ্বব্রহ্মাণ্ডে যে একই ব্রহ্ম (**"ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে।"** অর্থাৎ সেই তত্ত্বকেই কেউ বলেন ব্রহ্ম, কেউ বলেন পরমাত্মা আর কেউ বা বলেন ভগবান। –শ্রীমদ্ভাগবত, ১/২/১১) বিরাজমান সে পরম সত্যটি উপলব্ধি করাই হচ্ছে পরম জ্ঞান।

**"অগ্নির্যথৈকো ভুবনং প্রবিষ্টো রূপং রূপং প্রতিরূপো বভূব।**

**একস্তথা সর্বভূতান্তরাত্মা রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ ॥"**

অর্থাৎ জগতে প্রবেশ করে একই অগ্নি (ব্রহ্মের একটি রূপ) দাহ্য পদার্থের আকৃতি অনুসারে ভিন্ন ভিন্ন রূপ ধারণ করেন। সেই ভাবে, একই আত্মা সর্বভূতের অন্তরে থেকে নানা রূপে প্রতিভাত হয়েছেন এবং তাদের বাইরেও আছেন। (কঠ উপনিষদ, ২/২/৯) একই ভাব প্রকাশিত হয়েছে পরবর্তী মন্ত্রেও (কঠ উপনিষদ, ২/২/১০) সেখানে অগ্নির পরিবর্তে বায়ু দেবতাকে ব্রহ্ম হিসাবে উপস্থাপন করা হয়েছে।

বেদেও এই ভাবটি পাওয়া যায়।

**"রূপং রূপং প্রতিরূপো বভূব তদস্য রূপং প্রতিচক্ষণায়।**

**ইন্দ্রো মায়াভিঃ প্রতিরূপ ঈয়তে যুক্তা হ্যস্য হরয়ঃ শতা দশ ॥"**

অর্থাৎ সমস্ত দেবগণের প্রতিনিধিভূত এই ইন্দ্র নানারকম মূর্তি ধারণ করেন এবং সেই সেই রূপ পরিগ্রহ করে তিনি পৃথকভাবে প্রকাশিত হন। তিনি মায়ার দ্বারা নানারকম রূপ ধারণ করে যজমানবৃন্দের নিকট উপস্থিত হন। (ঋগ্বেদ, ৬/৪৭/১৮) বৃহদারণ্যক উপনিষদেও (২/৫/১৯) এই মন্ত্রটি পরিলক্ষিত হয়।

পৃথিবীতে কালে কালে অসংখ্য মানুষ ধর্ম-সংক্রান্ত বিবাদ-বিসংবাদের কালাগ্নিতে আত্মাহুতি দিয়েছে। ধর্মের সারভূত অংশকে বিস্মৃত হয়ে মানুষ নিজ নিজ ধর্মের বাহ্যিক আচরণের শ্রেষ্ঠত্ব প্রমাণের জন্য ভিন্ন ধর্মাবলম্বীদের মস্তককে দেহচ্যুত করতে বিন্দুমাত্র কুণ্ঠিত হয়নি কোনকালেই। বর্তমানেও এ নৃশংসতা বিদ্যমান বিশ্বের বিভিন্ন দেশে। মানুষ বিস্মৃত হয়েছে যে, মানুষের জন্য ধর্ম, ধর্মের জন্য মানুষ নয়। উপনিষদের এই বাণীগুলি আমাদের এই শিক্ষা দেয় যে, বাহ্যিকভাবে ধর্মের রূপে যত ভিন্নতা থাকুক না কেন, অন্তর্জগতে ধর্মের স্বরূপ একই। সেই অন্তর্জগতের ধর্মের ভিতর দিয়েই সেই ব্রহ্মের দ্বারে উপস্থিত হওয়া সম্ভব। "মনস্তত্ত্বের ভিতর দিয়া আমরা সেই এক অনন্ত সার্বভৌম সত্তায় পৌঁছিতেছি –যিনি সকল বস্তুর অন্তরাত্মা, যিনি সকলের সার ও সকল বস্তুর সত্যস্বরূপ, যিনি নিত্যমুক্ত, নিত্যানন্দময় ও

নিত্যসত্তাস্বরূপ। জড়-বিজ্ঞানের দ্বারাও আমরা সেই একই তত্ত্বে পৌঁছিতেছি। এই জগৎপ্রপঞ্চ সেই একেরই বিকাশ –জগতে যাহা কিছু আছে, তিনি সেই সকলেরই সমষ্টিরূপ।" (বেদান্তের বিশ্বজনীনতা, বেদান্তঃ মুক্তির বাণী, পৃ. ২১৫) তাই উপনিষদ এই শিক্ষা দেন যে, অন্য ধর্মের প্রতি শুধু সহনশীল হলেই হবে না, শ্রদ্ধাশীলও হতে হবে। তার ফলে মানুষ **"তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম্।"** অর্থাৎ তাঁরা শাশ্বত সুখের অধিকারী হন, অপরে হয় না। (কঠ উপনিষদ, ২/২/১২) **"তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাম্।"** অর্থাৎ তাঁরা শাশ্বত শান্তি লাভ করেন, অন্যেরা নয়। (কঠ উপনিষদ, ২/২/১৩)

৫) বিত্ত দ্বারা শান্তি লাভ হয় না : আমরা সবাই অর্থ-বিত্ত-সম্পত্তি-প্রতিপত্তির পিছনে এক ইঁদুরদৌড়ে মত্ত। মনে করি যে, অর্থ-বিত্তাদি লাভেই শান্তি আমাদের করতলগত হবে। কিন্তু এই ধারণা যে কত ভুল তা কিছু কিছু ঘটনা আমাদেরকে চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দেয়। অনেক প্রতিপত্তিশালী, অর্থশালী ব্যক্তিও শেষে হতাশ হয়ে আত্মহত্যা করে। মেরিলিন মনরোর ঘটনা এ প্রসঙ্গে উল্লেখযোগ্য। প্রেসিডেন্ট কেনেডির প্রেমিকা, রূপালী পর্দার মনোমোহিনী নায়িকা, চারিদিকে অর্থের ঝন্‌ঝনানি –কিন্তু শেষে আত্মহত্যার মাধ্যমে শান্তি লাভের প্রয়াসী।

বালক নচিকেতাকে ধর্মরাজ যম অঢেল সম্পদ, দীর্ঘ আয়ু, বৃহৎ সাম্রাজ্য, বিপুল পরিমাণ স্বর্ণ, সুন্দরী রমণী ইত্যাদি কত প্রলোভন দেখালেন। কিন্তু নচিকেতা জানেন, **"ন বিত্তেন তর্পণীয়ো মনুষ্যা।"** অর্থাৎ বিত্তদ্বারা মানুষের তৃপ্তি বা শান্তি হয় না। (কঠ উপনিষদ, ১/১/২৭) কারণ এই সকল ভোগ্যবস্তু ক্ষণস্থায়ী **(শ্বোভাবা)** এবং ইন্দ্রিয়ের শক্তির ক্ষয়কারক। (কঠ উপনিষদ, ১/১/২৬)

উপনিষদের অন্যত্রও আমরা এই ভাবটি দেখতে পাই। মৈত্রেয়ী দেবী তাঁর স্বামী যাজ্ঞবল্ক্যকে জিজ্ঞেস করছেন, **"যন্নু ম ইয়ং ভগোঃ সর্বা পৃথিবী বিত্তেন পূর্ণা স্যাৎ কথং তেনামৃতা স্যামিতি।"** অর্থাৎ হে ভগবন্! যদি ধনপরিপূর্ণা এই সমগ্রা পৃথিবী আমার হয়, আমি কি তাতে অমর হতে পারব? জ্ঞানী যাজ্ঞবল্ক্য উত্তরে বললেন, **"অমৃতস্য তু নাশাস্তি বিত্তেনেতি।"** অর্থাৎ বিত্তের দ্বারা অমরত্বের আশা নেই। (বৃহদারণ্যক উপনিষদ, ২/৪/২, ৪/৪/৩) এর পর ব্রহ্মবাদিনী মৈত্রেয়ীর চমৎকার উত্তর, **"যেনাহং নামৃতা স্যাং কিমহং তেন কুর্যাম্?"** অর্থাৎ যদ্দ্বারা আমি অমরত্ব লাভ করতে পারব না, তা দ্বারা আমি কী করব? (বৃহদারণ্যক উপনিষদ, ২/৪/৩, ৪/৪/৪) এ রকম গভীর আধ্যাত্মিক আলোচনা বোধ হয় একমাত্র ভারতবর্ষে এবং সনাতন ধর্মেই সম্ভব।

সংসারে বসবাস করতে হলে অর্থের প্রয়োজন –তা কোন বুদ্ধিমান ব্যক্তিই অস্বীকার করতে পারবে না। কিন্তু অর্থই জীবনের সবকিছু নয়। অর্থের উপরেও আছে এক অর্থপূর্ণ অমৃতময় জীবন। কারণ, আমরা **"অমৃতস্য পুত্রা।"** অর্থাৎ অমৃতের সন্তান। (শ্বেতাশ্বতর উপনিষদ, ২/৬) (এই মন্ত্রটি ঋগ্বেদের ৬/৫২/৯, শুক্ল যজুর্বেদের ১১/৪ এবং কৃষ্ণ যজুর্বেদের ৪/১/১-তেও দৃষ্ট হয়) সাংসারিক জীবনের উর্দ্ধে যে অমৃতময় জীবন বিদ্যমান, তা অধিগত করাই প্রতিটি মানুষের জীবনের লক্ষ্য হওয়া উচিত –এই শিক্ষাই পাই আমরা উপনিষদের নিকট থেকে।

৬) শ্রদ্ধা ও সেবা : বিশ্বের প্রতিটি বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন অনুষ্ঠিত হয়ে থাকে। কিন্তু এর প্রাচীনতম নিদর্শন যে ভারতের গুরুকুলে ছিল তা আমরা অনেকেই জানি না। গুরুকুলে শিক্ষা সমাপন্তে গুরুদেব শিষ্যদেরকে উপদেশ দেন, **"সত্যং বদ। ধর্মং চর। স্বাধ্যায়াম্মা প্রমদঃ...। প্রজাতন্তুং মা ব্যবচ্ছেৎসীঃ। সত্যান্ন প্রমদিতব্যম্। ধর্মান্ন প্রমদিতব্যম্। কুশলান্ন প্রমদিতব্যম্। ভূত্যৈ ন প্রমদিতব্যম্।"** অর্থাৎ সত্য কথা বল। ধর্ম পালন কর। শাস্ত্রাধ্যয়ন পরিত্যাগ করো না। বংশধারা অব্যাহত রেখ। সত্য থেকে কখনও বিচ্যুত হয়ো না। ধর্ম থেকে বিচ্যুত হয়ো না। আত্মরক্ষায় অবহেলা করো না। নিজ স্বার্থরক্ষায় অবহেলা করো না। (তৈত্তিরীয় উপনিষদ, ১/১১/১) এ কথা বলা অতিরঞ্জিত হবে না যে, এই সকল বাস্তব উপদেশের লঙ্ঘন করছি বলেই পৃথিবীতে সনাতন ধর্মাবলম্বীরা সংখ্যায় এবং প্রভাব-প্রতিপত্তিতে দুর্বল হচ্ছি।

আরও সুন্দর উপদেশ পাওয়া যায়, **"মাতৃদেবো ভব। পিতৃদেবো ভব। আচার্দেবো ভব। অতিথিদেবো ভব। যান্যনবদ্যানি কর্মাণি। তানি সেবিতব্যানি।"** অর্থাৎ মাতাকে দেবতাজ্ঞানে সেবা কর। পিতাকে দেবতাজ্ঞানে সেবা কর। আচার্যকে দেবতাজ্ঞানে সেবা কর। অতিথিকে দেবতাজ্ঞানে আপ্যায়ন কর। যে সকল কাজ অনিন্দনীয় (শুধুমাত্র) সেগুলিই করণীয়। (তৈত্তিরীয় উওনিষদ, ১/১১/২) পিতামাতাগণ যে আজও ভারতবর্ষে দেবতার ন্যায় মান্যতা প্রাপ্ত হন তা এই উপদেশাবলীর অনুসরণের ফল। এককালে যে-কোন ব্যক্তি এক কপর্দকও সঙ্গে না নিয়ে সারা ভারতবর্ষ ভ্রমণ করতে পারতেন, কেননা, অতিথি দেবতার ন্যায়ই মান্য ছিলেন। নৈতিক কার্য সম্পাদনের উপদেশ শিক্ষা সমাপন্তে হৃদয়ে ধারণ করেই শিষ্য সংসার আরম্ভ করত। অনেকেই এই উপদেশ আমৃত্যু পালন করত।

আমরা কাউকে কোন প্রকারে সাহায্য করতে পারলে তা নিয়ে অনেক অহঙ্কার করি এবং ন্যূনতম সুযোগ পেলেই তা গর্বের সাথে বিজ্ঞাপিত করি। কিন্তু ভুলে যাই যে, গ্রহীতাই বড়, দাতা নয়। গ্রহীতাই কোন কিছু গ্রহণ করে দাতাকে তার সম্পদের সদ্ব্যবহারের সুযোগ প্রদান করেন এবং পুণ্য অর্জনের সহায়তা করেন। তাই উপনিষদের উপদেশ, **"শ্রদ্ধয়া দেয়ম্। অশ্রদ্ধয়াঽদেয়ম্। শ্রিয়া দেয়ম্। হ্রিয়া দেয়ম্। ভিয়া দেয়ম্। সংবিদা দেয়ম্।"** অর্থাৎ শ্রদ্ধার সাথে দান কর। অশ্রদ্ধার সাথে দান কর না। নম্রতার সাথে দান কর। ভয়ের সাথে (যেন নিজের মনে অহঙ্কার না জাগে) দান কর। সদিচ্ছার সাথে দান কর। (তৈত্তিরীয় উপনিষদ, ১/১১/৩) এই সব উপদেশ শুধুমাত্র বাণীই নয়, বাস্তবতার প্রতিফলনও বটে। শ্রীরামকৃষ্ণের সহজ উপদেশ, "শিবজ্ঞানে জীবসেবা।"

৭) সত্যের জয় বিঘোষিত হয় : যদিও ছোটবেলা হতেই আমরা পরিবার, বিদ্যালয়, শাস্ত্র থেকে সত্য বলার শিক্ষা পাই, বাস্তবে

তার প্রতিফলন সর্বদা পরিলক্ষিত হয় না। অনাদিকাল থেকেই বিভিন্ন ব্যক্তি, শাস্ত্র এই ধারণার বশীভূত ছিল যে, সূর্য পৃথিবীর চারিদিকে আবর্তিত হয়। যদিও নিকোলাস কপের্নিকাস (Nicolaus Copernicus) ১৫৪৩ খ্রীষ্টাব্দে এই সত্যটি আবিষ্কার করেন যে, সূর্য নয়, বরং পৃথিবীই সূর্যের চারিদিকে আবর্তিত হচ্ছে, তবুও বিভিন্ন স্বার্থান্বেষী মহলের চাপে তিনি এই সত্যটিকে প্রতিষ্ঠিত করতে পারেন নি। বহু বছর পরে ১৬১০ খ্রীষ্টাব্দে গ্যালিলিও (Galileo) আবার ঘোষণা করেন যে, পৃথিবীই সূর্যের চারিদিকে আবর্তিত হচ্ছে এবং এর পরবর্তীতেই পৃথিবীর অধিকাংশ ব্যক্তি এ সত্যটিকে গ্রহণ করেছে। এই উদাহরণ থেকে এই বিষয়টিই প্রমাণিত হয় যে, বিলম্বে হলেও সত্য তার যথাযথ সম্মানে প্রতিষ্ঠিত হবেই।

কিন্তু আমরা সত্যকে গ্রহণ করতে কুণ্ঠিত কেন? **"হিরণ্ময়েন পাত্রেণ সত্যস্যাপিহিতং মুখম্।"** অর্থাৎ সত্যের দ্বার সুবর্ণের পাত্র দ্বারা আবৃত। (ঈশ উপনিষদ/১৫; বৃহদারণ্যক উপনিষদ, ৫/১৫/১) বিভিন্ন প্রলোভনে, স্বার্থের কারণে আমরা সত্যবিমুখ হই অবিরত। ঋষি অরবিন্দের মতে, ঈশ উপনিষদের এই মন্ত্রটির পূর্বসূরী হচ্ছ বেদের (ঋগ্বেদ, ৫/৬২/১) একটি মন্ত্র। **"ঋতেন ঋতমপিহিতং।"** অর্থাৎ (নিম্নতর) সত্যের দ্বারা আবৃত এক (উচ্চতর) সত্য রয়েছে। [প্রাক্-কথন, বেদরহস্য (পূর্বার্ধ), পৃ. ১৪] কুসংস্কার বিসর্জন দিয়ে, সৎসাহস নিয়ে, বিভিন্ন প্রলোভন জয় করে তবেই সত্যকে উদ্ঘাটন করা সম্ভব, কেননা, **"হিরণ্ময়ে পরে কোশে বিরজং ব্রহ্ম নিষ্কলম্।"** অর্থাৎ (চরম সত্য) নিরঞ্জন, নিরাকার ব্রহ্ম হৃদয়ের জ্যোতির্ময় শ্রেষ্ঠ কক্ষে অবস্থান করেন। (মুণ্ডক উপনিষদ, ২/২/১০) বিশেষ স্থানে লুক্কায়িত সত্যকে দর্শন করতে হলে চাই সত্যের প্রতি একাগ্রতা ও প্রলোভনকে জয় করার মত মানসিকতা। **"ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্বসংশয়াঃ।"** অর্থাৎ হৃদয়স্থ সকল গ্রন্থি (অর্থাৎ জটিলতা, প্রলোভন ইত্যাদি) ছিন্ন করলে সর্বপ্রকার (মিথ্যা) সংশয় দূরীভূত হয়। (মুণ্ডক উপনিষদ, ২/২/৯)

আর তখনই প্রমাণিত হয় **"সত্যমেব জয়তে নানৃতম্।"** অর্থাৎ (সদা) সত্যেরই জয়, (কভু) মিথ্যার নয়। (মুণ্ডক উপনিষদ, ৩/১/৬) পৃথিবীর সকল শাস্ত্রই সত্যের বিজয় ঘোষণা করেছেন। কিন্তু উপনিষদের ন্যায় আর কোন শাস্ত্রই সত্যের জয় ঘোষণায় এত উচ্চকিত হন নি। আশ্চর্যের নয় যে, ভারতের প্রতিটি বিচারালয়ে বিচারকের পিছনের দেয়ালে উৎকীর্ণ করা থাকে এ বাণীটি।

৮) মানুষ পূর্ণ ক্ষমতাশীল নয় : দম্ভশীল আমরা নিজ ক্ষমতার উপর অতিশয় আস্থাবান। কিন্তু এ সত্যটি আমরা পুরোপুরি বিস্মৃত হয়ে যাই যে, আমাদের দেহ-মনের পশ্চাতে রয়েছেন সেই পূর্ণ ক্ষমতাবান ব্রহ্ম। কেন উপনিষদ এই চরম সত্যটিই একটি আলেখ্যের মাধ্যমে আমাদেরকে শিক্ষা দিয়েছেন।

অসুরদের বিরুদ্ধে জয়লাভ করে দেবতাগণ গর্বমত্ত হলেন যে, তাঁরা নিজেরা প্রচণ্ড ক্ষমতাশালী। দেবতাদের এই মিথ্যা গর্ব অপনোদনের উদ্দেশ্যে ব্রহ্ম এক যক্ষের রূপ ধারণ করে দেবতাদের সম্মুখে আবির্ভূত হলেন। অপরিচিত এই যক্ষের স্বরূপ উদ্ঘাটনের উদ্দেশ্যে দেবরাজ ইন্দ্র অগ্নিদেবকে প্রেরণ করলেন। অগ্নিদেব যক্ষপ্রদত্ত একগাছি তৃণখণ্ডকে ভস্মীভূত করতে অক্ষম হলেন। তদ্রূপ, পবনদেবও সেই তৃণখণ্ডটিকে উড়াতে অক্ষম হলেন। তখন স্বয়ং ইন্দ্রদেব মূর্তির পরিচয় জানতে অগ্রসর হলে সে মূর্তিটি অদৃশ্য হয়ে গেলেন এবং তৎস্থলে উমা দেবী অবির্ভূত হয়ে ইন্দ্রের জিজ্ঞাসার উত্তরে জানালেন যে, সেই অদ্ভুত, অপরিচিত মূর্তিটি ছিলেন ব্রহ্ম। ব্রহ্ম যক্ষের রূপে আবির্ভূত হয়ে দেবতাদেরকে এই শিক্ষাই প্রদান করলেন যে, দেবতাগণ নিজস্ব কোন শক্তিতে বলীয়ান নন, ব্রহ্মের শক্তিতেই তাঁরা শক্তিমান। সুতরাং কোনরূপ গর্ব তাঁদের শোভা পায় না।

সমরূপ এক ঘটনার উল্লেখ পাওয়া যায় মহাভারতে। ভগবান শ্রীকৃষ্ণের সারথ্যে গাণ্ডীবধারী অর্জুন কুরুক্ষেত্রের মহাসমরে ভারতবর্ষের তৎকালীন সকল বীরগণকে (পিতামহ ভীষ্ম, আচার্য দ্রোণ, দাতা কর্ণ প্রমুখ) পরাজিত করে বিজয় লাভ করেন। কিন্তু শ্রীকৃষ্ণের দেহত্যাগের পরবর্তীতে অর্জুন যখন যাদবনারীদেরকে দ্বারকা নগরী থেকে উদ্ধার করার মানসে তাদেরকে নিয়ে হস্তিনাপুরের দিকে যাত্রা করেন, তখন পথিমধ্যে গাণ্ডীবধারী বীর অর্জুন দস্যুগণ কর্তৃক পরাজিত হন এবং দস্যুরা অনেক নারীকে বলপূর্বক অপহরণ করে। (মহাভারত, মৌসলপর্ব্ব/৪-৭, পৃ. ১২৩৪-১২৩৮)

শ্রীমদ্ভগবদ্গীতাতেও (১৮/১৩-১৪) কর্মসমূহের সিদ্ধিলাভের পশ্চাতে যে পাঁচটি কারণ উক্ত হয়েছে, তার মধ্যে দৈব অন্যতম (অন্য চারটি কারণ হচ্ছে অধিষ্ঠান, কর্তা, করণ এবং প্রচেষ্টা)

সেইমত আমরা যদি আমাদের পশ্চাতে ভগবানের উপস্থিতি সর্বদা স্মরণ রাখতে পারি, তাহলে গর্বে উন্মত্ত না হয়ে বিনয়ী হতে পারব।

**উপসংহার :** কোন লাভ ব্যতীত স্বার্থান্বেষী আমরা কোনরূপ উদ্যোগ গ্রহণ করি না। উপনিষদের শিক্ষালাভে আমরা কিভাবে উপকৃত হব? উপনিষদ শিক্ষা দেয় স্থিরচিত্ত, জিতেন্দ্রিয়, সত্যান্বেষী হয়ে মনুষ্যত্বের নিম্নস্তর থেকে ক্রমশঃ উচ্চস্তরে উপনীত হতে, জন্মকালীন অপরিপূর্ণতা থেকে মৃত্যুর পূর্বেই মানবজীবনের পরিপূর্ণতা লাভ করতে –নিজের স্বরূপ উদ্ঘাটন ও উপলব্ধি করতে। মানবজীবনের পরিপূর্ণতা ব্যক্তি, পরিবার, সমাজ, দেশ এমনকী পৃথিবীকেও শান্তি প্রদানে সক্ষম। তবে তা নির্ভর করে একজন ব্যক্তি কতটুকু পরিমাণে উপনিষদের শিক্ষা লাভ করে সে শিক্ষা নিজ জীবনে প্রয়োগ করতে পারগ। উপনিষদ তার জ্ঞানভাণ্ডার নিয়ে আমাদের সম্মুখে উপস্থিত –তা থেকে কতটুকু আমরা গ্রহণ এবং প্রয়োগ করব, তা নির্ভর করছে সম্পূর্ণভাবেই আমাদের উপর। জার্মান দার্শনিক আর্থার শোপেনহাওয়ার (Arthur Schopenhauer)-এর মন্তব্য এক্ষেত্রে প্রণিধানযোগ্য, "উপনিষদ আমার জীবনে এনেছে তৃপ্তি, মরণে আনবে শান্তি।" (উপোদ্ঘাত, উপনিষদ্ ভাবনা, পৃ. xiii) ❑

**সহায়ক গ্রন্থাবলী :**

১) **উপনিষদাবলী** –শ্রীঅরবিন্দ, শ্রীঅরবিন্দ আশ্রম, পণ্ডিচেরী, ২০১৩ খ্রীষ্টাব্দ

২) **উপনিষদ** –অনুবাদ ও ব্যাখ্যাঃ অতুল চন্দ্র সেন, সীতানাথ তত্ত্বভূষণ, মহেশচন্দ্র ঘোষ, হরফ প্রকাশনী, কলকাতা, ২০০০ খ্রীষ্টাব্দ

৩) **উপনিষদ্ গ্রন্থাবলী** –সম্পাদনাঃ স্বামী গম্ভীরানন্দ, উদ্বোধন কার্যালয়, কলিকাতা, ১৯৮৭ খ্রীষ্টাব্দ

৪) **বিবেকচূড়ামণি ও তার মর্মবাণী** –স্বামী রঙ্গনাথানন্দ (বঙ্গানুবাদঃ স্বরাজ মজুমদার), উদ্বোধন কার্যালয়, কলকাতা, ২০১৮ খ্রীষ্টাব্দ

৫) বাদরায়ণ প্রণীত **ব্রহ্ম-সূত্র** –ব্যাখ্যাঃ স্বামী বীরেশ্বরানন্দ (বঙ্গানুবাদঃ ড. সচ্চিদানন্দ ধর), উদ্বোধন কার্যালয়, কলকাতা, ২০১৪ খ্রীষ্টাব্দ

৬) **জ্ঞানযোগ** –স্বামী বিবেকানন্দ, উদ্বোধন কার্যালয়, কলিকাতা, ১৯৮৫ খ্রীষ্টাব্দ

৭) **শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত** –শ্রীলকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী, গীতা প্রেস, গোরক্ষপুর, ২০১০ খ্রীষ্টাব্দ

৮) **শ্রীমদ্ভগবদ্গীতা-আলোচনা** –ব্যাখ্যাঃ শ্রী বুলবুল ভৌমিক, সুফলা প্রিন্টার্স, ঢাকা, ২০২১ খ্রীষ্টাব্দ

৯) **উপনিষদ** (প্রথম ভাগ) –ব্যাখ্যাঃ স্বামী লোকেশ্বরানন্দ, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা, ২০০০ খ্রীষ্টাব্দ

১০) **ঋগ্বেদ-সংহিতা** –বঙ্গানুবাদ ও ব্যাখ্যাঃ দুর্গাদাস লাহিড়ী, অক্ষয় লাইব্রেরী, কলকাতা, ২০২১ খ্রীষ্টাব্দ

১১) বেদব্যাস বিরচিত **শ্রীমদ্ভাগবত-মহাপুরাণ**, গীতা প্রেস, গোরক্ষপুর, ২০১১ খ্রীষ্টাব্দ

১২) **বেদান্তঃ মুক্তির বাণী** –স্বামী বিবেকানন্দ (সংকলনঃ স্বামী চেতনানন্দ), উদ্বোধন কার্যালয়, কলকাতা, ২০১৮ খ্রীষ্টাব্দ

১৩) **উপনিষদের শক্তি ও মনোহারিত্ব** –স্বামী রঙ্গনাথানন্দ, উদ্বোধন কার্যালয়, কলকাতা, ২০১৫ খ্রীষ্টাব্দ

১৪) **উপনিষদ্ ভাবনা** –ড. মহানামব্রত ব্রহ্মচারী, শ্রীমহানামব্রত কালচার্যাল এন্ড ওয়েলফেয়ার ট্রাস্ট, কলিকাতা, ১৪০৬ বঙ্গাব্দ

১৫) **বেদরহস্য** (পূর্বার্ধ) –শ্রীঅরবিন্দ, শ্রীঅরবিন্দ আশ্রম, পণ্ডিচেরী, ২০১৮ খ্রীষ্টাব্দ

১৬) বেদব্যাস বিরচিত **মহাভারত** –বঙ্গানুবাদঃ কালীপ্রসন্ন সিংহ, তুলি-কলম, কলকাতা, ২০০৮ খ্রীষ্টাব্দ

নিউ ইয়র্ক, মার্চ ৪, ২০২৩ – মার্চ ১১, ২০২৩

মা দুর্গা সকলের মঙ্গল করুক

**Honesty is My Main Policy**



**Cell : 416 721 1497**

**E-mail : mitonkanti@yahoo.ca**

**MITON KANTI PARIAL**

**M. Com., Smrititirtha**

- **Mortgage Agent & Real Estate Sales Person**
- **Accountant and Tax Return Preparer**
- **Hindu Priest and Pandit**

# ডাক

রেখা পাঠক

"তুমি ডাক দিয়েছ কোন সকালে কেউ তা জানে না,–ফিরি আমি উদাস প্রাণে,/ তাকাই সবার মুখের পানে,/তোমার মতন এমন টানে / কেউ তো টানে না ॥" হ্যাঁ, রবিঠাকুরের এ বাণী আমারই নিভৃত প্রাণের কথা। পিতৃ-মাতৃগৃহে 'তুমি' পরিবেশে শৈশবের নির্মল নিষ্পাপ মনে গেঁথে গিয়েছিল 'তোমার' অনিন্দ্য সুন্দর কলেবর হতে অজস্র ধারায় প্রবাহিত মধুর মধুর কৃষ্ণ প্রেম আর নিপীড়িত, নির্যাতিত, পতিত অধম মানুষের জন্য মানব প্রেমের করুণার জাহ্নবী ধারা। শৈশব, কৈশোর যৌবন অতিক্রম করে আজ প্রৌঢ়ের সীমানায় পৌঁছার পরও শৈশবের সেই 'তুমি' আজো প্রাণে-মনে, চিত্তে-চৈতন্যে আছো নিত্য জাগ্রত, শুভ, সুন্দর, অমলিন। এতটি বছরের জীবনে কত জনকে দেখেছি, কিন্তু হায়, তোমার মতো করে আমাকে কেউ তো এমন গভীর নিবিড় প্রেমের টানে টানেনি! কাল পরিক্রমায় বছর ঘুরে আমার প্রিয়তম, সেই তোমার আবির্ভাব / শুভ জন্মতিথি ৩রা চৈত্র শুক্রবার ১৪২৮ বাংলা, ১৮ই মার্চ ২০২২। আমি জানি আমার চির পরিচিত 'তুমি' কে।

**আমি মাসসমূহের মধ্যে অগ্রহায়ণ মাস এবং ঋতুসকলের মধ্যে বসন্ত ঋতু। এইজন্যই শ্রীকৃষ্ণ কলিতে এবার যখন গৌরাঙ্গ হলেন, তখন জন্ম নিলেন ঋতুরাজ বসন্তকালে**

কিন্তু জগৎ তো জানেনা, আমার সেই 'তুমি' – কে। জগৎকে বলি আমার সেই 'তুমি' হলে জগতের 'হরি'-কলির অবতারী জগন্নাথ সুত শ্রীশচীনন্দন, পতিত পাবন শ্রীগৌরাঙ্গ, গৌর হরি, শ্রীকৃষ্ণচৈতন্যভারতী। বাংলার সার্থক রেনেসাঁস পুরুষ এবং আধুনিক গণতন্ত্রের সার্থক উদ্বোধক।

আমার গৌর হরি পরমাত্মা পরব্রহ্মের কলির অবতারী সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, শ্রীহট্টের শ্রীহট্টিয়া, নবদ্বীপের নবদ্বীপ চন্দ্র, ভারতের ভারত রত্ন প্রদীপ, বিশ্বের বিশ্বপ্রদীপ শ্রীরাধাকৃষ্ণের মিলিত বিগ্রহ নিমাই শ্রীবিশ্বম্ভর মিশ্রের ৫৩৭তম আবির্ভাব তিথি দিবস, গৌরপূর্ণিমা / গোস্বামীগণের বসন্ত উৎসব / দোলপূর্ণিমা / হোলিউৎসব / হোলিখেলা উপলক্ষে বাঙালি, অবাঙালি, জাতি, ধর্ম বর্ণ নির্বিশেষে নিখিল ব্রহ্মাণ্ডবাসীকে জানাই শুভ গৌরপূর্ণিমা / শুভ বসন্ত পূর্ণিমা / শুভ দোলপূর্ণিমার আনন্দময় আবিরের রঙে রঙিন প্রীতি ও শুভেচ্ছা।

"বাঙালির হিয়া অমিয় মথিয়া নিমাই ধরেছে কায়া।" (কবি সত্যেন্দ্রনাথ দত্ত) হ্যাঁ, বাঙালির হৃদয়ের অমিয় নির্যাসের ঘনীভূত বিগ্রহই শচীমায়ের নিমাই শ্রীচৈতন্যদেব, কবি সত্যেন্দ্রনাথ দত্তের এ সিদ্ধান্তের কোনো বিকল্প বাণী নেই। তাই নিমাই শ্রীগৌরাঙ্গের শুভ আবির্ভাব তিথি দিবস / শুভ জন্মদিন বাঙালির জাতীয় জীবনে সর্বশ্রেষ্ঠ আনন্দের দিন, গৌরবের দিন, মর্যাদার দিন, অহংকারের দিন, আত্মপরিচয়ের দিন এবং ভক্তি শ্রদ্ধা ও ভালোবাসায় উৎসবীয় আমেজে পালনীয় একটি গুরুত্বপূর্ণ দিন / দিবস। কিন্তু "বহে যাহা মর্ম মাঝে রক্তসম / বাহিরে তা দেখাব কেমনে।" সেই মধ্যযুগের অন্ধকারাচ্ছন্ন ভারতবর্ষে দলিত, নিপীড়িত, পতিত মানুষের যিনি পতিত উদ্ধারণ, তিনি হয়ে গেলেন শুধু গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ের সম্পদ! না, না, না, শ্রীগৌরাঙ্গ-শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু কেবলই গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ের সম্পদ নন, তিনি বাঙালির সম্পদ, ভারতের সম্পদ, পৃথিবীর সম্পদ, মানবজাতির সম্পদ, বাংলা ভাষা সাহিত্য শিল্প সংস্কৃতির সম্পদ। তিনিই কলিযুগের প্রথম মানবতাবাদী মহামানব। পরে বাংলায় অনেকেই তাঁর পথের অনুসারী হয়ে অনেক মানবপ্রেম আর মানবতার কথা বলেছে। সৃষ্টি হয়েছে অনেক সম্প্রদায়ের। তবে সনাতন ধর্মের কোন সম্প্রদায়ই মানুষকে ঘৃণার কথা বলেননি। সবাই বলেছেন জাতপাত মুক্ত করে মানুষকে ভালোবাসার কথা, মানবপ্রেমের কথা, কিন্তু যিনি প্রথম পথপ্রদর্শক, তাঁর-ই তো মূল্যায়ণ বেশি। তাই শ্রীহট্টিয়া, নবদ্বীপের নিমাই বাঙালি শ্রীচৈতন্যদেবই পৃথিবীতে শান্তি বারি বর্ষণের প্রথম দূত। কারণ নবদ্বীপের বিশ্বম্ভর মিশ্র নিমাই-ই, আজ হতে ৫৩৭ বছর পূর্বে জাতিভেদ জর্জরিত, বর্ণবৈষম্যের যাঁতাকলে পিষ্ট, মানবতাহীন মানব সমাজে মানবতার বাণী শুনিয়েছিলেন। আচণ্ডাল-ব্রাহ্মণ, পাপী-তাপী, গলিত কুষ্ঠ রোগাক্রান্তকে বক্ষে জড়িয়ে ধরে তাদের গ্লানির অশ্রু মুছে দিয়ে সবাইকে এক পঙতিতে বসিয়ে পঙক্তি ভোজন করিয়েছিলেন? "ব্রাহ্মণে চণ্ডালে করে কোলাকুলি / কবে বা ছিল এ রঙ্গ?" (কবি দ্বিজেন্দ্র লাল রায়) ছিল না। নিমাই বিশ্বম্ভর মিশ্রই ষোড়শ শতাব্দীর তমসাচ্ছন্ন ভারতবর্ষে মানবতার প্রথম আলোকিত স্নিগ্ধ সূর্য। কবি যথার্থই বলেছেন– "ভাঙিয়া বিচূর্ণ করি নিয়ম ও আচার। / সমাজ নীতি ও ধর্মনীতি ও প্রথার ॥ / পুরাতন জীর্ণ বাঁধ; অমনি অধীর। / পূর্ণ বিকম্পিত বক্ষে ফিরিল নদীর ॥ / প্রবল চিন্তার স্রোত, আসিল উন্মত্ত। / উচ্ছৃঙ্খল উপদ্রবে প্রেমের রাজত্ব ॥ / নবযৌবনের মত কোথা হতে নেমে। / অমনি উঠিল নৃত্য মহানৃত্য প্রেমে ॥ / আর সেই সংকীর্তন মধুর মৃদঙ্গে / সুমধুর হরিনাম ছাইল এ-বঙ্গে ॥" (কবি দ্বিজেন্দ্র লাল রায়, "মন্দ" কাব্য।)

১৪৮৬ সালের ১৮ই ফেব্রুয়ারি, ১৪০৭ শকের ২৩শে ফাল্গুন (সেকালে প্রচলিত জুলিয়ান ক্যালেন্ডার মতে)

বর্তমানে প্রচলিত গ্রেগরিয়ান ক্যালেন্ডারের হিসেবে তারিখটি হবে ২৭শে ফেব্রুয়ারি, নিমাইর অবতীর্ণ হওয়ার দিন। নিমাই-র পিতার নাম শ্রীজগন্নাথ মিশ্র, মাতা শ্রীমতি শচীদেবী। জগন্নাথ মিশ্রের পিতার নাম উপেন্দ্র মিশ্র–"শ্রীহট্ট দেশেতে ঘর উপেন্দ্র মিশ্র

নাম। / বৈষ্ণব পণ্ডিত ধনী সদ্‌গুণ প্রধান ॥ / সপ্তমিশ্র তাঁর পুত্র সপ্ত ঋষীশ্বর। / কংসারি পরমানন্দ পদ্মনাভ সর্বেশ্বর ॥ / জগন্নাথ জনার্দন ত্রৈলোক্যনাথ। / নদীয়াতে গঙ্গাবাস কৈল জগন্নাথ, তাঁর পত্নী শচী নাম পতিব্রতা সতী। / যাঁর পিতা নীলাম্ভর নাম চক্রবর্তী ॥ (শ্রীচৈতন্যচরিতামৃত। আদিঃ ত্রয়োদশ।)। নিমাই শ্রীচৈতন্যদেবের পূর্ব পুরুষ শ্রীহট্টের গোলাপগঞ্জ থানার "ঢাকা দক্ষিণ" গ্রামের বাসিন্দা ছিলেন। (এই মিশ্রবংশ সিলেটে আসার পূর্বে তাঁদের আদি নিবাস ছিল, উড়িষ্যার জাজপুরে) আর তাঁর মাতামহ নীলাম্বর চক্রবর্তীর আদি বাড়ি ছিল হবিগঞ্জ থানার (বর্তমান হবিগঞ্জ জেলা) জয়পুর গ্রামে। নিমাই মাতৃগর্ভে আসেন শ্রীহট্টের ঢাকা দক্ষিণের জলবায়ু ও আলো হাওয়াতে। ভূমিষ্ঠ হন নবদ্বীপে। এইজন্য শ্রীচৈতন্যদেবকে বলা হয় শ্রীহট্টিয়া। প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে, নিমাই শ্রীচৈতন্যের পিতৃভূমি এবং তাঁর মাতৃগর্ভের আগমন ভূমি শ্রীহট্ট/সিলেট হওয়ার কারণে সারা পৃথিবীতে সিলেট আধ্যাত্মিক ভূমির মর্যাদায় সুপ্রতিষ্ঠিত। সেই সাথে বাংলা ভাষাও। শ্রীচৈতন্যদেবের প্রেমভক্তিবাদের আন্দোলনের কারণে পাঁচশত বছর পূর্বেই বাংলা ভাষা হিন্দি বলয় উত্তরপ্রদেশের বৃন্দাবন, উড়িষ্যা, মণিপুরসহ ভারতের বহু রাজ্যে বিস্তার লাভ করেছিল আর বর্তমানে 'ইসকনে'র ব্যাপক প্রচারে সারাবিশ্ব শিখছে বাংলাভাষা, শ্রীচৈতন্যদেবকে জানার জন্য, তাঁর ধর্মীয় দর্শনকে জানার জন্য, তাঁর দিব্য জীবনকে নিয়ে লিখিত অমৃতময় মহাগ্রন্থরাজিসমূহ পাঠ করার জন্য।

শ্রীচৈতন্যদেবের শুভ জন্ম সম্পর্কে চৈতন্যচরিতামৃতে বলা হয়েছে "চৌদ্দ শত সাত শকে জন্মের প্রমাণ।"

আর মাস ও সময় সম্পর্কে বলা হয়েছে–

"ফাল্গুন পূর্ণিমা সন্ধ্যায় প্রভুর জন্মোদয়।

সেই কালে দৈবযোগে চন্দ্র গ্রহণ হয়।" (শ্রীচৈতন্যচরিতামৃত, আদি : ত্রয়োদশ)। ঐ দিন ছিল দোলপূর্ণিমা। পার্থিব চাঁদে রাহুর স্পর্শ লাগতেই। জগন্নাথ শচী গৃহে অপার্থিব গৌর চন্দ্র উদিত হন। বলা বাহুল্য যে, নিমাই তের মাস মাতৃগর্ভে বাস করে দোলপূর্ণিমা তিথিতে ভূমিষ্ঠ হন। চৈতন্যচরিতামৃতে বলা হয়েছে

"চৌদ্দ শত ছয় শকে শেষ মাঘ মাসে।
জগন্নাথ শচীর দেহে শ্রীকৃষ্ণ প্রকাশে ॥****
জগন্নাথ মিশ্র কহে স্বপ্নে যে দেখিল।
জ্যোতির্ময় ধাম মোর হৃদয়ে পশিল ॥
আমার হৃদয় হৈতে তোমার হৃদয়ে।
হেন বুঝি জন্মিবেন কোন মহাশয়ে ॥
এত বুলি দোহেঁ রহে হরষিত হৈঞা।
শালগ্রাম সেবা করে বিশেষ করিঞা ॥
হৈতে হৈতে হৈল গর্ভ ত্রয়োদশ মাস।
তথাপি ভূমিষ্ঠ নহে মিশ্রে হৈল ত্রাস ॥
নীলাম্বর চক্রবর্তী কহিলা গণিঞা।
এই মাসে পুত্র হৈবে পুণ্য ক্ষণ পাঞা ॥
চৌদ্দ শত সাত শকে মাস যে ফাল্গুন।
পৌর্ণমাসী সন্ধ্যাকালে হৈল শুভক্ষণ ॥
সিংহ রাশি সিংহ লগ্ন উচ্চ গ্রহগণ।
ষড়্‌বর্গ অষ্টবর্গ সর্ব সুলক্ষণ ॥
অকলঙ্ক গৌরচন্দ্র দিলা দর্শন।
সকলঙ্ক চন্দ্রে আর কিবা প্রয়োজন ॥"

(চৈতন্যচরিতমৃত আদি : ত্রয়োদশ)

শচী মাতার পিতা নীলাম্বর চক্রবর্তী ছিলেন জ্যোতিষ শাস্ত্রে পণ্ডিত। জ্যোতিষ শাস্ত্র গণনা করে তিনি নিমাইর ভূমিষ্ঠ হওয়ার দিনক্ষণ এবং পুত্র সন্তানের শুভ আবির্ভাবের সঠিক কথা যেমন বলেছিলেন, তেমনি শিশু নিমাইর হস্ত ও শ্রীচরণযুগলে কিছু অলৌকিক চিহ্ন দেখে কন্যা এবং জামাতাকে বললেন–

"নারায়ণের চিহ্নযুক্ত শ্রীহস্ত চরণ।
এই শিশু সর্বলোকের করিব তারণ ॥
এই তো করিব বৈষ্ণব ধর্মের প্রচার।
ইঁহা হৈতে হৈবে দুই কুলের নিস্তার ॥–
সর্বলোকের করিব ইঁহো ধারণ পোষণ।
বিশ্বম্ভর নাম ইঁহার এই তো কারণ ॥"

(চৈতন্যচরিতামৃত, আদি : চতুর্থ পরিচ্ছেদ)

নিমাই তাঁর বিশ্বম্ভর নামের অর্থ বুঝে বললেন–

"প্রভু কহে আমি বিশ্বম্ভর নাম ধরি।
নাম সার্থক হয় যদি প্রেমে বিশ্বভরি ॥"

(শ্রীচৈতন্যচরিতামৃত, আদি : নবম)

কী আশ্চর্য প্রতিজ্ঞা! যেমন কথা, তেমন কাজ।

তাঁর এক অঙ্গে কৃষ্ণপ্রেম, আরেক অঙ্গে মানবপ্রেম।

তাঁর কৃষ্ণপ্রেম আর মানবপ্রেম বিশ্বের বিস্ময়! কলিযুগ অস্ত্রের যুগ নয়, শান্তির যুগ, মানবতার যুগ। এই বিক্ষুব্ধ পৃথিবীতে ঐতিহাসিকভাবে বাস্তব সত্য বিশ্বম্ভর মিশ্র শ্রীচৈতন্যদেবের প্রেমভক্তির বাণী, মানবতার বাণী, শান্তির বাণী। প্রেমধর্মের ওপর কোনো ধর্ম নেই, তাইতো সনাতন গোস্বামীকে তাঁর বাণী–

"পঞ্চম পুরুষার্থ প্রেম প্রয়োজন।" তাঁর কৃষ্ণপ্রেম, মানবপ্রেম বিতরণের মাধ্যম হল হরিনাম সংকীর্তন।

নিমাই বললেন–

"অতএব আমি আজ্ঞা দিল সভাকারে।
যাঁহা তাঁহা প্রেম ফল দেহ যারে তারে ॥"

শ্রীচৈতন্য গ্রহণ করলেন মালাকার ধর্ম। বললেন–

"একলা মালাকার আমি কত ফল খাবো।
না দিয়া বা এই ফল আর কি করিব।
অতএব সভে ফল দেহ যারে তারে।
খাইয়া হউক লোক অজর অমরে ॥
জগৎ ভরিয়া মোর হবে পুণ্য খ্যাতি।
সুখী হইয়া লোক মোর গাইবেক কীর্তি ॥
ভারত ভূমেতে হৈল মনুষ্য জন্ম যার।
জন্ম সার্থক করি করে পর উপকার ॥"

(শ্রীচৈতন্যচরিতামৃত। আদি : নবম)

সুধী, আজ থেকে পাঁচশত সাইত্রিশ বছর আগে কোনো ভারতীয়, কিংবা কোনো ভারতীয় বাঙালির মুখ থেকে এমন বাণী উচ্চারিত হয়েছিল কী? আর এই জন্য– "সেই দ্বারে আচণ্ডালে কীর্তন সঞ্চারে। / নাম প্রেমে মালা গাঁথি পরাইল সভারে ॥" (শ্রীচৈতন্যচরিতামৃত। আদি : চতুর্থ)

শ্রীচৈতন্যদেব এই বাণী দিয়ে গেলেন যে, ভারতভূমিতে জন্ম হয়েছে যাঁর, পর উপকার করে জীবন সার্থক করতে হবে তাঁর। পরোপকারই জীবনের সার্থকতা।

ভারতবাসীর জীবনে কৃষ্ণপ্রেমের, মানবপ্রেমের আলোকবার্তা বিতরণের জন্য তিনি পদব্রজে মাত্র একজন সঙ্গীকে নিয়ে শ্বাপদসঙ্কুল ভারতবর্ষ পর্যটন করে হন মধ্যযুগের সর্বশ্রেষ্ঠ ভারত পর্যটক। তাঁর এই ভারত পর্যটনের ফল সম্পর্কে নৃত্য গুরু মহুয়া মুখোপাধ্যায়ের একটি মন্তব্যই যথেষ্ট– "এ কথা বিশেষজ্ঞ মহলে অজ্ঞাত নয় যে, ভারতপর্যটক, শ্রীচৈতন্য তাঁর অতি স্বল্পায়ু জীবনের মধ্যেই দেশ জাতিবর্ণ-উত্তীর্ণ একটি সংস্কারের তরঙ্গ দিয়ে আসমুদ্রহিমাচল ভাসিয়ে দিয়েছিলেন। কী আশ্চর্য, মাত্র ৪৭ বৎসর বয়স্ক এবং সদ্যযৌবনোত্তীর্ণ এক ব্যক্তির দ্বারা ভারতবর্ষের অন্যতম শ্রেষ্ঠ সমাজ-ধর্ম সংস্কার সাধিত হয়েছিল!"

আর কী চাই, পাঁচশত বছর আগে ভারতবর্ষের বঙ্গদেশের নবদ্বীপের এক বৈদিক ব্রাহ্মণ সন্তান রক্তঝরা মুক্তপদে, রিক্ত হাতে, সিক্ত চোখে আসমুদ্রহিমাচলে কৃষ্ণপ্রেম, মানবপ্রেমই শুধু প্রচার করলেন না, সাথে বঙ্গ-ভারতীয় নৃত্য, নাটক, কাব্য, সাহিত্য, শিল্প সংস্কৃতির দ্বারা বঙ্গ হতে আরম্ভ করে সমগ্র ভারতবাসীর জনজীবনে একটি নতুন সাংস্কৃতিক অভ্যুদয় ও আন্দোলনের সৃষ্টি করলেন। এই সবের সাথে যুক্ত হয়েছিল নারীশিক্ষা, নারী মুক্তির মন্ত্র। এইজন্য শ্রীচৈতন্যদেবকে বলা হয়ে থাকে ভারতবর্ষে নবজাগরণ / রেনেশাঁসের মহানায়ক।

আঞ্চলিকতা অতিক্রম করে ষোড়শ শতাব্দীর তমসাচ্ছন্ন ভারতবর্ষে বঙ্গদেশের একজন বাঙালি নবীন সন্ন্যাসী হয়ে গেলেন এত বড় ভারতবর্ষের নবজাগরণের পৌরহিত্য দানকারী মহানায়ক! বাঙালির গর্বের আর কী হতে পারে?

ভারতবাসীর দ্বারে, বিশ্ববাসীর দ্বারে নবজাগরণের বাণী পৌঁছিয়ে দিয়েও তাঁর চিত্তে শান্তি নেই তাঁর স্বজাতি বাঙালির জন্য। তিনি বিশ্বের হয়ে, ভারতের হয়েও তিনি যে বাংলার একজন বঙ্গ সন্তান সে নিয়ে তাঁর মনে ছিল অন্যমাত্রার এক গর্ব, আনন্দ ও দায়িত্ববোধ। তাইতো আমরা দেখি সন্ন্যাস ধর্ম গ্রহণ করে নীলাচলে / জগন্নাথধামে থাকাকালে রথযাত্রা উপলক্ষে গৌড়ের অর্থাৎ নবদ্বীপের পার্ষদগণ নীলাচলে গেলে শ্রীচৈতন্যদেব অত্যন্ত আনন্দিত হতেন, এবং তাঁর অভিন্ন হৃদয় শ্রীমন্নিত্যানন্দ প্রভুর দর্শন ও মিলনের আশায় তৃষিত হয়ে থাকতেন, এত ভালোবাসার নিতাই চাঁদকে পর্যন্ত প্রভু /শ্রীচৈতন্য করজোড়ে বিনয় করে এই অনুরোধ করেছিলেন, কেবলই বাঙালির কল্যাণের জন্য–

"নিত্যানন্দে কহে প্রভু শুনহ শ্রীপাদ।
এই আমি মাগি তুমি করহ প্রসাদ ॥
প্রতিবর্ষ নীলাচলে তুমি না আসিবা।
গৌড়ে রহি মোর ইচ্ছা সফল করিবা।
তাঁহা সিদ্ধ করে হেন অন্য না দেখিএ।
আমার দুষ্কর কর্ম তোমা হৈতে হয়ে ॥"
(শ্রীচৈতন্যচরিতামৃত, মধ্য : ষোড়শ)

শ্রীচৈতন্যদেবের একান্ত প্রার্থনায় প্রভু নিত্যানন্দ গৌড়দেশে / বঙ্গদেশে হরিনাম মহামন্ত্র প্রচার করেন।

এই জন্যই পদকর্তা গাইলেন "হরিনাম দিয়ে জগৎ মাতাল আমার একলা নিতাই–।"

নিমাই, বিশ্বম্ভর, গৌরহরি, গৌরাঙ্গ এই সব নাম মহাপ্রভুর গার্হস্থ জীবনের নাম। সন্ন্যাস আশ্রম গ্রহণের সময় তাঁর নাম হয় শ্রীকৃষ্ণচৈতন্যভারতী। সংক্ষেপে শ্রীচৈতন্যদেব।

শ্রীচৈতন্যদেব কে? তিনি কী কেবল মানবতাবাদী, সাম্যবাদী একজন সাংস্কৃতিক মহাপুরুষ / মহামানব?

না, তা নয়। সনাতন ধর্মের একটি অন্যতম স্তম্ভ হল অবতারবাদ। অবতারবাদ হল স্বয়ং জগৎপতি ব্রহ্মের যুগের প্রয়োজনে নরদেহ ধারণ করে পৃথিবীতে অবতীর্ণ হওয়া। সনাতনধর্মের অবতারবাদের ধারাবাহিকতায় ঈশ্বর সবসময় মানবদেহ নিয়ে নয়, মানবেতর দেহ নিয়েও পৃথিবীতে অবতীর্ণ হয়েছেন, সময়ের প্রয়োজনে। যেমন, মৎস্য, কূর্ম, বরাহ, নৃসিংহ ইত্যাদি। আবার মানুষরূপে এসেছেন, বামন, পরশুরাম, রাম, শ্রীকৃষ্ণরূপে। পৃথিবীর এবং মানুষের মঙ্গলের জন্য ঈশ্বরের পক্ষে যখন যে রূপ ধারণ করা দরকার, তিনি সেই তখন তখন সেই রূপই ধারণ করে পৃথিবীতে অবতারী হয়েছেন। ইহা সনাতন শাস্ত্র গীতার কথা। মানুষ কীভাবে জানবে যে ভগবান পৃথিবীতে অবতারী হয়েছেন? একজন মানুষের কত সূক্ষ্মাতিসূক্ষ্ম কলাকৌশল জানা থাকে। একজন ব্যক্তি কত অবিশ্বাস্য, কত চমকপ্রদ, বিষয় দেখাতে পারে, এই সব দেখালেই কী সেই ব্যক্তি অবতারী ভগবান হয়ে যাবেন? না। তা-নয়। আমরা শাস্ত্র গ্রন্থে দেখি ঈশ্বর পৃথিবীতে অবতারী হওয়ার বহুপূর্বে শাস্ত্র গ্রন্থে তাঁর আগমনী বার্তা ঘোষিত হয়ে থাকে। ভগবান শ্রীরামচন্দ্র, ভগবান শ্রীকৃষ্ণ অবতারী হওয়ার অনেক আগেই শাস্ত্র গ্রন্থে তাঁদের শুভ আগমনী বার্তা ঘোষিত হয়েছে। কিছু যাদুবিদ্যা দেখালে, কিছু অলৌকিকতা প্রকাশ করলেই সেই ব্যক্তি ভগবান হয়ে যাবেন না। যদি না তাঁর আবির্ভাবের পূর্বে শাস্ত্র গ্রন্থে তাঁর নাম-ধাম, তাঁর পিতা-মাতার নামের উল্লেখ না থাকে। যেকোনো মহাপুরুষই ভগবান নন। অবতারবাদের এই বিচারে কলিযুগে শ্রীকৃষ্ণ-বিষ্ণুর অবতার হলেন ভগবান শ্রীকৃষ্ণ চৈতন্য মহাপ্রভু। আজ হতে পাঁচ হাজার বছর পূর্বে ব্যাসদেব রচিত পুরাণ সম্রাট শ্রীমদ্ভাগবতসহ অনেক পুরাণে শ্রীচৈতন্যদেবের আগমনী বার্তা ঘোষিত হয়েছে।

(১) বৃহন্নারদীয় পুরাণে আছে– "ভবিষ্যামি শচীসুতঃ"।

(২) গরুড় পুরাণে আছে– "সন্ন্যাসী গৌর বিগ্রহ"।

(৩) মার্কণ্ডেয় পুরাণে– "কলৌ গৌরাঙ্গরূপেন"।

(৪) লিঙ্গ পুরাণে– "কৃষ্ণচৈতন্যনামধিক্"।

(৫) নৃসিংহ পুরাণে– "কলিযুগে চৈতন্যনামা হরিঃ"।

(৬) পদ্মপুরাণে– "গৌরাঙ্গোহসী মহীতল"।

(৭) বৃহদ্বামনপুরাণে– "কৃষ্ণচৈতন্যনামধিক্"।

(৮) বামন পুরাণে– "শচীগর্ভে চ সম্ভুয়"।

(৯) গৌতমীয়তন্ত্রে গোপালসহস্রনাম স্তোত্রে– "শচীসুতঃ জয়প্রদঃ"।

(১০) ঊর্ধবান্নায় তন্ত্রে "ক্লী গৌরায় নমঃ"। এই মন্ত্র দৃষ্ট হয় (ড. মহানামব্রতব্রহ্মচারী, গৌর কথা, পৃষ্ঠা নং ৩৬৩)। শ্রীমদ্ভাগবতে [১১,৫,২৯]

কৃষ্ণবর্ণং ত্বিষা কৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্।
যজ্ঞৈঃ সংকীর্তন প্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ॥

এই শ্লোকের যে অর্থ, তা শ্রীচৈতন্যদেব ও তাঁর পার্ষদ পরিমণ্ডলিত হরিনাম সংকীর্তন যজ্ঞেরই কথার প্রকাশ। শ্রীমদ্ভাগবতের আরও অনেক শ্লোকসহ অনেক শাস্ত্রে রয়েছে শ্রীগৌরাঙ্গের অবতারী হওয়ার কথা।

সমস্ত শাস্ত্র গ্রন্থ মথিত করে শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামী তাঁর শ্রীচৈতন্যচরিতামৃতে ঘোষণা দিলেন–

"নন্দ সুত বলে যারে ভাগবতে গাই।
সেই কৃষ্ণ অবতীর্ণ চৈতন্য গোসাঞি॥"

চৈতন্যচরিতামৃতকার বৈষ্ণবীয় দর্শন সমুদ্র মন্থন করে শ্রীচৈতন্যদেবকে কেবল কৃষ্ণের অবতারই নয়, বরং তিনি বললেন, শ্রীচৈতন্যদেব রাধাকৃষ্ণের মিলিত বিগ্রহ, রাধাভাব দ্যুতি সুবলিত গৌর তনু।–

"রাধাকৃষ্ণ এক আত্মা দুই দেহ ধরি।
অন্যোন্যে বিলসে রস আস্বাদন করি॥
সেই দুই এক এবে চৈতন্য গোসাঞি।
ভাব আস্বাদিতে দোঁহে হৈলা এক ঠাঁঞি॥"
(চৈতন্যচরিতামৃত, আদি : চতুর্থ)

ভাবের মহাসিন্ধু, প্রেমভক্তির প্রবর্তক প্রচারক নিমাই শ্রীচৈতন্য মাতৃগর্ভে তের মাস বাস করে ভূমিষ্ঠ হলে ফাল্গুন মাসে মধু বসন্তে, মধুর দোলপূর্ণিমা তিথিতে বসন্ত উৎসবের দিনে,পুব আকাশে উদীয়মান দোলপূর্ণিমার চাঁদে রাহুর স্পর্শে। বসন্তের ফাল্গুনে জন্মগ্রহণের কারণ বোধ হয়, শ্রীকৃষ্ণ যে গীতায় বলেছেন–

"মাসানাং মার্গশীর্ষোঽহমৃতূনাং কুসুমাকরঃ" ১০/৩৫।

"আমি মাসসমূহের মধ্যে অগ্রহায়ণ মাস এবং ঋতুসকলের মধ্যে বসন্ত ঋতু। এইজন্যই শ্রীকৃষ্ণ কলিতে এবার যখন গৌরাঙ্গ হলেন, তখন জন্ম নিলেন ঋতুরাজ বসন্তকালে, শুধু বসন্তকালেই নয়, একেবারে রঙ ছড়ানোর দিন মন রাঙানোর দিন, দোলপূর্ণিমার দিনে।

জয় শুভ দোলপূর্ণিমা। জয় শুভ গৌরপূর্ণিমা।

"অনর্পিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ
সমর্পয়িতুমুন্নতোজ্জলরসাং স্বভক্তি-শ্রিয়ন্।
হরিঃ পুরটসুন্দরদ্যুতিকদম্বসন্দীপিতঃ
সদা হৃদয়-কন্দরে স্ফূরতু বঃ শচীনন্দনঃ॥"
[বিদগ্ধমাধব (১/২) –শ্রী রূপ গোস্বামী]


"নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেম প্রদায়তে
কৃষ্ণায় কৃষ্ণ চৈতন্য নাম্নে গৌরত্বিষে নমঃ।"

কলির অবতারী ভগবান শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর শ্রীচরণে আমি অধমের ভক্তি প্রণাম শেষে, কলির তমসাচ্ছন্ন মানুষের জন্য এই আকুল নিবেদন করি–

"যে তোমারে ডাকে না,
তারে তুমি ডাক ডাক।
তোমা হতে দূরে যে জন,
তারে তুমি রাখ রাখ॥" (রবীন্দ্রনাথ ঠাকুর)

এই কলিহত জীবকে তোমার কাছে নিয়ে যাওয়ার জন্যই তো, জীবকে ভালোবেসেই তো হে গৌরহরি, হে ভূমা তুমি এসেছ এই ভূমিতে। জীবের মঙ্গলের জন্য কেঁদে গড়াগড়ি দিয়েছ বাংলার কাদামাটি হতে সমগ্র ভারতভূমিতে! জয় কলির অবতারী ভগবান শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর শুভ আবির্ভাব তিথি কী জয়।

গৌর পূর্ণিমা – দোলপূর্ণিমা তিথিতে নিবেদন। ❑



"Try not to become a man of success. Rather become a man of value."
–Albert Einstein

ওঁ তৎ সৎ

# শ্রীমদ্ভগবদ্‌গীতা : জ্ঞানপথ ও ভক্তিপথ

শ্রীবিদ্যুৎ মজুমদার

সাধনপথ হিসাবে জ্ঞান ও ভক্তি দুইয়েরই উপযোগিতা আছে, যদিও দুইয়ের মধ্যে সামান্য একটু পার্থক্য আছে। দুই পথেরই উদ্দেশ্য অধ্যাত্মজীবনের প্রতি, ভগবানের প্রেমের প্রতি আকৃষ্ট হওয়া। অদ্বৈতবাদীর (জ্ঞানভিত্তিক) মতে জগতে সত্য বস্তু একটিই আছে, তাঁকে ব্রহ্ম বলা হয়। অন্যান্য সকল বস্তুই মিথ্যা-মায়া-শক্তি দ্বারা ব্রহ্ম থেকে উদ্ভাবিত। আমরা প্রত্যেকেই সেই ব্রহ্ম, সেই সত্য, কিন্তু মায়া সমন্বিত। যদি মায়া বা অজ্ঞান থেকে মুক্তি লাভ করতে পারি, তাহলে আমরা প্রকৃতপক্ষে যা তা-ই হবো (ব্রহ্ম)। আমাদের উদ্দেশ্য পুনরায় সেই ব্রহ্মে ফিরে যাওয়া। অদ্বৈতবাদের মতে– প্রত্যেক মানুষের তিনটি অংশ আছে– দেহ, মন ও ব্রহ্ম বা আত্মা (এই আত্মাই সমগ্র বিশ্ব পরিব্যাপ্ত করে আছেন এবং বিশ্বের পিছনে অবিনাশী সৎবস্তু)। আত্মাই মনের সাহায্যে দেহকে পরিচালিত করে। সেই আত্মা প্রাকৃতিক কার্যকারণ-নিয়মের অধীন নয়; সে অমর, নিরাকার। **শ্রীকৃষ্ণ বলেছেন,**

**অবিনাশি তু তদ্ বিদ্ধি, যেন সর্বমিদং ততম্।**
**বিনাশম্ অব্যয়স্য অস্য, ন কশ্চিৎ কর্তুম্ অর্হতি ॥**
**(গীতা, ২/১৭)**

**যাঁদের দেহ– সচেতনতা আছে, তাঁদের পক্ষে এই অব্যক্তের পথ নিদারুণ কষ্টকর। যখন আমরা দেহবোধের উর্ধ্বে উঠতে পারি, তখনই অব্যক্তে মন নিবিষ্ট করা সম্ভব।**

'যিনি সমগ্র বিশ্ব পরিব্যাপ্ত করে আছেন, তাঁকেই অবিনাশী (আত্মা বা নিরাকার নির্গুণ ব্রহ্ম) বলে জানবে; সেই অব্যয় সৎবস্তুর (আত্মার) বিনাশ কোনো কিছুর দ্বারাই সম্ভব নয়।'

বিশ্বের পিছনে যে অবিনাশী সৎবস্তু (সত্য) রয়েছে, তাকে বিনাশ করার সামর্থ্য কারো নেই। শুদ্ধ-অদ্বৈত-চৈতন্য স্বরূপ অনন্ত সত্য (সৎ-বস্তু) সমগ্র বিশ্ব পরিব্যাপ্ত করে আছেন। নানা বস্তু সৃষ্টি হচ্ছে আবার বিনষ্টও হচ্ছে, কিন্তু যা থেকে বস্তুসমষ্টিরূপ বিশ্ব সৃষ্টি হয় তা কোনোভাবেই বিনষ্ট হয় না। তাই আবার রয়েছে এই শরীরের মধ্যে আত্মারূপে।

জ্ঞানপথের অনুসারীগণ সেই নিরাকার নির্গুণ ব্রহ্মের উপাসনা করেন। এঁদের ধারণা ঈশ্বরকে বা সেই অবিনাশী সত্যকে এটা বা ওটা বলে নির্দেশ করা যায় না। কারণ তা দেখানোর বস্তু নয়। **এই সত্যকে (ব্রহ্মকে) অনুভূতি দিয়ে উপলব্ধি করতে হয়।** তাঁকে শুধু কল্পনা করা যায়, কিন্তু ঈশ্বর তাতে বাঁধা পড়ে না। তিনি নাম ও রূপের অতীত, প্রকাশের অতীত ও সর্বব্যাপী, অচিন্তনীয়। আমরা মন ও বুদ্ধি দিয়ে তাঁর নাগাল পাই না। তাঁকে কোন কিছু দিয়ে প্রকাশ করা যায় না। তাঁদের ধারণা আকাশ, বাতাস, মাটি, পৃথিবী, গ্রহ, নক্ষত্র, আমি, তুমি, সে সকল কিছুই এক ব্রহ্ম থেকে এসেছে। সকলই ব্রহ্ম বা ঈশ্বর। এই অদ্বৈত জ্ঞানপথে যে ধারণাটি প্রথমে থাকতে হবে তা হলো 'আমি দেহ বা শরীর নই'। দ্বিতীয়টি হলো জ্ঞানীকে ইন্দ্রিয়ের প্রতি যত আসক্তি সব ঝেড়ে ফেলতে হবে। তাঁদের দৃষ্টিতে উঁচু বা নীচু, বড়-ছোট, নারী বা পুরুষ বলে কিছু নেই, সবই এক। জ্ঞানপথের চরম কথা হলো– এক অখণ্ড বিশ্ব– যা ইন্দ্রিয়ের মধ্য দিয়ে জড়রূপে, বুদ্ধির মধ্য দিয়ে জীবরূপে, আত্মা বা ব্রহ্মের মধ্য দিয়ে ঈশ্বররূপে প্রতিভাত হয়। পৃথিবীতে যাকে পাপ বা অন্যায় বলা হয়, তারই আবরণে যে নিজেকে আবৃত করে রাখে, তাঁর নিকট এই জগৎ পরিবর্তিত হয়ে যায় এবং বিরাট আকার ধারণ করে। একজন সুখভোগকামীর নিকট এই পৃথিবী পরিবর্তিত হয়ে স্বর্গের আকার ধারণ করে, এবং পূর্ণ মানবের নিকট সবই তিরোহিত এবং সবকিছু তাঁর নিজেরই আত্মা বা ঈশ্বর হয়ে যায়। জ্ঞানী বলেন ***'শিবোহহম্'***, আমি ঈশ্বর।

কিন্তু অব্যক্তে মন স্থির করা 'খুব শক্ত' বা ক্লেশকর। এবং যাদের দেহাভিমান বা দেহ-সচেতনতা বা আমিত্ববোধ আছে, তাঁদের পক্ষে এই অব্যক্তের পথ নিদারুন কষ্টদায়ক ও কঠিন। যখনই আমরা দেহবোধের উর্ধ্বে উঠতে পারি, তখনই অব্যক্তে মন নিবিষ্ট করা সম্ভব। কিন্তু সে তো সহজে হওয়ার নয়। ভক্ত রস আস্বাদন করতে চান, ঈশ্বরের প্রেম আস্বাদন করতে চান। তিনি ঈশ্বরের সঙ্গে এক হয়ে যেতে চান না। ভক্ত বলেন আমি ঈশ্বরের দাস, ঈশ্বরের সন্তান। তিনি ঈশ্বরকে আলাদা দেখতে চান, যাতে তাঁকে নিয়ে আনন্দ করা যায়, তাঁর প্রেম সম্ভোগ করা যায়। শ্রীকৃষ্ণ বলেছেন, ***'আমি বিশ্বতোমুখ'***, যে-কোন ভাবেই তুমি আমার ভজনা করতে পার। এর কোন বাঁধাধরা নিয়ম নেই। আমি সর্বত্র বিরাজমান। তাই সব পূজা শেষপর্যন্ত আমার কাছেই পৌঁছায়। এর থেকেই সহিষ্ণুতা এবং পারস্পরিক বোঝাপড়ার ভাব এসেছে হিন্দু সংস্কৃতিতে। **সাধারণ মানুষ তার কল্পনা বা চিন্তা সীমানার বাইরে যেতে পারে না। সাধারণ মানুষের পক্ষে নামরূপ-বিহীন কোন কিছুর ধারণা করা অসম্ভব।** যা তার বোধগম্য, তা-ই সে আঁকড়ে থাকতে ভালবাসে। অর্থাৎ উচ্চতর আধ্যাত্মিক বিষয়কে, সে নিজের স্তরে নামিয়ে এনে সেভাবেই কেবল ধারণা করতে পারে। মনকে কোথাও স্থির করবার সময় বা কোনরূপ চিন্তা করবার সময় দেখবেন, আপনারা স্বভাবতই মনে মনে মূর্তি গড়ার প্রয়োজন অনুভব করেন, এরূপ কল্পনা না করে থাকতে পারেন না। নামরূপ-বিহীনকে কেবল নামরূপ-বিমণ্ডিতরূপেই চিন্তা করা যায়। পৃথিবীর সর্বত্র এ হলো জনসাধারণের ধর্ম। শ্রীরামকৃষ্ণ বলেছেন যাদের দেহ আছে, ঐ দেহই তাদের দ্বৈতভূমিতে টেনে নামাবে। এই কারণে একমাত্র দেহবোধবর্জিত গভীর সমাধি অবস্থাতেই ঐ অব্যক্ত-ভূমিতে স্থিতি সম্ভব। কিন্তু তখনও যদি দেহ অসুস্থ হয়, তার ভিতর মনকে টেনে নামানো সম্ভব। তাই, যখনই দেহবোধ

আসে, সাকার, সগুণ, ব্যক্তি ঈশ্বরের চিন্তা করতে হয়। তখনই আমরা ঠিকঠিকভাবে তাঁর উপাসনা করতে পারি।

ভক্তির মাধ্যমে রয়েছে ত্যাগ। ভক্তির মাধ্যমে আপনার সকল কাজের ফল ঈশ্বরে সমর্পণ করেন বা ঈশ্বরের চরণে নিবেদন করেন। সমর্পণ মনের এইরূপ স্থিতির নাম– যখন মানুষ নিজের সকল সংকল্প ত্যাগ করে দেয়। নিজের জন্য কোন সিদ্ধান্ত বা প্রতিজ্ঞা করে না। যে প্রকারের কাজ তাকে প্রদান করা হয়, সেই প্রকারের কাজই সে করে যায়। বাস্তবে সমর্পণের প্রকৃত অর্থ হলো– নিজেই নিজেকে, নিজের মনকে, বুদ্ধিকে, জ্ঞানকে, ইচ্ছাকে, আশাকে, নিজের ভাবনাকে, নিজের সমস্ত কিছু কাউকে অর্পণ করে দেওয়া। আর এই অর্পণকে ভক্তি বলা হয়। ভক্ত সর্বদাই নম্রতার অভ্যাস করেন; ভক্ত নিজেকে ঈশ্বর থেকে আলাদা মনে করে তাঁর দাস হয়ে থাকেন।

অব্যক্তের পথ অত্যন্ত কষ্টকর। তুলনামূলকভাবে ভক্তিপথ অর্থাৎ সগুণ ঈশ্বরের চিন্তা করা অত্যন্ত সহজ। যে রূপেই তাঁর পূজা বা উপাসনা করি না কেন, তিনি সেইরূপেই আমাদের সামনে আবির্ভূত হন। কিন্তু মনে রাখতে হবে, এক নিরাকার নির্গুণ ব্রহ্মই আমাদের কাছে প্রকট হচ্ছেন। তাই ভক্তি বিশ্বজনীন ধর্ম; ভক্তিপথ সকলের জন্য উন্মুক্ত। এই পথে সব কর্মফল ঈশ্বরে সমর্পণ করে আমাদের পূর্ব পূর্ব সংস্কারকে শুদ্ধ করে তুলি। শ্রীকৃষ্ণ বলেছেন আমি তাদের উদ্ধারকর্তা হয়ে মৃত্যুময় সংসার সাগর থেকে উদ্ধার করি। অর্থাৎ স্বরূপত যে আমি জন্ম-মৃত্যুহীন তা উপলব্ধি করে আমরা এই সংসার বন্ধন থেকে মুক্ত হয়ে যাই। ভক্তিপথের মাধ্যমে আরাধনা করে এই জ্ঞানে প্রতিষ্ঠিত হতে পারি। এভাবে ভক্তির অনুশীলন করলে ধাপে ধাপে, ধীরে ধীরে আমাদের মধ্যে ঐ আধ্যাত্মিক সচেতনতা ও আধ্যাত্মিকশক্তি জেগে উঠে। ভক্তিপথ সহজসাধ্য। ভক্তির সঙ্গে ওতপ্রোত জড়িত রয়েছে এক গভীর মানবিকতাবোধ যা সমগ্র গীতার ভিত্তি। ভক্তিপথে আমরা যেমন অন্যদের ভালোবাসা আকর্ষণ করতে পারি, তেমনি অন্যরাও আমাদের ভালোবাসা পেতে পারেন। ভক্তি অনুভূতিকে সমৃদ্ধ করে, শুষ্ক দর্শন যা করতে পারে না। ভক্তিপথ রসসিক্ত এবং ষোল আনা মানবিক। তাতে মানবীয় আবেগের স্থান আছে, ভালোবাসা আদান-প্রদানের সুযোগ আছে। এককথায়, মানবিক ব্যক্তিত্বকে সমৃদ্ধতর ও বৈচিত্র্যপূর্ণ করে তোলার বেশি সুযোগ এ পথে আছে। যে সুরের অনুরণন ভক্তের জীবনে ঝংকৃত হয়, তার মাধুর্য অন্য পথের মধুরতাকে ছাপিয়ে যায়। অবশ্য একটি নির্দিষ্ট সীমা পর্যন্ত; সর্বোচ্চ স্তরে অবশ্য কোন পার্থক্য থাকে না। জ্ঞানপথ মুষ্টিমেয় কিছু মানুষের জন্য। **অর্জুন জিজ্ঞাসা করেছেন,**

**এবং সতত-যুক্তা যে, ভক্তাস্‌ত্বাং পর্যুপাসতে।**
**যে চাপ্যক্ষরম্ অব্যক্তং, তেষাং কে যোগ-বিত্তমাঃ ॥**
**(গীতা, ১২/১)**

'যেসব অনন্যশরণ ভক্ত এভাবে আপনার উপাসনা করেন এবং যাঁরা অবিনাশী, অব্যক্ত ব্রহ্মের উপাসনা করেন, তাঁদের মধ্যে শ্রেষ্ঠ যোগী কে?'

যারা ভগবানের আরাধনা করেন, তাঁদেরকে দুটি শ্রেণীতে ভাগ করা যায় : যেমন, নির্বিশেষবাদী (যারা জ্ঞানপথে নৈর্ব্যক্তিক, নির্গুণ ব্রহ্মের উপাসনা করেন) ও সবিশেষবাদী (ভক্তিযোগী)। সবিশেষবাদী ভক্তেরা তাঁদের সকল শক্তি দিয়ে ভগবান শ্রীকৃষ্ণের সেবায় নিয়োজিত হন। নির্বিশেষবাদীরা সরাসরি শ্রীকৃষ্ণের সেবায় নিয়োজিত না হয়ে তাঁরা নির্বিশেষ ব্রহ্ম, যা অব্যক্ততার ধ্যানে মগ্ন হন। শ্রীকৃষ্ণ নানা জায়গায় ভক্তির মাধ্যমে ঈশ্বরের আরাধনার কথা বলেছেন, আবার জ্ঞানপথে নৈর্ব্যক্তিক, নির্গুণ ব্রহ্মের উপাসনার কথাও বলেছেন। তা সত্ত্বেও এখানে দুটি প্রসঙ্গের অবতারণা করে অর্জুন জানতে চাইছেন– দুটি পথের মধ্যে কোনটি শ্রেষ্ঠ? এবং এভাবে নিরন্তর শরণাগত হয়ে যেসব ভক্ত আপনার উপাসনা করেন; এবং যাঁরা অব্যক্ত ও অবিনাশীরূপে বা নির্গুণ ব্রহ্মরূপে ঈশ্বরের উপাসনা করেন; এই দুই ধরণের ভক্তের মধ্যে যোগীশ্রেষ্ঠ কে? অর্জুন এই প্রশ্ন তুলেছেন। **শ্রীভগবান্ বলেছেন,**

**ময়ি আবেশ্য মনো যে মাং, নিত্য-যুক্তা উপাসতে।**
**শ্রদ্ধয়া পরয়া উপেতাঃ, তে মে যুক্ত-তমা মতাঃ ॥**
**(গীতা, ১২/২)**

'শ্রীভগবান বললেন, যাঁরা আমাতে মন নিবিষ্ট করে, পরম শ্রদ্ধাসহকারে (ভক্তিযুক্ত-হৃদয়ে) নিরন্তর আমার ভজনা করেন, আমার মতে তাঁরাই শ্রেষ্ঠ যোগী।'

জ্ঞান অপেক্ষা ভক্তি লাভ করা সহজ। জ্ঞান লাভ করতে হলে দৃঢ় অভ্যাস, অনুকূল অবস্থা প্রভৃতির প্রয়োজন হয়। কিন্তু সকল অবস্থায় লোক অতি সহজেই ভক্তির সাধন করতে পারে। ভক্তির এমনই মাহাত্ম যে, ভক্তি নিজেই মনকে শুদ্ধ করে দেয়। যিনি নিজের অন্তর বাহির দুই-ই শুদ্ধ করেছেন, তিনিই ভক্তির অধিকারী। এই শ্লোকে বলা হয়েছে যুক্ততম; অর্থাৎ সকলের মধ্যে শ্রেষ্ঠ যোগী। কোন যোগী শ্রেষ্ঠ? শ্রীকৃষ্ণ বলেছেন, যাঁরা আমাতে মন নিবিষ্ট করে, ভক্তিযুক্ত হৃদয়ে নিরন্তর আমার ভজনা করেন– আমার মতে তাঁরাই শ্রেষ্ঠ যোগী। **শ্রীকৃষ্ণ বলেছেন,**

**নাহং তিষ্ঠামি বৈকুণ্ঠে যোগিনাং হৃদয়ে ন চ।**
**মদ্ভক্তা যত্র গায়ন্তি তত্র তিষ্ঠামি নারদ ॥**

'হে নারদ, আমি বৈকুণ্ঠে বাস করি না, যোগীদের হৃদয়েও বাস করি না, যেখানে আমার ভক্তগণ ভজন গান করে, আমি সেখানেই অবস্থান করি।' **শ্রীকৃষ্ণ বলেছেন,**

**যদৃচ্ছয়া মৎকথাদৌ, জাতশ্রদ্ধাস্তু যঃ পুমান্।**
**ন নির্বিণ্ণো নাতিসক্তো, ভক্তিযোগোঽস্য সিদ্ধিদঃ ॥**
**(শ্রীমদ্ভাগবত, ১১/২০/৮)**

'শ্রীকৃষ্ণ বলেছেন, আমার কথা শুনে যাঁর চিত্ত অধ্যাত্মজীবনের প্রতি, ভগবানের প্রেমের প্রতি আকৃষ্ট হয়েছে– যাঁরা এ ধরনের মানুষ, ভক্তিযোগ তাঁদের পক্ষে সিদ্ধি বা উপলব্ধিপ্রদায়ী। তাঁর মধ্যে চরম ত্যাগের ভাব নেই; আবার সংসারের প্রতি তাঁর আসক্তিও নেই; ভক্তিযোগ এইসব মানুষকে ধীরে ধীরে চরম অনুভূতির দিকে নিয়ে যাবে।' **শ্রীকৃষ্ণ বলেছেন,**

**যে তু সর্বাণি কর্মাণি, ময়ি সংন্যস্য মৎপরাঃ।**
**অনন্যেন এব যোগেন, মাং ধ্যায়ন্ত উপাসতে ॥**
**(গীতা, ১২/৬)**

**তেষামহং সমুদ্ধর্তা, মৃত্যু সংসার-সাগরাৎ।**
**ভবামি ন চিরাৎ পার্থ, ময়ি আবেশিত-চেতসাম্ ॥**
**(গীতা, ১২/৭)**

"হে পার্থ! কিন্তু যাঁরা সমস্ত কর্ম আমাতে সমর্পণপূর্বক 'আমিই পরম পুরুষার্থরূপে উপাস্য' এভাবে মৎপরায়ণ হয়ে একনিষ্ঠ যোগের দ্বারা আমার উপাসনা ও ধ্যান করেন, মদগতচিত্ত সেই সকল ভক্তকে মৃত্যুময় সংসারসাগর থেকে আমি অচিরেই উদ্ধার করি।"

শ্রীকৃষ্ণ বলেছেন, যাঁদের দেহে আমিত্ববোধ আছে, তাঁদের পক্ষে জ্ঞানপথ খুবই কঠিন। কারণ জ্ঞানপথের শুরুতে এই সচেতনতা থাকা দরকার যে, আমি শরীর নই; এক আত্মা মাত্র। এই দেহবোধ থেকে মুক্ত হতে অনেক সময় লাগে। কিন্তু ভক্তিপথ সকলের জন্য খোলা। এপথে আমরা সব কর্মফল ঈশ্বরে সমর্পণ করে আমাদের পূর্ব পূর্ব সংস্কারকে শুদ্ধ করে তুলি। ভগবান শ্রীকৃষ্ণ স্বয়ং নিজের মুখে বলেছেন, আমি তাঁদের উদ্ধার কর্তা হয়ে যাই। কীসের থেকে? মৃত্যুময় সংসার থেকে। যে ভক্ত মৎপরায়ণ হয়ে একনিষ্ঠ যোগের দ্বারা আমার ধ্যান করে আমার উপাসনা করেন। যেহেতু তাঁরা আমার প্রতি অনুরক্ত, অধ্যাত্মজীবন বিকাশের জন্য প্রাণপণ চেষ্টা করছেন, তাই আমি এই সংসার থেকে তাঁদের উদ্ধারের যন্ত্রস্বরূপ হয়ে থাকি। জ্ঞানপথের শুরুতেই এই সচেতনতা থাকা দরকার যে, 'আমি শরীর নই'; কিন্তু দেহবোধ থেকে মুক্ত হয়ে সাধন আরম্ভ করতে গেলে তো অনন্তকাল অপেক্ষা করতে হবে। **শ্রীকৃষ্ণ বলেছেন,**

**অথ চিত্তং সমাধাতুং, ন শক্নোষি ময়ি স্থিরম্।**
**অভ্যাস-যোগেন ততো, মামিচ্ছ আপ্তুং ধনঞ্জয় ॥**
**(গীতা, ১২/৯)**

'হে অর্জুন, যদি অব্যাহতভাবে আমাতে মন সমাহিত করতে না পারো, তাহলে (ভক্তিযুক্ত হয়ে) অভ্যাসযোগের মাধ্যমে আমাকে পেতে চেষ্টা কর।'

শ্রীকৃষ্ণ বলেছেন, যদি তুমি অবিচলিতভাবে মন স্থির করতে না পারো, তাহলে অভ্যাসযোগ অবলম্বন কর। ক্রমাগত কোনো কাজের অভ্যাস করলে কাজটি আস্তে আস্তে সহজ হয়ে আসে। যেমন, যে কর্মকার প্রতিদিন তপ্তলোহা পিটে, তার হাতের পেশিগুলি সুঠাম হবেই হবে। অবশ্য রোজ করা চাই। অভ্যাসযোগও সেই রকম। প্রথম দিন একটু শক্ত মনে হবে। দ্বিতীয় দিনেও হয়তো তাই। কিন্তু কয়েকদিন গেলে একটু একটু করে অবস্থার উন্নতি হবে। এভাবেই অধ্যত্মজীবনে ক্রমোন্নতি হয়। তাই শ্রীকৃষ্ণ বলেছেন অভ্যাসযোগের দ্বারা আমার সঙ্গে একাত্ম হওয়ার চেষ্টা কর। **শ্রীকৃষ্ণ বলেছেন,**

**অভ্যাসে অপি অসমর্থো অসি, মৎ-কর্ম-পরমো ভব।**
**মদর্থম্ অপি কর্মাণি, কুর্বন সিদ্ধিম্ অবাপ্স্যসি ॥**
**(গীতা, ১২/১০)**

'যদি তুমি এই প্রকার অভ্যাস করতে অসমর্থ হও, তবে ভগবৎপ্রীতিকর কর্মে একনিষ্ঠ হও। কারণ আমার কর্ম করতে করতেই তুমি ক্রমে সিদ্ধিলাভ করবে।'

শ্রীকৃষ্ণ অর্জুনকে বলছেন, অভ্যাস যদি তোমার কাছে কঠিন মনে হয়, তাহলে যা কিছু কর, সব আমার উদ্দেশ্যে কর। ভক্তের এই ভাব– আমি যে কাজই করি না কেন, তা ঈশ্বরের প্রীতির জন্যই করি। এটিই তাঁর সাধন, কারণ তিনি ভগবানলাভ করতে চান, তাঁর সঙ্গে একাত্ম হয়ে যেতে চান না। কর্মের মাধ্যমে ঈশ্বরের উপাসনার এই ভাবটি খুবই সুন্দর। অর্থাৎ আমরা ঈশ্বরের কর্মে নিযুক্ত, এই ভাব নিয়ে সব কাজ করতে পারি। সংসারের সব কাজ ঈশ্বরে নিবেদন করেও মানুষ অধ্যাত্মজীবনে পূর্ণতা লাভ করতে পারে। **শ্রীকৃষ্ণ আবার বলেছেন,**

**সংনিয়ম্য ইন্দ্রিয় গ্রামং, সর্বত্র সমবুদ্ধয়ঃ।**
**তে প্রাপ্নুবন্তি মামেব, সর্ব-ভূত-হিতে রতাঃ ॥**
**(গীতা, ১২/৪)**

**যে ত্বক্ষরম্ অনির্দেশ্যম্, অব্যক্তং পর্যুপাসতে।**
**সর্বত্রগম্ অচিন্ত্যং চ, কূটস্থম্ অচলং ধ্রুবম্ ॥**
**(গীতা, ১২/৩)**


'যাঁরা সমস্ত ইন্দ্রিয়গুলিকে সংযত করে, সর্বত্র সমবুদ্ধিসম্পন্ন হয়ে সকল জীবের কল্যাণে নিযুক্ত, যাঁরা অবিনশ্বর, অবর্ণনীয়, অব্যক্ত, সর্বব্যাপী, অচিন্ত্যনীয়, অপরিবর্তনীয়, অটল, শাশ্বত ব্রহ্মের উপাসনা করেন, তাঁরাও আমাকেই লাভ করেন। (নিরাকার-নির্গুণ ব্রহ্মের উপাসনা)'

অনির্দেশম্ অর্থাৎ এটা বা ওটা বলে তাঁকে নির্দেশ করা যায় না। তিনি নাম ও রূপের অতীত। তিনি প্রকাশের অতীত ও সর্বব্যাপী এবং অচিন্ত্যনীয়। কল্পনা করা যায়, কিন্তু ঈশ্বর তাতে বাঁধা পড়ে না। এই সত্যকে অনুভূতিতে উপলব্ধি করতে হয়। এটি জ্ঞানপথ। সাধন পথে জ্ঞান ও ভক্তি– দুয়েরই উপযোগিতা আছে, যদিও দুয়ের মধ্যে একটু পার্থক্য আছে। **শ্রীকৃষ্ণ বলেছেন,**

**ক্লেশো অধিকতরস্'তেষাম্, অব্যক্ত আসক্ত-চেতসাম্।**
**অব্যক্তা হি গতির্দুঃখং, দেহবদ্ভির্'অবাপ্যতে ॥**
**(গীতা, ১২/৫)**

'অব্যক্ত অর্থাৎ নির্গুণ ব্রহ্মে যাঁদের মন নিবিষ্ট, তাঁদের কষ্ট আরো বেশি, কারণ দেহাভিমানীদের পক্ষে নির্গুণ ব্রহ্মের লক্ষ্যে পৌঁছানো খুব কঠিন।'

শ্রীভগবান বলেছেন, অব্যক্তে মন স্থির করা খুব শক্ত– বলা হচ্ছে ক্লেশকর; মোটেই সহজসাধ্য নয়। যদি আমরা নৈর্ব্যক্তিক ব্রহ্মের চিন্তা করতে যাই তো বুঝেই উঠতে পারি না কোথায় এবং কিভাবে মনকে অবিনিবিষ্ট করতে হবে। যাঁদের দেহ– সচেতনতা আছে, তাঁদের পক্ষে এই অব্যক্তের পথ নিদারুণ কষ্টকর। যখন আমরা দেহবোধের উর্ধ্বে উঠতে পারি, তখনই অব্যক্তে মন নিবিষ্ট করা সম্ভব। যাঁদের দেহে আমিত্ববোধ রয়েছে তাঁদের পক্ষে জ্ঞানপথ খুবই কঠিন। কিন্তু ভক্তিপথ সকলের জন্য খোলা। তাই, যখন দেহবোধ আসে, সাকার, সগুণ, ব্যক্তি ঈশ্বরের চিন্তা করতে হয়। তখনই আমরা ঠিক ঠিক ভাবে তাঁর উপাসনা করতে পারি। সুতরাং ভক্তিপথ অর্থাৎ সগুণ ঈশ্বরের চিন্তা করা সহজ। তাই ভক্তি বিশ্বজনীন ধর্ম; বিশ্বের সর্বত্র এই ধর্মের এত সমাদর। জ্ঞানপথ মুষ্টিমেয় কিছু মানুষের জন্য। ❑


Shakti Deb
Financial Advisor
Bengal Financial Group Inc.
201-2986 Danforth Avenue
Toronto, ON M4C 1MC
416-460-4338
shaktideb7@gmail.com
serving Bangladesh Community with valuable financial
and investment advice for the past 33 years
Shakti Deb
Realtor
Master
HOME REALTY
MASTER HOME REALTY INC.
537 Danforth Rd, Scarborough
M1K 1C9, Toronto, Canada
416 269 9000
I can assist you with your real estate Investment
in Addition to Insurance and Financial services.
416-460-4338
shaktideb7@gmail.com

॥ ওঁ তৎ সৎ ব্রহ্মণে নমঃ ॥

# কেন উপনিষদ্

রাম কৃষ্ণ তালুকদার

কেন উপনিষদ্ সামবেদের তলবকবার ব্রাহ্মণের নবম অধ্যায়। এর পূর্ববর্তী আটটি অধ্যায় চিত্তশুদ্ধির জন্য বিভিন্ন কর্ম ও উপাসনার বর্ণনা আছে। এই উপনিষদকে 'তলবকারোপনিষদ' বা 'ব্রাহ্মনোপনিষদ'ও বলা হয়ে থাকে। এই উপনিষদের প্রারম্ভেই 'কেন' অর্থাৎ 'কার দ্বারা' শব্দের প্রয়োগ থাকায় এর নাম হয়েছে 'কেন উপনিষদ'।

এই উপনিষদটি চার খণ্ডে বিভক্ত এবং এতে পয়ত্রিশটি মন্ত্র আছে। ১৪টি মন্ত্র নিয়ে প্রথম দুটি খণ্ড পদ্যে বা ছন্দোবদ্ধ আকারে, আর অবশিষ্ট ২১টি মন্ত্র নিয়ে শেষ দুটি খণ্ড গদ্যে (কিছু ব্যতিক্রম বাদে) রচিত।

এই উপনিষদের উদ্দেশ্য হলো ব্রহ্মের সঙ্গে জগতের ও জীবনের সম্বন্ধ স্থাপন এবং পরম জ্ঞান লাভ করে মহামুক্তি লাভ করা। প্রথম খণ্ডের পঞ্চম থেকে নবম এ পাঁচটি মন্ত্রের প্রত্যেকটিতে ব্রহ্মের স্বরূপ ঘোষণা করে তাঁকে জানতে আদেশ দিয়ে দৃঢ়ভাবে বলা হয়েছে 'যাঁর দ্বারা বাক্য প্রকাশ পায়, মনের অনুভূতি হয়, চক্ষু দেখে ইত্যাদি, নিশ্চিতভাবে জেনো তিনিই ব্রহ্ম, মনুষ্যগণ এখানে যাঁর (অনাত্ম বাহ্য বস্তুর) উপাসনা বা পূজা করে তা ব্রহ্ম নয়।' দ্বিতীয় খণ্ডের চতুর্থ মন্ত্রে অমৃতত্ব লাভের উপায় সম্বন্ধে সুস্পষ্ট ইঙ্গিত দিয়ে বলা হয়েছে– **"আত্মনা বিন্দতে বীর্যং বিদ্যয়া বিন্দতেহমৃতম্"**– 'আত্মার মাধ্যমেই মানুষ লাভ করে প্রকৃত সামর্থ্য, আর বিদ্যা অর্থাৎ একত্বের জ্ঞানের মাধ্যমে প্রাপ্ত হয় অমরত্ব।' দ্বিতীয় খণ্ডের পঞ্চম বা শেষ মন্ত্রটি মানুষের জন্য একটি সাবধান বাণী। এখানে বলা হয়েছে, এই মত্যজগতেই এবং এই মরণশীল দেহেই ব্রহ্মোপলব্ধি বা আত্মোপলব্ধি করতে হবে, তা করতে না পারলে মহা সর্বনাশ। তৃতীয় খণ্ডে একটি মনোমুগ্ধকর উপাখ্যানের সাহায্যে ব্রহ্মতত্ত্ব ব্যাখ্যা করা হয়েছে। সেখানে বুঝানো হয়েছে যে, ব্রহ্মই সকল শক্তির উৎস এবং তাঁর শক্তি ব্যাতীত দেবতারাও শক্তিহীন ও অসহায়। চতুর্থ বা শেষ খণ্ডের প্রথম ছ'টি মন্ত্রে ব্রহ্মবিদ্যা উমা হৈমবতীরূপে ইন্দ্রকে সকল অনিত্য বস্তুর পশ্চাদে যে শাশ্বত সত্য ও নিত্য বস্তু রয়েছে সে সম্বন্ধে উপদেশ প্রদান করেছেন। এ খণ্ডের শেষ তিনটি মন্ত্রে ব্রহ্মজ্ঞান লাভের জন্য প্রয়োজনীয় নৈতিক ভিত্তির বিষয়ে আলোকপাত করা হয়েছে।

**এই উপনিষদের উদ্দেশ্য হলো ব্রহ্মের সঙ্গে জগতের ও জীবনের সম্বন্ধ স্থাপন এবং পরম জ্ঞান লাভ করে মহামুক্তি লাভ করা।**

এই উপনিষদ্ সাধককে আত্মবিষয়ক সমস্ত অজ্ঞানতাকে বিনষ্ট করে প্রকৃত স্বরূপে প্রতিষ্ঠিত করিয়ে দেয়। তবে নিষ্কাম কর্ম ও ঈশ্বরোপাসনা দ্বারা চিত্ত নির্মল হলেই সাধক ব্রহ্মবিদ্যা লাভে অভিলাষী হয়ে থাকেন। আত্মতত্ত্ব বিষয়টি অতিশয় সূক্ষ্ম বলে গুরু-শিষ্য প্রশ্নোত্তরচ্ছলে এই উপনিষদটি উপদিষ্ট হয়েছে।

উপনিষদের মন্ত্রসকল পাঠ করার পূর্বে প্রত্যেক উপনিষদেই শান্তি পাঠের বিধি রয়েছে। শান্তিপাঠ মনকে শান্ত ও পবিত্রীকরণে বিশেষ সহায়ক ভূমিকা পালন করে। যে যে বেদ থেকে উপনিষদ্ সংকলিত হয় সে অনুযায়ী শান্তিপাঠও বিভিন্ন হয়ে থাকে।

কেনোপনিষদের শান্তিপাঠের দুটি মন্ত্রের প্রথমটি নিম্নরূপ–

**ওঁ সহনাববতু, সহনৌ ভুনক্তু, সহ বীর্যং করবাবহৈ।**
**তেজস্বি নাবধীতমস্তু, মা বিদ্বিষাবহৈ ॥**
**ওঁ শান্তি শান্তি শান্তি ॥**

মন্ত্রার্থ : পরমাত্মা (ব্রহ্ম) আমাদের উভয়কে (গুরু ও শিষ্য) সমভাবে রক্ষা করুন ও উভয়কে তুল্যভাবে বিদ্যাফল দান করুন। আমরা উভয়েই যেন সমভাবে বিদ্যালাভের সামর্থ্য অর্জন করতে পারি। আমাদের উভয়েরই লব্ধ বিদ্যা সফল হোক। আমরা যেন পরস্পরকে কখনও বিদ্বেষ না করি।

ওঁ আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক–এই ত্রিবিধ বিঘ্নের বিনাশ হোক।

দ্বিতীয় শান্তিপাঠ অনেকটাই গদ্যাকারে, তা হলো–

**ওঁ আপ্যায়ন্তু মমাঙ্গানি বাক্ প্রাণশ্চক্ষুঃ শ্রোত্রমথো বলমিন্দ্রিয়ানি চ সর্বানি। সর্বং ব্রহ্মৌপনিষদম্। মাহহং ব্রহ্ম নিরাকুর্যাং, মা মা ব্রহ্ম নিরাকরোৎ; অনিরাকরণমস্তু, অনিরাকরনং মেহস্তু। তদাত্মনি নিরতে য উপনিষৎসু ধর্মাস্তে ময়ি সন্তু, তে ময়ি সন্তু ॥ ওঁ শান্তি শান্তি শান্তি ॥**

মন্ত্রার্থ : ওঁ! আমার অঙ্গসকল বলবান হোক; আমার বাকশক্তি, প্রাণবায়ু, দৃষ্টিশক্তি, শ্রবণশক্তি ও ইন্দ্রিয়সমূহ পুষ্টিলাভ করুক। যা কিছুর অস্তিত্ব রয়েছে তা সমস্তই উপনিষৎ-প্রতিপাদ্য ব্রহ্মই। আমি যেন কখনোই ব্রহ্মকে অস্বীকার না করি, ব্রহ্মও কখনো আমাকে যেন পরিত্যাগ না করেন; তাঁর সাথে আমার এবং আমার সাথে তাঁর সম্বন্ধ নিত্য অবিচ্ছেদ্য হোক। উপনিষদে যে সমস্ত ধর্মের কথা বলা হয়েছে, সতত পরমাত্মায় নিষ্ঠ আমাতে সেসকল ধর্মসমূহ প্রতিভাত (প্রকাশিত) হোক। ওঁ আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক–এই ত্রিবিধ বিঘ্নের নিবৃত্তি হোক।

**প্রথম খণ্ড**

এই উপনিষদের প্রথম মন্ত্রেই এই নশ্বর জগতের ওপারে প্রকৃত সত্য ও নিত্য বস্তুর বিদ্যমানত্বের কথা জানবার অভিলাষে মুমুক্ষু শিষ্য সবিনয়ে ব্রহ্মনিষ্ঠ গুরুদেবের সমীপে প্রশ্ন তুললেন–

**ওঁ কেনেষিতং পততি প্রেষিতং মনঃ কেন প্রাণঃ প্রথমঃ প্রৈতি যুক্তঃ। কেনেষিতাং বাচমিমাং বদন্তি চক্ষুঃ শ্রোত্রং ক উ দেবো যুনক্তি ॥**

অর্থাৎ, কার দ্বারা অনুপ্রাণিত হয়ে মন তার স্বীয় লক্ষ্যে ধাবিত হয়? কার অনুপ্রেরণায় মুখ্যপ্রাণ (প্রাণ-শক্তি) নিজের কাজে এগিয়ে যায়? কার দ্বারা প্রণোদিত হয়ে মানুষ কথা বলে? কোন দেবতা (চৈতন্যময় পুরুষ) চক্ষু কর্ণকে তাদের নিজ নিজ বিষয়ে নিযুক্ত করে?

এখানে চারটি প্রশ্ন উত্থাপিত হয়েছে। এই প্রশ্ন থেকে অনুমান করা যেতে পারে যে শিষ্যের মনের সংশয় বা সন্দেহ থেকেই এ সকল প্রশ্নের উদয় হয়েছে। বাস্তবিকভাবে, এ প্রশ্ন আমাদের সকলের মনেই উদিত হয়। এমনকি আধুনিক মনোবিজ্ঞানের উচ্চতর গবেষণায়ও এ ধরনের প্রশ্ন উত্থাপিত হয়ে থাকে। এখন প্রশ্ন হতে পারে ইন্দ্রিয়গণ বা দেহই কি মনের প্রেরক কিংবা দেহ, মন ও ইন্দ্রিয়গণকে কার্যকরী করার জন্য মানস সত্তার অন্তরালে কোন চেতন পুরুষের অস্তিত্ব আছে যিনি দেহ, ইন্দ্রিয় ও মনকে তাদের নিজ নিজ কাজে নিয়োজিত করেন?

গুরুদেব শিষ্যের প্রশ্নের উত্তর দিতে আরম্ভ করেছেন দ্বিতীয় মন্ত্র থেকে। শিষ্যের উত্থাপিত প্রশ্নের যথার্থতার ইঙ্গিত দিয়ে গুরুদেব বললেন মন-ইন্দ্রিয়-প্রাণ-বাক্যের প্রেরক হলো আমাদেরই মনের মন, ইন্দ্রিয়ের ইন্দ্রিয়, প্রাণের প্রাণ ও বাক্যের বাক্য অর্থাৎ মন-ইন্দ্রিয়-প্রাণ-বাক্যের অন্তরালে রয়েছে বৃহত্তর সত্তা যাঁর দ্বারা মন ও অন্যান্য যন্ত্রগুলি ক্রিয়াশীল। সেই সদা আনন্দরূপ আত্মা সবার উপর নিয়ন্ত্রক হিসাবে অবস্থান করেন বলেই এই যন্ত্রগুলি স্ব স্ব কার্য সম্পন্ন করতে পারে। এখানে উল্লেখ্য যে, আত্মাই ব্রহ্ম এবং ব্রহ্মই আত্মা। শংকরাচর্য তাঁর দ্বিতীয় মন্ত্রের ভাষ্যে বলেছেন– 'মানুষের অন্তরতম বুদ্ধিগুহায় কোন এক নিত্য (পরিবর্তনহীন) সত্যবস্তু আছে, যা জন্মহীন, জরাহীন, মরনহীন ও ভয়হীন, যা বিবেকীগণের বুদ্ধিগম্য এবং যা সকল ভিন্ন ভিন্ন শক্তির একক উৎস বলে নিজেকে প্রকাশ করে কর্ণ ও অন্যান্য ইন্দ্রিয়গণের কার্যাবলীর মাধ্যমে।'

অবিবেকী ব্যক্তিবর্গ অহংকারবশতঃ এই আত্মতত্ত্বকে না বুঝে আত্মাকে দেহ-মন-ইন্দ্রিয় থেকে পৃথক মনে না করে অন্ধকার পথে বিচরণ করে। আর বোধশক্তিসম্পন্ন বিবেকীগণ, যাঁদের চিত্ত শুদ্ধ ও নির্মল, তাঁরা মলিনতামুক্ত বুদ্ধির সহায়ে দেহ-মন-ইন্দ্রিয়ের মিশ্রণ হতে সাবধানতার সাথে আত্মাকে আলাদা করে ইন্দ্রিয়-ভোগের জীবন অতিক্রম করে অমৃতত্ব প্রাপ্ত হন অর্থাৎ দেহত্যাগান্তে পুনর্বার দেহধারণ করেন না।

শিষ্য এ বিষয়ে আরও জানতে চাইলে গুরুদেব বলেন, ব্রহ্ম বা আত্মা আমাদের মন-ইন্দ্রিয়-প্রাণশক্তির গোচরের অতীত। কারণ ব্রহ্মকে আমাদের সাধারণ দৃষ্টিশক্তি দিয়ে দেখা যায় না। আমাদের মন অবাদে সর্বত্র বিচরণ করলেও সেই মন তাঁর কাছে পৌঁছতে পারে না অর্থাৎ তাঁকে চিন্তার বিষয় করতে পারে না। আমাদের বাক্য দিয়ে তাঁর স্বরূপ বিশ্লেষণ বা প্রকাশ করতে পারি না। পরন্তু, তিনি এই সমস্তকেই তাঁর সর্বব্যাপী সর্বজ্ঞ চেতনার বিষয় করে গ্রহণ করেন। গুরু ব্রহ্মের বিষয়ে উপদেশ দিতে অগ্রসর হয়েও সম্পূর্ণ অক্ষমতা প্রকাশ করে তৃতীয় মন্ত্রে বলেন– **"ন বিদ্মো"**– 'আমরা এঁকে জানি না', **"ন বিজানীমো যথৈতৎ অনুশিষ্যাৎ"**– 'কি পদ্ধতি অবলম্বনে তৎস্বরূপের বিষয়ে কেউ অপরকে শিক্ষা দিতে পারে তাও জানি না।' এ প্রসঙ্গে শংকরাচার্য বলেছেন– 'যেসব সাধক সর্বভূতে আত্মোপলব্ধি করেন ও সদা সকলের কল্যাণ কার্যে আত্মসমর্পণ করেন অথচ নিজ পথে কোন চিহ্ন রেখে যান না, তাদের পদাঙ্ক অনুসরণের চেষ্টায় এমনকি দেবতাদেরও বিভ্রান্তি হয়।'

আমরা সূক্ষ্ম বস্তুকে ইন্দ্রিয়ের দ্বারা অনুভব করতে পারি না, কারণ তারা জগতে অপ্রকাশিত। কিন্তু ব্রহ্ম বা আত্মা সূক্ষ্ম থেকেও সূক্ষ্মতর। তাই বলা যেতে পারে যে, ব্রহ্ম বা আত্মা আমাদের কাছে অজ্ঞাত, তবে অলভ্য নয় যদি আমরা আমাদের ইন্দ্রিয়গ্রাহ্য জ্ঞান ও পদ্ধতি অতিক্রম করে বিশেষ সাধনা ও সত্যানুসন্ধানের দ্বারা বর্তমান বৃত্তিগুলিকে প্রসারিত করতে পারি কিংবা বর্তমানে নেই এমন সমস্ত বৃত্তি অর্জন করতে পারি যার সাহায্যে ব্রহ্ম অনির্দিষ্ট পথের গন্তব্য হলেও আমাদের কাছে লভ্য হতে পারে।

গুরুদেব তৃতীয় মন্ত্রে ব্রহ্মের বা আত্মার বিষয়ে উপদেশ দিতে উদ্যত হয়েও যে প্রতিবন্ধকতার কারণে অগ্রসর হতে পারেননি তার কারণ উল্লেখ করে চতুর্থ মন্ত্রে বলেন– **"অন্যদেব তৎ বিদিতাৎ অথো অবিদিতাৎ অধি"** –'ব্রহ্ম জানা বস্তু হতে অবশ্যই আলাদা, আবার অজানা বস্তু হতেও পৃথক'– পূর্ব পূর্ব আচার্যগণ এরূপ উপদেশই দিয়েছিলেন। ইন্দ্রিয়গ্রাহ্য জ্ঞানের মাধ্যমে আমাদের বর্তমান মনোবৃত্তি দিয়ে যা কিছু জানা যায় পরম ব্রহ্ম বা আত্মা সে সমস্ত থেকে একেবারেই আলাদা। তাই আত্মতত্ত্ব জানতে হলে আমাদের ইন্দ্রিয়লব্ধ নাম-রূপাত্মক জ্ঞানকে মন থেকে সরিয়ে ফেলতে হবে, কারণ এ জ্ঞান দিয়ে কেবলমাত্র দৃশ্যমান অনিত্য বস্তু সম্পর্কে জানা যায়, ব্রহ্ম বা আত্মাকে জানা যায় না।

গুরুদেব দ্বিতীয় মন্ত্রে ব্রহ্মের স্বরূপ ঘোষণা করে শিষ্যের প্রশ্নের উত্তর আরম্ভ করে বলেছিলেন মনের মন, কর্ণের কর্ণ, বাক্যের বাক্য, চক্ষুর চক্ষু ও প্রাণের প্রাণ বলে অর্থাৎ আমাদের মনের পশ্চাতে রয়েছে শক্তিমান চৈতন্যময় সত্তা বা আত্মচৈতন্য যা আমাদেরই মনের মন, কর্ণের কর্ণ ইত্যাদি। পরে পঞ্চম থেকে নবম মন্ত্রে তা স্পষ্টতর ও সহজবোধ্য করার জন্য উহাদের বিস্তৃততর রূপ দিয়ে ব্রহ্মের আধ্যাত্মিক রূপ বর্ণনা করা হয়েছে এভাবে– **"মনের দ্বারা যাঁকে চিন্তা বা কল্পনা করা যায় না, পরন্তু যাঁর সাহায্যে মনের অনুভূতি হয়, একমাত্র তাঁকেই তুমি ব্রহ্ম বলে জানবে"; "বাক্যের দ্বারা যাঁকে প্রকাশ করা যায় না, কিন্তু যাঁর দ্বারা বাক্য উচ্চারিত হয়, একমাত্র তাঁকেই তুমি ব্রহ্ম বলে জানবে।"** অনুরূপভাবে, অন্যান্য প্রতিটি ভাবকেই বিস্তৃততর করা হয়েছে। আমাদের অহংবোধের উপর প্রতিষ্ঠিত অজ্ঞানতাকে অতিক্রম করে সেই ব্রহ্মকে অন্বেষণ করতে হবে, আবিস্কার করতে হবে এবং পেতে হবে। এই নশ্বর জগতে বিবেকহীন মানুষ ভ্রমবশতঃ ব্রহ্ম বলে দৃশ্যমান অনাত্ম বাহ্য বস্তুর উপাসনা করে, পূজা করে, ধ্যান করে বা অনুসরণ করে, সেসব ব্রহ্ম নয়। এ প্রসঙ্গে স্বামী রঙ্গনাথানন্দ বলেছেন– **"এই মন্ত্রগুলিতে ঈশ্বরকে ভাবস্বরূপ, সত্যস্বরূপ উপাসনার যোগ্যতা অর্জনের জন্য সবরকম প্রতিমা পূজার ওপারে যাওয়ার**

**প্রয়োজনীয়তার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। দেবতারা মানুষেরই সৃষ্টি, একেশ্বরবাদী দেবতাও তাই। একমাত্র সৃষ্টি বহির্ভূত ঈশ্বরই হলেন মানবের অন্তরস্থ শাশ্বত আত্মা; সেই ঈশ্বরের কথাই বেদান্ত ঘোষণা করে।"** –স্বামী রঙ্গনাথানন্দের উপনিষদের সন্দেশ, পৃ. ১৮৯।

উপনিষদের দেবতারা ইন্দ্রিয়ের এক একটা প্রতীক মাত্র। এ প্রসঙ্গে শ্রী অরবিন্দ বলেছেন– **"দেহ-প্রাণ-মনের দেবতাদের পূজা করে আমরা আত্মার প্রকৃত সাধনার জন্য নিজেদের প্রস্তুত করি মাত্র, যদি আমরা প্রকৃত সার্থকতা চাই তাহলে এই নিম্নতর ব্রহ্মকে বর্জন করে উচ্চতর ব্রহ্মকে জানতে হবে।"** –শ্রী অরবিন্দের উপনিষদাবলী, পৃ. ২১৬। এখানে নিম্নতর ব্রহ্ম বলতে অগ্নি, বায়ু প্রভৃতি দেবতাদের বোঝানো হয়েছে। আর উচ্চতর ব্রহ্ম হলেন নিত্য, আদিহীন, সদামুক্ত, পরমাণু থেকেও পরমাণুবৎ সূক্ষ্ম, আকাশবৎ মহান, সর্বভূতে বিরাজমান, সর্বব্যাপী সচ্চিদানন্দ স্বরূপ এবং সেই ব্রহ্মের উপাসনাই প্রকৃত ব্রহ্ম উপাসনা। তাই উপনিষদ অধ্যয়নের সময় আমাদের বর্তমান ধ্যান-ধারণাকে সরিয়ে রেখে বেদান্তের ধারাকে অন্তরঙ্গভাবে অনুসরণ করতে দৃঢ়ভাবে আদেশ দিয়ে বলা হয়েছে– **"তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদম্ উপাসতে"**– 'মনুষ্যগণ এখানে ব্রহ্ম বলে যে দৃশ্যমান অনাত্ম বাহ্য বস্তুর উপাসনা করে, তা ব্রহ্ম নয়।'

উপনিষদ সাধককে অমরত্বের প্রতিশ্রুতি দিয়েছে, কিন্তু মানুষ যতদিন অহংবোধ ও অজ্ঞানতার উপর প্রতিষ্ঠিত নিজের গড়া উপাসনা পদ্ধতিতে আসক্ত থাকবে ততদিন সে মৃত্যুকে অতিক্রম করে অমরত্বে উন্নীত হতে পারবে না। অতএব, ব্রহ্মকে বিশেষ সাধনার দ্বারা আমাদের অনুসন্ধান করে জানতে হবে।

**দ্বিতীয় খণ্ড**

প্রথম খণ্ডে গুরুদেব সংকেতের মাধ্যমে শিষ্যকে ব্রহ্মতত্ত্ব শিক্ষাদান করেছেন। তাই ব্রহ্ম বিষয়ক সত্যটি নির্ণয়ে শিষ্যের মনে যাতে কোন সংশয়, ত্রুটি বা বিপরীত ভাবনাদি না থাকে তাই জিজ্ঞাসু শিষ্য কোনপ্রকার প্রশ্ন করার পূর্বেই গুরু এই খণ্ডের প্রথম মন্ত্রেই বললেন **"দভ্রমেবাপি নূনং ত্বং বেত্থ ব্রহ্মনো রূপম"**– 'প্রকৃতপক্ষে, তুমি অনন্ত ব্রহ্মের অতি সামান্য রূপই জেনেছ।' গুরুদেব আরও বললেন **"অথ নু তে মীমাংস্যম এব তে"**– 'অতএব, তোমাকর্তৃক ব্রহ্ম সম্বন্ধে বিশ্লেষণের দ্বারা বিচারনীয়।' কারণ, জীবে ও দেবতাদের মধ্যে ব্রহ্মের যে প্রকাশ তা কেবলমাত্র উপাধিগত। এই প্রকাশরূপ অনন্ত ব্রহ্মের অতি ক্ষুদ্র রূপ। গুরুদেবের কথা শুনে শিষ্য একান্তে নির্জনে বসে নিদিধ্যাসনের পরে গুরুকে বললেন, আমার মনে হয় ব্রহ্মকে আমি জেনেছি।

দ্বিতীয় মন্ত্রে শিষ্য তাঁর ব্রহ্মোপলব্ধির বা আত্মোপলব্ধির কথা এইভাবে ব্যক্ত করেছেন– আমি ব্রহ্মকে উত্তমরূপে জেনেছি এরূপ মনে করি না। আবার, তাঁকে (ব্রহ্মকে) একেবারেই জানি না এরূপও মনে করি না, জেনেছি ইহাও মনে করিনা। ইহাকে স্ববিরোধী কথার মত মনে হলেও বাস্তবে তা নয়। কেননা ব্রহ্মকে সে জ্ঞেয়রূপে বা ইন্দ্রিয়গ্রাহ্যরূপে না জানলেও যেভাবে জানা যায় সেভাবে অর্থাৎ আত্মরূপে উপলব্ধি করেছে। তাই সে প্রথমে বলেছে– **"নাহং মন্যে সুবেদেতি"**–'আমি ব্রহ্মকে উত্তমরূপে ইন্দ্রিয়াদির জ্ঞেয়রূপে বা দৃশ্যরূপে জানি না।' ব্রহ্মকে উপলব্ধি করতে হলে আত্মজ্ঞানের প্রয়োজন। তাই মনন ও গভীর ধ্যানের দ্বারা জ্ঞেয়রূপে না জানলেও সাক্ষাৎ অপরোক্ষভাবে আত্মরূপে অনুভব করেছে– **"নো ন বেদেতি বেদ চ"**–'ব্রহ্মকে আমি একেবারেই জানি না ইহা নয় এবং জানি যে তাও নয়।' অতএব, এই বাক্য থেকে বোঝা গেল যে ব্রহ্ম জ্ঞেয়ও নন, অজ্ঞেয়ও নন।

দ্বিতীয় মন্ত্রের শেষ অংশে বলা হয়েছে– **"যো নঃ তদ্ বেদ তদ্ বেদ নো ন বেদেতি বেদ চ"**–'আমাদের (আপনার শিষ্যদের) মধ্যে যাঁর এ জ্ঞান হয়েছে যে, ব্রহ্ম জানা-অজানা থেকে ভিন্ন, তিনিই তাঁকে (ব্রহ্মকে) উত্তমরূপে জানেন।'

গুরু-শিষ্য সংবাদরূপ আখ্যায়িকা শেষে তৃতীয় মন্ত্রে স্বয়ং শ্রুতি (উপনিষদ) নিজেই তাঁর মত প্রকাশ করেছেন। শ্রুতি বলেছেন– **"তিনিই ব্রহ্মকে জানেন, যিনি তাঁকে জানেন না বলেন, আর তিনি ব্রহ্মকে জানেন না যিনি তাঁকে জানি বলেন।"** যাঁরা সম্যক্ জ্ঞানবান তাঁরা ব্রহ্মকে জ্ঞাত বলে মনে করেন না, আর যাঁরা সম্যক জ্ঞানবার নন তাঁরা মনে করেন যে, ব্রহ্ম জ্ঞাত হয়েছে। ব্রহ্মকে দৃশ্যমানরূপে বা জ্ঞেয়রূপে জানা যায় না, তবে আত্মরূপে সাক্ষাৎ অপরোক্ষভাবে উপলব্ধি করা যায়। সুতরাং যে ব্রহ্মবিদ সমস্ত ভোগ্য বিষয় থেকে ইন্দ্রিয়সমূহকে প্রত্যাহার করে নিয়েছেন এবং দৃঢ়ভাবে নিশ্চিত হয়েছেন যে, ব্রহ্ম জ্ঞেয়রূপে বা ইন্দ্রিয়গ্রাহ্যরূপে কখনোই জ্ঞাত হন না, সেই ব্রহ্মবিদই ব্রহ্মকে প্রকৃতপক্ষে জেনেছেন। পক্ষান্তরে যাঁরা অবিবেকী (সম্যক জ্ঞানবার নন) তাঁরা মনে করেন যে ব্রহ্ম জ্ঞাত হয়েছে অর্থাৎ ইন্দ্রিয়াদি ও বুদ্ধির সাহায্যে তাঁরা ব্রহ্ম সম্বন্ধে কল্পনাই করেছেন, প্রকৃতপক্ষে তাঁরা ব্রহ্মকে জানেন না। কারণ দেশ-কালাবচ্ছিন্ন বস্তুকে ইন্দ্রিয়-মন-বুদ্ধির সাহায্যে জানা যায় না। ব্রহ্ম হলেন সদা সত্যস্বরূপ, অনন্ত ও দেশকালের অতীত। আমাদের জ্ঞান যে সকল বস্তুর ধারণা করতে পারে এবং আমাদের মনোবৃত্তির ধারণা করার যে সমস্ত প্রণালী আছে তার কোন কিছুই ব্রহ্মের ক্ষেত্রে প্রয়োগ করা যায় না। তাই শ্রুতির নিশ্চিত মত হলো– **"অবিজ্ঞাতং বিজানতাং বিজ্ঞাতম্ অবিজানতাম্"**–'প্রকৃত জ্ঞানবানদের নিকট তিনি (ব্রহ্ম) অবিজ্ঞাত (অজানা), আর অজ্ঞানীদের নিকট তিনি জ্ঞাত (জানা)।'

প্রকৃতপক্ষে, অজ্ঞানীদের নিকট ব্রহ্ম অবিদিতই (অজানাই) থেকে যান, কারণ তাঁরা ব্রহ্মকে জানে বলে কেবল কল্পনাই করে। আর জ্ঞানবান ব্রহ্মবিদগণের নিকট ব্রহ্ম আত্মরূপে সাক্ষাৎ অপরোক্ষভাবে উপলব্ধ হন। শ্রুতি বলেছেন **"অবিজ্ঞাতম বিজানতাম"**–'সম্যক জ্ঞানবানদের নিকট ব্রহ্ম অজানা।' ইহা স্ববিরোধী কথার মত মনে হলেও তা নয়। অতএব, জ্ঞানবানদের নিকট ব্রহ্ম অজানা হতে পারেন না। তাই পরের মন্ত্রে, অর্থাৎ চতুর্থ মন্ত্রে শ্রুতি (উপনিষদ) এরূপ সংশয় দূরীভূত করেছেন নিম্নের মহা বাণীর মাধ্যমে–

**প্রতিবোধবিদিতং মতম্ অমৃতত্বং হি বিন্দতে।**
**আত্মনা বিন্দতে বীর্যং বিদ্যয়া বিন্দতেহমৃতম্ ॥**

'প্রতিবোধবিদিতং' অর্থাৎ প্রত্যেক বোধে (অনুভূতিতে) বা বুদ্ধিজনিত প্রত্যয়ে ব্রহ্ম বিদিত হন। প্রত্যেক বুদ্ধিবৃত্তিজ্ঞানে ব্রহ্মকে যখন আত্মরূপে অনুভব করা যায় তখনই সম্যক জ্ঞান বা প্রকৃত জ্ঞান হয়। একথার তাৎপর্য এই যে, প্রত্যেক অনুভূতিতে বিবেক বৈরাগ্যবান সাধক কর্তৃক প্রত্যেক বুদ্ধিবৃত্তির সাক্ষীরূপে অবগত ব্রহ্ম প্রত্যগাত্মারূপে উপলব্ধ হন। মানুষ যদি সেই প্রত্যগাত্মা (জীবের অন্তরস্থ আত্মা) স্বরূপ ব্রহ্মকে প্রতিবোধে অনুভব করতে পারে তবেই তাঁর ব্রহ্মজ্ঞান বা আত্মজ্ঞান হয়। বুদ্ধিতে বোধ জন্মে, সেই বুদ্ধিবৃত্তি আত্মার দ্বারাই প্রকাশিত হয়। আমাদের সকল প্রত্যয় ও জ্ঞান আত্মার বিষয়ীভূত হয় অর্থাৎ আত্মা সকল জ্ঞানের জ্ঞাতা। সাধক এই ব্রহ্মাত্মৈক্যজ্ঞান বা ব্রহ্মজ্ঞান থেকেই প্রাপ্ত হন অমরত্ব।

**"আত্মনা বিন্দতে বীর্যং"**–'আত্মার মাধ্যমেই অর্জিত হয় বীর্য (সামর্থ্য)'। আত্মজ্ঞানজনিত সামর্থ্য আত্মা থেকে লব্ধ, আর সেই সামর্থ্যই মৃত্যুকে পরাজিত করে অমরত্ব লাভের যোগ্যতা অর্জন করে। অন্য কোন অনিত্য বা অনাত্ম বস্তু থেকে উৎপন্ন সামর্থ্য মৃত্যু অতিক্রম করতে পারে না। **"বিদ্যয়া বিন্দতে অমৃতম"**–'ব্রহ্মবিদ্যা বা আত্মবিদ্যা দ্বারা অর্জিত হয় স্থিতিরূপ অমরত্ব।'

এই নশ্বর জীবনে আত্মবিষয়ক অজ্ঞানতাহেতু বারংবার জন্ম-মৃত্যুর চক্রে পতিত হয়ে অশেষ দুঃখ-কষ্ট ভোগ করতে হয়। তাই এ খণ্ডের পঞ্চম বা শেষ মন্ত্রে শ্রুতি (উপনিষদ) বলেছেন– ইহজগতে এ জীবনেই বিশেষ যত্নসহকারে আত্মজ্ঞান লাভ করে মুক্তির দ্বারস্বরূপ মনুষ্য জীবন সার্থক করতে হবে–

**ইহ চেদবেদীৎ অথ সত্যমস্তি ন চেদিহাবেদীৎ মহতী বিনষ্টিঃ।**
**ভূতেষু ভূতেষু বিচিত্য ধীরাঃ প্রেত্যাস্মাৎ লোকাৎ অমৃতা ভবন্তি ॥**

এই মন্ত্রটি মানুষের উদ্দেশ্যে বেদান্তের একটি সাবধান বাণী। মানব জীবন অত্যন্ত দুর্লভ, তাই মানবের প্রতি বেদান্তের আহ্বান নশ্বর এই দেহ বিনাশপ্রাপ্ত হওয়ার পূর্বেই অতি যত্নসহকারে বিশেষ সাধনার মাধ্যমে আত্মজ্ঞান লাভ করে এ মর্ত্য জীবনে এবং এ দেহাশ্রিত অবস্থায়ই তা অর্জন করতে হবে, নতুবা **"মহতী বিনষ্টি"**–'মহা সর্বনাশ হয়ে যাবে'। আর এ জীবনেই আত্মানুভূতি বা আত্মজ্ঞান লাভ করলে প্রাপ্ত হয় অমরত্ব। সুতরাং, **"ইহ চেৎ ন অবেদীৎ"**–'ইহলোকে আত্মাকে উপলব্ধি করতে অসমর্থ হলে' দীর্ঘকাল ধরে সংসার চক্রে জন্মমরণাদি প্রবাহরূপে আবর্তিত হয়ে অশেষ দুঃখ-কষ্ট ভোগ করতে হয়। আর কেবলমাত্র মানব জীবনই হলো মুক্তির দ্বার স্বরূপ এবং এখান থেকেই মৃত্যুকে সম্পূর্ণরূপে জয় করে ব্রহ্মে উপনীত হওয়ার নিকটতম ও সহজতম পথ। তাই আমাদের কর্তব্য হলো ইহজগতে অবস্থানকালীন সময়েই অহংকার অতিক্রম করে সর্বজীবে সমদর্শী হয়ে আত্মজ্ঞান লাভ করা, মৃত্যুর পর স্বর্গে বা অন্য কোনো লোকে গিয়ে নয়।

মৃত্যুকে সম্পূর্ণরূপে জয় না করা পর্যন্ত প্রয়াণকে বর্ণনা করা হয় মৃত্যু নামে, আর মৃত্যুকে সম্পূর্ণ জয় করাকে বলা হয় মৃত্যুহীন পরলোক গমন অর্থাৎ অমরত্ব লাভ। অমরত্ব লাভের পর কখনো যদি মর্ত্য দেহে জন্মগ্রহণ হয় তা হবে বিগ্রহ ধারণ করা মাত্র এবং তা হবে জগতে যারা এখনো মুক্ত হতে পারেনি তাদের সাহায্য করার জন্য।

উপনিষদ সাধককে অমরত্বের প্রতিশ্রুতি দিয়েছে এবং অমরত্ব লাভ করা মানবের জন্মগত অধিকার। তাই **"বেদান্ত তাকেই মনুষ্য-জীবনের সবচেয়ে দুঃখজনক ঘটনা বলে মনে করে যখন মানুষ বিশাল অনন্তের জন্মগত উত্তরাধিকারী হয়েও আধ্যাত্মিক অন্ধত্বের কারণে নিজেকে সামান্য ক্ষুদ্রত্বে আবদ্ধ রাখে"**–স্বামী রঙ্গনাথানন্দের উপনিষদের সন্দেশ, পৃ. ২০৫।

আমাদের নাম-রূপাত্মক জগতে জ্ঞানার্জনের উপায় হলো মন, বাক্য ও ইন্দ্রিয়াদি যার মাধ্যমে ব্রহ্মকে জানা সম্ভব নয়। তাই ব্রহ্মচেতনা আমাদের কাছে অজ্ঞেয়, তবে অলভ্য নয়। এ উপনিষদ জ্ঞানের দ্বারা ব্রহ্মকে জানতে ও পেতে আদেশ দিয়েছে। তাই আমাদেরকে ইন্দ্রিয়জ্ঞান এবং অহংবোধের অনিত্য জগতের উপরে উঠে একমাত্র সত্য ও শাশ্বত জ্ঞানের অন্বেষণ করতে হবে এবং আবিষ্কার করতে হবে। আর সেই জ্ঞানের উদ্দেশ্য সম্পূর্ণ সফল হয় অমৃতত্ব লাভের মাধ্যমে।

বিবেকী জ্ঞানবান মনুষ্যগণ (ধীরাঃ) বহু বিষয়াভিলাষ হতে সম্পূর্ণ মুক্ত, বিবেকবৈরাগ্যবান ও শমদমাদি গুণের অধিকারী হয়ে 'সর্বজীবে ব্রহ্মকে অনুভব করেন' (ভূতেষু ভূতেষু বিচিত্য) অর্থাৎ সাক্ষাৎ অপরোক্ষভাবে তাঁকে (ব্রহ্মকে) উপলব্ধি করে ইহজীবনে এ দেহেই কিংবা ইহলোক হতে প্রয়াণের পর ব্রহ্মস্বরূপ হয়ে থাকেন অর্থাৎ অমরত্ব লাভ করেন।

**তৃতীয় খণ্ড**

বারটি মন্ত্র নিয়ে গঠিত এই খণ্ড গদ্যে রচিত এবং একটি মনোমুগ্ধকর উপাখ্যানের মাধ্যমে ব্রহ্মতত্ত্ব উপস্থাপিত হয়েছে। প্রতিষ্ঠা লাভের জন্য চিরন্তন দেবাসুর মধ্যকার যুদ্ধে দেবতারা একবার ঈশ্বরের নিয়মলঙ্ঘনকারী অসুরদিগের বিরুদ্ধে জয়লাভ করেছিলেন। ব্রহ্মই দেবতাদের অলক্ষ্যে তাঁর তমসাচ্ছন্ন সন্তানদের দমন করে শুভশক্তির প্রতিষ্ঠা করতে দেবতাদের পক্ষে তার ইচ্ছাশক্তিকে নিজ মায়াবল বিস্তার করে বিজয় অর্জন করেছিলেন। কিন্তু দেবতারা বুঝতেই পারেননি যে তাদের বিজয়ের পশ্চাতে অন্য কোনো শক্তির হস্তক্ষেপ ছিল। তাই আত্মাভিমানী দেবতারা অজ্ঞানতাবশতঃ প্রকৃত সত্যকে অনুধাবন করতে না পেরে বিশ্বস্বামীর এই বিজয়কে নিজেদের বিশাল বিজয় ভাবলেন। তাঁরা মনে করলেন, **"অস্মাকমেবায়ং বিজয়ঃ অস্মাকম্ এবায়ং মহিমেতি"**–'আমাদের নিজেদের সামর্থ্যের জন্যই এই বিজয় অর্জিত হয়েছে, এই মহিমা ও কীর্তি আমাদেরই।' দেবতারা যখন বিজয় আনন্দে উল্লসিত তখন তাঁদের মিথ্যাহংকাররূপ অভিপ্রায় সর্বান্তর্যামী পরব্রহ্ম জানতে পারলেন এবং দেবতাদের মিথ্যাভিমান দূর করে তাঁদেরকে অনুগ্রহ করার জন্য দিব্যমূর্তিরূপে (যক্ষ) দেবতাগণের হৃদয় ও বিশ্ব কম্পিত করে কোন অজ্ঞাত শক্তিরূপে আবির্ভূত হন। "যক্ষ শব্দে বুঝায় পূজনীয় এক মহদ্ভুত পুরুষ–যক্ষং পূজ্যং মহদ্‌ভূতম-শঙ্কর–উপনিষদ ভাবনা, মহানামব্রত ব্রহ্মচারী, প্রথম খণ্ড, পৃ. ৩৩।" তখন দেবতারা হতবুদ্ধি ও ভীত হয়ে পরেন এবং বুঝতেই পারলেন না, **"তৎ কিম্ ইদম্ যক্ষম্"**–'সেই প্রত্যক্ষগোচর অস্পষ্ট ভয়ানক যক্ষরূপী দিব্যমূর্তি কে?' সেই সময় দেবতাদের মধ্যে আতংকের সৃষ্টি হয় এবং অমঙ্গলের আভাষ অনুভব করে।

দেবতারা আলোর শক্তির প্রতীক হলেও তাঁরা অজ্ঞানতা, অহংবোধ ও মোহের বন্ধন থেকে মুক্ত নন, তাই গভীরতর সত্যের বিষয়ে তাঁরা অন্ধ। উপনিষদে ইন্দ্র, বায়ু ও অগ্নি হলেন যথাক্রমে মনের, প্রাণের ও স্থুল জড়ের ভূমিতে ব্রহ্মের প্রতিভূ। দেবতারা সকলে মিলে সহমত হয়ে প্রথমে অগ্নিদেবকে সেই দিব্য পূজনীয় মূর্তির (যক্ষের) সঠিক পরিচয় জানার জন্য পাঠালেন। এখানে উল্লেখ্য যে, অগ্নি হলেন জড় জগতের শ্রেষ্ঠ দেবতা। তিনি উত্তাপ দিয়ে জড়বিশ্বে প্রাণের আবির্ভাব, বৃদ্ধিসাধন ও অস্তিত্ব সম্ভবপর করেছেন। জড় জগতের সমস্ত কিছুর উৎপত্তি, ধর্ম, কর্মপদ্ধতি, চলার পথ ও গন্তব্য সবকিছুই তাঁর জানা। তাই তিনি **"জাতবেদা"** নামেও পরিচিত। সুতরাং এই জড় বিশ্বে নতুন কিছু সৃষ্টি হয়ে থাকলে তা অগ্নিরই সর্বপ্রথম জানার কথা। তাই অগ্নি সম্পূর্ণ আত্মবিশ্বাস নিয়ে সম্মুখস্থ অস্পষ্ট পূজনীয় দিব্যমূর্তির বিষয়ে অনুসন্ধানের জন্য তাঁর সমীপে উপস্থিত হলেই যক্ষ তাকে জিজ্ঞাসা করলেন– **"কঃ অসি ইতি?"** 'তুমি কে?' প্রত্যুত্তরে অগ্নিদেব অতিশয় গর্বের সাথে বললেন, 'আমি অগ্নি নামেই পরিচিত, আমি **"জাতবেদা"** নামেও প্রসিদ্ধ।' অগ্নিদেব নিজের পরিচয় দিতে গিয়ে কেবলমাত্র নামই বললেন না, পরন্তু আগন্তককে নিজের খ্যাতি সম্বন্ধে বিশেষভাবে জানাবার জন্য **"জাতবেদা"** উপাধিটিও উল্লেখ করতে ভুললেন না। এমন উক্তি শুনে পূজনীয় দিব্যমূর্তি অগ্নিকে প্রশ্ন করলেন– এত প্রসিদ্ধি ও গুণযুক্ত তোমাতে **"কিং বীর্যম্ ইতি?"**–'কি সামর্থ্য আছে?' এরূপ জিজ্ঞাসিত হয়ে অগ্নিদেব বললেন, আমার মধ্যে যে সামর্থ্য রয়েছে তা দিয়ে এই চতুর্দ্দশ ভূবনে যা কিছু জন্মেছে তা সমস্তই আমি পুড়িয়ে ভস্মীভূত করে ফেলতে পারি। অগ্নির উত্তরে আত্ম-গরিমা ও অহংকারের প্রকাশ। এরূপ আত্মশ্লাঘা পরায়ন অহংকারী অগ্নির গর্বচূর্ণ করে তাকে অনুগ্রহ করার জন্য যক্ষরূপী দিব্যমূর্তি তাঁর সম্মুখে একগাছি তৃণ রেখে বললেন এটিকে পোড়াও। সর্বগ্রাসী অগ্নিদেব অতি উৎসাহের সাথে দ্রুত সেই তৃণ সমীপে এগিয়ে গিয়ে সর্বশক্তি প্রয়োগেও একটা ক্ষীণ তৃণকে পোড়াতে অসমর্থ হলেন, কারণ সেই তৃণটির পশ্চাতে বিশ্বস্বামীর শক্তি নিহিত ছিল। **"জাতবেদা"** অগ্নিদেব তৃণটিকে পোড়াতে না পেরে অবনত মস্তকে যক্ষকে না জেনেই এবং আর কোন অনুসন্ধান না করেই নীরবে যক্ষের নিকট হতে দেবতাদের সমীপে প্রত্যাবর্তন করে বললেন– **"ন এতৎ অশকম্ বিজ্ঞাতুম্ যৎ এতৎ যক্ষম্ ইতি"**–'এই পূজনীয় যক্ষ কে তা আমি নির্ণয় করতে পারলাম না'। যে অগ্নি দেবতা এত ক্ষমতার অধিকারী, যিনি পৃথিবীতে জাত সমস্তকিছুই গ্রাস করে নতুন উপাদানে সম্পূর্ণ পরিবর্তিত আকারে রূপায়ণ করতে পারেন, তিনি সর্বশক্তি প্রয়োগ করেও একটি তৃণকে পোড়াতে পারলেন না। তখনই একটি বিষয় নিশ্চিত হয়ে গেল যে, যক্ষ এই জড় জগতে উৎপন্ন কোন শক্তি নন তাই তিনি (যক্ষ) অগ্নিদেবের ক্ষমতার অতীত।

অগ্নি যখন যক্ষকে নির্ণয় করতে অসমর্থ হলেন, তখন দেবতাগণ সর্বজগতের জীবনীশক্তিরূপ বায়ুকে পাঠালেন যক্ষ সম্বন্ধে অনুসন্ধানের জন্য। বায়ু হলেন অন্তরিক্ষচারী, আকাশে তিনি বিচরণ করেন। বিশ্বের সমস্ত বস্তুই হলো এই প্রাণশক্তির স্পন্দন। তিনিই অগ্নিকে এনে সমস্ত বস্তুর অন্তরে স্থাপন করেছেন। সেই বায়ু বা পবনদেব দ্রুতবেগে অনেক সাহস নিয়ে যক্ষের দিকে এগিয়ে গেলেন। যক্ষের সমীপে যেতেই যক্ষ বায়ুর পরিচয় জানতে চেয়ে একই প্রশ্ন করলেন– 'তুমি কে?' পবনদেবও আমিত্ব ও অহংকারের স্বরে উত্তর দিলেন– 'আমি সর্বলোক প্রসিদ্ধ বায়ু, আমি আকাশে ব্যাপ্ত হয়ে বিচরণ করি, আমি **"মাতরিশ্বা"** বলেও বিখ্যাত।' তখন যক্ষ বায়ুকে প্রশ্ন করলেন 'তোমাতে কি প্রকার সামর্থ্য আছে'? উত্তরে বায়ু বললেন এই বিশ্বে যা কিছু আছে সে সমস্তই আমি উড়িয়ে দিতে পারি। অগ্নি যেমন পারেন পোড়াতে, বায়ুও তেমনি পারেন ওড়াতে। একইভাবে যক্ষ বায়ুর সম্মুখে একগাছি তৃণ রেখে বললেন– **"এটিকে উড়িয়ে দাও।"** বায়ু দ্রুত সেই তৃণ সমীপে গিয়ে নিজের সমস্ত শক্তি প্রয়োগ করেও ক্ষুদ্র তৃণটিকে উড়িয়ে দিতে পারলেন না। বায়ুও নীরবে মাথা নিচু করে যক্ষের নিকট হতে পশ্চাৎপদ হয়ে দেবতাদের সমীপে এসে বললেন– **"আমি দিব্যমূর্তির পরিচয় জানতে পারলাম না।"** বায়ুদেব সামান্য একটি তৃণকে উড়াতে পারেননি, কেননা সেই তৃণটিকে সর্বশক্তিমান রক্ষা করেছিলেন। অগ্নির মত বায়ুদেবকেও যক্ষকে আবিষ্কার না করেই ফিরে যেতে হয়েছিল। এখানেও একটি বিষয় নিশ্চিত হয়ে গেল যে, যক্ষ বিশ্বপ্রাণের সীমার অতীত কোন শক্তি।

বায়ু ব্যর্থমনোরথ হয়ে প্রত্যাবর্তনের পর দেবতাগণ স্বর্গের অধিপতি, বজ্রধারী, শক্তিমান ও ঐশ্বর্যবান ইন্দ্রকে পাঠালেন সেই দিব্যমূর্তি সম্বন্ধে অবগত হওয়ার জন্য। মনের দ্বারা অবধারণ করা যায় এমন কোন কিছু হলে ইন্দ্র তার অনন্ত ঐশ্বর্যের অন্তর্ভূক্ত করে নেবেন। দেশকালের সীমায় যা আবদ্ধ মন কেবল সেসমস্ত কিছু অবধারণ করতে পারে, তাই সর্বব্যাপী সর্বজ্ঞকে মনোবৃত্তির দ্বারা জানা যায় না। ইন্দ্র যক্ষের সম্মুখে আসামাত্রই তিনি হঠাৎ তিরোহিত হয়ে গেলেন, যেন আকাশে অদৃশ্য হয়ে গেলেন। অগ্নি, বায়ু ও ইন্দ্র এই তিন দেবতাই পূজনীয় দিব্যমূর্তি সম্বন্ধে জানতে বিফল হলেও ইন্দ্র তাঁর অনুসন্ধান থেকে বিরত না হয়ে যে স্থানে যক্ষ প্রাদুর্ভূত ও অদৃশ্য হয়েছিলেন সেই স্থানে অবস্থান করে যক্ষের স্বরূপ জানার জন্য ধ্যান করতে লাগলেন। অহংকার ও দাম্ভিকতা পরিত্যাগ করে যক্ষের প্রতি ইন্দ্রের ঐকান্তিক ভক্তি ও সত্যের প্রতি অনুরাগ দেখে বহু শোভায় শোভিতা হৈমবতী উমা ইন্দ্রের সম্মুখে আবির্ভূত হলে ইন্দ্র জিজ্ঞাসা করলেন 'পূজনীয়রূপ যক্ষ কে?'

### চতুর্থ খণ্ড

ব্রহ্মবিদ্যা রূপিনী উমা হৈমবতী এখন এই চতুর্থ বা শেষ খণ্ডের প্রথম ছ'টি মন্ত্রে ইন্দ্রকে সকল অনিত্য বস্তুর পেছনে যে শাশ্বত সত্য রয়েছে সে বিষয়ে উপদেশ প্রদান করেছেন। উমা ইন্দ্রকে বললেন, **"ব্রহ্ম ইতি ব্রহ্মণঃ বৈ এতৎ বিজয়ে মহীয়ধ্বম্"**–'যক্ষই ব্রহ্ম, ব্রহ্মের এই বিজয়ে তোমরা মহিমান্বিত হয়েছ।' সেই উমাবাক্য হতেই ইন্দ্র জানতে পেরেছিলেন যে যক্ষই ব্রহ্ম। উমা ইন্দ্রকে আরও বলেন তোমাদের নিজস্ব কোন শক্তি নেই, ব্রহ্মের শক্তিতেই তোমরা শক্তিমান। ব্রহ্ম করুণা করে অসুরদের উপর তোমাদের বিজয় এনে দিয়েছিলেন। তোমাদের কল্যাণেই তিনি তোমাদের মিথ্যা অহংকার বিনাশ করার জন্য যক্ষরূপে আবির্ভূত

হন। অগ্নি ও বায়ু যক্ষরূপী ব্রহ্মের নিকটবর্তী হয়েছিলেন এবং কথোপকথনও হয়েছিল, কিন্তু নিজেদের অহংকার ও দাম্ভিকতার কারণে তার পরিচয় জানতে পারেনি। আর তোমার যথাসময়ে আত্মোপলব্ধি হওয়ায় তোমাকে যথার্থ জ্ঞান প্রদানের জন্য ব্রহ্ম আমাকে প্রেরণ করেছেন।

যেহেতু অগ্নি, বায়ু ও ইন্দ্র আলাপাদি দ্বারা **"নেদিষ্ঠং পস্পৃশুঃ"**–'নিকটতমরূপে ব্রহ্মের সান্নিধ্যে এসেছিলেন' এবং যেহেতু তাঁরাই **"এনৎ প্রথমঃ ব্রহ্ম ইতি বিদাঞ্চকার"**–'ইঁহাকে প্রথম ব্রহ্মরূপে জেনেছিলেন', সেই কারণে এই দেবতাত্রয় অন্যান্য দেবতাদের অতিক্রম করে জ্ঞান, শক্তি ও ঐশ্বর্য্যাদিতে শ্রেষ্ঠরূপে প্রাধান্য লাভ করেছিলেন এবং এই তিন দেবতাই সাক্ষাৎ অজ্ঞাতভাবে ব্রহ্মকে দর্শন করেছিলেন।

আবার এই তিন দেবতার মধ্যে ইন্দ্র যেহেতু সর্বাপেক্ষা নিকটতমরূপে ব্রহ্মকে প্রাপ্ত হয়েছিলেন অর্থাৎ তিনি যক্ষকে উমা বাক্য থেকে প্রথম ব্রহ্ম বলে জেনেছিলেন, সেই হেতু তিনি অন্যান্য দেবতাকে অতিক্রম করে শ্রেষ্ঠত্ব লাভ করেছিলেন। অগ্নি ও বায়ুর সাথে যক্ষরূপী ব্রহ্মের কথোপকথন হলেও নিজেদের আত্ম-গরিমা ও অজ্ঞানতার কারণে তাঁকে জানতে পারেনি। ইন্দ্রের অহংকার ও ক্ষমতার দাম্ভিকতা থাকলেও তার নিজ উপলব্ধির দ্বারা তা অপসারিত হওয়ায় ব্রহ্মবিদ্যারূপিনী উমার সহায়তায় ব্রহ্মজ্ঞান লাভ করেন। পরে অগ্নি ও বায়ু ইন্দ্রের কাছ থেকে পরোক্ষভাবে সেই জ্ঞান লাভ করেন। এখানেই সমাপ্ত হলো গল্পের ছলে বলা দেবতাদের আখ্যায়িকা।

কোন জাগতিক বস্তু বা ঘটনার সাথে তুলনা দ্বারা প্রকাশের চেষ্টার নাম আদেশ। এখন দেবতাদের আখ্যায়িকাটিকে সরিয়ে রেখে শ্রুতি এবার ব্রহ্মের স্বরূপ সম্বন্ধে কতকগুলো ইঙ্গিত দিয়েছেন। ব্রহ্ম অপ্রকাশ্য ও সকলের গোচরের অতীত। ব্রহ্মের শক্তির আভাস দেওয়ার জন্য প্রকৃতি থেকে উপমা দেওয়া হয়েছে **"বিদ্যুতঃ ব্যদ্যুতদ আ ইৎ ন্যমীমিষদ আ"**–'বিদ্যুতের চমকের মত ঝলসে উঠা অথবা চোখের পলক ফেলার মত'। ব্রহ্মের প্রকাশ বিদ্যুৎ চমকিয়া উঠার ন্যায়। বিদ্যুতের চমক যেমন মেঘরাশি বিদীর্ণ করে ক্ষণিকের জন্য অত্যুজ্জ্বল আলোক প্রকাশিত হয়ে আবার তিরোহিত হয়, তেমনি ব্রহ্মের দিব্য প্রতিচ্ছবির কিছু অংশ ক্ষণিকের জন্য ঈশ্বরাদেশরূপে বিশ্বপ্রকৃতিতে পতিত হয়ে আবার যেন তার উৎসে ফিরে গেল। তেমনিভাবে ব্রহ্মবিদ্যা বিবেক বৈরাগ্যবান আত্মতত্ত্ব জিজ্ঞাসু নির্মল চিত্তের সাধকের সমস্ত প্রকার অজ্ঞানতা অপসারন করে দিলে ব্রহ্মজ্ঞান বা আত্মজ্ঞান উপলব্ধ হয়। একবার সাক্ষাৎ অপরোক্ষভাবে আত্মজ্ঞান উপলব্ধ হলে কখনো অজ্ঞানের দ্বারা পুনরায় আবৃত হয় না, তবে অন্তরে মলিনতা বা আত্মাভিমান থাকলে সহসা ব্রহ্মানুভূতি হলেও উহা তিরোহিত হয়ে যায়। এই চতুর্থ মন্ত্রে বিদ্যুতের চমকের সঙ্গে বা চোখের পলক ফেলার সঙ্গে দেবতাদের সম্মুখে ব্রহ্মের আবির্ভাব তুলনা করা হয়েছে বলে ইহাকে অধিদৈবিক বলা হয়েছে এবং ইহা দেবতা-বিষয়ক ব্রহ্মের উপদেশ বা আদেশ।

এই খণ্ডের পঞ্চম মন্ত্রে শ্রুতি ব্রহ্মের অধ্যাত্ম-বিষয়ক অর্থাৎ আত্ম-বিষয়ক উপদেশ বা আদেশ দিয়েছেন। ব্রহ্ম প্রতি প্রাণীদেহে প্রত্যগাত্মারূপে (অন্তরস্থ আত্মারূপে) বিরাজিত রয়েছেন, সেই ব্রহ্মকে বার বার স্মরণ করে আত্মারূপে উপলব্ধি করার আদেশই অধ্যাত্ম উপদেশ। এই উপনিষদের প্রথম খণ্ডের ষষ্ঠ মন্ত্রে বলা হয়েছে মন ব্রহ্মকে বাক্যের দ্বারা প্রকাশ করতে পারে না, পরন্তু ব্রহ্মের দ্বারাই মনের অনুভূতি হয়ে থাকে। বাক্য মনের অগোচর হলেও ব্রহ্ম দেহের মধ্যে অবস্থান করে বাক্যের প্রকাশক। আবার মন জড় বলে মনোবৃত্তিসমূহও জড়। কিন্তু চৈতন্যাধিষ্ঠিত মন প্রত্যগাত্মা ব্রহ্মকে বিষয় করতে পারে বা জানতে পারে, মন যখন ব্রহ্মে প্রবিষ্ট হয়ে জ্যোতিস্বরূপে অধিষ্ঠিত হয়ে তাতে স্থায়ীভাবে বিরাজমান থাকে। এরূপে সাধককে মনের সহায়তায় ও দৃঢ় সংকল্পের দ্বারা **"ব্রহ্মাত্মবিদ্যা অবশ্যই উপলব্ধি করব"** একথা বারংবার অন্তরঙ্গভাবে স্মরণ করে ধ্যান করতে হবে এবং অনুভব করতে হবে যে ব্রহ্ম প্রতি প্রাণীদেহে আত্মারূপে বিরাজিত রয়েছেন–ইহাই ব্রহ্ম-সম্বন্ধীয় অধ্যাত্ম আদেশ বা উপদেশ। এ কাজ সহজসাধ্য নয়, কারণ মানুষ সর্বদা নাম-রূপাত্মক মনোরম জিনিষের অভিমুখে ধাবমান। তাই ইন্দ্রিয়াদি দ্বারা প্রতারিত হওয়ার পূর্বেই উহাদেরকে সংযত করতে হবে পুনঃ পুনঃ অভ্যাসের দ্বারা। এই আদেশের ফলে নিরুপাধিক ব্রহ্মকে বোধগম্য করা কষ্টসাধ্য এমন সাধকের জন্যও ব্রহ্ম বুদ্ধিগম্য হতে পারে। তাই নিজের মনকে প্রকৃত অবস্থা থেকে মুক্ত করে সংকল্পের দ্বারা বার বার স্মরণ করে ব্রহ্মমুখী করতে হবে যতক্ষণ না তা স্মৃতিতে স্থায়ীভাবে অবস্থান করে। এভাবে জীবাত্মা মনের মাধ্যমে ব্রহ্মকে **"অভীক্ষ্ণং উপস্মরতি"**–'পুনঃ পুনঃ ঘনিষ্ঠভাবে স্মরণ করে' এবং দৃঢ়ভাবে ধারণ করে সর্বাতীতের মধ্যে স্থায়ীভাবে অবস্থান করতে পারে। ইহাই হলো অধ্যাত্ম জীবন।

এই খণ্ডের ষষ্ঠ মন্ত্রের আরম্ভেই বলা হয়েছে– **"তদ হ তদ্বনম্ নাম"**–'সেই ব্রহ্ম নিশ্চই প্রাণীবর্গের সর্বজনীয়রূপে ভজনীয়'। এজন্য তিনি 'তদ্বন' নামে প্রসিদ্ধ এবং সাধকগণ তাঁকে এই নামে কায়মনবাক্যে একান্ত প্রিয়তমরূপে উপাসনা করে, আরাধনা করে ও হৃদয়ে ধারণ করে। যুগাচার্য শংকর 'তদ্বনম্' শব্দের এরূপ ব্যাখ্যা করেছেন– 'ব্রহ্ম তদ্বনম্ নামে প্রসিদ্ধ, কেননা তিনিই সর্বজীবের অন্তরতম আত্মা, তাই সর্বাধিক প্রিয়, সর্বাধিক ভজনীয়'। এই বিষয়ে শ্রীঅরবিন্দ বলেছেন– 'উপনিষদে বলা হল যে, ব্রহ্মন্, স্বভাবত "তদ্বন", সেই আনন্দ। "বন" একটি বৈদিক শব্দ, তার অর্থ, আনন্দ বা আনন্দময়; সুতরাং "তদ্বন" অর্থ সর্বাতিশায়ী আনন্দ। ব্রহ্মকে এই সর্বাতিশয়ী আনন্দরূপে উপাসনা করতে হবে, অনুসন্ধান করতে হবে। সুতরাং, উপনিষদে অমরত্বের অর্থও এই পরমানন্দ বই নয়। আর, ব্রহ্মকে পরমানন্দরূপে পাবার ফল কি হবে? যিনি ব্রহ্মকে এইভাবে জেনেছেন তাঁর অভিমুখে সর্বজীবের অভিলাষ প্রবাহিত হয়, তাঁর সঙ্গলাভের ইচ্ছায় সবাই তাঁর কাছে ধাবিত হয়। অর্থাৎ দিব্য আনন্দের কেন্দ্র হন তিনি, নিখিল জগতে প্রীতি বিতরণ করেন, হর্ষ-সুখ-প্রেম আত্মসার্থকতার উৎসরূপে বিশ্বের সর্বজীবকে নিজের কাছে আকর্ষণ করেন।'–শ্রী অরবিন্দের উপনিষদাবলী, পৃ. ২৩৫।

সুতরাং যিনি ব্রহ্মকে পরমানন্দরূপে জানেন, জগতে সমস্ত প্রাণীই তাঁকে পেতে ইচ্ছা করেন এবং তাঁর অভিমুখে ধাবিত হন। সর্বজীবের অন্তরাত্মারূপে ব্রহ্মের উপলব্ধি ব্যষ্টিমানবকে সমষ্টিমানবে অর্থাৎ ব্যক্তিমানুষকে সমষ্টিমানুষে রূপান্তরিত করে। আর যে ব্রহ্মবিদ অনন্ত আনন্দস্বরূপ ব্রহ্মকে জেনেছেন ও পেয়েছেন তাঁকে ব্রহ্ম বলেই সকলে ভালোবাসে এবং তাঁর প্রতি আকৃষ্ট হন।

গুরুদেবের নিকট হতে ব্রহ্মবিদ্যা বিষয়ক উপদেশ গ্রহণ করার পরও শিষ্য পুনরায় বললেন– 'হে প্রভু, আমাকে উপনিষদ বিষয়ে শিক্ষা দান করুন।' গুরুদেব শিষ্যকে আশ্বস্ত করে বললেন, তোমাকে তো ব্রহ্মবিষয়ক উপনিষদ অর্থাৎ ব্রহ্মজ্ঞানের কথাই বলা হয়েছে। তোমাকে **"শ্রোত্রস্য শ্রোত্রম্"**, **"প্রাণস্য প্রাণঃ"** ইত্যাদিরূপে ব্রহ্মবিদ্যা সম্বন্ধে চরম সত্যের গভীরতম বিষয়ে উপদেশ দেওয়া হয়েছে। তোমাকে সেই পরম সত্যের অন্বেষণ করতে হবে, আনন্দরূপে উপাসনা করতে হবে। অগ্নি, বায়ু, ইন্দ্র ইত্যাদি দেবতাদের উপাসনা শেষ কথা নয়। এদের ওপারেও একজন আছেন যিনি এদের সৃষ্টি করেছেন তাঁর কাজ সম্পন্ন করার জন্য। সেই অসীম শক্তির অধিকারী যিনি তাঁর শক্তিতেই দেবতারা শক্তিমান। তিনিই হলেন ব্রহ্ম, আত্মারূপে যিনি সবার অন্তরেই বিরাজমান।

শিষ্যকে উপনিষদ সম্বন্ধে উপদেশ দেওয়ার পরও পুনরায় উপনিষদ বিষয়ে শিক্ষা গ্রহণের প্রার্থনা শুনে গুরুদেব বুঝতে পারলেন যে, শিষ্যের চিত্ত এখনো মলিনতামুক্ত হয়নি। কেননা মলিনতামুক্ত বিশুদ্ধ চিত্তেই ব্রহ্মবিদ্যার উদয় হয়ে থাকে। তাই চতুর্থ খণ্ডের অষ্টম মন্ত্রে গুরুদেব শিষ্যের চিত্ত নির্মল করার উপর গুরুত্ব আরোপ করে প্রয়োজনীয় উপদেশ প্রদান করেছেন– **তস্যৈ তপো দমঃ কর্মেতি প্রতিষ্ঠা বেদাঃ সর্বাঙ্গানি সত্যমায়তনম্।** এই উপনিষদের ভিত্তি বা সব বস্তুর অন্তরতম সত্যের প্রতিষ্ঠা হলো–

তপঃ– আত্মসংযম অভ্যাস করা অর্থাৎ দেহ, মন ও ইন্দ্রিয়ের সংযম।

দমঃ– আধ্যাত্মিক জ্ঞানোপলব্ধির মাধ্যমে ইন্দ্রিয় জীবনকে আত্মশক্তির বশীভূত করা।

কর্ম– বেদবিহিত অগ্নিহোত্রাদি কর্মের নিষ্কামভাবে অনুষ্ঠান অর্থাৎ নিবেদিত কর্ম।

বেদাঃ সর্বাঙ্গানি– চারি বেদের অন্তর্নিহিত তত্ত্বকে বলা হয়েছে অঙ্গসমূহ বলে।

সত্যম আয়তনম– সত্য আচরণ করা হলো আবাসস্থান।

দীর্ঘকাল একাগ্রচিত্তে নিষ্কামভাবে ঈশ্বরের ধ্যান ও গুরুসেবার দ্বারা পাপসমূহ ক্ষয়প্রাপ্ত হলে নির্মল চিত্তাকাশে তত্ত্বজ্ঞানের উদয় হয়। গুরুর উপদেশ শ্রবণ করার পর মননের দ্বারা ভক্তিসহকারে অনুশীলন, চিত্তের একাগ্রতা, আত্মসংযম ও ইন্দ্রিয় জীবনকে বশীভূত করে ধ্যানে তন্ময় হলেই সেই নির্মল চিত্তাকাশে ব্রহ্মবিদ্যার উদয় হয়।

এই খণ্ডের নবম অর্থাৎ এই উপনিষদের অন্তিম মন্ত্রে ব্রহ্মবিদ্যা ও ব্রহ্মোপাসনার ফল লাভের কথা বলা হয়েছে– **যো বা এতাম্ এবং বেদ অপহত্য পাপ্মানম্ অনন্তে স্বর্গে লোকে জ্যেয়ে প্রতিতিষ্ঠতি প্রতিতিষ্ঠতি ॥**

সাধক যখন নিরবচ্ছিন্ন প্রচেষ্টা ও অনুশীলনের দ্বারা কেনোপনিষদে উপদিষ্ট ব্রহ্মবিদ্যা সম্যকভাবে অবগত হয়ে সমস্ত প্রকার পাপ হতে মুক্ত হন, তখন তাঁর আধ্যাত্মিক উপলব্ধি হয়ে থাকে। সেই সাধকের নিষ্কামভাবে ঈশ্বরোপাসনা ও শাস্ত্রসম্মত পুণ্যকর্মের দ্বারা চিত্ত শুদ্ধি হওয়ার ফলে তিনি সমস্ত প্রকার সংসার বন্ধন থেকে চিরতরে মুক্ত হয়ে পরব্রহ্মে অধিরোহন করেন অর্থাৎ **"অনন্তে স্বর্গে লোকে জ্যেয়ে"** –'অনন্ত স্বর্গলোক প্রাপ্ত হন', পুনরায় সংসারে প্রত্যাবর্তন করে জন্ম-মৃত্যুর অধীন হন না। এখানে অনন্ত স্বর্গলোক বলতে অসীম আনন্দে থাকা, অমরত্বে স্থায়ী প্রতিষ্ঠা লাভ এবং মৃত্যুভয় থেকে মুক্ত হওয়াকে বুঝানো হয়েছে; কোন স্থানকে বুঝানো হয়নি। বেদের স্বর্গ বা পুরাণের ক্ষুদ্রতর স্বর্গ, যেখানে মানুষ যথাবিহিত পুণ্য ও ধর্মকর্মের দ্বারা বা শাস্ত্রবিহিত যজ্ঞাদির দ্বারা প্রাপ্ত হয়ে থাকেন এবং পুণ্য ক্ষয় শেষে সেখান থেকে আবার জন্মগ্রহণ করে জন্ম-মৃত্যুর চক্রে আবর্তিত হতে হয়। আর মনুষ্যগণ ব্রহ্মজ্ঞান ও ত্যাগের দ্বারা উচ্চতর স্বর্গলোক বা সর্বানন্দময় অবস্থা প্রাপ্ত হন এবং পরম ব্রহ্মের আনন্ত্যকে লাভ করে নিরাপদে পরম আনন্দে স্থায়ীভাবে প্রতিষ্ঠিত হন। এই হলো কেনোপনিষদের উপযুক্ত উপসংহার।

॥ সামবেদীয় কেনোপনিষদ সমাপ্ত ॥ ❑

**সহায়ক গ্রন্থপঞ্জি :**


১। উপনিষদাবলী, শ্রী অরবিন্দ, শ্রীঅরবিন্দ আশ্রম ট্রাস্ট, পণ্ডিচেরী।

২। উপনিষদ গ্রন্থাবলী (প্রথম ভাগ), স্বামী গম্ভীরানন্দ সম্পাদিত, উদ্বোধন কার্যালয়, কলকাতা।

৩। বিবেকানন্দ রচনা সমগ্র (১ম ও ২য় খণ্ড), সুধাংশু রঞ্জন ঘোষ, অনুবাদ ও সম্পাদনা, কলকাতা।

৪। উপনিষদ ভাবনা (প্রথম খণ্ড), ড. মহানামব্রত ব্রহ্মচারী, শ্রীশ্রী মহানাম অঙ্গন, কলকাতা।

৫। উপনিষদ (অখণ্ড সংস্করণ) : অতুল চন্দ্র সেন, সীতানাথ তত্ত্বভূষণ, মহেশচন্দ্র ঘোষ সম্পাদিত, হরফ প্রকাশনী, কলকাতা।

৬। উপনিষদ সমগ্র, কলিকানন্দ অবধূত সম্পাদিত, গিরিজা লাইব্রেরী, কলকাতা।

৭। উপনিষদের সন্দেশ, স্বামী রঙ্গনাথানন্দ, ভাষান্তর : ড. শশাঙ্ক ভূষণ বন্দ্যোপাধ্যায়, উদ্বোধন কার্যালয়, কলকাতা।

৮। উপনিষদ গল্প-সমগ্র, পৃথ্বীরাজ সেন, কলকাতা বইমেলা।

৯। উপনিষদ সংগ্রহ, গ্রন্থিক, সংকলন ও ভাষান্তর : চিত্তরঞ্জন ঘোষাল।

১০। উপনিষদের অমৃত, গোবিন্দগোপাল মুখোপাধ্যায়, শ্রী সারদা মঠ, কলকাতা।

## সকলকে জানাই শারদীয় শুভেচ্ছা

DV MORTGAGE SOLUTION INC.

# DANFORTH VILLAGE

## Mortgage Solution

*One stop solution for your best financial interest.*

MORTGAGE ALLIANCE
In MTD



**Free expert advice on the Right Mortgage for you**

- SIMPLE, HASSLE-FREE SERVICE
- LOWER INTEREST RATE
- PURCHASE & REFINANCE
- DEBT CONSOLIDATION
- RENTAL PROPERTIES
- COMMERCIAL MORTGAGE

**Indrajit Mitra**
Consultant

**416-258-4786**

**Open late & Weekends**
**Please call for appointment or walk-in welcome**

**2986 Danforth Avenue Suite - 201** Toronto, ON M4C 1M6
imitra@mortgagealliance.com mitrainrajit@hotmail.com

# মাণ্ডূক্য উপনিষদে আত্ম-বিচার প্রসঙ্গ

**সুমন ধর**

**উপনিষদের নামকরণ**

শুরুতেই 'উপনিষদ' শব্দের মানেটা বুঝে নেয়া যাক। আগামীতে সুবিধা হবে। 'উপনিষদ' শব্দটাকে তিনভাগে ভাগ করা যায়। প্রতিটি ভাগের আলাদা মানে আছে।

- 'উপ' – নিকটে বা কাছে যাওয়া।
- 'নি' – একধরণের মানসিক অবস্থা, যেখানে (বিনয়াবনত অবস্থায়) শিক্ষার্থী বা শিষ্য (গুরু বা শিক্ষকের কাছ থেকে) জ্ঞান গ্রহণ করে; পাঠকের নিশ্চয় খেয়াল আছে, শ্রদ্ধাবান লভতে জ্ঞানম (শ্রীগীতা, ৪র্থ অধ্যায়: জ্ঞানযোগ, শোক ৩৯)।
- 'ষদ' – 'বসা বা উপবেশন'; এর দুটি অর্থ– বাহ্যিক অর্থে বা শারীরিকভাবে 'নিশ্চল' হওয়া, আর গভীরতর অর্থে বা মানসিকভাবে 'স্থির' হওয়া; মানে 'ধ্যান অবস্থা'।

**মাণ্ডুক্য উপনিষদ অথর্ববেদের অন্তর্ভুক্ত। কিন্তু চিন্তকগণের মতে এর নাম ঋগ্বেদের একটি চিন্তাধারা, যার নাম মাণ্ডুক, সেখান থেকে এসেছে (Debroy & Debroy)।**

তাহলে 'উপনিষদ' শব্দের মোটমাট মানে দাঁড়াচ্ছে– প্রকৃত জ্ঞান লাভের জন্যে গুরু বা শিক্ষকের সামনে শিষ্য বা শিক্ষার্থী'র শ্রদ্ধাপূর্ণ অনুধ্যানে লীন হওয়া।

উপনিষদের সংখ্যা নিয়ে একাধিক মত আছে। তবে মুক্তিকা উপনিষদে ১০৮টি উপনিষদের সবিস্তার তালিকা বর্তমান (মুক্তিকা, ১.১.৩০.৩৯)। তার মাঝে যে চারটিতে ঔপনিষদিক মহাবাক্য আছে, তার মধ্যে একটি মাণ্ডুক্যের অন্তর্গত। এই বাস্তবতা থেকে মাণ্ডুক্য উপনিষদের ভাব-গভীরতা বোঝা যায়। আজ আমরা মনোযোগ দেবো, সবচেয়ে ক্ষুদ্রাকৃতির এই উপনিষদে।

সকল উপনিষদের মাঝে মাণ্ডূক্য উপনিষদের আকার সবচেয়ে ছোট। মাত্র বারোটো শ্লোক। কিন্তু এর গভীরতা অনেক।

**আমরা কেন মাণ্ডূক্য উপনিষদ নিয়ে আলোচনা করবো?**

প্রথমতঃ বীরভক্ত হনুমানের প্রতি শ্রীরামচন্দ্রের উপদেশ এখানে খুব প্রাসঙ্গিক। শ্রীরামচন্দ্র মোক্ষলাভ প্রসঙ্গে বলতে গিয়ে মাণ্ডূক্য উপনিষদের কথা বলছেন। প্রথমে প্রভু রামচন্দ্র বলেন, মুক্তি চার রকমের– সালোক্য, সারূপ্য, সামিপ্য এবং কৈবল্য (মুক্তিকা, ১.১.১৮.২৩)।

তারপর তিনি তাঁর ভক্তকে জানালেন, সর্বোত্তম মুক্তিপথ হচ্ছে কৈবল্য। আর কৈবল্য ধারার মুক্তি অর্জনে মাণ্ডূক্য উপনিষদের অনুধ্যানই যথেষ্ট। যদি এর থেকে জ্ঞান লাভ করতে না পারা যায়, তাহলে আরও দশটি উপনিষদ অনুধ্যান করতে হবে। না হলে আরও বত্রিশটি, ইত্যাদি। (মুক্তিকা, ১.১.১৮.২৯)।

তার মানে আমরা জানলাম যে, মাণ্ডূক্য উপনিষদ 'মোক্ষদায়ী'।

দ্বিতীয়তঃ ঔপনিষদিক মহাবাক্যের উপস্থিতি। পাঠক জানেন যে, সনাতন শাস্ত্রের মূল আমাদের চার বেদ। এই চার বেদের অন্তর্ভুক্ত চার উপনিষদে রয়েছে চারটি মহাবাক্য। এই চারটি ঔপনিষদিক মহাবাক্যের একটি মাণ্ডুক্য উপনিষদের অন্তর্গত (অয়ম আত্মা ব্রহ্মঃ)। এ থেকে এই উপনিষদের ভাব-গভীরতা বোঝা যায়।

সমগ্র উপনিষদ-শাস্ত্র মন্থন করে জগদগুরু শঙ্করাচার্য যে চারটি মহাবাক্য বের করে এনেছেন, তার একটি যে উপনিষদে আছে, তা সনাতন ধর্মাবলম্বী সকলের অবশ্যপাঠ্য।

**মাণ্ডুক্য উপনিষদের ঐতিহ্য**

প্রধান সব উপনিষদই কোনো না কোনো বেদের অন্তর্গত। মাণ্ডুক্য উপনিষদ অথর্ববেদের অন্তর্ভুক্ত। কিন্তু চিন্তকগণের মতে এর নাম ঋগ্বেদের একটি চিন্তাধারা, যার নাম মাণ্ডুক, সেখান থেকে এসেছে (Debroy & Debroy)। পুরো উপনিষদ গদ্যে রচিত। মোট মন্ত্র বারোটি। প্রধান উপনিষদগুলোর মাঝে এটি সবচেয়ে সংক্ষিপ্ত।

আচার্য গৌড়পাদ মাণ্ডুক্য উপনিষদের ওপর দুইশত পঞ্চাশ শ্লোকের আগমশাস্ত্র রচনা করেন। কালে এই লেখা 'কারিকা' নামে বিখ্যাত হয়। গুরু-শিষ্য ধারাপরম্পরায় আচার্য গৌড়পাদের শিষ্য হন গোবিন্দপা। তাঁর সুযোগ্য শিষ্য শঙ্করাচার্য মাণ্ডুক্য উপনিষদ এবং 'কারিকা'র ওপর উঁচুমানের দার্শনিক 'ভাষ্য' রচনা করেন। পরবর্তীকালে শ্রীআনন্দগিরি 'টীকা' রচনা করে এই জ্ঞানপ্রবাহ সমৃদ্ধ করেন (Swami Nikhilananda, P. 203)।

উপনিষদ-পরবর্তী যুগে আচার্য গৌড়পাদই প্রথম বেদান্ত-দার্শনিক। কালনুমানে ধারণা করা যায়, তিনি বৌদ্ধ দার্শনিক অশ্বঘোষ, নাগার্জুন, অসঙ্গ এবং বসুবন্ধু'র পরে জন্মেছেন। তিনি বস্তুর বাহ্যিক অবস্থিতিকে প্রত্যাখ্যান করেছেন। প্রাচ্য এবং পাশাত্যের কেউ কেউ এর মাঝে বৌদ্ধ-আদর্শের মিল পেয়েছেন। একটু এগিয়ে তাঁরা এও বলেছেন, তিনি বৌদ্ধ দার্শনিক ছিলেন। কিন্তু গৌড়পাদ স্বয়ং তাঁর 'কারিকা'য় উল্লেখ করেছেন যে, মাণ্ডুক্য উপনিষদের ব্যাখ্যা বৌদ্ধ দর্শন থেকে আলাদা (কারিকা, ৪.৯৯, Swami Nikhilananda, P. 367)।

**মাণ্ডুক্য উপনিষদের নামকরণ**

এই 'মাণ্ডূক্য' নামটি কিভাবে এল?

কথিত আছে যে, স্বয়ং বরুণদেব একটি মণ্ডুক বা ব্যাঙের রূপ ধরে এই উপনিষদ শিক্ষা দেন। রূপকল্পটি একটু তলিয়ে ভাবা যাক।

প্রথমতঃ ব্যাঙের রূপ কেন? আরও অপরাপর প্রাণী তো আছে। আপাতদৃষ্টিতে এই অতি সাধারণ প্রাণীর মুখ দিয়ে এই সংক্ষিপ্ত, কিন্তু অত্যন্ত গভীর উপনিষদ কথিত হলো। এটা প্রমাণ করে যে, জ্ঞানলাভের জন্যে বাহ্যিক অবয়ব কোনো গুরুত্বপূর্ণ 'ফ্যাক্টর' নয়। পাঠক স্মরণ করুন, অষ্টাবক্র মুনির কথা। যাঁর নামে একটি গীতাগ্রন্থ আজ পর্যন্ত সগৌরবে টিকে আছে।

দ্বিতীয়তঃ প্রাণী হিসেবে ব্যাঙের জীবনচক্র স্কুলের সাধারণ বিজ্ঞান বইতে আমরা সবাই কমবেশি পড়েছি। জীবন শুরু জলে। ডিম আকারে। সেখান থেকে ব্যাঙাচি। তখন দেহে লেজ থাকে। অবস্থান জলে। সাঁতার কাটতে কাটতে একসময় সেই ব্যাঙাচি লেজ খসে। পূর্ণাঙ্গ দেহ পায় ব্যাঙ। উঠে আসে ডাঙায়। তখন সে জলে-ডাঙায় দুই জায়গাতেই থাকতে পারে।

অতি সাধারণ এই জীবনচক্রের উপমায় জাগতিক জীবনে ঋষিদের অবস্থান ফুটে উঠেছে। ব্যাঙ জলে এবং ডাঙায়, দুই জায়গাতেই স্বচ্ছন্দ। ঈশ্বরপরায়ণ মহাত্মাও তেমনি। সাংসারিক (জাগতিক) এবং পারমার্থিক–দুই জগতেই স্বচ্ছন্দে থাকেন। তিনি সংসারে থাকেন, কিন্তু সংসার তাঁর ভেতরে থাকে না। জলে থাকেন, কিন্তু গায়ে জল লাগে না। (Sri M., Chapter 3)

প্রসঙ্গতঃ ব্রাহ্মসমাজের প্রতিষ্ঠাতা শ্রীকেশব সেন প্রসঙ্গে শ্রীশ্রীঠাকুরের সেই উক্তি পাঠকের নিশ্চয়ই স্মরণ আছে।

"তোমারই ল্যাজ খসেছে, অর্থাৎ তুমি সব ত্যাগ করে সংসারের বাহিরেও থাকতে পার আবার সংসারেও থাকতে পার; যেমন বেঙাচির ল্যাজ খসলে জলেও থাকতে পারে, আবার ডাঙাতেও থাকতে পারে।" (শ্রীশ্রীরামকৃষ্ণকথামৃত, তৃতীয় পরিচ্ছেদ, ১৮৮২, ২রা এপ্রিল এর অন্তর্ভুক্তি, পৃ. ৩৮)

কলিযুগের জন্যে কি চমৎকার ব্যবস্থাপত্র! সংসার ত্যাগ করার দরকার নেই। শুধু মনটাকে ঘুরিয়ে দিলেই চলবে। আর সেই উপনিষদের আকারও কি! না, মাত্র বারোটি শ্লোক। আধুনিক মানুষের বেগবান ব্যস্ততার কথা প্রাচীন ঋষিরা যেন আগে থেকেই জানতে পেরেছিলেন!

**১২টি মন্ত্রের প্রকরণ-সূচী**

| মন্ত্র | মন্ত্রবিভাগ |
|---|---|
| বিচার-সূত্রপাত (প্রথম দুই মন্ত্র) | মন্ত্র ১ – ওঙ্কার-বিচার (চার 'মাত্রা') |
| | মন্ত্র ২ – ব্রহ্ম-বিচার (জীবাত্মার চার 'অবস্থা', যা প্রকারান্তরে ব্রহ্মেরই প্রকাশ) |
| আত্ম-বিচার (৩য় থেকে ৭ম মন্ত্র) | মন্ত্র ৩ – জাগ্রতাবস্থার 'আমি' (বৈশ্বানর/বিরাট) |
| | মন্ত্র ৪ – স্বপ্নাবস্থা'র 'আমি' (তৈজস/হিরণ্যগর্ভ) |
| | মন্ত্র ৫ এবং ৬ – গভীর নিদ্রাবস্থা'র 'আমি' (প্রজ্ঞা/ঈশ্বর) |
| | মন্ত্র ৭ – তূরীয়াবস্থা'র 'আমি' |
| ওঙ্কার-বিচার (৮ম থেকে ১২শ' মন্ত্র) | মন্ত্র ৮ – ভূমিকা |
| | মন্ত্র ৯ – বিরাট মাত্রার উপাসনা ('অ') |
| | মন্ত্র ১০ – হিরণ্যগর্ভ মাত্রার উপাসনা ('উ') |
| | মন্ত্র ১১ – ঈশ্বর মাত্রার উপাসনা ('ম') |
| | মন্ত্র ১২ – ওঙ্কারের নীরবতাপূর্ণ অমাত্রায় লীন হওয়া (কূটস্থ 'আমি') |

এ পর্যায়ে আমরা আজ মাণ্ডূক্য উপনিষদে আত্ম-বিচার (১ম থেকে ৭ম মন্ত্র পর্যন্ত) প্রসঙ্গ জানার চেষ্টা করবো।

**১ম মন্ত্র**

**ওমিত্যেদক্ষরমিদং সর্বং তস্যোপব্যাখ্যানং ভূতং ভবদ্ ভবিষ্যদিতি সর্বমোঙ্কার এব। যচ্চান্যৎ ত্রিকালাতীতং তদপ্যোঙ্কার এব ॥**

বঙ্গানুবাদ : 'ওম' পরম সত্যের নির্দেশক। অতীত, বর্তমান ও ভবিষ্যতের প্রতীক এই 'ওম'। অতীত, বর্তমান ও ভবিষ্যত অতিক্রম করে যা আছে–তার প্রতিনিধিত্বও করে 'ওম'। (একনাথ ঈশ্বরণ, পৃষ্ঠা : ২০৩)

মর্মার্থ : লক্ষ্য করলেই বোঝা যাবে, 'ওম' শব্দটি উচ্চারণে 'অ-উ-ম' হয়ে দাঁড়ায়। এখানে 'অ' বর্তমান কাল, 'উ' অতীত কাল এবং 'ম' ভবিষ্যত কালের দ্যোতক। এর সাথে আরও জুড়ে আছে তিন জাগতিক 'তল' (স্বর্গলোক-পৃথিবী-পাতাল), তিনগুণ (সত্ত্ব-রজঃ-তমঃ), ত্রিদেব (ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বর), ত্রিগ্রন্থি (ব্রহ্মগ্রন্থি-বিষ্ণুগ্রন্থি-রুদ্রগ্রন্থি), তিন মাত্রা (সৎ-চিৎ-আনন্দ) ইত্যাদি। আর এসব অতিক্রম করে আছেন 'পরব্রহ্ম'। তাই অউম এর পরে 'অমাত্রা' (শব্দহীন নীরবতা)। শ্রীগীতাতেও যোগেশ্বর বলেছেন, সমস্ত জাগতিকতার (এখানে ত্রিকালের) উর্দ্ধে যিনি 'অব্যক্ত', তিনি অবিনশ্বর (শ্রীগীতা, অধ্যায় ৮, শ্লোক ২০)।

ওঙ্কার-বিচারে এই হচ্ছে মাণ্ডূক্যের প্রাথমিক ধাপ।

**২য় মন্ত্র**

**সর্বং হ্যেতদ্ ব্রহ্মায়মাত্মা ব্রহ্ম,
সোহয়মাত্মা চতুষ্পাৎ।**

বঙ্গানুবাদ : (দৃশ্যমান) সবই ব্রহ্ম। এই (জীব-)আত্মাও ব্রহ্ম। আত্মার চারটি অংশ।

মর্মার্থ : সমস্তই ব্রহ্মস্বরূপ। এই (জীব-)আত্মাও ব্রহ্মস্বরূপ। আত্মা 'চতুষ্পাৎ'। অর্থাৎ চারটি অংশ বা ভাগযুক্ত।

- বিশ্বঃ স্থুল জাগতিক অবস্থা, সাধারণ মানুষের যাবতীয় তৃপ্তিদায়ক;
- তৈজসঃ স্বপ্নাবস্থায় ইন্দ্রিয় যখন ঘুমিয়ে থাকে তখন মনের দ্বারা এইসব কাজ করা হয়, সূক্ষ্মবস্তু তৃপ্তিদায়ক;
- সুষুপ্তিঃ অন্যান্য ইন্দ্রিয়ের সাথে মনও ঘুমিয়ে থাকে এমনতর সর্বপ্রকার বোধহীন অবস্থা, আনন্দপ্রদ বস্তু তৃপ্তি দেয়;
- তুরীয়ঃ দেহ থেকে আত্মাকে আলাদা বোধ হয়, যাবতীয় বোধ-অনুভূতির অতীত অবস্থা, অনপেক্ষ।

এই মন্ত্রের মূল কথা ব্রহ্মের সর্ব্বাত্মকতা, আত্মস্বরূপতা এবং তার চারটি ভাগ দেখানো।

**৩য় মন্ত্র**

**জাগরিতস্থানো বহিঃপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতিমুখঃ স্থূলভুগ বৈশ্বানরঃ প্রথমঃ পাদঃ**

বঙ্গানুবাদ : প্রথম অংশের নাম 'বৈশ্বানর'। এখানে পরম সত্তা বহির্মুখী সব ইন্দ্রিয়ের মাধ্যমে অবস্থান করেন। এখানে তিনি শুধু বাইরের জগত সম্পর্কে সচেতন থাকেন। [বিস্তার]

মর্মার্থ : পূর্ববর্তী মন্ত্রে আত্মার যে চার ভাগের কথা বলা হয়েছে এখন একে একে তার বিস্তার করা হচ্ছে।

- সপ্তাঙ্গ = মানবশরীরের সাত অঙ্গ। প্রতিটির আবার জাগতিক বিষয়ের সাথেও যোগসূত্র আছে। সেগুলো হচ্ছে : মাথা (স্বর্গ), চোখ (সূর্য), মুখ (আগুন), শ্বাস-প্রশ্বাস (বায়ু), শরীরের মধ্যভাগ (আকাশ বা স্পেস), কিডনী (জল) এবং পা (মাটি বা পৃথিবী)।
- একোনবিংশতিমুখঃ = উনিশটি উপলব্ধিদ্বার (বা চ্যানেল)।
    - অন্তঃকরণের চার ভাগ = মন, চিত্ত, অহংকার, এবং বুদ্ধি।
    - পাঁচ প্রাণবায়ু = প্রাণ, অপান, সমান, উদান, ব্যান।
    - পাঁচ (কর্ম-)ইন্দ্রিয় = বাক (কথা), পাণি (হাত), পাদ (পা), উপস্থ (জননেন্দ্রিয়), পায়ু (মলদ্বার)।
    - পাঁচ (জ্ঞান-)ইন্দ্রিয় = (নাক দিয়ে) ঘ্রাণ, (জিভে) স্বাদ, (চোখে) দেখা, (ত্বকে) স্পর্শ, (কানে) শোনা।

জাগ্রত অবস্থায় বাহ্যিক বিষয়ে আমরা যা কিছু অনুভব করি, তার জন্যে সাতটি অঙ্গ এবং উনিশটি মুখ (উপলব্ধি-দ্বার বা চ্যানেল) রয়েছে। আমাদের যাবতীয় জাগতিক অনুভবের মাধ্যম এগুলো। আর এটিই আত্মার প্রথমপাদঃ বৈশ্বানর। যার শাব্দিক অর্থ : 'যা সব মানুষের আছে'। এখানে আত্মাকে 'অভিজ্ঞতা-লাভকারী' বা 'এক্সপেরিয়েন্সার' হিসেবে নিজেকে প্রকাশ করছেন। সাধকের কাছে তাই এটা প্রথম অনুধ্যানের বিষয়। এই মন্ত্রে ব্রহ্মের প্রথম পাদ বৈশ্বানরের প্রকৃতি বিশেষিত হলো। এটিই আত্ম-বিচারের প্রথম ধাপ।

আত্মার চার ভাগ আছে : বৈশ্বানর, তৈজস, প্রজ্ঞা এবং তুরীয়। বৈশ্বিক পরমাত্মারও চার ভাগ : বিরাট (সব স্থূল জাগতিক বস্তু), হিরণ্যগর্ভ (সব সূক্ষ্মবস্তু), ঈশ্বর যা অবিকৃত ও অব্যক্ত (কারণ-শরীরের সমষ্টি)। চতুর্থ হচ্ছে নির্গুণ ব্রহ্ম, যা তুরীয় পর্যায়ের। আত্মা ও পরমাত্মা সমান্তরালে চলে।

তাই আত্মার প্রথম ভাগ (বৈশ্বানরকে) পরব্রহ্মের প্রথমভাগ (বিরাট অংশ) দিয়ে ব্যাখ্যা করা হয়েছে। উদ্দেশ্য খুব সহজ। আত্মা এবং ব্রহ্ম যে অভিন্ন–এটা বোঝানো।

এভাবে তৈজস এবং হিরণ্যগর্ভ যে একই সমান্তরালে, সেটা বোঝা যাবে পরবর্তী মন্ত্রে।

**৪র্থ মন্ত্র**

**স্বপ্নস্থানোহন্তঃপ্রজ্ঞাঃ সপ্তাঙ্গ একোনবিংশতিমুখঃ প্রবিবিক্তভুক্তৈজসো দ্বিতীয়ঃ পাদঃ ৷৷**

বঙ্গানুবাদ : আত্মার দ্বিতীয় অংশের নাম 'তৈজস'। আমরা যখন ঘুমিয়ে থাকি এবং স্বপ্ন দেখি, তখন সাতটি অঙ্গ নিষ্ক্রিয় থাকে। কিন্তু মন বাদে আঠারোটি ইন্দ্রিয় নিষ্ক্রিয় থাকে। মন ঘুমায় না। যাবতীয় সংস্কার, কামনা-বাসনা, অভিজ্ঞতার ভাণ্ডার, কর্মফল–সব নিয়ে সে সক্রিয়। অবচেতন মন এইসময় স্বপ্ন দেখে। প্রথম অবস্থায়, মানে স্বাভাবিক জাগ্রত অবস্থায় আমরা বাহ্যিক বা স্থূল বিষয় ভোগ করি। আর এই অবস্থায়, মানে স্বপ্নাবস্থায়, আমরা সূক্ষ্ম বিষয় ভোগ করি।

মর্মার্থ : জাগ্রত অবস্থার অভিজ্ঞতাই স্বপ্নে বিনির্মিত হয়। এই অবস্থায় মানুষ বাইরের এবং ভেতরের, দুই জগত সম্পর্কেই সচেতন থাকে। কিন্তু জেগে ওঠার পরে যখন সে বিচার করে, তখন সে বুঝতে পারে যে, ওটা ছিল শুধুই এক অন্তর্গত সক্রিয়তা। এটা অনেকটা বাস্তবতার অনুকরণে আঁকা জলছবির মতো। জলছবিটি বাস্তবের মতোই। কিন্তু আদপে বাস্তব না। ঠিক তেমনি তৈজস অবস্থায় অজ্ঞতা-কামনা-বাসনা'র কারণে মানুষ স্বপ্নটিকেই বাস্তব মনে করে।

এখনকার মন্ত্রে আসবে সুষুপ্তি বা গভীর নিদ্রাবস্থার কথা।

**৫ম মন্ত্র**

**যত্র সুপ্তো ন কঞ্চন কামং কাময়তে, ন কঞ্চন স্বপ্নং পশ্যতি তৎ সুষুপ্তম্। সুষুপ্তস্থান একীভূতঃ প্রজ্ঞানঘন এবানন্দময়োহ্যানন্দভুক চেতো মুখঃ প্রাজ্ঞস্তৃতীয়ঃ পাদঃ ৷৷**

বঙ্গানুবাদ : যে অবস্থায় আত্মা কোনো বিষয় ভোগ করতে চায় না; কোনোরকম স্বপ্ন দেখে না; তাহাই 'সুষুপ্তস্থান' বা 'প্রজ্ঞাস্থান'। এই তৃতীয় পাদে, বাইরের ও ভেতরের বিষয়ে জীবাত্মার কোন ভেদজ্ঞান থাকে না।

মর্মার্থ : গভীর নিদ্রায় আমরা কোন স্বপ্ন দেখি না। সব অভিজ্ঞতা এখানে সচেতনতার সাথে মিলেমিশে একাকার। আর এই সচেতনতা আনন্দঘন এবং জ্ঞানের প্রবেশদ্বার।

আত্মার প্রথম তিনভাগের সাধারণ বৈশিষ্ট্য হচ্ছে– অদ্বৈত বিষয়ে অজ্ঞানতা। কিন্তু আগের দুই অবস্থা (বৈশ্বানর এবং তৈজস) থেকে সুষুপ্তি বা প্রজ্ঞার ভাগের মৌলিক পার্থক্য আছে। এখানে আত্মা স্থূল বা সূক্ষ্ম কোনো বিষয়ের সাথেই নিজেকে একাত্ম করে না। অভিজ্ঞতায় আনে না।

তাহলে কিসের সাথে নিজেকে একাত্ম করে? এই অবস্থায় জাগ্রত এবং স্বপ্নাবস্থায় মনের যাবতীয় কার্যকলাপ অদ্বৈতে পৌঁছায়। দ্বৈতভাব মুছে যায়। তবে এটা বিশুদ্ধ অদ্বৈত অবস্থা নয়। শঙ্করাচার্য উপমা দিয়ে বলছেন– যেভাবে রাতের অন্ধকারে যা আছে, তা যেমন আঁধারের কারণে দেখা যায় না। তেমনি সুষুপ্তি অবস্থায়ও কামনা-বাসনাহীন অবস্থায় অদ্বৈতের অনুভব পায়। তবে এটা সচেতন সাধনায় লাভ করা ব্রহ্মজ্ঞানের চাইতে একেবারেই আলাদা। কারণ এই অদ্বৈতের অনুভব ঘটছে সুষুপ্তিতে, গভীর নিদ্রাবস্থায়। তাই জেগে ওঠা মাত্র সাধারণ মন আবার বৈশ্বানরে ফিরে যায়। কিন্তু সত্যিকারের ব্রহ্মজ্ঞানী কখনোই দ্বৈত-ভাবে (বৈশ্বানরে) ফিরে যায় না।

গভীর নিদ্রাবস্থার সাথে সংযুক্ত এই চেতনাকেই বলে প্রজ্ঞা। সেই প্রজ্ঞার বৈশিষ্ট্য বর্ণিত হয়েছে আগামী মন্ত্রে।

**৬ষ্ঠ মন্ত্র**

**এষ সর্বেশ্বরঃ এষ সর্বজ্ঞ এষোহন্তর্যাম্যেষ যোনিঃ সর্বস্য–প্রভবাপ্যয়ৌ হি ভূতানাম্ ॥**

বঙ্গানুবাদ : প্রজ্ঞা সকলের ঈশ্বর। ইনি সর্বজ্ঞ। ইনি অন্তর্যামী (যিনি ভেতর থেকে সকলকে নিয়ন্ত্রণ করেন)। এবং ইনিই সমস্ত জাগতিকতার উৎপত্তি করেন। উনাতেই সব বিলীন হয়।

মর্মার্থ : এখানে প্রজ্ঞা বলতে, সুষুপ্তিতে সক্রিয় সচেতনতার কথা বলা হচ্ছে। এই সচেতনতা জাগ্রত (বৈশ্বানর) এবং স্বপ্ন (তৈজস) অবস্থার বিক্ষিপ্ততা থেকে মুক্ত। তাই স্বাভাবিক বিশুদ্ধতার অধিকারী।

এবারে ৭ম মন্ত্রে আলোচিত হবে তুরীয় অবস্থার কথা।

**৭ম মন্ত্র**

**নান্তঃপ্রজ্ঞং ন বহিষ্প্রজ্ঞং নোভযতঃপ্রজ্ঞং ন প্রজ্ঞানঘনং ন প্রজ্ঞং নাপ্রজ্ঞম্ অদৃষ্টমব্যবহার্যমগ্রাহ্যমলক্ষণমচিন্ত্যমব্যপ-দেশ্যমেকাত্মপ্রত্যযসারং প্রপঞ্চোপশমং শান্তং শিবমদ্বৈতং চতুর্থং মন্যন্তে। স আত্মা। স বিজ্ঞেয়ঃ ॥**

বঙ্গানুবাদ : তুরীয় সূক্ষ্ম বা স্থূল কোনো বিষয়েই জ্ঞান রাখেন না। সচেতনতা বা প্রজ্ঞার সাথেও তিনি সম্পর্কিত নন। এটি সচেতনতা বা অচেতনতা কোনোটাই নয়। তুরীয় ধারণার অতীত, মনের অগোচর, জ্ঞানেন্দ্রিয় ও কর্মেন্দ্রিয়ের ঊর্ধ্বে, অপ্রকাশক, অচিন্ত্যনীয়, এবং অবর্ণনীয়। যাবতীয় প্রপঞ্চের অতীত, শান্তি এবং মঙ্গলময়, এবং অদ্বৈত। তিনিই পরমাত্মা, এবং তিনিই একমাত্র জ্ঞাতব্য।

ভাবার্থ : তুরীয়কে তৈজস বা স্বপ্নাবস্থার সাথে একাত্ম করা যাবে না। বৈশ্বানর বা জাগ্রত অবস্থার সাথেও না। এটা জাগ্রত এবং স্বাপ্নাবস্থার মাঝামাঝি কোনো স্থানও না। এটিকে সুষুপ্তির সাথেও মেলানো যাবে না। কারণ, ওটা সাধারণ সচেতনতা মাত্র।

তুরীয় সব গুণের অতীত অবস্থা। এটি সাধারণ ধারণা-জগতের অতীত। সাধারণ চিন্তাসূত্রের অতীত এই তুরীয় অবস্থা। কোনো শব্দেই এর বৈশিষ্ট্য প্রকাশ করা যায় না। স্বাভাবিক চিন্তায় সব বৈশিষ্ট্য সরিয়ে নইলে সে স্থান শূন্য বোধ হয়। তাই উপনিষদ বলছে, তুরীয় অবস্থা এমন একটি ইতিবাচক অবস্থা যা কিনা উপলব্ধি করা যায় মাত্র। এই তুরীয় অবস্থা অবিকৃত অবস্থায় বাকি তিন ভাগেই বিদ্যমান থাকে।

তুরীয় অবস্থাকে 'শান্তি' বলা হচ্ছে, কারণ এটি সব আসক্তি এবং বিদ্বেষ থেকে মুক্ত। এই অবস্থার জ্ঞান লাভ করলে ভক্ত-সাধক দ্বৈতভাবের অবিদ্যা থেকে মুক্ত হয়। দ্বৈতভাব বা দ্বৈতচিন্তা সংঘর্ষ, ভয় এবং দুঃখের জন্ম দেয়।

**উপসংহার**

আত্মার স্বরূপ বিচার প্রসঙ্গে স্বামী বিবেকানন্দ খুব সুন্দরভাবে বলেছেন– "তিনিই আত্মা–সকল বস্তুর ঊর্ধ্বে, অনন্ত অসীম, সকল জ্ঞাত-জ্ঞেয়ের ঊর্ধ্বে। তাঁহারই মধ্যে তাঁহারই মাধ্যমে আমারা বিশ্বকে দেখি। তিনিই একমাত্র সত্তা।... সকল বস্তু, সকল জীবই আত্মা–লিঙ্গবিহীন, শুদ্ধ, চিরমঙ্গলময় আত্মা। নাম, রূপ–দেহই কেবল জড়; এবং ইহারাই সকল ভেদের স্রষ্টা। নাম ও রূপ, এই উভয় প্রকারের ভেদ যদি বর্জন করা যায়, তাহা হইলে সমগ্র বিশ্বব্রহ্মাণ্ডই এক হইয়া যাইবে। কোনো স্থানেই 'দুই' নাই, সর্বত্রই আছে মাত্র সেই 'এক'। তুমি ও আমি এক। প্রকৃতি নাই, ঈশ্বরও নাই, বিশ্বও নাই; আছে কেবল এই এক অনন্ত অসীম সত্তা, যাঁহা হইতে নাম-রূপের মাধ্যমে সকল বস্তু সৃষ্টি হইয়াছে।" (বাণী ও রচনা, ২য় খণ্ড, পৃষ্ঠা ৩০৩ - ৩০৪)

লীলাপ্রসঙ্গকার স্বামী সারদানন্দ বলেছেন, "ঠাকুর তাই আমাদের বার বার শিক্ষা দিতেন– "ওগো, অমুকের ছেলে আমি, অমুকের বাপ আমি, ব্রাহ্মণ আমি, শূদ্র আমি, পণ্ডিত আমি, ধনী আমি–এ সব হচ্চে কাঁচা আমি; ওতে বন্ধন নিয়ে আসে। ও সব ছেড়ে মনে করবে তাঁর (ভগবানের) দাস আমি, তাঁর ভক্ত আমি, তাঁর সন্তান আমি, তাঁর অংশ আমি। এই ভাবটি মনে পাকা করে রাখবে।" অথবা বলিতেন– "ওরে, অদ্বৈতজ্ঞঅন আঁচলে বেঁধে যা ইচ্ছা তা কর!"" (শ্রীশ্রীরামকৃষ্ণলীলাপ্রসঙ্গ ৩য় খণ্ড, পৃষ্ঠা ১১২)

পরিশেষে বলা যায়, ঠাকুর শ্রীরামকৃষ্ণের বাণী অনুসরণ করে "অদ্বৈতবাদকে আঁচলে বেঁধে" ভক্তি-বিশ্বাস সাথে নিয়ে সংসার করাই আমাদের কাজ।

মাণ্ডূক্য আমাদের সেই পথই দেখাচ্ছে। সবাই মিলে তবে মহামায়ার কাছে এই প্রার্থনায়ই প্রণত হই। ❑

**তথ্য-সূত্র :**


উপনিষদ সমগ্র, কালিকানন্দ অবধূত সম্পাদিত, গিরিজা প্রকাশনী, কলকাতা, পৃষ্ঠা ১৬০ - ১৭৪।

শ্রী জগদীশ চন্দ্র ঘোষ, শ্রীগীতা, প্রেসিডেন্সি লাইব্রেরী, কলকাতা, ২০০৬।

শ্রীম-কথিত, *শ্রীশ্রীরামকৃষ্ণকথামৃত*, উদ্বোধন কার্যালয়, কলকাতা, আশ্বিন ১৪২৭।

স্বামী বিবেকানন্দ, বাণী ও রচনা, ২য় খণ্ড, উদ্বোধন কার্যালয়, কলকাতা, ১৩৬৭।

Bibek Debroy & Dipavali Debroy, *The Upanishads*, Books For All, Delhi, 7th Chapter.

Eknath Easwaran, *The Upanishads*, Nilgiri Press, California, 2007, pp. 199 – 205.

Paul Deussen, *Sixty Upanishads of the Veda (Volume 2)*, Motilal Banarsidass, pages 605-637

Sri M. (2012). *Wisdom of the Rishis*. Magenta Press and Publication Pvt Ltd., Karnataka

Swami Nikhilananda, *The Upanishads (Volume 2)*, Ramakrishna-Vivekananda Center, New York, 2004, 4th Edition, pp. 203 – 216.

॥ ওঁ তৎ সৎ পরমাত্মনে নমঃ ॥

# প্রশ্ন উপনিষদ্

প্রারব্ধ বনিক

প্রশ্নোপনিষদ্ অথর্ববেদের পৈপ্পলাদ শাখার অন্তর্গত। এই উপনিষদে মহর্ষি পিপ্পলাদ প্রশ্নের মাধ্যমে জিজ্ঞাসিত তাঁর ছ'জন শিষ্যের ব্রহ্মতত্ত্ব বিষয়ক অনুসন্ধানের মীমাংসা করে দিয়েছেন। এইজন্য উপনিষদটির নাম **প্রশ্নোপনিষদ**। এই উপনিষদটি গদ্যে রচিত, তবে কিছু ব্যতিক্রমও আছে।

প্রথম প্রশ্ন জীব সৃষ্টি বিষয়ক। দ্বিতীয় প্রশ্ন দেবতাদের (ইন্দ্রিয়শক্তি) প্রাণীর শরীরকে ধারণ, তার সংখ্যা ও মহত্ত্ব বিষয়ক। তৃতীয় প্রশ্ন প্রাণের সৃষ্টি, জীব দেহে প্রবেশ, স্থিতি ও বহির্গমন। চতুর্থ প্রশ্ন প্রাণী দেহে অবস্থানকারী কোন দেবতা ঘুমোয়? কে জেগে থাকে? কে স্বপ্ন দেখে? ঘুমন্ত অবস্থায় সুখের অনুভব কার হয়? ইত্যাদি বিষয়ক। পঞ্চম প্রশ্ন **ওঁ**-কারের উপাসনা বিষয়ক। শেষ ও ষষ্ঠ প্রশ্ন **ষোড়শ-কলা-বিশিষ্ট** পুরুষ, কলাসমূহের উদ্ভব ইত্যাদি বিষয়ক। 'চিন্ময়ী-২০২২' সংখ্যায় প্রথম দু'টি প্রশ্নের বিষয় প্রকাশিত হয়েছে। আর এই সংখ্যায় অবশিষ্ট চারটি প্রশ্নের বিষয় আলোচনা করা হয়েছে।

**মানুষ যখন সকলের আত্মারূপ ব্রহ্মকে (ষোলকলা বিশিষ্ট পুরুষকে) লাভ করে ব্রহ্মভূত হন তখন নাম-রূপের ভেদাভেদ বিলুপ্ত হয়ে কেবল পুরুষ নামেই অভিহিত হন।**

## তৃতীয় প্রশ্ন

দ্বিতীয় প্রশ্নের উত্তরে প্রাণতত্ত্বের কথা শুনে অশ্বলপুত্র কৌসল্যের মনে কিছু প্রশ্ন জেগেছিল, তাই তিনি মহর্ষি পিপ্পলাদকে জিজ্ঞেস করলেন– হে প্রভু, আপনি যে প্রাণের মহিমা বর্ণনা করেছেন, সেই প্রাণ কোথা হতে জন্মলাভ করেন? শরীরে কি প্রকারে প্রবেশ করেন? পূর্ব জিজ্ঞাসিত প্রশ্নের উত্তরে আপনি বলেছিলেন, প্রাণ নিজেকে পাঁচ (প্রাণ, আপন, ব্যান, সমান ও উদান) ভাগে ভাগ করে শরীরকে ধরে রেখেছেন। নিজেকে বিভক্ত করে কিরূপেই বা দেহে অবস্থান করেন? কোন উপায় অবলম্বন করে শরীর থেকে বেরিয়ে যান এবং অন্য শরীরে প্রবেশ করেন? কি প্রকারে অধিভূত ও অধিদৈব (বাহ্য জগৎ) এবং অধ্যাত্ম (দেহেন্দ্রিয়াদি) বিষয়কে ধারণ করে আছেন?

এই প্রশ্ন শুনে মহর্ষি পিপ্পলাদ অতিশয় খুশি হয়ে কৌসল্যের প্রশংসা করে বললেন তুমি প্রাণশক্তির উৎস নির্ণয় সংক্রান্ত অত্যন্ত কঠিন প্রশ্ন জিজ্ঞেস করেছ। তুমি একজন নিষ্ঠাবান ব্রহ্মবিদ বলেই রহস্যের এত গভীরে ঢুকে এ সকল প্রশ্ন করতে পেরেছ। সুতরাং আমি তোমার জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর দিচ্ছি। এবার শোনো তোমার প্রশ্নের উত্তর। আত্মা (পরমাত্মা বা পরমপুরুষ) হতেই প্রাণ জন্মলাভ করেন। দেহের যেমন ছায়া থাকে তেমনি প্রাণও আত্মার ছায়া অর্থাৎ প্রাণ আত্মাতেই আশ্রিত আছে। শরীর না থাকলে ছায়া যেমন অস্তিত্বহীন, তেমনি আত্মা ব্যাতীত প্রাণ অস্তিত্বহীন। মনের আকাঙ্ক্ষা বা সংকল্পের দ্বারাই প্রাণ স্থূলদেহে প্রবেশ করেন। শরীরের গতিবিধির সাথে ছায়ারও গতিবিধি সমভাবে চলে। অনুরূপভাবে মৃত্যুকালে মনের সংকল্প যে অবস্থায় থাকে, জন্মান্তরে সেই অনুসারেই আত্মার প্রাণ নতুন দেহকে আশ্রয় করে। তবে মৃত্যুকালে প্রাণীর মনের সংকল্প ও ইচ্ছাদি তার কর্মানুসারে হয়ে থাকে।

রাজা বা সম্রাট যেরূপ তাঁর শাসনাধীন বিশাল ভূখণ্ডের সুশাসনের জন্য এক-একজনকে ডেকে কয়েকটা গ্রাম বা একটি প্রদেশ দিয়ে বলে 'এই সকল গ্রাম বা প্রদেশ তোমার অধীনে রইল'–এরূপ বলে অধিকারপ্রাপ্ত সুদক্ষ ব্যক্তিগণকে স্ব স্ব স্থানে নিযুক্ত করেন, ঠিক সেইভাবেই এই মুখ্যপ্রাণ অপরাপর প্রাণদিগকে (বিভিন্ন প্রাণ ও ইন্দ্রিয়সমূহকে) পৃথক পৃথকভাবে নিজ নিজ কার্যে নিযুক্ত করেন এবং মুখ্যপ্রাণ নিজে বসে সবকিছু নিয়ন্ত্রণ করেন। এই মুখ্যপ্রাণ আপনবায়ুকে পায়ু (মলমূত্র দ্বার) ও উপস্থ (জননেন্দ্রিয়) দেশে নিযুক্ত করেন। আপনবায়ু পায়ুতে থেকে মলমূত্র ও উপস্থে থেকে শুক্রের নির্গমন ঘটায়। স্বয়ং প্রাণ মুখ ও নাসিকা পথে সঞ্চারিত হয়ে চক্ষু ও কর্ণে অবস্থান করেন।

সমান বায়ু আপন আর প্রাণের ঠিক মাঝখানে অবস্থান করে উপর ও নীচের মধ্যে সমতা রক্ষা করে এবং আমরা যা খাই তাকে জঠরাগ্নিতে ফেলে জীর্ণ করে ভুক্তদ্রব্যকে রস-রক্ত-মাংসাদিতে রূপান্তরিত করে দেহের পুষ্টি সাধন করে। সুতরাং মুখ্য প্রাণের ইচ্ছানুযায়ী প্রাণ উপরে অবস্থান করে শ্বাস-প্রশ্বাসের, আপনবায়ু নিচে থেকে মলমূত্র ত্যাগ ও বীর্যস্খালন, আর সমান বায়ু মধ্যভাগে থেকে ভুক্তদ্রব্যকে জঠরাগ্নিতে জীর্ণ করে রস ও রক্তে পরিণত করার কাজ সম্পাদন করে থাকে। হৃদয়স্থ জঠরাগ্নি হতে সাতটি ইন্দ্রিয়ের শিখা নির্গত হয়–দুটি চোখ, দুটি কান, দুটি নাসাছিদ্র এবং মুখ। আর ভুক্তদ্রব্যের সারভূত রস দ্বারা পরিপুষ্ট হয়ে চোখ, কানাদি নিজ নিজ কর্ম করতে সমর্থ হয়।

আত্মা হৃদয়াকাশেই অবস্থান করেন। যোগীগণ হৃদয়াকাশে আত্মাকে জ্যোতিরূপে দেখতে পান। এই হৃদয়ে একশত একটি প্রধান নাড়ী আছে। তার প্রত্যেকটিতে একশত করে শাখারূপ নাড়ী আছে। আবার প্রত্যেক শাখানাড়ী থেকে বাহাত্তর হাজার করে নাড়ী শরীরের সর্বত্র ছড়িয়ে রয়েছে। এই সমস্ত নাড়ীসমূহে (১০১+১০১x১০০+১০১x১০০x৭২,০০০=৭২৭,২১০,২০১) ব্যানবায়ু অবাধে বিচরণ করে এবং শরীরের সর্বত্র রক্ত সঞ্চালন ও স্নায়ুতে শক্তি সঞ্চার করে থাকে।

উপরোক্ত নাড়ী ও শাখা-প্রশাখা নাড়ী ছাড়াও সুষুন্মা নামে আরেকটি নাড়ী হৃদয় থেকে ঊর্ধ্বগামী হয়ে মস্তিষ্কের উপর দিকে

গিয়েছে। দেহান্তে উদানবায়ু উর্ধ্বগামী হয়ে সুষুম্না নাড়ী পথে অন্য সকল প্রাণ ও ইন্দ্রিয়সমূহকে বর্তমান দেহ থেকে বের করে কৃতকর্মানুসারে বিভিন্ন লোকে পাঠিয়ে দেয়। পুণ্যকর্মের ফলস্বরূপ স্বর্গাদি পুণ্যলোকে ও পাপকর্মের ফলস্বরূপ অন্ধকারাচ্ছন্ন নরকাদি পাপলোকে প্রেরণ করা হয়। আর পাপ ও পুণ্য সমান হলে মনুষ্যলোক প্রাপ্ত করায়।

জীবদেহে যে প্রাণশক্তির ক্রিয়া চলে বাহ্য-জগতেও অনুরূপ প্রাণশক্তি কাজ করছে। আদিত্যই বাহ্য প্রাণ, কারণ এই আদিত্য বা সূর্য চোখকে অনুগ্রহ করে অর্থাৎ চক্ষুর আলোক উৎপাদন করে উদিত হন। বাইরের জগতে সূর্যই হলেন মুখ্যপ্রাণ। তিনি পৃথিবীর সবকিছুকে তার নিয়ন্ত্রণে রেখে সুশৃঙ্খল অবস্থায় রেখেছেন। অগ্নিদেব হলেন পৃথিবীর দেবতা। তিনি আপনবায়ুকে নীচের দিকে আকর্ষণ করে বর্তমান। সূর্য ও পৃথিবীর মধ্যবর্তী বায়ু সমান-বায়ু নামে শরীরাভ্যন্তরে অবস্থিত থেকে সমানবায়ুকে অনুগ্রহ করে বর্তমান। বাহ্যিক বায়ু সর্বত্র ব্যাপ্ত হয়ে বিচরণ করে, আবার শরীরস্থ ব্যানবায়ুও শরীরের সর্বত্র ব্যাপ্ত হয়ে বিচরণ করে। অতএব, দেহ মধ্যে ও বহির্জগতে ব্যাপ্তিরূপ সাদৃশ্যই ব্যান-বায়ুর অনুগ্রাহ অর্থাৎ বাহ্যিক বায়ু হলো ব্যান বায়ুর অনুগ্রাহক।

আমরা বাইরের জগতে যে আগ্নেয় তেজ অনুভব করি, সেটিই উদান বায়ুরূপে জীবদেহে অবস্থান করে। উদান বায়ু ক্রিয়াশীল থাকার কারণেই জীবদেহে উষ্ণতা অনুভব হয়। মৃত্যুকালে সুষুম্না পথে জীবদেহ থেকে উদান বায়ু বেরিয়ে যায়, তখন দেহের উত্তাপ লুপ্ত হয় এবং শরীর ঠাণ্ডা হয়ে যায়। এই সময়ে ইন্দ্রিয়সমূহ সংহত হয়ে মনে বিলীন হয়ে যায়।

মৃত্যুর ক্ষণে চিত্তে যে ভাব ও সংকল্প থাকে সেই ভাব ও সংকল্পযুক্ত মনের দ্বারা জীব নতুন দেহে আশ্রয় করে থাকে। উদান বায়ু প্রাণের বাহক আর মৃত্যুকালে মুখ্যপ্রাণ উদান বায়ু এবং জীবাত্মার সাথে মিলিত হয়ে জীবকে যথাসংকল্পিত লোকে নিয়ে দেহ ধারণ করায়। শ্রীমদ্ভগবদ্গীতায় (৮/৬) শ্রীভগবান বলেছেন– "যিনি যে ভাব স্মরণ করিতে করিতে দেহত্যাগ করেন, হে কৌন্তেয়, তিনি সর্বদা সেই ভাবে তন্ময়চিত্ত থাকায় সেই ভাবই প্রাপ্ত হন।" এই শ্লোকে বিশেষভাবে উল্লেখ আছে **"সদা তদ্ভাবভাবিতঃ"** 'অর্থাৎ চিরজীবন সেই ভাবে তন্ময় থাকিলেই মৃত্যুকালে তাঁহার স্মরণ হইতে পারে, নচেৎ মৃত্যুকালে ঈশ্বরচিন্তা মনে উদিত হয় না। তাই বলিতেছি, 'সর্বকালেই আমাকে চিন্তা কর' (শ্রীগীতা, শ্রী জগদীশ চন্দ্র ঘোষ, পৃ. ২৯৪)'। সুতরাং সারা জীবনের কর্মফলের উপর নির্ভর করেই দেহত্যাগের সময় মনের সংকল্প বা ইচ্ছে হয়ে থাকে।

একমাত্র জ্ঞানবান ব্যক্তিরাই প্রাণের মহত্ত্বকে জানতে পারেন। আর যে জ্ঞানী ব্যক্তি প্রাণের স্বরূপ জেনে ব্রহ্মদৃষ্টিতে উপাসনা করেন তাঁর কখনও সন্তান-সন্ততি বিচ্ছেদ হয় না, কেননা তাঁর সর্বদা প্রজাপতিত্ব অবিচ্ছিন্নভাবে বজায় থাকে। এরূপ নিষ্কাম উপাসক কর্তৃক একাগ্রচিত্তে প্রাণের উপাসনার দ্বারা চিত্তশুদ্ধি হলে তিনি সর্বাত্মক হয়ে জন্ম-মৃত্যুর সংসার অতিক্রম করে অমৃতময় জীবন প্রাপ্ত হন।

পরমাত্মা হতে প্রাণের উৎপত্তি, মনের সংকল্প অনুযায়ী জীবদেহে তার প্রবেশ, আপনাকে পাঁচ ভাগে বিভক্ত করে উহাদিগকে শরীরের বিভিন্ন স্থানে স্থাপন ও কার্য-বিভাগ এবং উহাদের (প্রাণ, আপন, ব্যান, সমান ও উদান) অনুগ্রাহক অধিদৈবত (সূর্য, পৃথিবী, আকাশ, বায়ু, অগ্নি) এই বাহ্যরূপ জেনে যিনি প্রাণতত্ত্বকে সম্যকভাবে উপলব্ধি করেছেন তিনি জগতের সমস্ত জীবের সাথে একাত্ম হয়ে জন্ম-মৃত্যুর সংসার থেকে মুক্ত হয়ে সুখ-দুঃখ দ্বন্দ্বাত্মক জীবন অতিক্রম করে অমরত্ব লাভ করেন।

### চতুর্থ প্রশ্ন

এবার সূর্যবংশীয় সৌর্যায়নী গার্গ্য এগিয়ে এলেন আরো সূক্ষ্ম প্রশ্ন নিয়ে। আগের তিনটি প্রশ্নে ধাপে ধাপে শিষ্যগণ জীবের সৃষ্টি, প্রাণীদেহে দেবতাদের অবস্থান ও প্রাণতত্ত্বের সাথে সংশ্লিষ্ট বিষয়াদির সন্ধান পেয়ে গেছেন। এর পরেও ব্রহ্মপরায়ন গার্গ্যের অনুসন্ধিৎসু মনে আরো অনেকগুলি প্রশ্ন জাগ্রত হলো। তাই তিনি মহর্ষি পিপ্পলাদকে প্রশ্ন করলেন– হে প্রভু, এই জীবদেহে অবস্থানকারী দেবতাগণের (ইন্দ্রিয়গণের) মধ্যে কারা নিদ্রা যান? কারাই-বা জেগে থেকে স্ব স্ব কার্য সম্পাদন করেন? কোন দেবতা স্বপ্নসমূহ দর্শন করেন? নিদ্রাবস্থায় কেই-বা সুখ অনুভব করেন? কার মধ্যে সকলে একীভূত হয়ে যায়? এভাবেই গার্গ্য জীবাত্মা ও পরমাত্মা বিষয়ক সমস্ত প্রশ্ন উত্থাপন করলেন।

মহর্ষি পিপ্পলাদ গার্গ্যের প্রশ্নের উত্তর এভাবে দিয়েছেন– অস্তগামী সূর্যের কিরণসমূহ যেরূপ উহার তেজোমণ্ডলে মিলিত হয়ে এক হয়ে যায়, আবার উদয়ের সময় সেই কিরণসমূহ চতুর্দিকে ছড়িয়ে পড়ে, ঠিক সেরূপ মানুষ যখন ঘুমোয়, তখন সকল ইন্দ্রিয় দেবতারা তাদের দেবতা 'মন' এর মধ্যে আশ্রয় নিয়ে একাকার হয়ে থাকেন। সেই কারণে নিদ্রাবস্থায় মানুষ শুনে না, দেখে না, স্পর্শ করে না, কথা বলে না, চলে না ইত্যাদি ইন্দ্রিয়ের কোন কাজই করতে পারে না। লোকে দেখে বলে–"তিনি ঘুমুচ্ছেন।"

আর মানুষ যখন ইন্দ্রিয়গণকে মনের মধ্যে আত্মগোপনে পাঠিয়ে দিয়ে ঘুমিয়ে পড়ে, তখন দেহরূপ নগরে অগ্নিসদৃশ পঞ্চবায়ু অর্থাৎ মুখ্যপ্রাণ নিজেকে পাঁচ ভাগে বিভক্ত করে যে অগ্নিতেজ সমস্ত শরীরে ছড়িয়ে দিয়েছেন, ঘুমন্ত অবস্থায় সেই প্রাণগুলি জাগ্রত থাকে। এখানে নিদ্রাকে একটি অগ্নিহোত্র যজ্ঞ কল্পনা করে পাঁচ প্রাণকে অগ্নিসদৃশ বলা হয়েছে। যজ্ঞবেদীতে অগ্নিহোত্র যজ্ঞ করতে প্রধানতঃ তিন প্রকারের অগ্নির প্রয়োজন হয়– গার্হপত্য, আহবনীয় আর দক্ষিনাগ্নি। এর মধ্যে গার্হপত্য অগ্নি কখনো নির্বাপিত হয় না। গৃহস্থের উনোনের আগুন জ্বলতেই থাকে, কারণ অতিথি যে কোন সময়েই চলে আসতে পারে। যজ্ঞের সময় গার্হপত্য অগ্নি থেকে আহবনীয় অগ্নিকে জ্বালিয়ে নিতে হয়। অন্য অগ্নি হতে গৃহীত বা হবন করা হয় বলে ইহার নাম আহবনীয়। প্রধান প্রধান যজ্ঞ বা হোম এই আহবনীয় অগ্নিতেই করা হয়ে থাকে। দক্ষিনাগ্নিকেও গার্হপত্য অগ্নি হতে জ্বালিয়ে নিতে হয়। যজ্ঞবেদীর ডানদিকে অর্থাৎ দক্ষিণ দিকে একটা আগুন জ্বলে, তাকেই দক্ষিনাগ্নি বলে। বেদীতে আহবনীয়ের স্থান পূর্বে এবং গার্হপত্যের পশ্চিমে। গার্হপত্য গৃহপতির অগ্নি, আহবনীয় দেবতাগণের অগ্নি এবং দক্ষিনাগ্নি পিতৃগণের প্রতিনিধি অগ্নি। ব্যানবায়ু হৃদয় হতে দক্ষিণস্থ নাড়ীরন্ধ্র দিয়ে নির্গত হয় বলে উহা দক্ষিনাগ্নি স্থানীয়। আবার ঘুমন্ত ব্যক্তির আপনবায়ু হতে যেন তার মুখ-নাসিকাপথে প্রাণবায়ু গ্রহণ করা

হয় এবং অন্তর্গামী আপন হতেই যেন বহির্গামী প্রাণ নির্গত হয়। যজ্ঞের কল্পনায় আপন গার্হপত্যস্থানীয় এবং প্রাণ আহবনীয়স্থানীয়। অতএব, ব্যানবায়ু দক্ষিনাগ্নির, আপনবায়ু গার্হপত্য অগ্নির এবং প্রাণবায়ু আহবনীয় অগ্নির সদৃশ।

অগ্নিহোত্র যজ্ঞের হোতা অর্থাৎ হবনকারী ঋত্বিকের ন্যায় সমান বায়ু শ্বাস-প্রশ্বাসরূপ এই দুটি আহুতিকে সমতা প্রাপ্ত করায়। এই জন্য সমানবায়ুই হোতাস্থানীয়। যজ্ঞে যেমন যজ্ঞকর্তা বা যজমান থাকেন, তেমনি আহবনীয় অগ্নিতে আহুতি দেবার জন্য একজন হোতাও থাকেন। সমানবায়ু জঠরাগ্নি-সদৃশ হয়ে জীব দেহের ঠিক মাঝখানে অবস্থান করে ভুক্ত দ্রব্যকে জীর্ণ করে রক্ত-রসে পরিণত করে শরীরের সমতা রক্ষা করে। সমান বায়ুই অগ্নিহোত্র যজ্ঞের হোতার ন্যায় শরীরস্থ আহুতিস্থানীয় শ্বাস-প্রশ্বাসকে অব্যাহত রেখে সর্বদা দেহ-রক্ষার্থে সমতা প্রাপ্ত করায়। আর মন হলো সেই যজ্ঞের যজমান বা যজ্ঞকর্তা, আর যজমানরূপী মন অগ্নিহোত্রের যজমানের মত যজ্ঞের ফল হিসাবে পায় উদান বায়ুকে। যজমান যেরূপ স্বর্গ কামনা করেন, মনও সেরূপ সুষুপ্তিতে ব্রহ্মরূপ নির্বিষয় আনন্দলাভের জন্য উৎসুক হয় এবং উদানবায়ু-অবলম্বনেই যজমান যজ্ঞফল লাভ করেন। উদান বায়ু ঘুমন্ত অবস্থায় যজমানরূপী মনকে স্বপ্নবৃত্তি থেকে বিচ্যুত করে সুষুপ্তিকালে–**"ব্রহ্ম গময়তি"**–'ব্রহ্ম প্রাপ্ত করায়'। এই ব্রহ্মপ্রাপ্তি বা ব্রহ্মানন্দ স্বপ্নকালীন কাল্পনিক সুখ। সুতরাং ঘুমন্ত অবস্থায় কাল্পনিক সুখের অনুভবকে কখনোই ব্রহ্মপ্রাপ্তি বলা যাবে না, তাই এই সুখকে তামসিক সুখ বলাই যৌক্তিক হবে। আর ব্রহ্ম-উপলব্ধি জনিত সুখ হলো ত্রিগুণাতীত, একবার উপলব্ধ হলে হৃদয়ে চিরস্থায়ী হয়ে থাকে। অপরপক্ষে, নিদ্রাকালীন কাল্পনিক সুখে ঘুম ভেঙ্গে গেলে প্রকৃত ব্যক্তিগত চেতনার জগতে প্রত্যাগমন করতে হয়।

গার্গ্যের পাঁচটি প্রশ্নের মধ্যে তৃতীয় প্রশ্নটি ছিল– ঘুমন্ত অবস্থায় কোন দেবতা স্বপ্নসকল দেখেন? মহর্ষি তার উত্তরে বলেন– মনোরূপ দেবতাই স্বপ্ন দর্শন করেন, কারণ স্বপ্ন মনেরই ধর্ম, আত্মার নয়। স্বপ্নাবস্থায় মন নিজ বিভূতি বা মহিমা অনুভব করেন। বাহ্যিক জগতে কত বিচিত্র রূপে তাঁর বিচরণ। আর জাগরণ ও সুষুপ্তির মধ্যবর্তী সময়ে মন জাগ্রত অবস্থায় যে সমস্ত বিচিত্র রূপ পূর্বে দিক-দিগান্তরে, দেশ-দেশান্তরে ঘুরে বেড়াতে বেড়াতে যা দেখেছেন, যা শুনেছেন, যা অনুভব করেছেন তাই যেন স্বপ্নে বারংবার দেখেন, শোনেন বা অনুভব করেন। বাস্তব জগতে যেমন তার অবাধ বিচরণ, স্বপ্নের কাল্পনিক জগতেও তেমনি অবাধ যাতায়াত। এমনকি মন-দেবতা কখনো যা প্রত্যক্ষ করেননি, শোনেননি বা অনুভব করেননি সব কিছুই স্বপ্নে দেখেন। এই জন্মে ও পূর্বজন্মে যা যা দৃষ্ট হয়েছে, শ্রুত হয়েছে, অনুভূত হয়েছে এবং যা কিছু সত্য ও যা কিছু অসত্য (কল্পিত) সমস্তই দর্শন করেন মনের কল্পনায়। তাই উপনিষদ বলেছেন **"সর্বম্ পশ্যতি, সর্বঃ পশ্যতি"**–'সবকিছুই দেখেন, সর্বরূপে দেখেন'।

ব্রহ্মপরায়ন গার্গ্যের চতুর্থ প্রশ্ন ছিল– নিদ্রাকালীন সময়ে সুখের অনুভব কার হয়? এর উত্তরে মহর্ষি বলেছেন– জাগ্রত অবস্থায় মানুষের মনে যে সমস্ত সংস্কার থাকে, ঘুমন্ত অবস্থায় তারাই স্বপ্নরূপে অনুভূতির বিষয়রূপে ফিরে আসে। সেই মনোরূপ দেবতার সংস্কারসমূহ উদ্বোধিত হওয়ার দ্বার যখন ব্রহ্মতেজ কর্তৃক বন্ধ হয়ে যায়, তখন মনে আর পূর্বসংস্কার জেগে থাকতে পারে না এবং মন আর স্বপ্নও দেখে না, একে বলে **সুষুপ্তি** অবস্থা। সেই সময়ে **"এতদ্ সুখম ভবতি"**–'এই সুষুপ্তিজাত সুখানুভব হয়' অর্থাৎ আত্মার সুখ-স্বরূপতা অনুভূত হয়। সুষুপ্তিকালে শরীরের সাথে আত্মার সাক্ষাৎ কোন সম্পর্ক না থাকলেও সুখটি যেন শরীরে অনুভূত হয়েছে এরূপ মনে হয়। জাগ্রত অবস্থায় ব্রহ্মবিদ সাধকের ব্রহ্মোপলব্ধিতে যে ব্রহ্মানন্দ হয়ে থাকে, এই সুখ সেই ব্রহ্মানন্দ নয়, সুখটি শরীরে অনুভূত হয়েছে এরূপ মনে হয় মাত্র।

গার্গ্যের পঞ্চম ও শেষ প্রশ্নটি ছিল– কোথায় বা কাহাতেই বা সকলে একীভূত হয়? মহর্ষি একটি দৃষ্টান্ত দিয়ে বিষয়টি বুঝিয়েছেন। পাখিসকল সন্ধ্যাকালে যেরূপ তাদের আশ্রয় বৃক্ষের বাসায় ফিরে আসে সেরূপ **"তৎ সর্বম্ পর আত্মনি সম্প্রতিষ্ঠতে"**–'সকল বস্তুই পরমাত্মাতে অধিষ্ঠিত হয়' অর্থাৎ জীবাত্মা পরমাত্মায় মিশে গিয়ে নিশ্চিন্তে পরম সুখে অবস্থান করে।

এই স্থুল জগৎ পঞ্চভূতের সমষ্টি– পৃথিবী বা ক্ষিতি, জল বা অপ্, অগ্নি বা তেজ, বায়ু বা মরুৎ এবং আকাশ বা ব্যোম। আমাদের পাঁচটি জ্ঞানেন্দ্রিয় অর্থাৎ নাক, জিহ্বা, চোখ, ত্বক ও কান পঞ্চভূতের নির্দেশক এবং তাদের বলা হয় স্থুলরূপ। এই স্থুলরূপের পশ্চাদে যে পাঁচটি সূক্ষ্মরূপ অর্থাৎ গন্ধ, রস, রূপ, স্পর্শ ও শব্দ রয়েছে তাদেরকে বলা হয় তন্মাত্রা। সুতরাং পৃথিবী ও গন্ধতন্মাত্রা, জল ও রস-তন্মাত্রা, তেজ ও রূপ-তন্মাত্রা, বায়ু ও স্পর্শ-তন্মাত্রা, আকাশ ও শব্দ-তন্মাত্রা। এইভাবে চক্ষু ও দেখার বস্তু, কান ও শোনার বিষয়, নাক ও গন্ধের বিষয়, স্বাদ ও স্বাদের বিষয়, ত্বক ও স্পর্শের বিষয়, বাক্ ও বাক্য, দুই হস্ত ও গ্রহণীয় বিষয়, দুই পা ও গমনের স্থান, মন ও মননযোগ্য বিষয়, মলদ্বার ও মলদ্বার দ্বারা ত্যক্তব্য বস্তু, উপস্থ ও তৎ বিষয়, বুদ্ধি ও বোদ্ধব্য বিষয়, অহংকার ও অহংকারের বিষয়, চিত্ত ও চিত্তের বিষয়, তেজ ও তেজোদ্দীপ্ত বিষয়, প্রাণ ও প্রাণের ধারণীয় বিষয়–এই সমস্তই সংহতভাবে একীভূত হয়ে পরম অক্ষর পুরুষ স্বরূপ আত্মাতেই প্রতিষ্ঠা লাভ করে। অধিকন্তু এই জীবাত্মাই দর্শনকর্তা, স্পর্শনকর্তা, শ্রোতা, ঘ্রানকর্তা, স্বাদগ্রহীতা, মননকারী, নিশ্চয়কারী, কার্য-কারণ, কর্ম-কর্তা নিয়ে সেই বিজ্ঞানময় আত্মা পরমাত্মার সঙ্গে একীভূত হয়ে যান, অর্থাৎ অক্ষর পরমাত্মায় প্রবেশ করেন। সুষুপ্ত ব্যক্তির ব্যক্তিচেতনা বিলুপ্ত হলেও আত্মপ্রত্যয় একেবারে অন্তর্হিত হয় না, তাই তার ঘুম ভেঙ্গে গেলে সে বলে থাকে 'বেশ আনন্দে ঘুমুচ্ছিলাম।'

অতএব, একথা নিশ্চয় করে বলা যায় সুষুপ্তাবস্থায় যে অক্ষয় ব্রহ্মের প্রাপ্তি তা অজ্ঞানপ্রসূত। আর যিনি সেই ছায়াহীন, শরীররহিত, গুণবর্জিত, বিশুদ্ধ অবিনাশী পরমাত্মাকে জানেন তিনি সর্বজ্ঞ ও সর্বাত্মক হন। তিনি উপরোক্ত শরীরত্রয়-বর্জিত হওয়ায় তিনি অবস্থাত্রয় বর্জিত অর্থাৎ জাগ্রত-স্বপ্ন-সুষুপ্তি বর্জিত শুভ্র **তুরীয়**। জাগ্রতাবস্থায় যিনি বিশেষ সাধনার দ্বারা সেই অক্ষর পুরুষের (পরমাত্মার) সাক্ষাৎ অপরোক্ষ উপলব্ধি করেন, তিনি পরমাত্মাকে প্রাপ্ত হন অর্থাৎ **তুরীয়** আত্মা ও অক্ষর পুরুষের ঐক্য

উপলব্ধি করেন। এই প্রকার স্থিতিলাভের ফলে তার নিজস্ব চেতনা লুপ্ত হয়ে যায় এবং সমস্ত প্রকার অজ্ঞানতা থেকে মুক্ত হয়ে তিনি সর্বজ্ঞ ও সর্বরূপ হয়ে যান।

এই প্রশ্নের অন্তিম মন্ত্রে বলা হয়েছে, হে সোম্য– জাগ্রত অবস্থায় কোন সাধক যদি তাঁর ইন্দ্রিয়গণকে সমস্ত ভোগ্য সামগ্রী থেকে প্রত্যাহার করে নিতে পারেন, তবে তিনি সমগ্র জীব ও জগতের সাথে একাত্মভাব অনুভব করেন। তাই উপনিষদ বলেছেন–**"সঃ সর্বজ্ঞঃ সর্বমেবাবিবেশ"**–'তিনি সর্বজ্ঞ হন এবং সকল বস্তুতে আত্মারূপ প্রবেশ করেন'। তিনি জাগ্রত স্বপ্ন বা সুষুপ্তি–সকল অবস্থায়ই পরমাত্মার সাথে যুক্ত থেকে ব্রহ্মানন্দ উপভোগ করেন।

**পঞ্চম প্রশ্ন**

এবার শিবিপুত্র সত্যকাম পরম সত্যের অন্বেষণে মহর্ষি পিপ্পলাদের নিকট প্রশ্ন করলেন– হে প্রভু, মনুষ্যগণের মধ্যে যিনি সারাজীবন নিরবচ্ছিন্নভাবে একাগ্রচিত্তে **ওঁ**-কারের ধ্যান করেন, তবে সেই ধ্যানসহায়ে দেহান্তে তিনি কোন লোকটি জয় করেন অর্থাৎ তাঁর স্থান হয় কোন লোকে? এর উত্তরে মহর্ষি জানালেন, হে সত্যকাম, **ওঁ**-কারের উপাসনা হলো ব্রহ্মেরই উপাসনা–পরব্রহ্ম ও অপরব্রহ্ম সবই **ওঁ**-কার স্বরূপ। যে তাঁকে যেভাবে উপাসনা করে সে তাঁকে সেভাবেই প্রাপ্ত হয়। যে ব্রহ্ম দেশ-কালের অতীত, যিনি মন-বাক্যের অগোচর, কোন বিশেষণ দিয়ে যাঁর মহিমা প্রকাশ করা যায় না তিনিই পরব্রহ্ম। আর যিনি সৃষ্টিতে নিজেকে বিশ্বজগতে প্রকাশ করেছেন, তিনি হলেন অপরব্রহ্ম। সুতরাং, **ওঁ**-কার উভয় ভাবেরই জ্ঞাপক। এই কারণেই জ্ঞানবান ব্যক্তি **ওঁ**-কাররূপ প্রতীক অবলম্বনে পরব্রহ্ম বা অপরব্রহ্মের উপাসনা অনুসারে অনুগমন করেন। **'অ'**-মাত্রা, **'উ'**-মাত্রা ও **'ম'**-মাত্রা–এই তিনটি মাত্রা নিয়ে **'ওম'**। সৃষ্টিতে এই তিনটি মাত্রা ব্রহ্মের তিনটি অবস্থার জ্ঞাপক। **'অ'**-কার জাগ্রত অবস্থার, **'উ'**-কার স্বপ্নাবস্থার এবং **'ম'**-কার সুষুপ্তাবস্থার ব্রহ্মের প্রতীক। উপাসক যদি পৃথিবীর ধনৈশ্বর্যাদিতে ভোগাসক্ত হয়ে **'অ'**-কার মাত্রার অভিমুখী হয়ে উপাসনা করেন তাহলে তিনি দেহান্তে **'অ'**-কার মাত্রাকে সাক্ষাৎ করেন এবং কাঙ্ক্ষিত ঐশ্বর্য ভোগ করানোর জন্য ঋগ্বেদের ঋক্‌গুলি তাকে শীঘ্রই পৃথিবীতে মনুষ্য দেহ প্রাপ্ত করায়। সেই ব্যক্তি দেহ প্রাপ্ত হয়ে তপস্যা, ব্রহ্মচর্য ও শ্রদ্ধা সম্পন্ন মানুষরূপে মহিমা অনুভব করেন।

আর সাধক যদি প্রণবের দ্বিতীয় মাত্রা 'উ'-কারের অভিমুখী হয়ে নিরন্তর ধ্যান করেন এবং তাতেই মনোনিবেশ করে তন্ময় হন, তবে তিনি দেহান্তে যজুর্বেদাত্মক অন্তঃকরনে আত্মভাব প্রাপ্ত হয়ে দ্বিতীয় মাত্রারূপী যজুবেদের মন্ত্রসকল দ্বারা অন্তরিক্ষস্থ স্বর্গলোকে অর্থাৎ চন্দ্রলোকে নীত হন। তথায় বেশ কিছুকাল নানাপ্রকার ঐশ্বর্য্য উপভোগ করে উপাসনালব্ধ পুণ্যের ক্ষয় হয়ে গেলে পুনরায় মৃত্যুলোকে ফিরে আসেন। **উ**-কার উপাসনার মানসভাব চন্দ্রলোকের প্রতীক। এই ভাবের অধিকারীরা পার্থিব ঐশ্বর্য্যে ভোগাসক্ত না হয়ে নানা প্রকার শুভ কর্মানুষ্ঠান ও পুণ্যকর্ম করে স্বর্গসুখ ভোগের কামনা করেন। উপনিষদের ভাষায়– **"বিভূতিম্ অনুভূয় পুনঃ আবর্ততে"**–'ঐশ্বর্য উপভোগ করে মর্ত্যলোকে প্রত্যাগমন করে।'

কিন্তু যিনি **অ, উ, ম**–এই ত্রিমাত্রাত্মক **'ওঁ'** অক্ষররূপ প্রতীকে নিরন্তর ধ্যান করে তাতেই মনোনিবেশ করে তন্ময় হন, তবে তিনি জ্যোতির্ময় সূর্যে মিলিত হন অর্থাৎ তেজোময় হিরণ্যলোকে সদানন্দময় যে পুরুষ তার সাথে একাত্ম হয়ে যান। উপাসক যদি এই মাত্রাত্রয়যুক্ত ওঁ-কারস্বরূপ পরব্রহ্মের উপাসনা করেন তবে জীর্ণ খোলস ছেড়ে সাপ যেমন নতুন দেহ ধারণ করে, সেরূপ তিনি সমস্ত পাপ ও কর্মবন্ধন থেকে মুক্ত হন এবং সামবেদের মন্ত্রসকল তাকে জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তির ঊর্দ্ধে ব্রহ্মলোকে পৌঁছিয়ে দেয়। তথায় তিনি সর্বজীবের অন্তর্যামীরূপে সকলের হৃদয়ে বিরাজমান পরমপুরুষের সাক্ষাৎ অপরোক্ষ জ্ঞান লাভ করে ব্রহ্মেই স্থিতিলাভ করেন। এই অবস্থাই হলো **তুরীয়** অবস্থা।

**ওঁ**-কারের তিনটি মাত্রা অ, উ, ম ব্রহ্মের তিনটি ভাব বা অবস্থার জ্ঞাপক। এই তিনমাত্রা পৃথক পৃথক উপাসনা মৃত্যুর অধীন। এক মাত্রার সঙ্গে অন্য মাত্রা নিবিড়ভাবে সম্বন্ধযুক্ত। তাই এই তিন মাত্রার একীকরণে বিভিন্ন ভাবের মধ্যে পরস্পর সম্বন্ধ স্থাপনপূর্বক উপাসনা করে সম্যক জ্ঞানসম্পন্ন ব্যক্তি কোন অবস্থাতেই বিচলিত হন না অর্থাৎ মৃত্যুভয় হতে মুক্ত হয়ে তিনি অমৃতত্ব প্রাপ্ত হন। তাই, মাত্রাত্রয়ের পৃথক পৃথক উপাসনার ফল মৃত্যু হলেও পরস্পর সম্বন্ধরূপে উপাসিত হলে ব্রহ্মপ্রাপ্তির কারণ হয়ে থাকে।

অতএব, **ওঁ**-কারের প্রথম মাত্রা **'অ'**-কারের উপাসনাকারীকে ঋগ্বেদস্থ মন্ত্রসমূহ মনুষ্যলোকে ফিরিয়ে দেয় অর্থাৎ জাগ্রত অবস্থাতেই থেকে যান। প্রথম মাত্রার পর দ্বিতীয় মাত্রা **'উ'**-কারের উপাসককে যজুবেদের মন্ত্রসকল নিয়ে যায় চন্দ্রলোকে, নিদ্রাকালে স্বপ্নসুখ ভোগের মত অবস্থা। আর প্রথম ও দ্বিতীয় মাত্রার পর যখন তৃতীয় মাত্রা 'ম'-কারযুক্ত হয়, তখন সেই উপাসককে সামবেদের মন্ত্রসকল ব্রহ্মলোকে পৌঁছিয়ে দেয় সেখানে কোন মৃত্যুভয় নেই, শোক-দুঃখ নেই, হতাশা-বেদনা নেই–আছে শুধু আনন্দ। অজ্ঞানীদের জন্য মর্ত্যলোক ও চন্দ্রলোক, আর জ্ঞানীদের জন্য ব্রহ্মলোক। ব্রহ্মলোকে নির্বিশেষ ব্রহ্মজ্ঞান উৎপন্ন হয়ে ক্রমমুক্তির কারণ হয়ে থাকে। অজ্ঞানীদের জন্য ব্রহ্মলোক অবরুদ্ধ। এই তিন মাত্রাবিশিষ্ট **ওঁ**-কারের ধ্যান সাধককে যেমন সৃষ্টির মধ্যে অভিব্যক্ত ব্রহ্মকে প্রাপ্ত করায়, আবার এই ওঁ-কার সাধনার দ্বারাই সৃষ্টির অতীত অক্ষর, অজর, অভয়, সর্বোত্তম, সদা আনন্দময়, অমৃত পুরুষকেও প্রাপ্ত করায় অর্থাৎ সেই ওঁ-কারাবলম্বনেই সাধক অপরব্রহ্ম ও পরব্রহ্ম উভয়ই প্রাপ্ত হন।

**ষষ্ঠ প্রশ্ন**

সবশেষে ভরদ্বাজপুত্র সুকেশা মহর্ষিকে প্রশ্ন করলেন–হে ভগবন, একবার কোসলদেশীয় রাজপুত্র হিরণ্যনাভ আমার কাছে এসে জিজ্ঞেস করেছিলেন, "হে ভরদ্বাজতনয়, আপনি ষোড়শ-কলা (অবয়ব) বিশিষ্ট পুরুষকে জানেন?" আমি তাঁকে বলেছিলাম "আমি জানি না। জানলে তোমাকে বলব না কেন? যে ব্যক্তি মিথ্যা কথা বলে সে সমূলে ধ্বংস প্রাপ্ত হয়। অতএব, আমি মিথ্যা বলতে পারি না।" আমার এই কথা শুনে রাজপুত্র আর কিছু না বলে চুপ করে রথে আরোহন করে চলে গেলেন। আমি এখন আপনার নিকট সেই ষোড়শ-কলা বিশিষ্ট পুরুষের বিষয় জানতে চাইছি, "সেই পুরুষটি কোথায় অবস্থিত?" অনুগ্রহ করে তা আমাকে বলুন।

সুকেশার প্রশ্নে মহর্ষি পিপ্পলাদ মুগ্ধ হলেন এবং তাঁকে বললেন, হে সোম্য, ষোলকলায় পূর্ণ সেই মহান পুরুষকে বাইরে কোথাও

খুঁজে পাবে না, তিনি জীবের হৃদয়ের অভ্যন্তরেই (হৃদয়পদ্মাকাশে) বিরাজমান, সেই পুরুষই জীবের প্রত্যগাত্মা (অন্তরস্থ আত্মা)। সাধকের যখন পরমাত্মাকে পাওয়ার অভিলাষ জাগ্রত হয় তখন তিনি তাঁর অন্তরস্থ হৃদয়েই দেখা দেন। আবার ষোলকলায় পরিপূর্ণ হয়ে তিনি এক ও অদ্বিতীয় হয়েও সৃষ্টিতে দেশ-কালের আবরণে নিজেকে বহুরূপে বিস্তার করেছেন। পরমপুরুষ ব্রহ্মের সৃষ্টি তার এই ষোল কলারই অন্তর্ভুক্ত। অতএব, এক যেমন সত্য, বহুও তেমনি সত্য, তবে বহু এককে আশ্রয় করে বিদ্যমান থাকে। তাই ষোলকলা বিশিষ্ট পরিপূর্ণ পুরুষকে অনুসন্ধান করতে দূরে কোথাও যেতে হবে না, তিনি মনের মন, বাক্যের বাক্য, প্রাণের প্রাণ ইত্যাদি রূপে আমাদের হৃদাকাশে অবস্থান করেন। একথাকে স্পষ্ট করার জন্য উপনিষদ বলেছেন– **"স ঈক্ষাং চক্রে–কস্মিন অহম্ উৎক্রান্ত উৎক্রান্তো ভবিষ্যামি, কস্মিন বা প্রতিষ্ঠিতে প্রতিষ্ঠাস্যামি"**–'সেই ষোলকলা বিশিষ্ট পুরুষ চিন্তা করলেন– দেহ থেকে কে চলে গেলে আমিও চলে যাব আর কেই বা প্রতিষ্ঠিত থাকলে আমিও দেহে অবস্থিত থাকব?' সেই পুরুষ নিজের ইচ্ছায় দেহের সাথে নিজেকে যুক্ত করেন, আর এই কারনে পরব্রহ্ম পরমাত্মা প্রথমেই সকলের প্রাণরূপ সর্বাত্মা হিরণ্যগর্ভকে সৃষ্টি করলেন। প্রাণ থেকে শুভকর্মের প্রেরণাকারী শ্রদ্ধার অর্থাৎ আস্তিক্য বুদ্ধির সৃষ্টি হলো। অতঃপর এই শুভবুদ্ধিতে উদ্বুদ্ধ হয়ে প্রাণ সৃষ্টি করল দেহের জন্য অপরিহার্য পাঁচটি উপাদান– আকাশ, বায়ু, অগ্নি, জল ও মাটি যাদেরকে পঞ্চ মহাভূত বলা হয়ে থাকে। এই পঞ্চভূতের মাধ্যমেই এই দৃশ্যমান বিশ্বব্রহ্মাণ্ড এবং প্রাণীজগতের সৃষ্টি। কর্মের প্রেরণা নিয়ে জীবদেহের সৃষ্টি হলো, কিন্তু কার সাহায্যে সেই কার্য সম্পাদিত হবে? সেই জন্য তার পরের ধাপে প্রকাশিত হলো পাঁচটি কর্মেন্দ্রিয়– বাক্-পানি-পাদ-বায়ু-উপস্থ এবং কর্মকে জ্ঞানমুখী করার জন্য পাঁচটি জ্ঞানেন্দ্রিয় চক্ষু-কর্ণ-নাসিকা-জিহ্বা-ত্বক। আর এই ইন্দ্রিয়গণকে পরিচালনা বা নিয়ন্ত্রণ করার জন্য সৃষ্টি হলো মন-বুদ্ধি-চিত্ত-অহংকার। পর্যায়ক্রমে ইন্দ্রিয় আর মনযুক্ত শরীরকে পুষ্ট-সবল রাখার জন্য অন্ন, নতুন জীবের উৎপত্তির জন্য বীর্য, ইন্দ্রিয় সংযমরূপ তপস্যা, উপাসনার বিভিন্ন মন্ত্র, কর্মফল ভোগ করার জন্য লোকসমূহ এবং বিভিন্ন লোকে বসবাসকারী নামের বিন্যাসও (দেব, গন্ধর্ব, মানুষ, কীট-পতঙ্গ ইত্যাদি) সৃষ্টি করা হলো। এভাবে বিশ্বব্রহ্মাণ্ড সৃষ্টি করে পরম পুরুষ রয়ে গেলেন জীবের হৃদয় গুহায়। পরম পুরুষ যেমন সম্পূর্ণ বিশ্ব ব্যাপৃত হয়ে আছেন, সেরূপে আমাদের হৃদয়েও আছেন। সেই পরম পুরুষকে জানাই হলো ষোলকলা বিশিষ্ট পুরুষকে জানা।

এখানে মহর্ষি পিপ্পলাদ একটি দৃষ্টান্তের মাধ্যমে সুকঠিন ব্রহ্মতত্ত্বকে তুলে ধরেছেন। সমুদ্রাভিমুখী প্রবাহমান ভিন্ন ভিন্ন নাম ও রূপের নদীসমূহ যেরূপ সমুদ্রে প্রবেশ করে তাতেই বিলীন হয়ে যায়– তাদের নাম রূপ বিনষ্ট হয়ে সমুদ্র নামেই কথিত হয়ে থাকে, ঠিক সেরূপ মানুষ যখন সকলের আত্মারূপ ব্রহ্মকে (ষোলকলা বিশিষ্ট পুরুষকে) লাভ করে ব্রহ্মভূত হন তখন নাম-রূপের ভেদাভেদ বিলুপ্ত হয়ে কেবল পুরুষ নামেই অভিহিত হন। এরূপ বিদ্বান ব্যক্তি কলারহিত ও অমর হয়ে যান। রথচক্রের শলাকাগুলি যেমন ঐ চক্রের মধ্যস্থ নাভিতে সন্নিবিষ্ট থাকে অর্থাৎ প্রতিষ্টিত বা আশ্রিত থাকে, তেমনিভাবে কলাসমূহ পরম পুরুষে প্রতিষ্ঠিত আছে। সেই পুরুষকে (পরমাত্মাকে) জানতে হবে। তাঁকে সাধনার দ্বারা জ্ঞেয়রূপে জানলে মৃত্যুর সাধ্য নেই তোমাদের ব্যাথিত করতে পারে অর্থাৎ তাঁকে জানার পর তোমরা মৃত্যুকে অতিক্রম করবে এবং পুনঃ পুনঃ জন্ম-মৃত্যুর সংসার অতিক্রম করে চিরকালের জন্য অমর হয়ে যাবে।

এ পর্যন্ত বলেই থেমে গেলেন মহর্ষি পিপ্পলাদ। তিনি ছয়জন ব্রহ্মনিষ্ঠ শিষ্যকে বললেন– আমার জ্ঞান এ পর্যন্তই অর্থাৎ আমি পরব্রহ্ম সম্বন্ধে এই পর্যন্তই জানি। এর বেশী আর জ্ঞাতব্য নেই। তাঁর সম্বন্ধে তোমাদের যা কিছু বলার ছিল সবই বলেছি।

মহর্ষি পিপ্পলাদের নিকট ব্রহ্মজ্ঞান লাভ করে ছয়জন শিষ্যই পরিতৃপ্ত। তাঁদের জিজ্ঞাসু মনে যে অনুসন্ধিৎসা ছিল তার অবসান হয়েছে। তাই যাবার আগে শিষ্যগণ মহর্ষিকে করজোরে শ্রদ্ধার্ঘ নিবেদন করতে করতে বললেন–আপনিই আমাদিগকে অবিদ্যার পরপারে নিয়ে গেলেন। আপনি আমাদের পিতা-জ্ঞানদাতা পিতা। ব্রহ্মবিদ্যা প্রবর্তক ঋষিগণকে শ্রদ্ধাবনতচিত্তে পুনঃ পুনঃ নমস্কার।

॥ অথর্ববেদীয় প্রশ্নোপনিষদ সমাপ্ত ॥ ❑

**তথ্য সহায়ক গ্রন্থাবলী :**


১। স্বামী গম্ভীরানন্দ সম্পাদিত– উপনিষদ গ্রন্থাবলী, প্রথম ভাগ, উদ্বোধন কার্যালয়, কলকাতা।

২। শ্রীঅরবিন্দ– উপনিষদাবলী, শ্রী অরবিন্দ আশ্রম, পণ্ডিচেরী।

৩। অতুল চন্দ্র সেন, সীতানাথ তত্ত্বভূষণ ও মহেশচন্দ্র ঘোষ সম্পাদিত– উপনিষদ, অখণ্ড সংস্করণ, হরফ প্রকাশনী, কলকাতা।

৪। কালিকানন্দ অবধূত সম্পাদিত– উপনিষদ সমগ্র, গিরিজা লাইব্রেরী, কলকাতা।

৫। চিত্তরঞ্জন ঘোষাল (সংকলন ও ভাষান্তর)– উপনিষদ সংগ্রহ, গ্রন্থিক সংস্করণ, কলকাতা।

৬। ড. মহানামব্রত ব্রহ্মচারী– উপনিষদ ভাবনা, প্রথম খণ্ড, শ্রীশ্রীমহানাম অঙ্গন, কলকাতা।

৭। সুধাংশু রঞ্জন ঘোষ (অনুবাদ ও সম্পাদনা)– বিবেকানন্দ রচনা সমগ্র, প্রথম ও দ্বিতীয় খণ্ড, কলকাতা।

৮। শ্রী জগদীশ চন্দ্র ঘোষ সম্পাদিত– শ্রীমদ্ভগবদ্গীতা, প্রেসিডেন্সী লাইব্রেরী, কলকাতা।

৯। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত ও আশুতোষ দেব কর্তৃক সম্পাদিত– সমগ্র ব্যাকরণ, কৌমুদী দেব সাহিত্য কুটীর প্রাইভেট লিমিটেড কর্তৃক প্রকাশিত।

১০। ড. বিশ্বরঞ্জন গোস্বামী, শ্রী রমারঞ্জন কাব্যব্যাকরণতীর্থ, শ্রীযুক্ত শম্ভুনাথ পাঠক (অনুবাদ)– উপনিষদ, গীতা প্রেস, গোরক্ষপুর।

১১। পৃথ্বীরাজ সেন– উপনিষদ গল্প-সমগ্র, কলকাতা বইমেলা।

# ASHA TRAVELS LTD.

*High Quality Service in Town Since 2001 World Wide Competitive Fare*

আকাশ পথে ভ্রমণের নিশ্চয়তা আমাদের হাতে

IATA

TICO
TRAVEL INDUSTRY COUNCIL OF ONTARIO



সিলেট যাত্রীদের আমরা সরাসরি সিলেটে পৌছে দেওয়ার ব্যবস্থা করে থাকি

**2694 Danforth Avenue**
Toronto, ON M4C 1L7
**Tel: 416-693-6917**
**1-866-693-6917**
Fax: 416-693-3178
E-mail: info@ashatravels.ca
Web: www.ashatraveles.ca

শারদীয় শুভেচ্ছা

Sumon Dash
Manager

আমরা এখন নতুন ঠিকানায় আপনাদের আরো কাছাকাছি

**OUR SERVICES:**

- AIRLINE TICKETING
- CAR AND HOTEL RESERVATIONS
- TRAVEL INSURANCE
- PASSPORT & VISA INFORMATION

- Sylhet Office : 0821-718833 / 712760
- Dhaka Office : 02-935-6487 / 935-7371
- Moulavibazar Office : 0861-52691
- Sreemongal Office : 08626-678

TICO Reg. # Retail: 50009797
Wholesale: 50011294

AIR CANADA · BRITISH AIRWAYS · KUWAIT AIRWAYS · GULF AIR · SINGAPORE AIRLINES · ETIHAD AIRWAYS · bangladesh · malaysia airlines · AIR INDIA · Emirates · SAUDI ARABIAN AIRLINES · QATAR AIRWAYS · Delta · KLM · UNITED · CATHAY PACIFIC


HAPPY
Durga
Puja
SELL FOR TOP DOLLAR & BUY WITH CONFIDENCE!
BUY . SELL . INVEST. Call Me For All Your Real Estate Needs
DULAL BHOWMIK
REALTOR ®
437-770-3486
dulalrealtor@gmail.com
www.dulalrealtor.ca
dulalrealtor
CASH BACK
HUGE AMOUNT
GUARANTEE
FOR BUYERS
New Owner Orientation
Strong Negotiation Skills
Service Commitment
Assist with Mortgage, Inspection & Lawyers
SCAN ME
FOR SELLERS
Free Home Evaluation
Best Value For Your Property
Professional Home Staging Available
Competitive Commission Structure
MLS Listing. Advertise in Social Media
CENTURY 21.
Heritage Group Ltd
11160 Yonge Street
Richmond Hill, ON L4S 1H5
REALTOR
MULTIPLE LISTING SERVICE
Independently Owned and Operated
Your best interest is my top Priority ! My commitment & My goal is to provide my clients Great Service that leads to great satisfactions.
For your convenience I provide extended service from 4 other offices
THORNHILL, ONTARIO
7330 Yonge Street
BRADFORD, ONTARIO
49 Holland Street West
HAMILTON, ONTARIO
209 Limeridge Road East #2
NEWMARKET, ONTARIO
17035 Yonge Street Suite 100

# NK Roy Professional Corporation

## Chartered Professional Accountant



CPA CHARTERED PROFESSIONAL ACCOUNTANTS CANADA

CGA

CERTIFIED GENERAL ACCOUNTANT

**Nupur Kumar Roy**

CPA,CGA

## OUR PROFESSIONAL SERVICES

- Compilation engagement (Notice to Reader)
- Assistance in preparing audit working paper files
- Income Tax (Efile)/Tax planning
- Representing CRA audit/Tax appeal
- Controllership/Full cycle Accounting
- Bookkeeping/GST/HST
- Payroll including WSIB/EHT
- Business incorporation/Registration
- Business plan: Small Business Loan
- Accounting system design & software set up

101 Lebovic Avenue, Suite # F03, Toronto, ON M1L OJ2
Office: 416-752-7199 , Fax: 416-757-3952, Cell: 416-670-0444
Email: info@nkroypc.com, Web: www.nkroypc.com

CPA ONTARIO


Do you have problems with CRA ?

Do Estate planning today, minimize Tax & preserve wealth for next generations

শারদীয় শুভেচ্ছা

P K SAHA
Professional Corporation

For free consultation Please call:
416-858-7110 (Direct)




Pradip Saha
CPA, CGA, ACCA, MBA (UK), M.COM (DU)
B.COM (Accounting) (Ryerson University)

- Notice to Reader Financial Statements
- CRA Tax Review, Audit, Appeals & Tax Court Services
- Resolve CRA enforcements (Garnishment, Freeze Bank Account, Penalty)
- Resolve CRA Conflicts-Pier Report, Payroll, RRSP, TFSA Overpayment
- Analysis Previous Years Tax Return & Recovery Money form CRA
- Personal & Corporate Tax Return
- Trust & Not for Profit Organization Tax Return
- Assistance in Pre & Post Bankruptcy Tax Return
- Accounting, Bookkeeping, GST/HST, Payroll, WSIB, EHT Return
- Non-Residence Matters: (ITN, NR4, NR6, Section 216, Section 217 Return)
- Estate Return & Tax Clearance Certificates for Deceased Taxpayer
- Minimize Taxes by Changing your Business Structure
- Save & Defer Taxes by Transfer Property to Corp & Various Elections (T-2057, CPT30, CDA)
- Company Incorporation & setup with CRA (GST/HST, Payroll, BN)
- HST Rebate on New Residential, Rental & Owner-Build Housing

Ph: 416 792 4615, Fax: 416 792 4616,
E-mail pradipsaha227@hotmail.com

777 Warden Ave, Unit - 219, Toronto, ON M1L 4C3
(Major Intersection Warden & Eglinton)


GLS BUILDERS & CONSTRUCTION INC.
DESIGN | BUILD | RENOVATE
416-846-6815 | 647-780-9572
শারদীয় শুভেচ্ছা
SHOME TEAM
REALTY SERVICES
ON YOUR SIDE 24/7
WWW.SHOMETEAM.COM
স্বর্গীয় সুব্রত সোমের ছোট ভাই মিঠু সোম
ও তার সহধর্মিনী এখন আপনাদের সেবায়
Mithu Shome
Salesperson
416-846-6815
mitoshome@yahoo.ca
RE/MAX
Subarna Dey
Broker
647-780-9572
subarnadey2011@gmail.com
RE/MAX METROPOLIS
REALTY BROKERAGE
* Each office independently owned and operated.


LAW OFFICE
SIKDER Professional Corporation
Barristers, Solicitors & Notary Publics
2 LOCATIONS TO SERVE YOUR LEGAL NEEDS:
ALBION ROAD & DANFORTH AVENUE
দুর্গাপূজা উপলক্ষে প্রবাসে সকল
বাংলাদেশীদের শারদ শুভেচ্ছা।
AREA OF PRACTICE
REAL ESTATE
CRIMINAL
ALL IMMIGRATION
BUSINESS LAW
FAMILY LAW
GENERAL PRACTICE
Paltu Kumar Sikder
Barrister, Solicitors & Notaries
DAY TIME OFFICE:
306-1620 Albion Road
Toronto, ON M9V 4B4
416-707-5065
416-740-2957
EVENING TIME OFFICE:
2978 Danforth Avenue
Toronto, ON M4C 1M6
SIKDER@SIKDERLAW.CA SIKDERLAW.CA


HAPPY
Durga Puja
YOUR
DREAM HOME
MAKER
Are you looking for a Reliable Home Builder ?
We are a Scarborough Based Custom Home
Builder with 17 years of experience!
We do custom design with all your needs!
We arrange Financing
GUARANTEE
CUSTOM HOME INC.
www.customhomecanada.com
Shan De
462 Birchmount Road
Unit - 35
Toronto, ON M1K 1N8
customhometoronto@gmail.com
Shankardey7@gmail.com
Tel : 416.910.8753 (Cell)
: 647.347.2310 (off)
www.customhomecanada.com

# DAFFODIL
## Medical Clinic

655 McCowan Rd, Scarborough Tel: (416) 362-3900

## Dr. Asim Raja

# Accepting New Patients

**MINOR AILMENTS (PHARMACIST)**

## WALK-IN CLINIC

## St. Clair Midland Pharmacy

3655 St. Clair Ave E, Scarborough Tel: (416) 847-6780

## OPEN 365/365


Chitta Das and Team
Many times award winner Realtor
CHAIRMAN'S CLUB
RE/MAX HALL of FAME
HALL OF FAME 2020 BY REMAX INTERNATIONAL
CHAIRMAN CLUB AWARD 2021 AND MANY MORE
PLATINUM
AWARD 2017, 2019 AND 2020
LET ME HELP YOU FIND YOUR DREAM HOME
Your Trusted Realtor 416.655.0996
chitta.realtor@gmail.com
RE/MAX
ALL-STARS REALTY INC., BROKERAGE
TEL: 416.265.2000 FAX: 905 477 6839
NOW SERVING YOU FROM 2 LOCATIONS
TORONTO OFFICE
3000 Danforth Ave
Unit#108 C, Toronto, ON
M4C 1M7, Canada
HEAD OFFICE
5071 Hwy 7
Unionville, ON
L3R 1N3, Canada
REALTOR
MLS




Bengali New Year Celebration
Bangladesh Canada Hindu Cultural Society
























Canadian Immigration
Moumita Chakraborty
RCIC, MBA
Specialize in:
Rejected Applications
Student Visa
Express Entry
PNP
Visitor Visa
Super Visa
Completed File Review
Others
RCIC
Regulated Canadian
Immigration Consultan
CONTACT
info@micscanada.ca
1-647-866-6364


shenextfashion.com
She
She next fashion
Exclusive Fashion For Exclusive You
Sharod Subeccha
Where Tradition Meets Timeless Glamour
Shop from the Best Collections of
Traditional Wear - Sarees, Kurtis, Tops,
Salwars Suits, and Lehengas.
Men's Wear - Punjabi & Sherwani
Kid's Wear, Accessories.
Special Bridal Collections
Deliver all over
Canada & USA
Follow Us
@ shenextfashion
2960 Danforth Ave, Toronto, ON M4C 1M6 | +1 416-546-3130

# LAW OFFICE

"You are the Purpose,
Part and the Opportunity of our Work"

SLPC
SINGHA LAW PROFESSIONAL CORPORATION

PRACTICE AREAS

Real Estate
Litigation
Family Law
Immigration
Wills & Power of Attorney




Legal Aid Accepted

We speak English,
Bengali, Hindi & Urdu


## JAYANTA K. SINGHA

Barrister & Solicitor, Notary Public

2249 Kingston Road, Main Floor, Toronto, Ontario. M1N 1T8
T : 416 265 9449 F : 416 265 4044
Email : info@singhalaw.ca. www.singhalaw.ca


Wishing you
a Happy
Durga Puja
Wishing you
Happy Durga
puja 2023
Don't Get left behind
Buying or Selling
We'll get you
where you
need to go
Buy, sell, Lease, Invest,
Residential/Commercial.
Design Build or
Extensive Renovation.
1.Guaranteed SOLD Only 1% LA
commission.
2.Buyer's Huge Cash Back!
3.One Stop Real Estate Solutions!
Higher Standards Agents Higher Results!
HOMELIFE
HIGHER STANDARDS
Ronny Sur
Broker/Consult
647.710.1534
416.298.3200
ronnybroker@gmail.com
www.ronnysur.com
Homelife Today Realty Ltd
200- 11 Progress Ave Toronto
ON M1P 4S7
Independentaly Owned and Operated


SARKAR FOODS
সরকার ফুডস্
SOUTH ASIAN & CANADIAN GROCERY
HALAL MONITORING AUTHORITY
সর্বপ্রথম হালাল মনিটরিং অনুমোদিত
HMA Certified Halal Meat
Fresh Fruits
Vegetables
Fish
Halal Meat
2996 Danforth Ave., Toronto, ON M4C IM6
Tel: 416.691.4815
Meat & Fish order: 647-847-5225


সবাইকে শারদীয় দুর্গোৎসবের শুভেচ্ছা
মা
SINCE 1985
Visit us at Danforth Bangla Town
ADI BIKRAMPUR SWEETS
& FAST FOOD
আদি বিক্রমপুর সুইটস
এন্ড ফাস্ট ফুড
3000 DANFORTH AVENUE, TORONTO BANGLA TOWN, M4C1M7, ON, CANADA
(647) 562 8817 / (416) 455 8417

Kennedy TAX

*PROVIDING RELIABLE TAX SERVICES FOR OVER 12 YEARS*



**Manoranjan Talukder**

- ✓ **Personal & Corporate Tax Returns**
- ✓ **Complete Small Business Tax Solutions**
- ✓ **Multi-Year Tax & CRA Audit Assistance**
- ✓ **Year Round Open & Free Tax Consultation!!!**

**205 - 2390 EGLINTON AVE. EAST,**
(EGLINTON & KENNEDY) SCARBOROUGH, ON. M1K 2P5
PHONE: **647-827-2220 / 647-340-1004**

## *Visit Our New Branch!*

**2163A LAWRENCE AVE. EAST, (2ND FLOOR)**
(LAWRENCE & BIRCHMOUNT) SCARBOROUGH, ON. M1P 2P5
PHONE: **647-368-7310**

**info@kennedyaccounting.ca**
**www.kennedyaccounting.ca**

# INSURANCE




SAVINGS FOR YOU,
PROTECTION FOR YOUR
LOVED ONES.

Through my affiliation(s) with this/these offices(s), I am able to offer clients insurance and investment products underwritten by the following companies:

- Assumption Life
- Canada Life Assurance
- Edge Benefits
- Foresters
- iA Financial Group
- La Capitale
- RBC
- Sun Life
- BMO Insurance
- Canada Protection Plan
- Empire Life
- iA Excellence
- Manulife
- SSQ
- Western Life
- Blue Cross
- Desjardins
- Equitable Life
- ivari
- Other


- Life Insurance
- Mortgage Insurance
- Critical Illness
- Disability Insurance
- RRSP
- RESP
- Health Insurance
- Travel Insurance
- Investment

**Take advantage up to 20% GRANTS from the Government of Canada for children's education**



**Ashutosh Roy Chowdhury**
Insurance Advisor
Direct: 647-285-9162
E-mail: kalni196@yahoo.ca


YOUR DREAM YOUR HOME YOUR REALTOR
শারদীয় শুভেচ্ছা
kw
KELLERWILLIAMS®
ADVANTAGE REALTY
BROKERAGE
INDEPENDENTLY OWNED & OPERATED
Please contact your all Real Estate matters including buying, selling and renting.
Keller Williams Advantage Realty, Brokerage
1238 Queen St E B, Toronto ON
Cell : 647-899-6522
Office : 416-465-4545
Fax : 416-465-4533
Email : subalsaha@gmail.com
Members of the Toronto Real Estate Board
SUBAL SAHA
Sales Representative


ARE YOU THINKING OF
BUYING & SELLING
❑ RESIDENTIAL PROPERTIES
❑ COMMERCIAL PROPERTIES
RIGHT AT HOME
REALTY INC.
BROKERAGE
REALTOR
MULTIPLE LISTING SERVICE
Wishing you a Joyous Holiday and Puja Shubhechha
❑ TOP NEGOTIATOR
❑ LOW COMMISSION FOR LISTING
❑ ARRANGE MORTGAGE
1396 Don Mills Rd. Unit B-121
Toronto, ON, M3B0A7
Office: 416-391-3232
Fax: 416-391-0319
www.rightathomerealty.com
Member of the Toronto Real Estate Board
Shimul Datta
Broker
Direct Line:
416-662-9745
shimuldatta@gmail.com

SHYAMADAS (SAM) MUKHERJEE



সকলকে জানাই
শারদ শুভেচ্ছা

*The name stands on trust*

বাড়ি ক্রয় বা বিক্রয়ের নির্ভরযোগ্য নাম

**Shyamadas (SAM) Mukherjee**

Sales Representative

REALTOR® MLS® MULTIPLE LISTING SERVICE

Tel: 416-298-8383 Fax: 416-298-8303
2250 Markham Road, Unit 3,
Toronto ON M1B 2W4

Century 21®

Innovative Realty Inc.

RESPONSIBILITY OWNED AND OPERATED

BROKERAGE
Member of the Toronto Real Estate Board



**Direct: 416-822-3225**

mukherjee_sam@yahoo.ca
www.century21.ca/shyamadas.mukherjee

# শ্রীশ্রীরামঠাকুর

অরুনাংশু হোর

(পূর্ব প্রকাশিতের পর)

গুরু কীভাবে আশ্রিতের ডাকে আবির্ভূত হয়ে ভক্তকে উদ্ধার করেন, নিঃশঙ্ক চিত্তে এগিয়ে যেতে পারেন ও পথ প্রদর্শন করেন, এমন একটি ঘটনা। ১৯৩৭ সালে একটি কাজের দায়িত্ব পেয়ে জামালপুর থেকে কলকাতায় বদলি হয়ে এলেন শ্রীশ্রীরামঠাকুরের আশ্রিত মাধবচন্দ্র মজুমদার। তাঁকে কাজে যেতে হতো জি.পি.ও.-তে। ডিউটি ছিল বেলা দুটো থেকে রাত দশটা। অফিসে যাওয়া আসার সুবিধার জন্য তিনি রসা রোডের কাছে মহিম হালদার স্ট্রিটে বাড়ি ভাড়া করে স্বপরিবারে বসবাস শুরু করে দিলেন। তাঁর বড় ছেলের নাম দুর্গাপ্রসাদ মজুমদার, কলেজে পড়ে, উঁচু ক্লাসের ছাত্র। কলেজে আসা যাওয়া ছাড়া সে বড় একটা বাড়ির বাইরে থাকে না, বাড়ির সন্ধ্যা আরতি ও কীর্তনে প্রায়ই সে অংশগ্রহণ করে।

একদিন মাধববাবু জি.পি.ও থেকে রাত এগারটায় বাড়ি ফিরে শোনেন, দুর্গাপ্রসাদ চাঁদপুরের এক বন্ধুর সাথে বিকেলের দিকে বেড়াতে বেরিয়েছে, এখনও ফেরেনি, এমনকি আজকের সন্ধ্যা আরতির সময়ও তাকে দেখা যায়নি। বাড়ির সবাই খুব চিন্তিত। সে কোথায় কোথায় যেতে পারে, তাঁর খোঁজ করেও কাজের কাজ কিছুই হলো না।

**পরে শরৎচন্দ্র বলেছিলেন, "বড় ভালো প্রসাদ হয়েছে, আকণ্ঠ খেয়েছি।" তারপর উদাসকণ্ঠে বলেছিলেন, "ঠাকুরের কাছে যখনই এসেছি, মনে হয়েছে সব পেয়েছির দেশে বাস করছি। দূরে গেলে আবার সেই সুর হারিয়ে ফেলি।**

বাধ্য হয়ে মজুমদার মশাই বিভিন্ন থানা, হাসপাতালে টেলিফোনে খোঁজ নেয়া শুরু করে দিলেন। খবর পাওয়া গেল মোটর গাড়ির চাপে আহত একটি ছেলেকে শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে আনা হয়েছে। ছেলেটির নাম দুর্গাপ্রসাদ মজুমদার। এক ডাক্তারের গাড়িতে ছেলেটি চাপা পড়েছে আর সেই ডাক্তারবাবু ছেলেটিকে হাসপাতালে নিয়ে আসেন। মাধববাবু ছুটে এলেন ভবানীপুর সাউথ সবার্বান (মেইন) স্কুলের শিক্ষক অক্ষয় কুমার মজুমদারের বাড়িতে, তাঁকে নিয়েই চলে আসেন হাসপাতালে। দেখেন হাতে পায়ে মাথায় ব্যান্ডেজ বাঁধা সংজ্ঞাহীন অবস্থায় অযত্নে পড়ে আছে দুর্গাপ্রসাদ। হাসপাতালের কর্তব্যরত ডাক্তার মোটর দুর্ঘটনায় আহত যুবকের পরিচয় পেয়ে কিছুটা ভালো ব্যবস্থা করে দিলেন। কিভাবে, কেউ জানেন না, খবরটা ডাক্তার জে. এম দাশগুপ্তের কানেও পৌঁছোয়। পরদিন তিনি ঐ হাসপাতালে এসে দুর্গাপ্রসাদের জন্য কেবিনের ব্যবস্থা করে দিলেন। আশ্চর্যের বিষয় হলো যে ডাক্তারের গাড়িতে দুর্গাপ্রসাদ চাপা পড়েছিল, সেই ডাক্তার হচ্ছেন আবার ডা. জে. এম দাশগুপ্তের ছাত্র, ঐ হাসপাতালেরই একজন ডাক্তার। এইসব যোগাযোগের ফলে দুর্গাপ্রসাদের জন্য সার্বক্ষণিক নার্স আর চিকিৎসার ভালো ব্যবস্থা হলো। সবার চেষ্টায় মোটর দুর্ঘটনার চারদিন পর, তার জ্ঞান ফেরে, কিন্তু সে আর কাউকে চিনতে পারছে না। ডাক্তারদের মতে মস্তিষ্কেই আঘাত সবচেয়ে বেশি।

এদিকে রামঠাকুর তখন চট্টগ্রামে। ছেলের প্রাণভিক্ষা ও মঙ্গল কামনায় কাতর হয়ে মাধববাবু শ্রীশ্রীঠাকুরকে যে চিঠি লিখেছিলেন সেই চিঠির কোনো উত্তর না পেয়ে তাঁর মনে হচ্ছিল ছেলের জীবন সঙ্কটাপন্ন। প্রাণ রক্ষা হলেও হয়তোবা পাগল হয়ে যাবে। যা হোক, তিন সপ্তাহের চিকিৎসায় দুর্গাপ্রসাদ একটু ভালো হলে মাধববাবু তাকে বাড়ি নিয়ে আসেন, অসুস্থ দুর্গাপ্রসাদকে রাখেন তিন তলার একটি ঘরে। নির্জন দুপুরে দুর্গাপ্রসাদের মা দুর্গাপ্রসাদের ঘরের দরজায় বসে একমনে ঠাকুরের চিন্তা করছিলেন এমন সময় দুর্গাপ্রসাদের মায়ের মনে হলো, কে যেন পেছনে দাঁড়িয়ে আছেন। পেছন ফিরে তিনি ঠাকুরকে দেখেই হতভম্ব। নিজেকে সামলে নিয়ে জিজ্ঞেস করলেন, "ঠাকুরমশায়, আপনি একা কি করে আসলেন, এ বাড়ি তো আপনি চেনেন না, আর তো কোনোদিন তো এখানে আসেননি।" ঠাকুরকে দেখে তাঁর মনে হচ্ছিলো, তিনি যেন রোদে পুড়ে লাল হয়ে গেছেন। ঠাকুর বললেন, "স্মরণ করেছেন, তাই এসেছি। স্মরণ করলে বাড়ি চেনার কোনো প্রয়োজন হয় না।" দুর্গাপ্রসাদের মা ঠাকুরকে সমস্ত ঘটনাই বললেন। "জানি", একথ টা বলেই ঠাকুর নীরব হলেন। দুর্গাপ্রসাদের মাথায় ও গায়ে হাত বুলিয়ে আশীর্ব্বাদ করে ঠাকুর বললেন "রাস্তায় হাঁটার সময় নাম করতে পার না, তাহলে তো আর আঘাত লাগত না।" ঠাকুর এবার ব্যস্ত হয়ে উঠলেন ফিরে যাবার জন্যে।

মাধববাবুর স্ত্রীর প্রশ্নের উত্তরে ঠাকুর তাঁকে বললেন, গত রাতেই তিনি ১১নং আর্ল স্ট্রিটে কুঞ্জবাবুর বাড়িতে এসে উঠেছেন। সেখানেই ফিরে যাবেন। "এখন আসি" এই বলেই ঠাকুর সিঁড়ি দিয়ে দ্রুত নিচে নামতে লাগলেন, দুর্গাপ্রসাদের মা ঠাকুরের সাথে নীচে নেমে এলেন। সে বাড়িতে একটাই মাত্র সদর দরজা। দরজায় বাড়ি ওয়ালার ২৫/২৬ বছরের ছেলেটি বসেছিল। বাড়িতে কেউ নেই, তাই বাধ্য হয়ে ঐ ছেলেটিকেই ঠাকুরের জন্য একটি টেক্সি ডেকে দেবার অনুরোধ করেন। এর মধ্যেই বাড়ির সদর দরজায় একটি টেক্সি এসে দাঁড়ায়, ঠাকুর তাতে উঠে বসলেন। টেক্সি ভাড়া বাবদ তিনি দুটো টাকা দিলেন ঠাকুরের হাতে। ঠাকুর টাকা দুটো ড্রাইভারের হাতে দিয়ে গাড়ি ছেড়ে দিতে বলেন, গাড়ি চলে গেল। বাড়িওয়ালার ছেলেটি অনুসন্ধিৎসু হয়ে তাঁকে জিজ্ঞাসা করেন, "এই লোকটি কে? আপনার কি হয়, কখন এসেছিলেন ইত্যাদি নানান প্রশ্ন। দুর্গাপ্রসাদের মা বললেন, "ইনি আমার বাবা, আমার ছেলের অসুখ, আধঘণ্টা আগে তাকে দেখতে এসেছিলেন।" ছেলেটি অবাক হয়ে তাঁকে প্রশ্ন করে "কই উনাকে তো আমি এই ক'দিনের মধ্যে আর দেখিনি। আজও এক ঘণ্টা ধরে আমি এখানেই বসে ছিলাম, কিন্তু উনাকে বাড়িতে ঢুকতে দেখিনি তো? আপনার হয়তো ভুল হচ্ছে।"

ইতোমধ্যে আর এক কাণ্ড, সেই আগের টেক্সি ড্রাইভার কিছুক্ষণ পর ফিরে এসে বলেন, "মা! আমি আপনার বাবাকে হারিয়ে ফেলেছি, তিনি গাড়িতে উঠেই আমার হাতে দুটো টাকা দিয়ে হাজরা মোড়ের একটা বড় দোকানের সামনে গাড়ি থামিয়ে দোকানে ঢুকেছিলেন। কিন্তু অনেকক্ষণ পর্য্যন্ত তিনি ফিরে না আসায় দোকানে ঢুকে জিজ্ঞেস করে জানলাম যে এমন কোনো লোক দোকানে আসেনি।

পরের ঘটনা শ্রীযুক্ত মাধবচন্দ্র মজুমদারের ভাষাতেই লিখেছি... "কুঞ্জ বাবুর বাড়িতে পর দিন প্রাতে যাইয়া ঠাকুরের বিষয় অনুসন্ধান করিলাম। তাঁহারা স্বামী স্ত্রী উভয়ই জানালেন যে পর্যায়ক্রমে এই ঘরের দরজায় পাহারায় রত আছেন, কাহারও ঘরে যাইবার হুকুম নাই, তিনি গোপনে আছেন। তবে তিনি কাল ঐ সময় ঘরের বাহির হন নাই, ইহা নিশ্চিত। এই হেয়োলি আজও হেয়ালিই রহিয়া গিয়াছে।" মাধববাবু আরও লিখেছেন... এই ঘটনাটি লিপিবদ্ধ করিবার উদ্দেশ্য আমার আর কিছুই নহে ঠাকুর অনেক সময় কথাচ্ছলে বলিয়াছেন যে, "যখনই কোনো প্রকার প্রসঙ্গ হয় কিংবা স্মরণ হয়, তখনি মনে করিবেন আমি সেই স্থানে উপস্থিত আছি, সেই সময়ে ভ্রমশূন্য হইয়া কাজ করিবেন।" এই বাক্যের সত্যতা প্রমাণের নির্দেশই হইলো এই ঘটনা। অবশ্য এই বাক্য দৃঢ়ভাবে হৃদয়ে আঢ্য করিয়া রাখা আমাদের ন্যায় সাধারণ জীবের পক্ষে সহজসাধ্য নহে। তাঁহার আশীর্ব্বাদে আমার ছেলে সুস্থ হইয়া উঠিয়াছে এবং মস্তিষ্কেরও সুস্থতা ঘটিয়াছে। এই ঘটনার কিছুদিন পরেই মজুমদার মশাইকে চট্টগ্রামে বদলি করা হয়। ঠাকুর সবসময় আশ্রিতের সাথেই থাকেন।



এই প্রসঙ্গে আর একটি ঘটনার কথা বলতে ইচ্ছে করছে। ডিঙ্গামানিকের পার্শ্ববর্তী গ্রাম পণ্ডিতসারের উচ্চ ইংরেজি বিদ্যালয়ের হেড মাষ্টার শ্রী যোগেশ চন্দ্র নাগ মহাশয় ঠাকুরের পরম ভক্ত ছিলেন। তিনি একবার কলকাতায় গিয়ে ঠাকুরের দর্শন লাভের জন্য বহু চেষ্টা করেও সফল না হওয়াতে একেবারে হতাশ হয়ে পড়েছিলেন। একদিন তিনি রাস্তায় হাঁটতে হাঁটতে একটা বাড়ির পাশ দিয়ে যাচ্ছিলেন, এমন সময় একটা ছোট ছেলে ওই বাড়ির ওপর তলা থেকে যোগেশ বাবুর উদ্দেশ্যে বলে উঠলো, এই যে কাকু, ঠাকুর দেখবে? ঠাকুর দেখবে? তাহলে ওপরে চলে এসো।

যোগেশ বাবুও কোনো কিছু না ভেবেই তার কথা শুনে সরাসরি ওপর তলায় উঠে গেলেন। ছেলেটি তাঁকে শ্রীশ্রীঠাকুরের কাছে নিয়ে গেল। যোগেশ বাবু প্রাণভরে ঠাকুরকে দেখলেন আর তাঁর কথামৃত পান করে ধন্য হলেন। ঠাকুরই যে যোগেশ বাবুকে ওই ছেলেকে দিয়ে ডেকেছিলেন, তাতে আর কোনো সন্দেহ নেই। নইলে কত লোকই তো ঐ রাস্তা দিয়ে যাচ্ছিল, ছেলেটি শুধু যোগেশ বাবুকেই ডেকেছিল, অন্য কারো উদ্দেশ্যে কিছুই বলেনি।

১৯৪৬ সালে নোয়াখালিতে দাঙ্গা শুরু হওয়ার অল্প কিছুদিন পরেই বিহারে দাঙ্গা শুরু হয়েছিল। পাটনা কাগজের সম্পাদক শ্রীযুক্ত মুরলী মনোহর সিনহার চাপে পড়ে জওহরলাল নেহেরু ও গান্ধীজি বাধ্য হয়ে নোয়াখালী ছুটে যেতে হয়েছিল। কিন্তু এক বিশেষ কাজে নেহেরুকে চৌমুহনী থেকে আবার দিল্লী ফিরে যেতে হয়েছিল। তাই একা গান্ধীজি শুরু করেছিলেন সাম্প্রদায়িক সম্প্রীতির পদযাত্রা। সেই পদযাত্রায় গান্ধীজি শুনেছিলেন যে চৌমুহনীতে একজন সাধু (শ্রীশ্রীঠাকুর) আছেন। শোনামাত্রই গান্ধীজি ঠাকুরকে বিশেষ প্রয়োজনে দেখা করার জন্যে তাঁর অনুমতি চেয়ে দুত পাঠিয়েছিলেন। কিন্তু সেই দুতকে শ্রীশ্রীঠাকুর বলেছিলেন, উনি একজন গণ্যমান্য বড় নেতা, আমার মতো এক দরিদ্র ব্রাহ্মণের কাছে তাঁর কি প্রয়োজন থাকতে পারে? দূত মারফত ঠাকুরের ঐ কথা শুনে বুদ্ধিমান গান্ধীজি বুঝেছিলেন যে তাঁর সাথে দেখা করার কোনো ইচ্ছে ঠাকুরের নেই। তাই বিফল মনোরথে তিনি ফিরে চলে যান।

শ্রীশ্রীঠাকুরের একনিষ্ঠ ভক্ত মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ ঠাকুরের সান্নিধ্যে এসেছেন বহুবার। দীর্ঘ সময় ধর্মালোচনায় কাটিয়েছিলেন। প্রত্যক্ষ করেছিলেন ঠাকুরের অসীম শক্তি ও জ্ঞানের বিচিত্র প্রকাশ। কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব সংস্কৃত ভাষা ও সাহিত্যের অধ্যাপক ডক্টর প্রভাতচন্দ্র চক্রবর্তীও শ্রীশ্রীরামঠাকুরের একান্ত ভক্ত ছিলেন। তিনি ঠাকুর সম্পর্কে 'তাহার কথা' প্রবন্ধে যথার্থই লিখেছিলেন, "তাঁহার সহিত যে কি সম্বন্ধ তাহা জানি না, জানিবার প্রয়োজনও হয় নাই। তবে সত্য কথা এই যে, তাঁহাকে বড় ভালো লাগে, প্রাণ ভরিয়া ভালোবাসিতে ইচ্ছা হয়। তাঁহার সুন্দর মূর্তি, বাল-প্রকৃতি ও প্রাণস্পর্শিনী মধুর কথা সকলেরই প্রাণে আনন্দ ধারা বর্ষণ করে। তাঁহার মধ্যে কি জানি কি আছে যাহা সকলকেই আকর্ষণ করে, অল্পেই আপনার করিয়া লয়। একবার দেখিলে কেন জানি মন-প্রাণ তাঁহার চরণে লুটাইয়া পড়িতে চায়। কলুষ-পঙ্কিল জীবনের যে কয়টি মুহূর্ত তাঁহার সঙ্গে অতিবাহিত করিয়াছি তাঁহার পবিত্র স্মৃতি হৃদয়ে চিরদিনের জন্য অঙ্কিত রহিয়াছে। প্রাণের আবেগে শুধু বলিতে ইচ্ছা হয়– 'তুয়া চরণে মন লাগহরে'। জন্মে জন্মে যেন তাঁহার শ্রীচরণের দাসানুদাস হইতে পারি–এই প্রার্থনা।"

কথা সাহিত্যিক শরৎচন্দ্র চট্টপাধ্যায় একটু পেটরোগা ছিলেন। একদিন তিনি শ্রীশ্রীঠাকুরের একনিষ্ঠ ভক্ত ডা. যতীন্দ্র মোহন দাশগুপ্তের ৮৭, বালিগঞ্জ প্লেসের বাড়িতে (বাড়ির নাম রেখেছিলেন রাম-নিবাস) শ্রীশ্রীঠাকুরের চরণে নিবেদিত ভোগ শেষে প্রসাদ নেয়ার জন্যে বারবার অনুরোধ জানালে ডা. দাশগুপ্ত তাঁকে বললেন, "দাদা আজ যা প্রসাদ হয়েছে তা কিন্তু আপনার পেটের পক্ষে মোটেই উপকারী নয়।" কিন্তু কবি নাছোড়বান্দা। এমনি সময় সেখানে শ্রীশ্রীরামঠাকুর উপস্থিত হলেন। জানতে চাইলেন কি নিয়ে দুজনের মধ্যে বাকযুদ্ধ চলছে। উত্তরে ডা. দাশগুপ্ত তাঁর কথা বললেন আর কবি শরৎচন্দ্র শোনালেন তাঁর বক্তব্য। দুজনের কথা শুনে শ্রীশ্রীঠাকুর বললেন, "বৈষ্ণব ঠাকুরকে প্রসাদে কেন বঞ্চনা করবেন? উনিতো উপকরণ খাইবেন না, প্রসাদ খাইবেন, প্রসাদে কোনো দোষ থাকে না।"

পরে শরৎচন্দ্র বলেছিলেন, "বড় ভালো প্রসাদ হয়েছে, আকণ্ঠ খেয়েছি।" তারপর উদাসকণ্ঠে বলেছিলেন, "ঠাকুরের কাছে যখনই এসেছি, মনে হয়েছে সব পেয়েছির দেশে বাস করছি। দূরে গেলে আবার সেই সুর হারিয়ে ফেলি। হারানো সে-সুর আর খুঁজে পাই না। ঠাকুর দুর্জ্ঞেয় কিন্তু আকর্ষণ তাঁর দুর্ব্বার। তাই বার বার বসি আর উঠি। আমি ঠাকুরের কথা শুনতে চাই বুঝতে চাই, তাঁকে বারবার দেখতে চাই।" ❑

–সংগৃহীত

[ * অধ্যাপক, সেন্টেনিয়াল কলেজ, টরন্টো ]

# অখণ্ডমণ্ডলেশ্বর শ্রীশ্রী স্বামী স্বরূপানন্দ পরমহংসদেব

শ্রীশ্রী স্বামী স্বরূপানন্দ পরমহংসদেব ১৮৮৬ সালের (খ্রিষ্টাব্দ) পৌষ মাসের এক শুভ লগ্নে বাংলাদেশের চাঁদপুর জেলায় জন্মগ্রহণ করেন। স্বরূপানন্দের পিতার নাম শ্রী সতীশ চন্দ্র গাঙ্গুলী ও মাতা শ্রী মমতাময়ী গাঙ্গুলী। স্বামী স্বরূপানন্দের পিতামহ শ্রী হরিহর গাঙ্গুলী সর্বদা ধর্মীয় আচরণ ও ঈশ্বরমুখী ভাবনায় নিজেকে নিয়োজিত রাখতেন। যা শ্রী সতীশ চন্দ্র গাঙ্গুলীকেও (স্বামী স্বরূপানন্দের পিতা) ঈশ্বরমুখী ভাবনায় উদ্বুদ্ধ করে। স্বামী স্বরূপানন্দের শৈশব অতিবাহিত হয়েছিল পারিবারিক ধর্মীয় পরিবেশের মধ্যে দিয়ে। তাই পরিবার থেকেই তাঁর মনে ওঁ (উচ্চারণ ওঁ-উ-ম), ওঁকার বা প্রণবমন্ত্র সম্পর্কে কৌতূহল সৃষ্টি করে। তিনি সবকিছুতেই ওঁম এর গুরুত্ব অনুধাবন এবং বুঝতে পারেন ওঁকারই সকল মন্ত্রের প্রাণ ও সকল মন্ত্রের সমন্বয়। স্বামী স্বরূপানন্দের ধর্মীয় এই ভাবনা মানুষের মধ্যে ছড়িয়ে দিতে এবং সকলে মিলে উপাসনার জন্য অখণ্ডমণ্ডলী নামে একটি সংগঠন তৈরি করেন। উপাসনার স্থানে বা মন্দিরে শুধু ওঁকার (বিগ্রহ) রাখার পক্ষে ব্যাখ্যা দেন। তাঁর এই যুক্তির পিছনে যে ব্যাখ্যাটি ছিল তা হলো 'মানুষেল মধ্যে এক এবং অখণ্ড সত্ত্বা বিরাজিত। সে যেই হউক, ধনী-গরীব, জাতি ধর্ম-নির্বিশেষে যে কোন ব্যক্তি একক সত্ত্বায় বিলিন হইতে পারে।' তাই স্বামী স্বরূপানন্দ আলাদা আলাদা প্রতিক বা বিগ্রহে উপাসনা করার প্রয়োজন বোধ করেনি। স্বরূপানন্দের বাণী ছিল অখণ্ড বাণী, যার মূল কথা ছিল–

'হরিওঁ মানে ঈশ্বর এক
হরিওঁ মানে ঈশ্বরই সব
হরিওঁ মানে ঈশ্বর আছেন।'



স্বামী স্বরূপানন্দের ভাবনায় ছিল পরমেশ্বর যে শুভ সম্ভাবনা সমূহ দিয়ে আমাদেরকে সৃষ্টি করেছেন তাঁকে পূর্ণরূপে বিকাশ করার প্রয়োজন সকলে মিলে একই ঈশ্বরের (ওঁকার বিগ্রহ) উপাসনা করা, যা তিনি সমবেত উপাসনা বা জাতি-ধর্ম-নির্বিশেষে সকলে একসাথে উপাসনা করার অপূর্ব এক দিকনির্দেশনা দিয়েছেন।

**সমবেত উপাসনায় স্থান ও উপাসনার দ্রব্যাদি :**

উপাসনার স্থান হিসাবে স্বামী স্বরূপানন্দের নির্দেশ ছিল 'যেখানে বা যার গৃহে উপাসনা করলে অধিকাংশ উপাসকের যোগদান করবার সুবিধা, তার গৃহেই স্থান নির্বাচন সঙ্গত' (অখণ্ড সংহিতা, পঞ্চম খণ্ড, সমবেত উপাসনা)।

উপাসনার দ্রব্যাদি সম্পর্কে বাবামণি (স্বামী স্বরূপানন্দ) সবার জন্য সহজলভ্য বস্তু যেমন পুষ্প, বিল্বপত্র, দুর্ব্বা, তুলসি, ধুপকাঠি ও শ্বেত চন্দনের কথা উল্লেখ করেছেন। ভোগ-নৈবদ্য; প্রত্যেক উপাসক যার যেমন সুবিধা অনুযায়ী সাথে নিয়ে আসবেন। উপাসনায় পক্কান্ন ভোগের কথা সম্পূর্ণরূপে নিষেধ করেছেন। তার পরিবর্তে ফলমূল, বাতাসা, নারকেলের নাড়ুর (সহজলভ্য বস্তু) কথা উল্লেখ করেছেন।

**সমবেত উপাসনার পদ্ধতি :**

সকল গুরু ভাই-বোন (অখণ্ডমণ্ডলীর সদস্য) বা উপাসনায় উপস্থিত যেকোনো ব্যক্তি পরিষ্কার-পরিচ্ছন্ন বস্ত্র পরিধান করে উপাসনাস্থলে উপস্থিত (নির্ধারিত সময়ের মধ্যে) হবেন। উপাসনার পূর্বে সকলে হাত ধুয়ে ফুল বেলপাতা হাতে নিবেন এবং কপালে শ্বেত চন্দনের ফোঁটা দিয়ে ওঁকার (বিগ্রহ)-এর সম্মুখে বসবেন।

সমবেত উপাসনা শুরু হয় শঙ্খ ধ্বনি ও উলুধ্বনির মাধ্যমে। তারপর সমবেত প্রেমধ্বনি (গুরু বন্দনা– জয়গুরু, শ্রীগুরু প্রেমানন্দে হরি হরিওঁ, হরিওঁ, ওঁ)। প্রেমধ্বনির পর অখণ্ড সংহিতা পাঠ। অখণ্ড সংহিতা– উপস্থিত গুরুভাই বা গুরুবোনদের মধ্যে এক বা একাধিক ব্যক্তি পাঠ করতে পারেন। অখণ্ড সংহিতা পাঠের পর পরই পর্যায়ক্রমে সমবেত কণ্ঠে আরতি স্তোত্র, শ্রীগুরু স্তোত্র, ব্রহ্মগায়ত্রী কীর্তন, জগৎ মঙ্গল সংকল্প, নামজপ ও জপ সমর্পণ, হরিওঁ কীর্তন, অঞ্জলি ও গুরু প্রণাম। সর্বশেষ প্রসাদ বিতরণ। শ্রীশ্রী স্বামী স্বরূপানন্দ তাঁর অপূর্ব গ্রন্থের (অখণ্ড সংহিতা) লিপিবদ্ধ বাণীতে সমাজের সাথে জড়িত প্রত্যেকটি বিষয়ে, প্রত্যেকটি সমস্যায় সকল প্রশ্নের ব্যাখ্যাসহ উত্তর দিয়েছেন। বাবামণি সবসময় জগতের মঙ্গল কামনা করেছেন, যা সমবেত উপাসনায় তাঁর উল্লেখযোগ্য বাণী ছিল "আমরা প্রত্যেকেই জগতের মঙ্গলকারী বা মঙ্গলকানীনি।" তাই জগতের মঙ্গল করাই সকলের কাম্য।


শ্রীশ্রী স্বামী স্বরূপানন্দের বাণী, উপদেশ ও বিভিন্ন প্রশ্নের উত্তর আগামী সংখ্যায় ক্রমান্বয়ে বিস্তারিত আলোচনা করা হবে।

(ক্রমশঃ)

টরন্টো অখণ্ডমণ্ডলীর পক্ষ থেকে সকলকে আমাদের শারদীয় শুভেচ্ছা–

| | | |
|---|---|---|
| শ্রী সুদীপ রায় | : | ৬৪৭-২৩৭-২০১৯ |
| শ্রী বিকাশ চৌধুরী | : | ৬৪৭-৮৩৪-২১০৯ |
| শ্রী সমির পাল | : | ৪১৬-৭১৬-৫৫২১ |
| শ্রী সব্যসাচী চক্রবর্ত্তী | : | ৪১৬-৩০০-৯২১৬ |
| শ্রী বিজিত লাল রায় | : | ৬৪৭-৮৫৫-৭০৪০ |
| শ্রী সুভাষ দাস | : | ৬৪৭-৯৬৫-৪৭৪৭ |
| শ্রী সুনীল দে | : | ৪১৬-৭০৭-২৫১৭ |

# শারদীয় শুভেচ্ছা



## সাউথ এশিয়ান উইমেন'স সেন্টার

সাউথ এশিয়ান উইমেন'স সেন্টার
৮০০ ল্যান্সডাউন এভিনিউ
টরনোটা, অন্টারিও এমওএইচ ৪কেও
ফোন ঃ ৪১৬-৫৩৭-২২৭৬
ফ্যাক্স ঃ ৪১৬-৫৩৭-৯৪৭২

সেবা প্রদানের ভাষাসমূহ ঃ ইংরেজী, বাংলা, হিন্দী, উর্দু, পাঞ্জাবী, গুজরাটি, মারাঠি, তামির, সিনহালিজ, তিব্বতী, উড়িয়া, আসামিজ, ভুটানিজ, নেপালিজ, তেলেগু, সিন্ধি, কুচি, কানাডা, মালয় এবং আরো অন্যান্য সাউথ এশিয়ান ভাষাসমূহ।

### আমাদের সেবামুলক কার্যক্রম ঃ

- ইমিগ্রেশন, স্পনসরশিপ, ভিজিটর ভিসা, পিআর কার্ড, সিটিজেনশীপ এ্যাপ্লিকেশন, পাসপোর্ট এ্যাপ্লিকেশন
- ওয়েলফেয়ার এ্যাসিস্ট্যান্স এ্যাপ্লিকেশন
- ডিসাবিলিটি সাপোর্ট প্রোগ্রাম এ্যাপ্লিকেশন
- সরকারী বাড়ী-সাবসিভাইজড হাউসিং এ্যাপ্লিকেশন
- ইন্টারপ্রিটেশন (দোভাষী) এবং অনুবাদ
- সহায়ক পরামর্শ
- চাকুরী সন্ধান পরামর্শ ও সহায়তা
- আইন বিষয়ক পরামর্শ, তথ্য এবং প্রেরণ (নোটারাইজেশন / এফিডেভিট)
- লিগ্যাল এসিস্ট্যান্স, সন্তানের আইনী অধিকার এবং সহায়তামূলক পরামর্শ
- স্বাস্থ্য শিক্ষা
- নারী ও শিশু নির্যাতন বিষয়ক পরামর্শ ও সহায়তা প্রদান
- শিশু যত্ন ও সেবা এবং মাতা-পিতার করণীয় সম্পর্কে পরামর্শ
- মাল্টিকালচারাল উইমেন'স ওয়েলনেস গ্রুপ
- সিনিয়র উইমেন'স গ্রুপ
- লাইফ স্কিলস সাপোর্ট গ্রুপ
- হোমওয়ার্ক ক্লাব (ছাত্র/ছাত্রীদের জন্য)
- বেষ্ট হেলথ এডুকেশন প্রোগ্রাম
- নির্যাতন এবং অত্যাচার বিরোধী কর্মসূচী
- স্বেচ্ছাসেবক কর্মসূচী
- সিটিজেনশীপ পরীক্ষা প্রস্তুতিমূলক ক্লাশ
- ইংরেজী ভাষা শিক্ষা ক্লাশ
- আইন বিষয়ক কর্মসূচী
- নোটারাইজেশন / এফিডেভিট
- খাদ্য বিতরণ কর্মসূচী
- ইয়ূথ গ্রুপ

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন ঃ

*সবিতা সাহা*- ফোন: ৪১৬-৫৩৭-২২৭৬ এক্স ২৩১
ssaha@sawc.org

**www.sawc.org**

# সমগ্র পৃথিবীই আমার কর্মক্ষেত্র

**স্বামী চেতনানন্দ**

প্রথমে আমার জীবনের শুরুর দিনগুলোর কথা একটু বলে নিতে চাই, যাতে বোঝা যায় কী ভাবে আমি প্রবাসে বসেই ভারতের শিক্ষা সংস্কৃতি ভাষা নিয়ে চর্চা করেছি। ভারতের সংস্কৃতি ভুলে যাইনি কখনও। আমার জন্ম খুলনা জেলায়। চোদ্দো বছর বয়সে আমরা পশ্চিমবঙ্গে চলে আসি, কলকাতায় শিক্ষালাভের পর ১৯৫০-এর জুন মাসে আমার বড় ভাই আমায় দক্ষিণেশ্বরে নিয়ে যান, আর উদ্বোধনে মায়ের বাড়িতে নিয়ে যান, সাধুদের সঙ্গে পরিচয় করিয়ে দেন। সেই থেকে আমি বেলুড় মঠ এবং রামকৃষ্ণ মিশনের সাধুদের সঙ্গে যুক্ত। ১৯৫৮ সালের ১ ডিসেম্বর আমি অদ্বৈত আশ্রমে যোগ দিই প্রুফ-রিডার হিসেবে। স্বামী গম্ভীরানন্দ তখন প্রেসিডেন্ট। আমি প্রুফ-রিডিং করতাম, স্বামীজির কমপ্লিট ওয়ার্কস, স্বামীজির জীবনী। এর পর ২৮ ফেব্রুয়ারি ১৯৬০-এ আমি রামকৃষ্ণ মঠ মিশনে যোগ দিলাম, আমার ব্রহ্মচর্য হল ১৯৬৬-তে, সন্ন্যাস হল ১৯৬৯-এ আর তার পরের বছর আমি মায়াবতী চলে গেলাম। আমি যখন যোগ দিই, তখন অদ্বৈত আশ্রম ছিল ওয়েলিংটন স্কোয়্যারে, বিধানচন্দ্র রায়ের বাড়ির উল্টো দিকে, তার পর চলে আসি এই ডিহি এন্টালির

> **সমগ্র পৃথিবীই আমার কর্মক্ষেত্র– আমেরিকা, ভারত এখানে মিলেমিশে যায়। শ্রীরামকৃষ্ণই আমাদের আদর্শ। আর, একটি স্লোগানেই আমি বিশ্বাস করি– শান্তি আর আনন্দ, বাজারে কিনতে পাওয়া যায় না।**

বাড়িতে। মায়াবতী থেকে ফেরার পরই বেলুড় মঠের কর্তৃপক্ষ ঠিক করলেন, আমায় হলিউড-এ যেতে হবে। আমি ইংরেজিতে কোনও দিন বক্তৃতা দিইনি, তাই প্রথম দিকে একটু আপত্তি করেছিলাম। আমাকে বলা হয়েছিল, তুমি ওখানে গিয়ে শিখে নিতে পারবে। অতঃপর ১ জুন ১৯৭১ তারিখে এয়ার ইন্ডিয়ার বিমানে উঠে প্রথমে মস্কো, তার পর প্যারিস লন্ডন হয়ে নিউইয়র্কে পৌঁছলাম। এই সব জায়গাতেই তিন-চার দিন করে ছিলাম। ১১ জুন আমি এলাম হলিউডে। তখন স্বামী প্রভবানন্দজি হলিউডের অধ্যক্ষ। আপনারা জানেন যে, বহু নামী ওয়েস্টার্ন ইন্টেলেকচুয়াল ছিলেন তাঁর ভাবশিষ্য–ক্রিস্টোফার ইশারউড, অলডাস হাক্সলি, জেরাল্ড হার্ড, এমন আরও অনেকেই। স্বামী প্রভবানন্দজি বললেন, আমায় ট্রেনিং নিতে হবে। তিনি একজন অভিনেত্রীকে বললেন শেখাতে, কী ভাবে বক্তৃতা দিতে হয়। সেই মহিলার নাম ছিল আরলিন ক্রেন, স্কটল্যান্ডের মেয়ে। প্রতি সপ্তাহে ওই মহিলা এসে আমায় শেখাত অ্যাকসেন্ট, প্রনানসিয়েশন। প্রভবানন্দজি আমায় বলেছিলেন, এই আমেরিকান ভক্তরা একদিন, দু'দিন, বড় জোর পাঁচদিন আসবে, যদি তোমার কথা বুঝতে না পারে, তারা আর আসবে না। আরলিনের মতো এমন ইংরেজি আমি কারও কাছে তখনও শুনিনি, মহারাজ ওর নাম দিয়েছিলেন মাধুরী। একদিন তাকে বললাম, তুমি আমার জন্য শেক্সপিয়র রিসাইট করো। লিভিং রুমে হাঁটতে-হাঁটতে সে শেক্সপিয়র বলে যেত, যাতে আমার কান ঠিক হয়। তার পর আরলিন বলল, তোমাকে থিয়েটার দেখাতে নিয়ে যাব–*মাই ফেয়ার লেডি*। এবং আরও কয়েকটি। আমায় জিজ্ঞেস করত, ভাষাটার কত শতাংশ তুমি বুঝতে পারছ? বলতাম, টুয়েন্টি টু থার্টি পারসেন্ট আমি ফলো করতে পেরেছি, বাকিটা পারিনি।

ইউ নিড মোর টাইম। প্রতি সপ্তাহে আমার বক্তৃতা শুনত আরলিন। সেই প্রবাসে আমার ট্রেনিং ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ আরলিন বলেছিল, তুমি খুব ইমোশনাল, আবেগের সময়ে তুমি তাড়াতাড়ি বলতে থাকো, স্লো ডাউন, আমেরিকানরা তোমার কথা বুঝতে পারবে না। প্রায় দু'-আড়াই বছর আমার ট্রেনিং চলেছিল। প্রভবানন্দজি শিখিয়েছিলেন কী ভাবে বক্তৃতা দিতে হয়। তিন রকম ভাবে বক্তৃতা দেওয়ার চল আছে– লিখে-রাখা প্রবন্ধ পাঠ করা, কোনও নোটস ছাড়াই টানা বলে যাওয়া, আর তৃতীয়ত, বক্তৃতার বিষয় নির্দিষ্ট করে পয়েন্টস সাজিয়ে লিখে নেওয়া। প্রথম ধরনটিতে আই-কন্ট্যাক্ট হবে না, শ্রোতা মন দিয়ে শুনবেই না। দ্বিতীয় ধারায়, তোমার বক্তৃতার বিষয়ে পাঁচ-দশ মিনিটের বেশি থাকতে পারবে না, আবোলতাবোল কথা বলে যাবে। প্রভবানন্দজির সিস্টেমটাই আমি মেনে চলি– কী বলব, সেই ভাবনাগুলো সাজানো থাকে আমার সামনে। সেই '৭১ সাল থেকে আমি এ ভাবেই বক্তৃতা করে আসছি।

সাত বছর হলিউডে ছিলাম, তার পর প্রভবানন্দজি মারা গেলেন ৪ জুলাই ১৯৭৬-এ। ছ'মাস আমি ওখানকার অ্যাক্টিং হেড হিসেবে ছিলাম। এর পর আমাকে সেন্ট লুইস-এ ট্রান্সফার করা হল। সেন্ট লুইস-এ সৎপ্রকাশানন্দজি ছিলেন– খুবই পণ্ডিত ব্যক্তি। স্বামীজিকে তিনবার দেখেছেন ঢাকায়, ১৯০১ সালে। তখন তাঁর বারো বছর বয়স। শ্রীশ্রীসারদা মাকে দেখেছেন। স্বামী ব্রহ্মানন্দের শিষ্য। এক বছর ন'মাস সৎপ্রকাশানন্দজির কাছে ছিলাম। ১৯৭৯-এ তিনি মারা যাওয়ার পর ওখানকার দায়িত্ব নিলাম আমি।

কিন্তু এক সময় বুঝলাম, আমি তো কেবল ঘুরে বেড়াচ্ছি। সামারে বেদান্ত সোসাইটি বন্ধ থাকে, জুলাই-অগাস্ট, তখন কোনও কাজ করতে পারতাম না। তখন এদিক-ওদিক– বস্টন, ক্যালিফর্নিয়া, সান ফ্রানসিস্কো– ঘুরে বেড়াতাম। ডিজনিল্যান্ডের ভাইস প্রেসিডেন্ট জন হেঞ্চ-এর স্ত্রী আমাকে পুত্রের মতো স্নেহ করতেন, তিনি একদিন আমাকে বললেন, আমাদের একটা কটেজ আছে লেগুনা বিচ-এ, ইউ ক্যান স্টে দেয়ার। ব্যস, দ্যাট বিকেম আ বুন। ১৯৮৫ থেকে ওই কটেজে গিয়ে সামারে আড়াই মাস-তিন মাস থাকতাম আর শীতকালে এক মাস। ওখানে বইপত্র নিয়ে চলে যেতাম, নিজে রান্না করে খেতাম। নোবডি এলস শুড কাম টু মি। এখান থেকেই বলা যেতে পারে আমার সারস্বত সাধনা শুরু হল।

লেখালেখি মূলত ইংরেজিতে করলেও বাংলা ভাষার প্রতি আমার দারুন ভালবাসা। এর মূলে আমার স্কুলজীবনে বঙ্কিম-সাহিত্য আর শরৎ-সাহিত্য নিবিড়ভাবে পাঠ। আমার এক ভাইকে বললাম, তোর পৈতের আংটি বিক্রি করে বসুমতী সাহিত্য মন্দির থেকে আমাকে শরৎ-রচনাবলি এনে দে। দিলও এনে। রাত জেগে সে সব পড়তাম। বাংলা সত্যিই মিষ্টি ভাষা। বঙ্কিমচন্দ্র, শরৎচন্দ্র,

রবীন্দ্রনাথ, রাজশেখর বসু... এঁরা আমার অত্যন্ত প্রিয় লেখক। কালিদাস, ভবভূতি, কৃত্তিবাস, তুলসীদাস এঁদের লেখাও আমাকে প্রাণিত করে সব সময়। তার পর আমার মন চলে গেল উপনিষদের দিকে। তিনটি ভাষা আমায় মানুষ করেছে– ইংরেজি, বাংলা, সংস্কৃত। তিনটি ভাষায় আমি কাজ করতে পারি। মধ্যযুগের সাহিত্যে যে-উপমা, ভাষার যে মাধুর্য, গাম্ভীর্য, সারল্য, তা আমায় মুগ্ধ করেছিল। বাংলা সাহিত্যে আর-একজনের কথা আমায় বলতেই হবে, তিনি দিলীপকুমার রায়। ওর *স্মৃতিচারণ* আমায় মুগ্ধ করে, বইটি বারবার পড়ি।

সাহিত্যে ইম্যাজিনেশন, কল্পনা খুব বড় ব্যাপার। সেদিন আমার এক বক্তৃতায় বলছিলাম, হাউ ইম্যাজিনেশন বিকামস রিয়েলাইজেশন। একটা গল্প এ প্রসঙ্গে মনে পড়ছে। জন হেঞ্চ আমায় বলেছিলেন। একবার ওয়াল্ট ডিজনি ইংল্যান্ডে গিয়ে দেখলেন, সেখানকার প্রাচীন সব কাসল, বাড়ি ভেঙেচুরে দেওয়া হচ্ছে। ডিজনি বললেন, এখানে যে সব ভূত-প্রেত আছে, তারা তো সব হোমলেস হয়ে যাবে। এদের জন্য একটা বাড়ি-টাড়ি করে দাও বাপু। আর যদি তা না করো, আমি এদের সবাইকে নিয়ে চলে যাব ডিজনিল্যান্ডে। সত্যিই ডিজনিল্যান্ডে তৈরি করলেন 'দ্যা হন্টেড ম্যানশন'। সেখানে ভূত নাচছে, গাইছে, বাজাচ্ছে, বাইবেল পড়ছে। সবই কিন্তু কল্পনার ফল। দেয়ার ইজ নো এন্ড টু হিউম্যান ইম্যাজিনেশন, বলেছিলেন ওয়াল্ট ডিজনি।



এই কল্পনাই আমাকে সুদূর বিদেশেও কাজের আইডিয়া দিয়ে গিয়েছে। আমার কাছে প্রথম বর্ষ প্রথম সংখ্যা থেকে আজ পর্যন্ত প্রকাশিত সবক'টি উদ্বোধন পত্রিকার কপি আছে। আমি দেখলাম, ঠাকুরের সন্তানদের স্মৃতিকথা এই পত্রিকার পৃষ্ঠায় থেকে গিয়েছে। এবং এক সময় তা হারিয়েও যাবে। এগুলি আমি গ্রন্থাকারে সঙ্কলিত করে রাখার চেষ্টা করেছি। কিন্তু আমি যত কাজ করেছি, সেখানে কেবলই মনে হয়েছে আমার নিজের কোনও কৃতিত্ব নেই। ঠাকুর-সারদা মা– এঁরাই সব আইডিয়া দিয়ে দেন আমায়। আই নো আই শ্যাল ফেল, তবু একটা কথা আমি সব সময় মনে রাখি– 'মিতঞ্চ সারঞ্চ বচোহি বাগ্মিতেতি'। মিতকথা, সারকথা– সেটাই বাগ্মিতা। ব্রিভিটি ইজ দ্য সোল অফ উইট।

এই সব কাজ নিয়েই জড়িয়ে আছি। প্রবাস-জীবন সম্পর্কে কয়েকটা কথা মনে হয়। চোদ্দো বছর বয়সে ঘর ছেড়েছি। আমি চির-ভবঘুরে। আমার স্বদেশ বলে কিছু নেই। প্রভবানন্দজি আমায় প্রথম-প্রথম জিজ্ঞেস করতেন, আর ইউ হোমসিক? আমি বলতাম, মহারাজ আই হ্যাভ নো হোম। আমি ঘরের জন্য কখনও মন খারাপ করিনি। কারণ, আমি ঠাকুরের কাজকে ভালবাসি। আমি ট্রেনিং সেন্টারের ছেলেদের আমার জীবনদর্শন বলি– তুমি যদি কাজ করো, একদিন মারা যাবে; যদি কাজ না করো, তা হলেও একদিন মারা যাবে, বেটার ওয়ার্ক ফর শ্রীরামকৃষ্ণ।

তবু নিজের দেশের প্রতি আমার ভালবাসা গভীর। জয়পুর এয়ারপোর্টে একজন পুলিশ অফিসার আমায় জিজ্ঞেস করেছিলেন, কোন দেশ আপনার বেশি পছন্দ? বলেছিলাম, কাজের জন্য আমেরিকা আর বসবাসের জন্য– ভারত। এখানে যা শান্তি আর আনন্দ আমি পাই, তা আর কোথাও নয়। আর ক্রিয়েটিভ কাজের জন্য নিজেকে কোলাহল ভিড় থেকে সরিয়ে নিতে হয়। সাধনভজন, ধ্যানজপ, পড়াশোনা আর কাজ– এদের মধ্যে একটা ভারসাম্য রক্ষা করতে হবে। এই ব্যালান্সটাই আসল। আর শ্রীরামকৃষ্ণের কাজ নিয়ে ভাবার চেষ্টা করি। ঠাকুর দারুন কর্ম করে গিয়েছেন। কোথায়? হাসপাতাল তৈরি করেননি, শিক্ষাপ্রতিষ্ঠান তৈরি করেননি, কলেজও তৈরি করেননি, বইও লেখেননি, আর্টিকল-ও লিখলেন না– অথচ কর্মকঠোর? একদিন উপলব্ধি হল, ঠাকুর যা কাজ করেছেন, কোনও মানুষের পক্ষে তা করা সম্ভব নয়। যে-আধ্যাত্মিকতা তিনি অর্জন করেছিলেন, তা বিতরণ করে গিয়েছেন। সেই বিতরণে কোনও ভৌগোলিক সীমারেখা নেই, কোনও বেড়া নেই। ক্রিস্টোফার ইশারউড যেমন একবার আমায় বলেছিলেন– স্বামী, ডোন্ট সে শ্রীরামকৃষ্ণ। 'শ্রী' শব্দটি এলেই তিনি যেন আমাদের কাছে বিদেশি হয়ে যান। কিন্তু রামকৃষ্ণ আমাদেরই একজন।

এই প্রবাসেই তো কত বিখ্যাত মানুষের সঙ্গে পরিচয় হয়েছে, আলাপ হয়েছে। ইশারউডের কথা তো বললাম, এ ছাড়া স্কলার হিউস্টন স্মিথ, জেরোগ্রাফি বা ইলেক্ট্রোফোটোগ্রাফির আবিষ্কর্তা চেস্টার কার্লসন, ক্লাসিক্যাল মিউজিকের বিখ্যাত কন্ডাক্টর জুবিন মেটা প্রমুখর সঙ্গে পরিচয়ের সুযোগ ঘটেছিল। এঁদের সকলেরই একটা রিলিজিয়াস ব্যাকগ্রাউন্ড ছিল। রবিশঙ্কর, আল্লারাখা আসতেন। একবার রবিশঙ্কর তাঁর দুই আমেরিকান ছাত্রকে নিয়ে এসেছিলেন। আমি মন্দিরে বসে শান্তিপাঠ করে দিলাম। হিপিরাও আসত। তারা একটা মজার গান গাইত। কীরকম গান জানেন? মোজেজ মেড মি আর মুসলিম, মহম্মদ মেড মি আ জু, রামকৃষ্ণ মেড মি আ ক্রিশ্চান, অ্যান্ড জিসাস মেড মি আ হিন্দু, হোয়াট ক্যান আই ডু? ভাবুন। এই হিপিরা কিন্তু বেশ ভাল মানুষ। এদের মধ্যে অনেকেই প্রভবানন্দজির শিষ্য হয়ে গিয়েছিল। আমার সঙ্গেও ভাল যোগাযোগ ছিল। আরও কয়েক জনের কথা মনে পড়ছে– *লিটল হাউস অন দ্য প্রেইরি* ছবির অভিনেত্রী ক্যাথরিন ম্যাকগ্রেগর। অভিনেতা ইউল ব্রিনার-এর প্রথম স্ত্রী ভার্জিনিয়া গিলমোর আসতেন, আমার বক্তৃতা শুনতেন। মহারাজ এঁর নাম দিয়েছিলেন 'ভক্তি'। এঁদের ভক্তি, শ্রদ্ধা দেখলে অবাক হয়ে যেতে হয়। প্রবাস আমাকে একটা জিনিস অবশ্যই শিখিয়েছে– ফ্রি-থিঙ্কিং, মুক্তচিন্তা। আমি লিখেওছিলাম একটি প্রবন্ধে– আয়্যাম নট রিলিজিয়াস, আয়্যাম স্পিরিচুয়াল।

সমগ্র পৃথিবীই আমার কর্মক্ষেত্র– আমেরিকা, ভারত এখানে মিলেমিশে যায়। শ্রীরামকৃষ্ণই আমাদের আদর্শ। আর, একটি স্লোগানেই আমি বিশ্বাস করি– শান্তি আর আনন্দ, বাজারে কিনতে পাওয়া যায় না। ❑

# হোলি : উৎসবের উৎস সন্ধান

**সুচেতা বন্দ্যোপাধ্যায়**

দোল বা হোলি যে-মর্মেই আপনি উৎসব পালন করুন না কেন, এ উৎসব আমাদের দেশের নববর্ষের হইহল্লার অতিপ্রাচীন অথচ চিরনবীন ঠাকুরদাদাটি।

মোল্লা নাসিরুদ্দিনের সেই গল্পটা মনে আছে? একবার নাসিরুদ্দিনের কথায় বাদশাহ সভার সাতজন পণ্ডিত ব্যক্তিকে আলাদা আলাদা কাগজ-কলম দিয়ে বললেন, লিখুন, রুটির অর্থ কী? তাতে একজন লিখলেন, রুটি একপ্রকার খাদ্য, আর-একজন লিখলেন, আটা ও জলের সংমিশ্রণে তৈরি খাদ্যের নাম রুটি, আরও একজন লিখলেন, রুটি একপ্রকার পুষ্টিকর খাদ্য, কেউ লিখলেন, রুটি ঈশ্বরের দান, আবার কোনও পণ্ডিত লিখলেন, অর্থ নির্ণয়ের আগে বোঝা দরকার কোন প্রকার রুটির কথা বলা হচ্ছে। জটিল ভাবনায় ভাবিত একজন তো এমনও লিখলেন, রুটির প্রকৃত অর্থ নির্ণয় করা দুরূহ ব্যাপার।

মোল্লাসাহেব পণ্ডিতদের নিয়ে মশকরা করেছেন ঠিকই, কিন্তু ভেবে দেখুন, এঁদের প্রত্যেকের দৃষ্টিকোণ থেকে এঁদের লেখা উত্তরগুলো কিন্তু একপ্রকার সঠিক। পণ্ডিত বা বিদ্বজ্জনই হোন কিংবা সাধারণ মানুষ, সকলেই প্রশ্নের উত্তর দেন বিষয়ের প্রতি তাঁদের ব্যক্তিগত পর্যবেক্ষণ এবং দৃষ্টিভঙ্গিতে ভর করে। সেইরকমই, এখন যদি রাস্তাঘাটে, স্কুল-কলেজে, কিংবা স্যোশাল মিডিয়ায় লোকজনের সামনে আপনি প্রশ্ন রাখেন, আচ্ছা বলুন তো, দোল বা হোলি উৎসব পালন করার কারণ কী? দেখবেন, নানারকম উত্তর ভেসে আসছে। কেউ বলবেন, এ হল রঙের উৎসব, কেউ বলবেন, বসন্তোৎসব, কেউ কেউ রাধাকৃষ্ণের প্রমাণে বলবেন, এ হল প্রেমের উৎসব, আবার কেউ বলবেন, হোলি হল আবাঙালিদের, আমাদের হল দোল। রবিঠাকুর বলে গেছেন না, লাগল যে দোল! শুনে কোনও বয়স্ক মানুষ হয়তো মাথা নেড়ে এটাও বলবেন–আর দোল! দোল হত আমাদের সময়ে। এখন না হয় ঠিকঠাক নেড়াপোড়া, না হয় দোল। দোলের তোমরা বোঝো কী? আবার কোনও বলিউডপ্রেমী অতি উৎসাহী হয়তো উত্তর দেওয়ার প্রয়োজন না দেখিয়ে আপনার গালে খানিকটা আবির মাখিয়ে বলে উঠবেন, বুরা না মানো, হোলি হ্যায়।

**'ঢোন্‌ঢা' শব্দটাকে যেমন আর্যভাষার শব্দ বলে বিশ্বাস করা মুশকিল, ঠিক তেমনই বৈয়াকরণদের হোলিকা শব্দটাকে সংস্কৃত শব্দ বলে প্রমাণ করার চেষ্টার মধ্যে কেমন যেন একটা জোর-জবরদস্তি আছে। আর এমন ভাবনার অনুপ্রেরণাও আপনি সংস্কৃত গ্রন্থেই পাবেন।**

ভেবে দেখুন, এর মধ্যে কোনও উত্তর বা প্রতিক্রিয়াকেই কিন্তু 'ভুল' বলে দেগে দিতে পারবেন না। হোলির বা দোলের কয়েকদিন আগে থেকে মোটামুটি আপনার চারপাশে ঠিক কী কী হয়, একবার মনে করে দেখুন। রাস্তাঘাটে পসরা সাজিয়ে রং, আবির বিক্রি হয়, শান্তিনিকেতনে এবং তদনুকরণে অন্য অনেক জায়গায় রবীন্দ্রসঙ্গীতে ও নৃত্যে জমজমাট বসন্তোৎসব পালনের মহড়া চলে, সরকারি ভাবে ছুটির দিন হওয়ায় তার দিন কয়েক আগেই স্কুল-কলেজে একপ্রস্ত আবির খেলা হয়, সুরাপ্রেমীরা দোলের আগের দিন মদের দোকানের বাইরে কয়েক কিলোমিটার লম্বা লাইন দেন, ভাঙ-ঠাণ্ডাইয়ের প্রস্তুতি হয়, অতিথি আপ্যায়ন এবং ছোটদের জন্য মিষ্টিও কেনা হয় অনেক ইত্যাদি ইত্যাদি। আর? কলকাতা শহরে আজকাল ফাঁকা মাঠ ক্রমশ কমছে, তবু যেখানে আছে এবং পাড়ার লোকের উৎসাহও আছে, সেখানে বড়দের নজরদারিতে আর ছোটদের উৎসাহে দোলের আগের দিন একটা নেড়াপোড়া আয়োজন করা হয়। এটাকে আপনি 'চাঁচড়' বলতে পারেন, 'বুড়ির ঘর' বলতে পারেন, মোট কথা শুকনো ডালপালা, নারকেল পাতা প্রভৃতি সাজিয়ে এটা তৈরি হয় এবং দোলের আগের দিন সন্ধ্যায় তাতে আগুন দেওয়া হয় আর ছোট ছেলেমেয়েরা সোচ্ছ্বাসে চিৎকার করে বলে, আজ আমাদের নেড়াপোড়া কাল আমাদের দোল/পূর্ণিমাতে চাঁদ উঠেছে বলো হরিবোল। কিন্তু হক কথা হল, বাঙালির নেড়াপোড়ায় সবসময় মোটেই পূর্ণিমার চাঁদ ওঠে না, বড়জোর শুক্লা চতুর্দশীর চাঁদ বলা যেতে পারে। সে যা হোক, পরদিন সকালে কোনওক্রমে বড়দের পায়ে আবির দিয়ে চিপ করে প্রণাম সেরেই দল বেঁধে হুল্লোড়।

আর কী হয়? ভক্ত বৈষ্ণব পরিবারে কিংবা মঠে-আশ্রমে আর-এক রকমের তোড়জোড় হয়। ফাল্গুনের পূর্ণিমায় 'বৃন্দাবনে হোলি খেলে নন্দের দুলাল'। বৃন্দাবন-বরসানা রাধাকৃষ্ণের জন্মভূমি, সেই কবে কত হাজার বছর আগে সেখানে নন্দদুলাল আর বৃষভানুকিশোরী তাঁদের সখাসখীদের নিয়ে দোলনায় দুলে আবির রাঙিয়ে বসন্তোৎসবে মেতেছিলেন, তার স্মৃতি এখনও সেখানকার মানুষজন বাঁচিয়ে রেখেছেন আর সেখানে এই হোলি পালন হয় প্রায় একমাস ধরে। তদনুকরণে ভক্ত বৈষ্ণবদের সেদিন রাধাকৃষ্ণকে দোলনায় দুলিয়ে, আবির মাখিয়ে শোভাযাত্রা, বৃন্দাবন-বরসানায় পুরাকালে পালিত হোলির স্মৃতিচারণ, সুমধুর কীর্তন। এই যে দোলনায় নায়ক-নায়িকার অবস্থান বসন্ত উৎসবের একটা অঙ্গ হয়ে উঠেছে, এই কারণেই কিন্তু উৎসবের নাম দোল। রাধাকৃষ্ণই প্রথম ফাল্গুনের পূর্ণিমায় দোলনায় দুলেছিলেন কি না আমার জানা নেই, তবে বসন্তোৎসবে নায়ক-নায়িকার দোলনায় দোলার উদাহরণ প্রাচীন সাহিত্যে খ্রিস্টীয় চতুর্থ শতকে পাওয়া যাচ্ছে কালিদাসের বিখ্যাত নাটক *মালবিকাগ্নিমিত্রম্*-এ, আরও

পাওয়া যায় অনেক, আর সে কথা রসিক পণ্ডিতজন লিখেওছেন প্রচুর। কিন্তু আমরা বসেছি বসন্ত পূর্ণিমার উৎসবের উৎস সন্ধানে, উৎসবের সঙ্গে দোলনার সম্পর্ক এ প্রবন্ধের বিষয় নয়। কাজেই অযথা ভার বাড়াই কেন?



ঘড়ির কাঁটার উল্টোদিকেই আপনাদের নিয়ে যাব, তবে তার আগে একবার অবাঙালি পাড়ায় চোখ রেখে যাবেন না? হোলির কয়েকদিন আগে থেকেই এসব এলাকার বাজারে হোলিকা দহনের নানা উপকরণের সঙ্গে দেদার ঘুঁটের মালা বিক্রি হয়, আর শুকনো ডালপালার সঙ্গে সেই ঘুঁটের মালা সাজিয়ে যে হোলিকা তৈরি হয়, তাতে অগ্নিসংযোগ হয় পূর্ণিমার রাতেই, তার আগে নয়। খোলা জায়গায় কিংবা চার রাস্তার মোড়ে এই হোলিকাদহনের সূচনা করেন পরিবারের বা পাড়ার কোনও বয়োজ্যেষ্ঠ ব্যক্তি, তার পর সকলে সেই হোলির আগুন প্রদক্ষিণ করে, নারকেল প্রভৃতি আহুতি দেয় মঙ্গল কামনায়। এই যে ব্যাপারটা হয়, তা কেন হয় সে সম্পর্কে আপনি হোলির তিনদিন আগে থেকেই হিন্দি নিউজ চ্যানেল চালালে শুনতে পাবেন; "ধ্যান সে সুনিয়ে হোলিকাদহন কি পৌরাণিক কথা"–এবং কথাটা মোটামুটি এই যে, দৈত্যরাজ হিরণ্যকশিপুর বোনের নাম নাকি হোলিকা এবং তিনি কোনও একসময় ব্রহ্মার কাছ থেকে বর লাভ করলেন যে, আগুনে তিনি কখনও পুড়বেন না ততক্ষণ, যতক্ষণ না কারও ক্ষতি করার জন্য তিনি এই বিশেষ ক্ষমতার প্রয়োগ করছেন। তা বর পাওয়ার পর সে সব শর্তের কথা হোলিকার আর মনে রইল না। তিনি ভেবেই নিলেন আগুন থেকে ভয় তাঁর আর নেই। এদিকে দাদা হিরণ্যকশিপু তাঁর বিষ্ণুভক্ত ছেলে প্রহ্লাদকে নিয়ে অতিষ্ঠ, মেরে ফেলতে পারলে বাঁচেন। তা বোন এসে দাদাকে বললেন, চিন্তা নেই। আমি তাকে নিয়ে জ্বলন্ত অগ্নিতে প্রবেশ করব। তার পর সে ছেলে পুড়ে মরবে আর আমি বের হয়ে আসব আগুনের মধ্য থেকে। কিন্তু বাস্তবে ঘটল উল্টো। ব্রহ্মার বরের শর্তভঙ্গ হওয়ায় হোলিকাই পুড়ে মরলেন এবং বিষ্ণুভক্ত প্রহ্লাদ বেঁচে রইলেন বহাল তবিয়তে। আর এই কাহিনি শুনে আপনিও ভাবলেন–যাক, হোলি উৎসবের পৌরাণিক কাহিনি আপনার জানা হয়ে গেল। কিন্তু এহ বাহ্য। চলুন, আপনাদের হোলি উৎসবের একেবারে প্রাচীন চেহারাটার সঙ্গে পরিচয় করিয়ে দিই।

### দুই

ঋগ্বেদের মন্ত্রে সরাসরি উল্লিখিত না হলেও ফাল্গুন মাসের পূর্ণিমা যে আর্যসংস্কৃতির এক অতি গুরুত্বপূর্ণ দিন, তাতে কোনও সন্দেহ নেই। কেন, সে কথায় পরে আসছি। তার আগে বলি, হোলি শব্দটাও আর্যসংস্কৃতিতে খুব কম প্রাচীন নয়। তবে একেবারে প্রাচীন যে উল্লেখ আপনারা পাবেন তাতে অবশ্য ঠিক ঠিক ভাবে 'হোলি' শব্দটা চোখে পড়বে না, যদিও যা পাবেন তা 'হোলি' শব্দের বেশ কাছাকাছি। অথর্ববেদের পরিশিষ্ট খণ্ডে একটা শ্লোক পাওয়া যাচ্ছে, যেখানে উল্লিখিত হয়েছে, ফাল্গুন মাসের পূর্ণিমার রাত্রির নাম 'হোলাকা'–অথ ফাল্গুন্যাং পৌর্ণমাস্যাং রাত্রৌ হোলাকা। এখন অথর্ববেদের পরিশিষ্ট খণ্ডকে যাঁরা অর্বাচীন বলবেন তাঁদের বলি, এক অথর্ববেদের পরিশিষ্টই যে ফাল্গুন পূর্ণিমায় হোলাকা পালনের কথা বলেছে এমনটা কিন্তু নয়। কৃষ্ণ-যজুর্বেদের অন্তর্গত লৌগাক্ষি কিংবা কাঠক গৃহ্যসূত্র, যে-গ্রন্থগুলি মোটামুটি ভাবে খ্রিস্টপূর্ব পঞ্চম শতাব্দতেই রচিত হয়ে গিয়েছিল বলে পণ্ডিতরা ধারণা করেন, সেখানেও ফাল্গুন পূর্ণিমার উৎসব হিসেবে হোলাকার উল্লেখ আছে এবং সেখানে এই উৎসব পালনের বিধিনিয়ম সম্পর্কে আরও একটু অতিরিক্ত খবর পাওয়া যাবে, যাতে হোলি কী করে প্রেমের উৎসব হয়ে উঠল তাও বেশ বোঝা যাবে। লৌগাক্ষি গৃহ্যসূত্রে বলা হয়েছে, ফাল্গুন মাসের পূর্ণিমাকে রাকা বলে আবার হোলাকাও বলে, রাকা হোলাকে। রাকা শব্দের অর্থ পূর্ণচন্দ্র, কিংবা গৃহ্যসূত্র মতে ইনি ফাল্গুন পূর্ণিমার অধিষ্ঠাত্রী দেবী। বৈদিক সংস্কৃতিতে পূর্ণিমা এবং অমাবস্যা তিথিতে বিশেষ যজ্ঞানুষ্ঠানের প্রচলন ছিল। অমাবস্যা তিথির বৈদিক পর্যায়শব্দ হল 'দর্শ'। কারণ, প্রাচীন ভারতীয় জ্যোতির্বিদ্যার ভাবনায় ওই দিন চন্দ্র এবং সূর্য মুখোমুখি থেকে পরস্পরকে দর্শন করেন। এই দর্শ বা অমাবস্যা এবং পূর্ণিমা তিতিতে যে-যজ্ঞ সম্পন্ন হত, তার পারিভাষিক নাম দর্শ-পৌর্ণমাস যজ্ঞ এবং এই যজ্ঞে অমাবস্যায় পিতৃপুরুষকে এবং পূর্ণিমায় দেবতাদের আহুতি দেওয়ার বিধি প্রচলিত ছিল– অমাবস্যাং হি পিতরঃ পৌর্ণমাস্যাং হি দেবতাঃ। এখন প্রশ্ন হল, হোলাকা মানে কী? বিখ্যাত অভিধানকার মনিয়ের উইলিয়ামস বোঝালেন, 'হোলক' শব্দের অর্থ হল শুকনো ঘাসপাতার আগুনে ঈষৎ পুড়িয়ে নেওয়া আধপাকা শীতকালীন ডালজাতীয় শস্য; "Chik-pea or pulse half parched in the pod or fried on a grass fire"। আমাদের সংস্কৃত অভিধান শব্দকল্পদ্রুম-এর পণ্ডিতরা অবশ্য ডালশস্য বলে ক্ষান্ত দেননি। তাঁরা বললেন, ঘাসের আগুনে পোড়ানো আধপাকা শমীধান্য– তৃণাগ্নিভৃষ্ট অর্ধপক্ব শমীধান্যম্। এবং এই শস্য আহুতি দেওয়া হয় যে যজ্ঞে বা উৎসবে, তার নাম হোলাকা। ফাল্গুনের পূর্ণিমা মানে এখনকার হিসেবে মার্চ মাসের মধ্যে যে এই শীতের ফসলগুলি প্রায় পেকে ওঠে, তাতে সন্দেহ নেই এবং পৌর্ণমাস যজ্ঞে দেবতাকে সেই প্রায় পাকা শস্য নিবেদন করা হবে এতেও আশ্চর্যের কিছু নেই। এই অনুষ্ঠানের পোশাকি নাম নবান্নেষ্টি বা নতুন শস্য আহুতি দিয়ে সম্পন্ন ইষ্টিযোগ। আমি নিজের চোখে দেখিনি কখনও, তবে আমার বয়োজ্যেষ্ঠদের মুখে শুনেছি, হোলিকাদহন বা চাঁচড়ের সময় ছোলা-মটর ইত্যাদি আগুনে আহুতি দেওয়া এবং আগুন



নিভলে সেই আধপোড়া ছোলামটর খাওয়ার একটা প্রচলন বোধকরি বেশ কিছু বছর আগেও ছিল। গৃহ্যসূতের বয়ানে কিন্তু দেখা যাচ্ছে, ফাল্গুন মাসের পূর্ণিমায় অনুষ্ঠেয় পৌর্ণমাস যজ্ঞে দেবতার উদ্দেশে নবীন শস্য আহুতি দেওয়া ছাড়াও আরও একটু আয়োজন থাকত এবং তা পালন করতেন স্ত্রীলোকরা, বিশেষত কুমারী মেয়েরা। মূলত সৌভাগ্য কামনায় বা বলা ভাল উপযুক্ত স্বামীলাভের কামনায় মেয়েরা ব্রত পালন করতেন। গৃহ্যসূত্র মতে এই অনুষ্ঠানের নাম কোনও কোনও স্থানে রাকা, কোনও কোনও স্থানে হোলাকা। টীকাকারের ব্যাখ্যায়, হোলা কর্মবিশেষঃ সৌভাগ্যায় স্ত্রীণাং প্রাতরনুষ্ঠীয়তে।... এতৎ সৌভাগ্যার্থং কর্ম ক্কচিদ্দেশে রাকাশব্দেন প্রসিদ্ধং, কৃচিৎ হোলাকাশব্দেন। এতটুকু বলার পর গৃহ্যসূত্র আরও একটু পরিস্কার ভাবে জানিয়েছে, ইন্দ্রাণী যেমন ইন্দ্রকে স্বামীরূপে লাভ করেছিলেন, বিবাহেচ্ছু কুমারী মেয়েরাও সেইরকম স্বামীলাভের আশায় এই দিনের পৌর্ণমাস যজ্ঞে আহুতি দেন; ইন্দ্রাণীমাসু নারীষু ইতি কুমারীণাং যজ্ঞং যজেৎ। ...রাকাহোলাকাপর্যায়ং কুমারীসুখার্থং যজ্ঞং বিবাহ্যেপক্রমপ্রসিদ্ধানুষ্ঠানং বক্ষ্যাম ইত্যর্থঃ। সারা বছরে নয়, বিশেষ করে বসন্তের দখিনা বাতাস গায়ে মেখে কুমারী মেয়েদের এই যে স্বামীলাভের জন্য ব্রত, আহুতিপ্রদানের সময়ে মনের মধ্যে বাঞ্ছিত পুরুষের মুখখানির আনাগোনা—এই প্রচেষ্টার মধ্যেই ফাল্গুনের পূর্ণিমা তিথিটিতে অনুরাগের রং লেগে যায়। লক্ষণীয়, আধুনিক সমাজেও কাশ্মীরি ব্রাহ্মণ পরিবারে হোলির অন্যতম তাৎপর্য কুমারী মেয়েদের উৎসব হিসেবেই। এখন, প্রেম-ভালবাসা-কামনার কথা যেখানে হচ্ছে সেখানে কামনার অধিষ্ঠাত্রী মদন দেবতার উল্লেখ আসবে না, এমনটা কী করে হয়? মধ্য ভারতের বেশ কিছু অঞ্চল থেকে দক্ষিণ ভারতে, বিশেষত তামিলনাড়ু, দক্ষিণ ওড়িশা, অন্ধ্র, তেলেঙ্গানায় ফাল্গুনী পূর্ণিমার রাতে একটা বিশেষ উৎসব পালিত হয় এবং সেকানে শুকনো ডালপাতা দিয়ে অবয়ব তৈরি হয়, একটি নয়, দুটি। একটি পঞ্চশর মদন বা কামদেবের প্রতিমূর্তি, অপরটি তাঁর পত্নী রতির। প্রচলিত বিশ্বাস এই যে, এমনই এক ফাল্গুনী পূর্ণিমায় শিব-মহাদেবের ধ্যানভঙ্গ করতে গিয়ে তাঁর নয়নবহ্নিতে দগ্ধ হয়েছিলেন পঞ্চশরের অধিকারী কামদেব, আর সেই দগ্ধ কামদেব যে দেহহীন হয়ে বিশ্বমাঝে ছড়িয়ে পড়লেন, সে কথা তো আমরা সকলেই জানি। দক্ষিণ ভারতে ফাল্গুনের পূর্ণিমা তাই কামদেবের নামে উৎসর্গীকৃত, রাধাকৃষ্ণ, আবির-গুলাল এ সব সেখানে গৌণ, প্রায় অনুপস্থিত। কামদেব এবং রতির প্রতিমূর্তি দহনের সেই উৎসবের নাম কামদহনম্ বা কামপণ্ডিয় বা কামন পণ্ডিগাই।

## তিন

এই পর্যন্ত পড়ে আপনারা প্রশ্ন করবেন, সবই তো বুঝলাম, কিন্তু হিরণ্যকশিপুর বোনের নাম যে হোলিকা সেটা কোথা থেকে এল? কবেই-বা এল? আর ঘুঁটের মালাই-বা পোড়ায় কেন? হিরণ্যকশিপু আর প্রহ্লাদের গল্পে যাওয়ার আগে ঘুঁটের গল্পটা বলে নিই। বিশ্বাস করুন, এতক্ষণ যে নবান্নেষ্টি, পৌর্ণমাস যজ্ঞ কিংবা কুমারী মেয়েদের ব্রতের কথা আপনারা শুনলেন, তার সঙ্গে কিন্তু ঘুঁটের কোনও সম্পর্ক নেই। এই বস্তুটির আমদানি করেছে আমাদের দেশের অন্যতম শ্রেষ্ঠ চিকিৎসাশাস্ত্র *চরক-সংহিতা*। মোটামুটি সকলেই একমত যে, খ্রিস্টপূর্ব দ্বিতীয় শতক থেকে খ্রিস্টীয় দ্বিতীয় শতকের মধ্যেই এই চমৎকার গ্রন্থটি রচিত হয়ে গিয়েছিল এবং এখানে বাত-পিত্ত-শুষ্ককফ-জ্বর ইত্যাদি সারিয়ে তোলার জন্য যে-সব প্রক্রিয়ার কথা বলা হয়েছে, তার মধ্যে একটার নাম স্বেদন অর্থাৎ সাধারণ কথায় অনেকটা ঘাম দিয়ে জ্বর ছাড়ানো বা রোগ সারানোর ব্যাপার। সে কালের চিকিৎসকরা এই স্বেদ বা ঘাম বের করার জন্য নানা পন্থা অবলম্বন করতেন এবং বিশ্বাস ছিল যে, এই ঘাম-এর সঙ্গে শরীর থেকে রোগসৃষ্টিকারী ক্ষতিকারক পদার্থও বেরিয়ে যায়। তা, এমনই চিকিৎসার একটা বিশেষ প্রকার হল 'হোলাক স্বেদ' এবং নামেই বুঝতে পারছেন যে, সে কালের ডাক্তারি ভাবনায় এটা ফাল্গুনের পূর্ণিমাতেই অবশ্যকর্তব্য। অবশ্য এর সাধারণ কারণটা আমরাও ধারণা করতে পারি। শীতের শেষে এবং নতুন গরমের সময়টায় জ্বর-কফের প্রাবল্য বেশি হয়, সাধারণ কথায় যাকে 'সিজন চেঞ্জ'-এর অসুখ বলে। তো, সেই ধরনের অসুখের জন্যই এই ব্যবস্থা। এই হোলাক স্বেদ-এর নিয়ম হল—অনেকখানি ঘুঁটে যাকে চরক সংহিতায় বলছে ধীতিকা এবং করীষ (টীকাকারের ভাষায় শুষ্ক গোময়কৃত অগ্ন্যাশ্রয়বিশেষঃ) জড়ো করে আগুন জ্বালাতে হবে প্রথমে এবং সেই আগুন যখন প্রায় নিভে আসার উপক্রম, তখন সেই নিভু নিভু ঘুঁটে-চাপা আগুনের ধোঁয়ার উপর খাটিয়া পেতে রোগীকে শুইয়ে দিতে হবে এবং আগুনের তাতে তার শরীরের ক্ষতিকারক পদার্থ বেরিয়ে যাবে ঘামের সঙ্গে:

ধীতিকাং তু করীষাণাং যথোক্তানাং প্রদীপয়েৎ।
শয়নান্তঃ প্রমাণেন শয্যামুপরি তত্র চ ॥
সুদগ্ধায়াং বিধূমায়াং যথোক্তামুপকল্পয়েৎ।
হোলাকস্বেদ ইত্যেষ সুখঃ প্রোক্তো মহর্ষিণা ॥

এবার এই রোগ সারানোর ঘুঁটে যে নিন্দার্থে বেচারি হিরণ্যকশিপুর বোনের গলার মালা হয়ে উঠল, সে অনেক পরে, মোটামুটি ছ'শো খ্রিস্টাব্দের মধ্যে রচিত *নারদ পুরাণ*-এর কল্যাণে। গোড়াতেই একটা কথা বলে দিই, প্রাচীন-অর্বাচীন সমস্ত পুরাণে সমর্থিত তথ্য হল, হিরণ্যকশিপুর বোন ছিলেন সিংহিকা, হোলিকা নন। এবং তিনি ছিলেন দানবরাজ বিপ্রচিত্তির পত্নী এবং সৈংহিকেয় দানবদের জননী।

আর মোটামুটি সব পুরাণই একমত যে, শ্বশুরবাড়ি গিয়ে দানবদের রানি হয়ে বসার পর তিনি বাপের বাড়ি আসেননি কিংবা ভাইয়ের সংসারে ভাইপোর কাণ্ডকলাপে নাক গলানোর সময়ও বোধ করি সেই দানবেশ্বরীর ছিল না। নারদ পুরাণ ফাল্গুনের পূর্ণিমার মাহাত্ম্য বলার সময়ে কিন্তু হোলিকার কথাই বলেছে, তাকে প্রহ্লাদের পিসি বলেনি একবারের জন্যেও। এই পুরাণ মতে, ফাল্গুনের পূর্ণিমায় হোলিকাপূজন করা কর্তব্য– ফাল্গুনং পূর্ণিমায়াং তু হোলিকাপূজনং মতম্। কেমন হবে সেই হোলিকার পুজো? সব রকম শুকনো কাঠ এবং ঘুঁটে জড়ো করতে হবে প্রথমে– সঞ্চয়ং সর্বকাষ্ঠানাং উপলানাং চ কারয়েৎ। এখানে 'উপল' মানে কিন্তু পাথর নয়। এই যে এখন আপনারা হিন্দিতে ঘুঁটেকে 'উপলা' বা বহুবচনে 'উপলে' বলতে শোনেন, এই শব্দটার প্রাচীন ব্যবহার কিন্তু এই পুরানেই পাওয়া যাচ্ছে, তবে শব্দটা অনার্য ভাষা থেকে নেওয়া কি না এ বিষয়ে ভাবনা করা যেতে পারে। কারণ, *চরক সংহিতা*-য় আমরা ঘুঁটের প্রতিশব্দ আগেই দেখেছি। এরপর সেই কাঠের স্তূপ আর ঘুঁটেতে আগুন ধরিয়ে সকলের সুরক্ষার জন্য বৈদিক মন্ত্র পাঠ করতে হবে, যাতে হোলিকা সকলকে সমস্ত বিপদ থেকে ত্রাণ করেন। তারপর সেই আগুন পরিক্রমা করবে সকলে, আর সঙ্গে চলবে নাচ, গান এবং অতি অবশ্যই ছোট ছেলেমেয়েদের কলরব। এত সব বিবরণ দেওয়ার পরে *নারদ পুরাণ* হঠাৎ বলে বসল, হোলিকা একজন রাক্ষসী যে নাকি একসময় প্রহ্লাদের ভয়ের কারণ হয়ে উঠেছিল: হোলিকা রাক্ষসী চেয়ং প্রহ্লাদভয়দায়িনী। আর এই একটি শ্লোকবাক্য লোকমুখে গল্পকথায় বাড়তে বাড়তে হোলিকাকে প্রহ্লাদের ভয়ঙ্করী পিসি বানিয়ে তুলেছে। তবে নারদ পুরাণের বর্ণনা পড়ে কিন্তু মনে হয় যে, ওই শুকনো ডালপালার স্তূপের নামই হোলিকা এবং শুষ্ক ঋতুতে এমন শুকনো কাঠের স্তূপে ঝট করে আগুন লেগে বিপদের সম্ভাবনা থাকে বলেই হয়তো সে রাক্ষসী। আর হিরণ্যকশিপু একসময় তাঁর অবাধ্য ছেলে প্রহ্লাদকে এমনই ভয়ঙ্কর আগুনে পুড়িয়ে মারার ভাবনা করেছিলেন। বোধ করি, তাই হোলিকার সঙ্গে বিষ্ণুভক্ত প্রহ্লাদের নামও জুড়ে গিয়ে থাকবে।

*ভবিষ্যপুরাণ* অনেক পরবর্তী পুরাণই বটে, তবু তার যে উত্তরভাগ, সেটা মোটামুটি অষ্টম শতকেই রচিত হয়ে থাকবে বলে পণ্ডিতদের মত। সেখানে হোলিকা পালনের একটা গল্প আছে এবং সেই গল্প পড়ে বোঝা যাচ্ছে যে, যাগযজ্ঞের মাহাত্ম্য কমতে শুরু করেছে এবং হোলিকাদহনের বিষয়টা নবান্নেষ্টি আর প্রেমের উৎসবের বাইরে একটা পৃথক চেহারা নিচ্ছে। ভবিষ্যপুরাণ-এ কৃষ্ণ যুধিষ্ঠিরকে এক কাহিনি শোনাচ্ছেন: ইক্ষ্বাকুবংশীয় রাজা রঘুর রাজত্বকালে তাঁর রাজ্যে একসময় এক ভয়াবহ উপদ্রব আরম্ভ হল। ঢোন্‌ঢা নামে এক রাক্ষসী প্রতিদিন সেই রাজ্যের এক-একটি ছোট ছেলেমেয়েদের প্রাণ হরণ করতে লাগল। বোঝা যায়, এ ঠিক রাক্ষসী নয়, রোগ-বালাই হবে। কারণ, প্রজারা রাজাকে বলছে, কোনও মন্ত্রতন্ত্র, ঝাড়ফুঁক কিংবা ওষধিতে এই রাক্ষসীকে জব্দ করা যাচ্ছে না।

রক্ষয়াকগুকেনাপি ভেষকৈর্বা নরাধিপ।
মন্ত্রজ্ঞৈঃ পরমাচার্যৈঃ সানিয়ন্তুং ন শক্যতে ॥

রাজা উদ্বিগ্ন হয়ে কুলগুরু বশিষ্ঠ মুনিকে জিজ্ঞেস করলেন, এর প্রতিকার কী? উত্তরে বশিষ্ঠ বললেন, সেই রাক্ষসী নাকি মালী নামক দৈত্যের কন্যা। স্বয়ং শিবকে সে তপস্যায় তুষ্ট করেছিল একসময় এবং বর চেয়েছিল, কোনও অস্ত্রশস্ত্রের দ্বারা, দিনে কিংবা রাতে, শীতে, গ্রীষ্মে কিংবা বর্ষাকালে, ঘরের ভিতরে বা বাইরে তাকে কেউ যেন বধ করতে না পারে। মহাদেব ভোলানাথ বটে, কিন্তু এই ব্যাপারে একেবারে ভক্তিতে ভুলে বর দিলেন না। বর তো দিতেই হল, কিন্তু একটু ফাঁক রেখে বললেন, উল্লাসে উন্মত্ত ছোট ছেলেমেয়েরা তোমার ভয়ের কারণ হবে। এতসব কাহিনি শুনিয়ে বশিষ্ঠ বললেন, দ্যাখো রাজা! আজ ফাল্গুনের পূর্ণিমা। গ্রীষ্ম নয়, বর্ষা নয় আবার শীতও নয়। তুমি ছোট ছেলেমেয়েদের বলো নির্ভয়ে সমবেত হয়ে নাচ গান কলরব করতে, রাক্ষসীকে গালিগালাজ করতে আর কাঠের তলোয়ার নিয়ে যুদ্ধের অভিনয় করতে। আর অন্যদিকে ব্রাহ্মণরা শুকনো ডালপালা জড়ো করে হোলিকা সাজিয়ে তাতে বসোর্ধঅরা অর্থাৎ গলিত ঘৃতধারা আহুতি দিয়ে হোম করতে থাকুন, তাতেই এই রাক্ষসীর বিনাশ হবে। ভেবে দেখুন, উৎসবের চেহারা কেমন করে বদলায়। যজ্ঞানুষ্ঠানের সঙ্গে রোগবালাই কাটানোর বিধি এবং হইহুল্লোড় জুড়ে গিয়ে পুরাণে হোলিকা হোলিকা হয়ে উঠেছে এবং তার সঙ্গে লোককথা জুড়ে গিয়ে তা আজকের চেহারায় এসে পৌঁছেছে।

গোড়াতেই আপনাদের বলছিলাম যে, ফাল্গুনের পূর্ণিমা আর্যসংস্কৃতির গুরুত্বপূর্ণ দিন, তার কারণটাও এই বেলা বলে ফেলি। ঋগ্বেদের সময় থেকেই আর্যরা সৌর এবং চান্দ্রমতে বৎসর গণনা করতে জানতেন, আর চান্দ্র বৎসর গণনার একক ছিল পূর্ণিমা তিথি। এক পূর্ণিমায় শুরু হয়ে আর-এক পূর্ণিমায় এক মাস পূর্ণ হয় বলেই পূর্ণচন্দ্রের তিথির নাম পূর্ণমাস বা পৌর্ণমাস। এই বিষয়ে কারও মনে কোনও সন্দেহ না থাকলেও ঠিক কোন পূর্ণিমার দিন থেকে বছর গণনা শুরু হত, তা নিয়ে পণ্ডিত মহলে বিস্তর মতপার্থক্য আছে। ঋগ্বেদে খুব স্পষ্ট উল্লেখ মেলে না, তবে যেমনটি মেলে তা থেকে কেউ সিদ্ধান্ত করেছেন যে, বৎসর গণনা বর্ষাকাল থেকে আরম্ভ হত, কারও মতে শীতকাল থেকে, আবার কারও মতে চৈত্রমাস থেকে নতুন বছর আরম্ভ হত। তবে কৃষ্ণযজুর্বেদীয় তৈত্তিরীয় সংহিতা, শতপথে ব্রাহ্মণ, তৈত্তিরীয় ব্রাহ্মণ, এবং অন্যান্য ব্রাহ্মণ গ্রন্থগুলি, যেগুলি পণ্ডিতদের মতে মোটামুটি আটশো খ্রিস্টপূর্বাব্দের মধ্যেই রচিত হয়ে গিয়েছিল, সেই গ্রন্থগুলি কিন্তু স্পষ্ট ভাবেই জানিয়েছে যে, ফাল্গুনী পূর্ণিমা থেকেই সে কালে বৎসর গণনা আরম্ভ হত: যা বৈষা ফাল্গুনী পৌর্ণমাসী সংবৎসরস্য প্রথমা রাত্রিঃ। শতপথ ব্রাহ্মণ-এর ভাষায়: এষা হ সংবৎসরস্য প্রথমা রাত্রিঃ যৎ ফাল্গুনী পৌর্ণমাসী যোত্তরৈষোত্তমা যা পূর্বা মুখত এব তৎ সংবৎসরমারভতে। *নারদ পুরাণ* ফাল্গুনী পূর্ণিমার মাহাত্ম্য বর্ণনা করে যে শ্লোক রচনা করেছে তা পড়ে আপনার রবীন্দ্রনাথের গান মনে পড়তে পারে:

বৎসরের আবর্জনা দূর হয়ে যাক।...
...মুছে যাক গ্লানি, ঘুচে যাক জরা,
অগ্নিস্নানে শুচি হোক ধরা।

কারণ, নারদ পুরাণ বলেছে ফাল্গুনের পূর্ণিমার মাহাত্ম্য মূলত দুই কারণে–এই দিনে পুরনো বছরের আবর্জনা দাহ করে ভস্মীভূত করা হয় আর কামনার দেবতা মদনের দহনের তিথি উদ্‌যাপন করা হয়ঃ সংবৎসরস্য দাহো'য়ং কামদাহো মতান্তরে। হয়তো হোলিকা সেই বৎসরের আবর্জনা রূপ রাক্ষসী। বছরের প্রথম রাত অর্থাৎ নববর্ষের রাত। সে রাতে সারা বছরের মঙ্গল কামনায় হোমযজ্ঞ হবে, নবীন শস্য আহুতি দিয়ে দেবতাকে তুষ্ট করা হবে, রোগীর রোগমুক্তির কামনা করা হবে, আবার হইহুল্লোড় উৎসবও হবে, এই তো স্বাভাবিক। নৃত্য-গীত-বাদ্যের পাশাপাশি খানিক পানজনিত অকারণ গালিগালাজ এসে পড়াও বিচিত্র কী? আপনারা নিজেরাই পয়লা জানুয়ারি কিংবা পয়লা বৈশাখের উৎসবের কথা স্মরণ করুন না, হুল্লোড়হীন ভাবে পালন করতে পারেন কি?

চার

তবে হোলিকা বা হোলাকার রাক্ষসী হয়ে ওঠার গল্প বোধকরি এতটুকুতেই শেষ হয়ে যায় না। কারণ, সংস্কৃত গ্রন্থে হোলাকা, হোরিকা দুই শব্দই উল্লিখিত হয়েছে, বৈয়াকরণরা ধাতু-প্রত্যয় যোগে বোঝানোর চেষ্টাও করেছেন যে, সংস্কৃত 'হু' ধাতু, যা থেকে যজ্ঞে প্রদত্ত আহুতি শব্দের উৎপত্তি, সেই 'হু' ধাতু থেকেই হোলিকা বা হোলাকা শব্দেরও উদ্ভব। কিন্তু কী জানেন, হজম করা মুশকিল। 'ঢোন্‌ঢা' শব্দটাকে যেমন আর্যভাষার শব্দ বলে বিশ্বাস করা মুশকিল, ঠিক তেমনই বৈয়াকরণদের হোলিকা শব্দটাকে সংস্কৃত শব্দ বলে প্রমাণ করার চেষ্টার মধ্যে কেমন যেন একটা জোর-জবরদস্তি আছে। আর এমন ভাবনার অনুপ্রেরণাও আপনি সংস্কৃত গ্রন্থেই পাবেন। খ্রিস্টপূর্ব চতুর্থ শতকের মধ্যে রচিত *পূর্বমীমাংসা সূত্র*-তেও হোলাকার উল্লেখ পাওয়া যাচ্ছে এবং খ্রিস্টীয় প্রথম শতকে মীমাংসা দর্শনের টীকা রচনা করতে বসে শবরস্বামী যা বললেন তাতে হোলাকা বা হোলি উৎসবের তাৎপর্য আর একটু অন্যরকম ভাবে ধরা পড়ল আমাদের চোখে। শবরস্বামী কিন্তু স্পষ্ট উল্লেখ করলেন যে, হোলাকা মূলত পূর্বদেশের উৎসব, কিন্তু তা আর পূর্বদেশে সীমাবদ্ধ নেই বরং সারা ভারতেই এই উৎসব পালন করতে হবে। কেমন ভাবে পালন করতে হবে? না, শ্রুতিতে প্রাপ্ত বা বৈদিক আচারের সঙ্গে স্মৃতিশাস্ত্রীয় বিধি, দেশাচার, লোকাচার প্রভৃতি মিশিয়ে। এই যে কথাটা *শবরভাষ্য*-তে পাওয়া গেল, এর গুরুত্ব যে কতখানি, তা আপনাদের বলে বোঝাতে পারব না। যে কোনও বৈদিক যাগযজ্ঞে, উৎসবে কালক্রমে লোকাচার দেশাচার কিছু জুড়ে যায়ই, কিন্তু এই যে সব কিছু মিলিয়ে একটা উৎসব পালন করতে হবে– টীকাভাষ্যের এই স্বীকৃতি বা উপদেশ শুধু যে উৎসবটাকে সর্বজনীন করে তোলে তাই নয়, একই সঙ্গে এই উৎসব যে শুধুমাত্র যাগযজ্ঞ সম্বন্ধীয় নয়, বরং যাগযজ্ঞের সঙ্গে যাঁদের কোনও সম্বন্ধ নেই তাঁদের কাছেও যে এ এক বিরাট মহোৎসব, তাকে সিদ্ধ করে। বিশেষ উল্লেখ্য এই পূর্বাঞ্চলের মানুষজনের উৎসব বলে স্পষ্ট ভাবে দেগে দেওয়ার বিষয়টা। কাদের কথা বলছেন শবর? এ দেশের অনার্য ভূমিপুত্রদের কথা বলতে চাইছিলেন কি? এরকম একটা সম্ভাবনা মাথায় নিয়ে খুঁজতে খুঁজতে প্রখ্যাত গবেষক নির্মলকুমার বসুর এক দীর্ঘ প্রবন্ধ পেলাম যেখানে তিনি ভারতের আদিবাসী সম্প্রদায়ের ফাল্গুনী পূর্ণিমা পালনের খুঁটিনাটি বিবরণ দিয়েছেন। ওড়িশার খোন্দ উপজাতি, দাক্ষিণাত্যের গোন্দ, ছোটনাগপুরের ওরাওঁ এমনকি অসমের আদিবাসী এবং নাগাদের মধ্যেও ফাল্গুন পূর্ণিমায় উৎসব পালনের রীতি আছে। বিশেষ করে খোন্দ, ওরাওঁ, নাগাদের পালিত উৎসবে বেশ মিলও আছে। এঁরা প্রত্যেকেই এইদিন কৃষিক্ষেত্রকে প্রসন্ন করার জন্য নিজ নিজ পদ্ধতিতে পুজো করেন, চাষের জমির উর্বরতা বৃদ্ধির কামনায় সেই পুজোয় বলিদানের প্রথাও আছে। খোন্দ, নাগাদের মধ্যে একসময় এই উপলক্ষে নরবলির ব্যবস্থাও প্রচলিত ছিল, কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে মানুষের পরিবর্তে পশুবলির প্রচলন শুরু হয়। বলিপ্রদত্ত পশুটিকে পুড়িয়ে কবর দেওয়া হয় চাষের জমিতে আর এঁদের বিশ্বাস, ধরিত্রী তাতে তুষ্ট হয়ে জমির উর্বরতা বাড়িয়ে তোলেন, সারা বছর ফসল ভাল হয়। সেই সঙ্গে শুকনো ডালপালা দিয়ে আগুন জ্বালিয়ে নাচ-গান-মদ্যপান-হুল্লোড় এঁদের উৎসবেরও অন্যতম অঙ্গ। পণ্ডিত বসু অবশ্য কৃষিক্ষেত্রের পুজো করা বা সেই উপলক্ষে উৎসব পালনের ব্যাপারটা পূর্ব-ভারতের এই উপজাতি গোষ্ঠীদের থেকেই আর্য পরম্পরায় এসেছিল, এমন কথা স্পষ্ট করে বলতে পারেননি। বরং খানিক ইতস্তত করে বলেছেন, "The protomorphous form of the Holi which belonged to the pre-Vedic civilization referrred to above, was possibly closely connected with the art of agriculture. As there is however no positive evidence to show that the Holi-sacrifice and agriculture were invented in India, we hesitate to describe Eastern India as the place from which these two gradually spread over the land. Possibly this region served as a secondary centre of dispersal of the festival and also of the art of agriculture with it."

শ্রীবসু কোনও সিদ্ধান্তে পৌঁছতে পারুন বা নাই পারুন তিনি যে ভারতের আদিম উপজাতির উৎসবের সূত্রটুকু ধরিয়ে দিয়ে গেলেন, এতেও আমাদের পরম উপকার হয়েছে, চিন্তার পথ আরও প্রশস্ত হয়েছে। বিশেষ করে এ কথাও তো ভেবে দেখা দরকার যে, বৈদিক আর্যদের সঙ্গে পূর্ব ভারতের পরিচয় যৎসামান্য থাকতেই পারে, কিন্তু নাগা-ওরাওঁ-খোন্দ সংস্কৃতির সঙ্গে তাঁরা কতটা পরিচিত ছিলেন তা বলা মুশকিল। তা ছাড়া যে 'হোলি' শব্দের শিকড় খুঁজতে এদের মাঝে আসা, সেটাও তো পেলাম না কোথাও। কিন্তু আছে, আমাদের এবং বৈদিক আর্যদের চোখের সামনেই তেমনও এক উপজাতি আছে, যে জাতির মানুষজন উত্তর ভারতে, পশ্চিম ভারতে তো বটেই, খানিক পূর্ব ভারতেও আছেন। হ্যাঁ, আমি ভীলদের কথা বলছি। এদের আপনি রাজস্থানে, গুজরাতে যেমন দেখতে পাবেন তেমনই বর্তমান ছত্তীসগঢ়ে, সাতপুরা পার্বত্য অঞ্চলেও এঁরা ছড়িয়ে আছেন। ভারতবর্ষের আদিম উপজাতি বিষয়ক গবেষকরা এই ভীল জনজাতির ফাল্গুন পূর্ণিমার উৎসবের বর্ণনা দিয়েছেন এবং সেখানে কিন্তু দেখা যাচ্ছে ভীলদের উৎসবে কৃষিক্ষেত্রকে প্রসন্ন করার ভাবনা যেমন আছে, তেমনই আছে বসন্তের রং, আছে বিশ্বাস যে, এই দিনের উৎসবে দেবী প্রসন্ন হলে বন্ধ্যা স্ত্রীও সন্তানের মুখ

দেখেন। কে সেই দেবী? ভীল উপকথার সেই দেবীর নাম কিন্তু 'হোলি'। কাহিনি অনুযায়ী তিনি নিজেও এক ভীল রমণী, যিনি ফাল্গুনের পূর্ণিমায় চন্দ্রগহণের সময়ে জন্মগ্রহণ করেন। গ্রহণের সময় জন্ম বলেই ভীলদের ধারণা হয় মেয়েটি অপয়া, ফলে ভীল রাজার যে কন্যাটির রাজার ঘরে বাপ-মায়ের আদরে বেড়ে ওঠার কথা ছিল, সে বেচারি পরিত্যক্ত হয় শেষ পর্যন্ত। অবশেষে বিস্তর জীবন-যন্ত্রণার পর শুকনো ডালপাতার কুটিরে আগুনে পুড়ে প্রাণ দেয় মেয়েটি। তার সেই যন্ত্রণার জীবন এবং আত্মহত্যা শেষমেশ তাকে ভীল সমাজের দেবী করে তুলেছে, বোধ হয় মরা মেয়েটির অপয়া অপবাদও ঘুচেছে সেই সঙ্গে। ভীলরা হোলির দিনে সেই দেবী হোলিকে স্মরণ করে শুকনো ডালপাতার কুঁড়ে বানিয়ে আগুন জ্বালায়, কী জানি লোকমুখে সেইজন্যই চাঁচড়ের নামও 'বুড়ির ঘর' হয়েছে কি না। সেই আগুন ঘিরে চলতে থাকে ভীলদের বার্ষিক উৎসব, নাচ-গান, মদ্যপান, ঢোল-বাঁশি-ঝাঁঝর এর বাজনা। ভীলনি-রা হোলির গান গাইতে গাইতে সেই আগুনে হোলিদেবীর উপহারস্বরূপ আহুতি দেয় নারকেল, ফলমূল, নতুন শস্য, সিঁদুর, রাশি রাশি ফুল। ভীলদের হোলি উৎসবের নাচের একটা অঙ্গ হল বিবাহেচ্ছু পুরুষ-রমণীর মেলামেশা। একটা বেশ মজার খেলা হয় এদের উৎসবে। বরকে ঘিরে তার বন্ধুবান্ধব এবং মেয়েদের দল নাচতে থাকে এবং তাদের মূল লক্ষ্য, বরকে সেই নাচের বৃত্ত থেকে বের হয়ে কনের কাছে পৌঁছতে না দেওয়া। আর বরকে জিততে হলে সেই বৃত্ত ভেঙ্গে বেরিয়ে পৌঁছে যেতে হবে তার প্রিয়া রমণীর কাছে। যদি জিতে যাও তো হবে বিয়ে, সঙ্গে পাবে দেবী হোলির কাছ থেকে সন্তান লাভের আশীর্বাদ। ফাল্গুনের পূর্ণিমার রাতে কিন্তু উৎসব শেস হয়ে যায় না। এই উৎসব চলে প্রায় পাঁচ-সাত দিন ধরে আর সেই উৎসবের পরবর্তী পর্যায়ে থাকে তির-ধনুক নিয়ে শিকারে যাওয়ার নাচ এবং দল বেঁধে শিকারে যাওয়া।

এই ভীলদের বা অনার্যদের দেখাদেখিই আর্যরা নিজেদের ক্যালেন্ডার খানিক ঘষেমেজে ফাল্গুনের পূর্ণিমায় টেনে এনেছিলেন কি না, এ সব গবেষণা আপাততঃ তোলা থাক। তবে এতক্ষণে বোধ হয় আমাদের প্রিয় বসন্ত উৎসবের একেবারে গোড়ায় আপনাদের নিয়ে পৌছাতে পেরেছি। আমরা ধারণা করতে পারি, যেদিন থেকে ফাল্গুনের পূর্ণিমা থেকে বৈদিক বর্ষগণনা আরম্ভ হল, সেদিন থেকেই নববর্ষে অনুষ্ঠেয় যাগযজ্ঞের সঙ্গে প্রেমের রং আর হইহুল্লোড়ের পাশাপাশি ভীলদের দেবী হোলির সঙ্গেও আর্য সভ্যতার মানুষজনের পরিচয় হয়েছে এবং ভিন্ন সংস্কৃতির হলেও উৎসবের উপকরণগুলি বেশ মনোহারি বলেই তা মহোৎসব। তা আবার নববর্ষের মতো উদ্দাম মহোৎসবে সেগুলিকে সাদরে গ্রহণ করতেও সেকালের বৈদিক সংস্কৃতির মানুষজন দেরি করেননি। কিন্তু বেদোত্তর যুগের কুমারী মেয়েরা, নবান্নেষ্টির পুরোহিতরা, নববর্ষে মদ্যপান-শিকারের খেলায় মত্ত মানুষজন যাকে দেবী হোলাকা বা হোলাকা উৎসব বলে গ্রহণ করলেন, তার গা থেকে ভীলনির পরিচয় মুছে ফেলতে পারলেন কই? আর্যসমাজে একসময়ে সাদরে গৃহীত হয়েও তাই পুরাণের যুগের ঈষৎ ব্রাহ্মন্যের বাড়াবাড়িতে হোলাকা বা হোলিকা রাক্ষসী হয়ে উঠেছেন। তবু দেখুন, উৎসব



রয়ে গেছে তার নিজের ধাঁচেই।


পাঁচ

এত কথার পর একটা গুরুত্বপূর্ণ কথা না বললেই নয়। দেখুন, পণ্ডিতদের তর্কবিতর্কে আমি যাব না বিশেষ। কিন্তু পুরাণের প্রমাণে কৃষ্ণের জীবনকালের যে সাল-তারিখ পাওয়া যায়, তা আমার কাছে কিছু কম ঐতিহাসিক নয়। আর এই যে কৃষ্ণ আর ব্রজবালাদের হোলি উৎসব আজও পর্যন্ত স্মরণীয় হয়ে রইল, তার কারণটাও আমার চোখে শুধুমাত্র কৃষ্ণভক্তির বিষয় নয়। আমাদের পুরাণগুলিতে ঠিক কত বছর আগে কুরুক্ষেত্রের যুদ্ধ হয়েছিল তার হিসেব বোঝাতে একটা বিখ্যাত শ্লোক উল্লিখিত হয়েছে, যার মূল বক্তব্য হল পাণ্ডব বংশধর অভিমন্যুপুত্র পরীক্ষিতের জন্মের সময় থেকে নন্দবংশের প্রতিষ্ঠাতা মহাপদ্মনন্দের অভিষেকের সময়ের মধ্যে ব্যবধান ঠিক কত বছরের– যাবৎ পরিক্ষিতো জন্ম যাবৎ নন্দাভিষেচনম্। পাঠান্তর অল্পবিস্তর থাকলেও শ্লোকে প্রদত্ত হিসেব হল এই ব্যবধান প্রায় এক হাজার পঞ্চাশ বছরের, যদিও পণ্ডিতরা কেউ একে বারোশো পঞ্চাশ বছর কেউ আবার পনেরোশো বা পনেরোশো পঞ্চাশ বছর ধরেও হিসাব করেন। মহাপদ্মনন্দ খ্রিস্টপূর্ব চতুর্থ শতকে সিংহাসনে আরোহণ করেন এ বিষয়ে অবশ্য কোনও দ্বিমত নেই। সেক্ষেত্রে ন্যূনতম বা বৃহত্তম দুই ব্যবধান ধরেও যদি হিসাব করি, তা হলেও আনুমানিক খ্রিস্টপূর্ব অষ্টাদশ থেকে চতুর্দশ শতাব্দিতে পরীক্ষিৎ জন্মগ্রহণ করেছিলেন বলে ধরতে হয় আর এই তথ্যের সমর্থন তো পুরাতাত্ত্বিকরাও করেন। তা হলে সেই সঙ্গে এটাও মেনে নিতে হয় যে পরীক্ষিতের মামাদাদু মানে আমাদের মহাভারতসূত্রধার কৃষ্ণ সেই সময়ে জীবিত ছিলেন। এবার সেই মহাভারতসূত্রধারের বাল্যজীবনের কথা মনে করুন। মথুরা-বৃন্দাবনে যে-গোপবালকদের সাহচর্যে, যে-গোপিনীদের প্রেমে তাঁর বাল্যকাল কেটেছিল, তাঁদের সকলকে খুব একটা আর্যসংস্কৃতিভুক্ত না ভাবাই ভাল এবং মথুরা-বৃন্দাবনে কিংবা পরে দ্বারকায় কৃষ্ণের এই গোপসহচররা অনেকেই ভীল উপজাতির মানুষ ছিলেন কি না তাও ভেবে দেখা যেতে পারে। *ভাগবত-হরিবংশ*-তে কৃষ্ণের সঙ্গে তাদের যে অসঙ্কোচ অবাধ মেলামেশার বর্ণনা মেলে, তা থেকে বোধ হয় অনুমান করা কঠিন নয় যে, ভীলদের বসন্ত উৎসবের আর্যায়নে এই ভগবৎস্বরূপ বিরাট


মানুষটির একটা বড় অবদান থাকলেও থাকতে পারে। যে-কৃষ্ণ বৈদিক ইন্দ্রদেবতার পুজোকে চ্যালেঞ্জ ছুড়ে গোবর্ধন পর্বতের পুজো চালু করতে পেরেছিলেন, এ দেশের ভূমিপুত্রদের উৎসবকে বোধ করি তিনি ছাড়া আর কেউ এমন স্বচ্ছন্দে আর্যসংস্কৃতিতে মিশিয়ে দিতে পারতেন না। আরও অন্তত একটা বিষয়ে কৃষ্ণের এবং তাঁর গোপ সখাসখীদের অবদান তো আমরা স্বীকার করতেই পারি আর তা হল এই উৎসবে আবির-গুলালের প্রবেশ। *বরাহ পুরাণ*-এর এখনকার প্রাপ্ত সংস্করণগুলিতে আমি শ্লোকটা খুঁজে পাইনি বটে, কিন্তু মহামহোপাধ্যায় পণ্ডিত পাণ্ডুরঙ্গ বামন কানে (P V Kane) *বরাহ পুরাণ*-এর প্রমাণে জানাচ্ছেন, ফাল্গুনের পূর্ণিমাকে বলা হয় ‘পটবাসবিলাসিনী’–ফাল্গুনে পৌর্ণিমাস্যাং তু পটবাসবিলাসিনী। এখন কথা হল পটবাস বা পটবাসক কথাটার একটা মানে, যেমন পট্টবস্ত্র বা ধুতি-শাড়ি, তেমনই আর-একটা অর্থ হল কাপড় রাঙানোর জন্য ব্যবহৃত রঙের গুঁড়ো, অভিধানকারের ভাষায় পটবাসচূর্ণম্। পিষ্টৈন কুঙ্কুমচূর্ণাদিনা... ইত্যাদি। পুরাণ-গবেষক নৃসিংহপ্রসাদ ভাদুড়ী লিখেছেন, “কাপড় রাঙানোর ব্যাপারটা একরকম শিল্পকর্মের অন্তর্গত ছিল মথুরায়। ...মথুরায় ‘শাটক’ নামে এক ধরনের কাপড় বা শাড়ী পাওয়া যেত, যার চাহিদা ছিল অন্যত্রও। অতি মহার্ঘ্য চীনাংশুক অথবা রেশমি কাপড়, যেগুলি উত্তরাপথ এবং ভরুকচ্ছ হয়ে রোমক সাম্রাজ্য পর্যন্ত রফতানি হত, সেগুলিও যেহেতু মথুরার বাজার স্পর্শ করে যেত, অতএব মথুরায় বস্ত্রশিল্পের বিপণন হত ভালরকম”। দেখুন, আবিরে কেমিক্যাল দেওয়ার রেওয়াজ তখন ছিল না। যে মথুরার গোপজন ফুল-পাতা-কুঙ্কুমের প্রাকৃতিক রঙের গুঁড়ো দিয়ে কাপড় রাঙাতেন, তাঁরা বসন্ত উৎসবের দিনে তা দিয়ে খানিক খেলা করবেন, এর-ওর গায়ে মাখিয়ে দেবেন, তাতে আর আশ্চর্য কী? আর এই খানিক আগে ভীল বরবধূকে নিয়ে যে খেলার কথা আপনাদের বলছিলাম, খেয়াল করে দেখুন, তার সঙ্গেও কিন্তু বৃন্দাবন-বরসানার হোলির মিল আছে বেশ। কৃষ্ণ তাঁর সখাদের নিয়ে রাধার গ্রামে ঢুকতে যাবেন, আর সেই গ্রামের লোকেরা বাধা দেবেন, এমনকি সেই বাধা খানিক লাঠালাঠির চেহারাও নেবে, কিন্তু প্রেমিক কৃষ্ণকে ঠেকায় কে? বৃষভানুকিশোরীর কাছে তিনি ঠিক গিয়ে পৌঁছোন। এরকম ভাবেই তো পালন করা হয় বরসানার ‘লাঠমার’ হোলি। কাজেই শুধু রাধাকৃষ্ণের দোলনায় দোলা আবির রাঙানো দোলের জন্য নয়। আমার বরং মনে হয় সেই বিরাট মানুষটি এই উৎসবের সঙ্গে অনেক বেশি জড়িয়ে আছেন এ দেশের ভূমিপুত্রদের খেলা-উৎসবের সবটুকুকে আপন করে নিয়ে আর্যসংস্কৃতিতে মিশিয়ে দেওয়ার কারিগর হিসেবেই।

রুটির সাতরকম অর্থ লেখা পণ্ডিতদের কথা ভাববেন না। এ-ও ভাববেন না, আপনাকে কেউ দোল উৎসবের কারণ জিজ্ঞেস করলে আপনি ঠিক উত্তর দিলেন কি না। দোল বা হোলি, যে মর্মেই আপনি উৎসব পালন করুন না কেন, এ উৎসব আমাদের দেশের নববর্ষের হইহুল্লার অতিপ্রাচীন অথচ চিরনবীন ঠাকুরদাদাটি। এই উৎসব আর্যের-অনার্যের, আমাদের-ওদের, কৃষকের-প্রেমিকের, ভীলনির-গোপিনীর–সবার। এতে শুদ্ধতা এবং শালীনতা বজায় রেখে উৎসবের, শাস্ত্রীয় আচারের, দেশাচার, লোকাচারের যত অনুষঙ্গ আপনি যোগ করতে চান– দোষো নাস্তি। উৎসবের উচ্ছ্বাসের মাঝে সবরকমই চলে, সবই হয়, সব সত্যি, সব সত্যি। ❑

*অঙ্কন : বৈশালী সরকার*



# দুর্গাপূজা উপলক্ষে সবাইকে শারদ শুভেচ্ছা



**www.bangladeshhindus.com**
News about Bangladesh Hindus. You are welcome to send any news about Bangladesh Hindus. Please send email at contact@bangladeshhindus.com

**www.bangladeshtemples.com**
We are putting information about Bangladesh Temples in this website. Please send photos and a brief description of your temples. Please send email at contact@bangladeshhindus.com

**www.pakistantemples.com**
A dadabase of temples in Pakistan

**www.bharatbarsha.com**
An initiative for information about bharatbarsha since ancient time. Please sent email to contact@bharatbarsha.com

# SRI CHANDRA MADHAB DEBNATH ENDOWMENT

Hindu Heritage Endowment

A multi-million-dollar professionally managed, publicly supported charitable endowment established to strengthen Hinduism worldwide since 1994

*An endowment trust fund established in the USA to help temples and orphanages in Bangladesh. Your contribution is welcome.*



**Grant recipients are:**

1. Sri Sri Madan Mohan Mandir, Sukdev Palli, Daulatkhan, Bhola, Bangladesh
2. Sri Sri Madan Mohan Bauji Mandir, Daulatkhan Bazar, Bhola, Bangladesh
3. Sri Sri Kali Bari Mandir, Daulatkhan Bazar, Bhola, Bangladesh
4. Sri Sri Radha Damodhar Jeo Mandir and Dandadhar Babaji Sevashram, Bara Mirjakalu, Borhanuddin, Bhola, Bangladesh
5. Sri Sri Gita Sangha, Alexander, Ramgati, Lakhsmipur, Bangladesh
6. Sri Sri Gouranga Mahaprabhu Jeo Mandir, Dalalbazar, Lakhsmipur, Bangladesh
7. Sri Sri Radha Gobinda Mandir, Dattapukur, North 24 Pargana, West Bengal, Bharat
8. Sri Sri Shristitala Mandir, Charpata, Daulatkhan, Bhola, Bangladesh
9. Sri Sri Krishna Mandir, Borhanganj, Borhanuddin, Bhola, Bangladesh

**Contact us:**
Sri Chandra Madhab Debnath Endowment
Hindu Heritage Endowment 107 Kaholalele Road Kappa Hawali 96746-9304 USA
Phone: 1 808 822 3012 ext. 244 Fax: 1 808 822 3152 E-mail: hhe@hindu.org
www.hheonline.org

**Online Domain www.onlinedomain.info**
Email: contact@onlinedomain.info

**Domain Names, Web Hosting, Email Accounts, SSL Certificates**

# কৃষ্ণের বহুরূপের মধ্যে গোপাল কেন শ্রেষ্ঠ?

ভাস্কর বন্দ্যোপাধ্যায়

কৃষ্ণস্য ভগবান স্বয়ম্। অজস্র তাঁর নাম, রূপ তাঁর বহু। কৃষ্ণের লীলাকাহিনির অন্ত নেই। ভক্তের চোখে তিনি নানারূপে ধরা দেন। তবে সব রূপকে ছাড়িয়ে যায় তাঁর গোপাল রূপ। তিনি তখন দূরের নন খুব কাছের, সংসারের অতি আপনজন। গোপালের সঙ্গে তৈরি হয় এক মধুর সম্পর্ক। আপদে বিপদে, সুখে দুঃখে, অভাবে অনুভবে তিনি যেন পাশে এসে দাঁড়ান। ঠিক যেন পরিবারের কেউ! সাংসারিক শান্তি, শ্রীবৃদ্ধির জন্য গোপাল পুজো করা হয়। প্রাত্যহিক জীবনের সমস্যাও তাঁর কৃপায় অতিক্রম করা যায়। প্রতিদিন শ্রীকৃষ্ণস্যগোপাল সহস্র নামস্তব পাঠ, তুলসী প্রদান, দীপদানে সর্বমনস্কামনা পূর্ণ হয়। এমনকী মোক্ষলাভও সম্ভব হয়। লিখেছেন ভাস্কর বন্দ্যোপাধ্যায়।

শতসহস্র নামধারী চির আনন্দময় বিরাট পুরুষ হলেন শ্রীবিষ্ণু। পূর্ণ ষোলোকলা নিয়ে তিনি শ্রীকৃষ্ণ রূপে আবির্ভূত। বাল্যে গোকুলে তিনি মা যশোদার আদরের দুলাল-লালা, নীলমণি, কানাই–কতই না নামে পরিচিত। গোপবাসীদের কাছে তিনিই আবার কানহা, কৃষ্ণগোবিন্দ, বনমালি, গোপাল, গদাধর, ননীচোর প্রভৃতি। শ্রীকৃষ্ণের এত নাম ও রূপের মধ্যে 'গোপাল' নামে প্রেম বাৎসল্যরস ও মাহাত্ম্যই আলাদা। নদী যেমন সাগরের দিকে যায়, লোহাকে চুম্বক যেমন টানে গোপালরূপী কৃস্ণও তেমনই আপামর নরনারীকে আকর্ষণ করে মুক্তি প্রদান করেন। জগৎ সংসার তাঁর ক্রীড়াক্ষেত্র–'খেলিছ এ বিশ্বলয়ে, বিরাট শিশু আনমনে।' প্রলয়, সৃষ্টি, মুক্তি–সবই সেই বিরাট শিশু গোপালের পুতুলখেলা। বাংলার অসংখ্য নরনারী নিত্য গোপালের পুজো করেন। নারায়ণ, শ্রীকৃষ্ণ, গোপাল মূলত এক ও অভিন্ন। তাই গোপালকে শ্রদ্ধা ভক্তি বা পুজো করলে তা ভগবান শ্রীকৃষ্ণেরই আরাধনা হয়।

**কলিকালে প্রত্যক্ষ ফল প্রদানকারী দুই দেবতা হলেন–গোপাল আর দক্ষিণাকালী। গোপাল শ্রীকৃষ্ণের বাল্যরূপ। তাই তিনি ভক্তবৎসল। বিশেষ করে সংসারীদের কাছে তিনি ভক্তবাঞ্ছা কল্পতরু।**

### শ্রীভগবান অবতাররূপে অবতীর্ণ হন কেন?

এই মায়াময় জগতে ভগবানের আসা আর যাওয়া রহস্যে ভরা। বুদ্ধিতে যার ব্যাখ্যা পাওয়া যায় না। ভগবান নিজ ইচ্ছায় এই রহস্য উদ্‌ঘাটন করলে তবেই জানা যায়। গীতায় শ্রীভগবান বলেছেন যুগে যুগে আমি আসি। যখন ধর্মের গ্লানি বৃদ্ধি পায়, অধর্মের বিস্তার ঘটে তখন সাধুদের পরিত্রাণের জন্য দুষ্কৃতিদের বিনাশ করে ধর্ম সংস্থাপনের জন্য অবতীর্ণ হই। 'যদা যদাহি ধর্মস্য গ্লানির্ভবতি ভারত। / অভ্যুত্থানমধর্মস্য তদাত্মানং সৃজাম্যহম্ ॥ / পরিত্রাণায় সাধুনাং বিনাশায় চ দুষ্কৃতাম্। / ধর্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে।' (গীতা- ৪/৭.৮)

শ্রীভগবান আরও বলেছেন, আমি জন্মরহিত। তবুও আমি যখন মনুষ্য দেহ ধারণ করি তখন লোকে আমার পরমভাব না বুঝে অন্য সব সাধারণ লোকের মতো দেখে অবজ্ঞা করে–(গীতা, ৯/১১)। তিনি পূর্ণানন্দময়। সুখ-দুঃখময় সংসারে মনুষ্যদেহে ধারণ করে এলেও চির আনন্দময় অমৃতলোক কথা চিন্ময়ধামে যাঁর বাস। তাই চিন্ময় সত্তার প্রয়োজনীয় ও উপযোগী সবই নিয়ে আসেন তিনি। জগৎ সংসারে ভক্তের সেবা-পুজো গ্রহণ করেন। তিনি চিন্ময়; সর্বভূতে বিরাজমান। তাই তাঁকে দেখা যায় না। কারণ জড় বস্তুর পক্ষে সম্ভব নয় চিন্ময় বস্তুকে স্পর্শ করা।

### অবতারের কারণ

ঈশ্বর আরাধনা নিত্যকাল হয়ে আসছে। সুস্পষ্টরূপে বেদেও এর উল্লেখ আছে। জ্যোতিষ মতে শ্রীকৃষ্ণের প্রকট লীলার সময় কলির আবির্ভাব। কিন্তু ধরায় শ্রীকৃষ্ণের চরণস্পর্শ থাকায় কলি জ্যোতিষ্কের মতো শূন্যে অবস্থান করছিলেন। শ্রীকৃষ্ণ নিজধামে চলে গেলে কলি তখন মর্তে অবতীর্ণ হন।

শাস্ত্রমতে ব্রহ্ম নির্গুণ, নিরাকার, সর্বব্যাপী। তবুও জগতের কল্যাণের জন্য নির্গুণ ব্রহ্ম সাকাররূপে দেহ ধারণ করেন। মনোহর লীলা করেন।

### শ্রীকৃষ্ণ কেন অবতীর্ণ হলেন অবতাররূপে

দ্বাপর যুগের প্রায় অন্তিমলগ্ন। যুগ সন্ধিক্ষণও বলা যায়। রাজনৈতিক দীনতা, হিংসা-হিংস্রতা ও স্বার্থপরতায় সামাজিক পদস্খলন, মানবিকতা ও ধর্মের প্রতিনিয়ত অধঃপতন। রাষ্ট্রশক্তি বিপন্ন। অধর্মের জাঁতাকলে পিষ্ট প্রজাদের অবস্থা সঙ্গিন। পৃথিবীর এই অবস্থা হবে নাই বা কেন! তখন মহাবলশালী দৈত্য-অসুররা স্বদম্ভে রাজত্ব করছে। সর্বদা প্রজাপীড়ন আর তাদের সম্পদ লুণ্ঠনে ব্যস্ত। তারা সবরকম গোভবিলাসে মত্ত–সুরা-সুন্দরী ছাড়া চলে না। মথুরায় রাজত্ব করছেন মহাবলশালী ভোজবংশীয় রাজা কংস। কংসের মিত্ররূপে আরও অনেক উৎপীড়ক স্বৈরাচারী অসুর বিভিন্নস্থানে রাজত্ব করতেন; যেমন কালসরণ, নরকাসুর, জরাসন্ধ, শিশুপাল, বানাসুর প্রভৃতি। শ্রীশুকদেব এঁদের বলেছেন 'নৃপব্যাজ'–প্রজাউৎপীড়ক রাজা।

পৃথিবী হলেন 'সর্বংসহা'–সবকিছুই সহ্যকারিণী। কিন্তু সেই পৃথিবীও আজ অসহায়। ওই সব রাজাদের অধর্মেল পাপের ফল বহন করতে পারছেন না। অগত্যা গাভীর রূপ ধারণ করে পৃথিবী সৃষ্টিকর্তা ব্রহ্মার কাছে গিয়ে নিজের দুঃখের কথা সবিস্তারে বললেন।

ব্রহ্মা সব দেবতাদের পরামর্শে দেবাবাদিদেব মহাদেব সহ সব দেবতা ও পৃথিবীকে সঙ্গে নিয়ে ক্ষীরসমুদ্রে নারায়ণের বাসস্থানে

গেলেন। তাঁরা ঋগ্বেদের পুরুষসূক্ত স্তব করতে লাগলেন। উদ্দেশ্য ক্ষীরোদশায়ী শ্রীবিষ্ণু ভগবানের প্রসন্নতা লাভ।

এভাবে কিছু সময় অতিবাহিত হওয়ার পর মহাশূন্যে একটি শব্দ হল। ব্রহ্মা ধ্যানযোগে তার মর্মার্থ জানলেন এবং দেবতাদের বললেন, 'প্রভু সবই জানেন। তিনি ধর্মরক্ষা আর পৃথিবীর ভার লাঘব করতে যদুকুলপতি বসুদেবের সন্তানরূপে আবির্ভূত হয়ে লীলা করবেন। তাঁর জন্মের মঞ্চ প্রস্তুত করতে অনন্তদেব আগে জন্মাবেন। আপনারাও প্রভুর প্রীতি সম্পাদনের জন্য আবির্ভূত হন।'



'পূর্ণ ভগবান্ অবতার যেই কালে।
আর সব অবতার তাতে আসি মিলে ॥' (চৈঃ চঃ)

পূর্ণানন্দময় শ্রীবিষ্ণু মর্তে অবতীর্ণ হন নিজ লীলারসে পৃথিবীকে সিক্ত করে আনন্দ আস্বাদনের জন্য। তিনি যে চিরলীলাময়।

'বৈকুণ্ঠাদ্যে নাহি যে যে লীলার প্রচার।
সেই যে লীলা করিব যাতে মোর চমৎকার ॥' (তদেব)

এরপর বইতে থাকে ঘটনার স্রোতপ্রবাহ। কংসের খুল্লতাত বোন দেবকীর সঙ্গে বিবাহ হয় যদুকুলপতি বসুদেবের। বিবাহ সম্বন্ধ স্থির করেন যদুকুলাচার্য মহর্ষি গর্গ। বিবাহের পর সস্ত্রীক স্বগৃহে ফেরার পথে হল দৈববাণী। মহারাজ কংস দেবকী আর বসুদেবকে কারাগারে বন্দি করলেও তাঁদের প্রথম ছয় পুত্রসন্তানকে কংস হত্যা করলেন। সপ্তম সন্তানকে যোগমায়া শ্রীভগবানের আদেশে গোকুলে বসুদেবের অপর পত্নী রোহিণীর গর্ভের স্থাপন করলেন। সেই সন্তানই হলেন শ্রীকৃষ্ণের বড়ভাই বলরামরূপী অনন্তদেব। এদিকে কংস জানলেন দেবকীর সপ্তম সন্তান গর্ভস্রাব হয়ে গেছে।

**ভগবান শ্রীকৃষ্ণের জন্মগ্রহণ**

মাতা দেবকীর অষ্টম গর্ভের সূচনা লক্ষিত হল। বিশ্বাত্মা ও ভক্তদের অভয়দাতা শ্রীবিষ্ণু ষোলো কলায় পূর্ণরূপে বসুদেবের অন্তরাকাশে আবির্ভূত হলেন। কারাবন্দি দম্পতির জীবনে এ এক শুভ আনন্দময় ক্ষণ–সদা ভগবদ্ স্মরণ, মনন ও চিন্তায় আবিষ্ট। শ্রীভগবানের আবির্ভাবে পতি-পত্নীর দেহের রূপান্তর এল। তাঁদের চেহারার তেজ, জ্যোতিময় কান্তি দেখা গেল।

সৃষ্টিকর্তা ব্রহ্মা সহ সব দেবতা গর্ভস্থ শ্রীকৃষ্ণের স্তব করতে লাগলেন। বহু কাঙ্ক্ষিত সেই মাহেন্দ্রক্ষণ আগত প্রায়।

আজ ভাদ্র মাসের শুভ কৃষ্ণঅষ্টমী তিথি। আকাশেল সব গ্রহ-নক্ষত্র-তারা প্রশান্তভাব ধারণ করেছে প্রভুকে দর্শন করবে বলে। শ্রীকৃষ্ণের আবির্ভাব উপলক্ষে চন্দ্রদেবের সঙ্গে রোহিণী নক্ষত্রের মিলন ঘটেছে। ধর্মপ্রাণ মানুষ নিজ নিজ ঘরদোর সজ্জিত করেছেন, দুয়ারে স্থাপন করেছেন পূর্ণ কুম্ভ ও কলাগাছ। অগ্নিহোত্রী ব্রাহ্মণদের গৃহের যজ্ঞকুণ্ডতে আপনা থেকে যজ্ঞাগ্নি জ্বলে উঠেছে। এক অপার্থিব আনন্দের প্লাবন যেন বইতে লাগল।

কংসের কারাগারে দেবকী বসুদেবের সামনে শ্রীভগবান কৃষ্ণরূপে আবির্ভূত হলেন। যেন পূর্ণ চন্দ্রের উদয় হল মাতা দেবকীর কোলে। অন্ধকারাচ্ছন্ন অষ্টমী তিথির মধ্যরাত্রে জন্ম-মৃত্যু, রোগ, শোক, বুদ্ধি, পরিণামের অতীত পরমপুরুষের জন্ম হল।

বসুদেব ও দেবকী দু'চোখ ভরে দেখছেন নয়নাভিরাম বালকটিকে। ভাগবতে শুকদেব কৃষ্ণের এই রূপের বর্ণনা করেছেন। সদ্যভূমিষ্ঠ শিশুটি পদ্মপলাশলোচন, চতুর্ভুজ, শঙ্খচক্রগদাপদ্ম তাঁর চার হাতে শোভা পাচ্ছে, বক্ষস্থলে শ্রীবৎস চিহ্ন। গলায় শোভা পাচ্ছে কৌস্তভমণি। গাত্রবর্ণ নবজলধর শ্যাম, তাতে পীতাম্বর পরিহিত। ধারণ করেছেন মহামূল্যবান বৈদুর্যমণি। বসুদেব প্রাণভরে দর্শন করতে থাকেন মহাতেজময় অদ্ভুত দর্শন বালককে।

বসুদেব ভগবানের বাবা। শ্রীভগবান এসেছেন তাঁর পুত্ররূপে। তাই তাঁর অন্তরে বাৎসল্য প্রেমের প্লাবন। শিশুটি জন্মেছেন নারায়ণের মূর্তিতে তাই বিস্ময়ের শেষ নেই। দেবতারা ও স্বপত্নী বসুদেব শ্রীভগবানের স্তব করতে লাগলেন। স্তবে তুষ্ট হলেন শ্রীভগবান। বসুদেব ও দেবকীকে স্মরণ করিয়ে দিলেন তাঁদের পূর্বাপর সব জন্মের কথা। এরপর শ্রীভগবান সাধারণ মনুষ্যশিশুর রূপ ধারণ করলেন।

ভগবানের আদেশে বসুদেব পুত্রকে কোলে নিয়ে নন্দালয়ে গেলেন। দৈব কৃপায় কোথাও বিন্দুমাত্র অসুবিধা হল না। গোপগণ সবাই গভীর ঘুমে আচ্ছন্ন। বসুদেব সন্তর্পণে নিজ পুত্রকে যশোদার পাশে শুইয়ে দিয়ে তাঁর কন্যাসন্তানকে এনে দেবকীর শয্যায় রেখে দিলেন। সকলের নিদ্রা ভঙ্গ হল। সব অবস্থাই আবার আগের মতো হয়ে গেল। যশোদা, নন্দরাজ জানলেন তাঁদের পুত্রসন্তান হয়েছে। এদিকে কংস দেবকীর অষ্টমগর্ভের কন্যা ভেবে যোগমায়াকে বধা করতে অসফল হলেন।

**গোকুলে আনন্দোৎসব :**

ব্রজবাসীদের আনন্দের সীমা নেই। তাঁরা শুনেছে মহারাজ নন্দের পুত্র হয়েছে। ব্রজবাসীরা নন্দের নন্দনকে দেখার জন্য বহুমূল্য সব উপহার নিয়ে নন্দালয়ে উপস্থিত। সেখানে উপস্থিত সব বয়সের গোপ নরনারীরা বালকের মতো চঞ্চল; তাঁরা নাচছেন, একে অপরের গায়ে দুধ, দই, ঘি ঢেলে আনন্দ করছেন। নন্দালয়ে প্রবাহিত হয়েছে আনন্দলহরী। যা চারদিকে প্রবাহিত হতে লাগল।

শিব নাচে ব্রহ্মা নাচে আর নাচে ইন্দ্র।
গোকুলে গোয়ালা নাচে পাইয়া গোবিন্দ ॥
নন্দের মন্দিরে গোয়ালা আইল ধাইয়া।
হাতে নড়ি ফাঁধে ভার থৈয়া থৈয়া থৈয়া ॥
দধি দুগ্ধ ঘৃত ঘোল অঙ্গনে ঢালিয়া।
নাচেরে নাচেরে নন্দ আনন্দ পাইয়া ॥
(পদকর্তা-শিবানন্দ)।
মহা আনন্দের স্রোতে চারদিক মাতোয়ারা।

**গোপালরূপী কৃষ্ণের লীলাখেলা**

লীলাপুরুষ শ্রীকৃষ্ণের লীলার অন্ত নেই। গোপাল, গোবিন্দ, কানহা, লালা, নীলমণি যে নামেই তাঁকে ডাকা হোক না কেন তিনি সেই একই, পরমপুরুষ। বিভিন্ন নামে ভিন্ন ভিন্ন ব্যক্তির সঙ্গে লীলা করেছেন। এক একটি লীলার মাধ্যমে তিনি এক এক বিষয় শিক্ষা দিয়েছেন। তিনি দয়া-মায়া-মমতা-মুক্তির দ্বার খুলে দিয়েছেন। গোপাল গোবিন্দরূপে তিনি সাধারণের সঙ্গে মিশে গিয়েছেন। স্থান লাভ করেছেন তাঁদের পরিবারের একজন সদস্যরূপে; ঢুকে গিয়েছেন মনের মণিকোঠায়। তাঁর করুণাময় লীলা শুরু হয় নন্দালয়ে যশোদা পুত্ররূপে পুতনা রাক্ষসীকে বধ করে। এই লীলায় প্রকাশিত হয় শ্রীভগবানের বাৎসল্যভাব। এরপর একে একে বহু অসুর বধা সহ কত কিছু। মা যশোদার কাছ থেকে শ্রীভগবান যে বাৎসল্য প্রেমে সিক্ত হয়েছেন তা জগৎবাসীর কাছে আলাদা মাত্রা পেয়েছে। তাই তো আসমুদ্র হিমাচল সনাতন ধর্মীদের মনে গোপাল-লালা-গোবিন্দ কৃষ্ণ নামের ঢেউ ওঠে।

পুতনা বধঃ রাজা কংস ভাগ্নে শ্রীকৃষ্ণকে বধের জন্য গোকুলে পাঠান শিশু হত্যাকারী রাক্ষসী পুতনাকে। নিজের আসলরূপ বদল করে সে সুন্দরী গোপনারীর বেশে নন্দালয়ে এল। যশোদা, রোহিণীসহ সেখানে উপস্থিত গোপবাসীরা তাঁর সৌন্দর্যে মোহিত। তারা ভাবল কোনও দেবী মানুষের রূপে নন্দের নন্দনকে দেখতে এসেছেন। কেউ তাঁকে বাধা দিল না। বরং পুতনা গোকুলবাসীদের মন জয় করে নিলেন।

শিশুকৃষ্ণ দোলনায় শুয়ে। সুযোগ বুঝে পুতনা শিশুটিকে বধ করার জন্য কোলে তুলে নিলেন। শিশুটির মুখে প্রদান করলেন বিষ মাখানো কুচ। উগ্রবিষযুক্ত কুচ শ্রীভগবানের মুখে স্পর্শমাত্র শিশুরূপী ভগবান ভীষণ ক্রুদ্ধ হলেন। তিনি দুই হাত দিয়ে সবলে পুতনার বক্ষ পীড়ন করে দুগ্ধপানের সঙ্গে সঙ্গে পান করলেন পুতনার প্রায়বায়ু।

পুতনা কৃষ্ণের হাত ছাড়াতে পারলেন না শতচেষ্টা করেও। কিছুতেই শিশুকৃষ্ণকে বুক থেকে ফেলে দিতেও পারলেন না।

এটাই হয়! শ্রীভগবানের সঙ্গে একবার সম্পর্ক হলে তা আর কাটানো যায় না। হিংসার সঙ্গে বিষযুক্ত দুগ্ধ পান করিয়েও পুতনা মুক্তি লাভ করেন। পূর্বজন্মে দৈত্যরাজ বলির কন্যা রত্নমালাই হলেন এই পুতনা। মৃত্যুর পর পুতনার বিকট রাক্ষসী রূপ দেখে গোকুল স্তম্ভিত হলেও কৃষ্ণর আসল রূপের হদিশ পেল না। তারা ভাবল তাদের লাল ভগবত কৃপায় নতুন জীবন পেল।

**শকটভঞ্জন আর তৃণাবর্ত উদ্ধার**

শিশুকৃষ্ণকে বধের জন্য ভোজরাজ কংসের প্রচেষ্টার অন্ত নেই। একের পর এক প্রাণঘাতী পরিকল্পনা করতে থাকে। জগৎ কর্তাকে বধের অভিপ্রায় তাঁর অজ্ঞানতা নাকি অভিমান! আবারও কংস আর এক অসুরকে গোকুলে পাঠালেন। কৃষ্ণকে মেরে ফেলার জন্য। সে ছিল দেহরহিত। শকটের রূপ ধারণ করে সে গোকুলে আসে। ইচ্ছা সুযোগ বুঝে শিশুকৃষ্ণকে নিয়ে চলে যাবে। কিন্তু ভগবানের অজানা কিছু থাকে না। তিনি পদাঘাতে শকট ও অসুরকে বিনাশ



করলেন। এই মহাবলশালী অসুরই হল শকটাসুর। শ্রীভগবানের পাদস্পর্শে মুক্তিলাভ করে।

আগের জন্মে শকটাসুর ছিল দৈত্যরাজ হিরণ্যাক্ষের পুত্র উৎকচ। উৎকচ অত্যন্ত বলবান ছিল। শক্তির দম্ভে সে চলার পথে লোমশ ঋষির আশ্রমের গাছপালা ভেঙে ছিল। তখন ঋষিবর তাকে অভিশাপ দিলে সে দেহরহিত হয়ে যায়। এরপর উৎকচ অনুতপ্ত হয়ে ক্ষমাভিক্ষা করেন। ঋষি তাতে ক্ষমা করে বলেন, 'বৈবস্বত

মন্বন্তরে ভগবান শ্রীকৃষ্ণের চরণস্পর্শে তুই মুক্ত হবি।' শকটাসুর এইভাবে কৃষ্ণের পদস্পর্শ পেয়ে মুক্ত হলেন।

আরও একটি ঘটনা। শিশু নন্দলালা উঠোনে বসে। তৃণাবর্ত নামে এক দানব সেখানে উপস্থিত হল। শিশুটি তখন একা। তৃণাবর্ত এটাই চাইছিল। সে তখন দ্রুতগতিতে শিশুটিকে তুলে নিয়ে আকাশে উঠে গেল। ভেবেছিল আকাশ থেকে তাকে মাটিতে ফেলে মারবে। তাই সে প্রবল ঘূর্ণিঝড়ের রূপ ধরে গোকুলকে ধুলোময় করে ফেলল। মা যশোদা কৃষ্ণকে খুঁজে পেলেন না।

তৃণাবর্ত তখন শিশুকে নিয়ে অনেক উঁচুতে আকাশে উঠে গেছে। হঠাৎ তার মনে হতে লাগল শিশুর ওজন ক্রমশ বাড়ছে। একসময় সে শিশুর ভারত বহনে অক্ষম হয়ে মাটিতে ফেলে দিতে চাইল। কিন্তু সে পারল না। কিন্তু শিশুকৃষ্ণ বজ্রমুঠিতে তৃণাবর্তকে গলা টিপে বধ করলেন। তৃণাবর্তের প্রাণহীদেহ আকাশ থেকে মাটিতে আছড়ে পড়ল। তৃণাবর্ত শ্রীভগবানের অঙ্গস্পর্শে মুক্তিলাভ করল।

কে এই তৃণাবর্ত? পাণ্ডুদেশের রাজা সহস্রাক্ষ মহিষীদের সঙ্গে নর্মদাতটে বিহারের সময় মহর্ষি দুর্বাসাকে দেখে ও তাঁকে উপযুক্ত সম্মান না দেওয়ার ক্রুদ্ধ ঋষির অভিশাপে রাক্ষস হয়ে যায়। পরে ঋষিবর তাকে ক্ষমা করে বলেন শ্রীভগবানের অঙ্গস্পর্শে তোমার মুক্তি ঘটবে।

**দুই পুত্রের নামকরণ**

বসুদেবের ইচ্ছানুসারে যদুকুলাচার্য মহর্ষি গর্গ গোকুলে নন্দালয়ে গিয়ে দুই শিশুর নামকরণ করলেন। রোহিণীর পুত্র বড়। সে সৌন্দর্যে সবাইকে মোহিত করবে এবং তার গুণাবলির দ্বারা বন্ধু ও আত্মীয়স্বজনের আনন্দ দান করবে। এজন্য তার নাম হবে 'রাম'। সে অসীম বলশালী হবে; তাই তার নাম হবে 'বল'। দুই গুণের মিলনে সে 'বলরাম' নামে অভিহিত হবে। বসুদেব ও নন্দরাজ দুই পরিবারকে সে এক সূত্রে বেঁধেছে বলে তার আরও এক নাম হবে 'সঙ্কর্ষণ'।

স্বয়ং শ্রীভগবানের অবতার কনিষ্ঠ পুত্র। তার গাত্রবর্ণ কালো তাই তার নাম 'কৃষ্ণ'। আবার পিতার নাম বসুদেব বলে সন্তানও 'বাসুদেব' নামে পরিচিত হবে। সে পরিবার ও গোকুলবাসীর আনন্দ ও সৌভাগ্য বিধান করবে। এইভাবে শেষ হল নামকরণ পর্ব।

**কৃষ্ণের বাল্যলীলা ও যশোদার বাৎসল্য প্রেম**

বলরাম ও কৃষ্ণ এখন একটু বড় হয়েছে। হামাগুড়ি দিতে শিখেছে। দুই ভাই হামাগুড়ি দিয়ে ছোট ছোট পা টেনে ব্রজের ধুলো-কাদার মধ্যে দিয়ে চলতে থাকে। তখন তাদের পা ও কোমরের নূপুর রুনুঝুনু মধুর শব্দে বাজত। কোনও রমণী ঘরের পাশ দিয়ে গেলে দুই ভাই অমনি মা ভেবে তার পিছনে হামাগুড়ি দিয়ে যেত। তারপর যখন ভ্রম ভাঙত তখন দ্রুত নিজেদের মায়ের কাছে ফিরে আসত। এই দৃশ্য দেখে ব্রজনারীদের আনন্দ আর ধরে না। বাছুরে লেজ ধরে কৃষ্ণ-বলরাম তাদের দৌড় করাত। বাছুরগুলো ভয়ে আরও দৌড়াত। তখন দুই শিশুকে গোপনারীরা নিয়ে আসত। ছেলেদের লীলামাধুর্যে মায়েদের হৃদয় সন্তান স্নেহে উচ্ছ্বসিত হয়ে উঠত।

বলরাম ও কৃষ্ণ আরও একটু বড় হয়েছে। হাঁটতে শিখেছে। এখন তাঁদের সঙ্গী অন্য বালকেরাও। দুই ভাই অত্যন্ত চঞ্চল ও খেলাধুলো করতে ভালোবাসত। হরিণ, গরু ইত্যাদি শৃঙ্গী প্রাণীর কাছে দৌড়ে চলে যায়। কখনও জ্বলন্ত আগুন নিয়ে খেলা করার জন্য ছটফট করে। কুকুর প্রভৃতি তীক্ষ্ণদন্ত প্রাণীদের সঙ্গে খেলা করত।

বালক কৃষ্ণের দুরন্তপনা গোপীদের কাছে মধুর মনে হতো। যশোদাকে সেই সব ঘটনা শোনানোর ছলে নিজেরাও তার



রসাস্বাদন করতেন। তাঁরা একদিন দল বেঁধে এসে নন্দরানিকে বলতে লাগলেন–

যশোদারানি তোমার আদরের কানাইয়ের দুষ্টুমির শেষ নেই! গরু দোয়ানোর আগে সে বাছুরকে ছেড়ে দেয়। বকলে হা হা করে হাসে। নিত্য নতুন চুরির উপায় বার করে আমাদের ভালো ভালো দই-দুধ সব চুরি করে শুধু যে নিজে খায় তাই নয়, সঙ্গের বানরদেরও খাওয়াবে। পেট ভরার পর বানররা না খেলে তখন আমাদের পাত্রগুলোও ভেঙে দেয়। যতই লুকিয়ে রাখি সে ঠিক খোঁজ পেয়ে যায় ননী-মাখনের। আর ঘরে এসেও যদি কিছু না পায় তাহলে ঘরের লোকেদের ওপর অত্যাচার করে, বাচ্চাকে কাঁদিয়ে দিয়ে পালায়। শিকের ওপর তুলে রাখা ক্ষীর-ননী পিঁড়ির ওপর পিঁড়ি সাজিয়ে বা উদুখলের ওপর উঠে অথবা খেলার সঙ্গীদের কাঁধে চড়ে চুরি করে। তাতেও না হলে পাত্র ফুটো করে দেয়। ওই একরত্তি ছেলে কে কখন কোথায় কী করছে সব জানে। তোমার সুপুত্রের গুণের শেষ নেই। নিজে চুরি করবে, আর আমাদেরই দোষ দেবে। সে দমবার পাত্র নয়। এমন ভাব দেখায়–যেন সে-ই ঘরের মালিক। তোমার পুত্র চুরি বিদ্যায় বিশেষ পারদর্শী।

কৃষ্ণ ভালোমানুষের মতো মুখে ভয়ের ভাব এনে যশোদার কোলে বসে। তাঁরা দেখলেন কৃষ্ণ ভয় পেয়েছে; তাই যশোদাকে গোপরমণীরা আর কিছু বললেন না। নন্দরানি গোপীদের কথা শুনে হাসলেন। কানহাকে ভীত দেখে তিরস্কারও করলেন না।

বাড়ির উঠোনে নন্দলালা সঙ্গীদের সঙ্গে খেলছে। সেদিন খেলায় সে বার বার হেরে গিয়ে রাগের চোটে মাটি খেতে লাগল। বলরাম যশোদাকে বললেন, 'মা, মা, কৃষ্ণ মাটি খেয়েছে।' যশোদা তাড়াতাড়ি কৃষ্ণের কাছে এসে বললেন, 'বল, তুই কেন মাটি খেয়েছিস?' কৃষ্ণ স্পষ্ট বলল, 'না গো মা, আমি তো মাটি খাইনি।

ওরা সব মিথ্যা কথা বলছে। তোমার বিশ্বাস না হলে আমার মুখের ভেতর দেখ।'

যশোদা বললেন, 'ঠিক আছে, হাঁ কর তুই।'

ছেলে তো মায়ের কথায় হাঁ করল; কিন্তু মা যশোদা সেখানে কী দেখলেন! তিনি দেখলেন সমগ্র বিশ্ব ব্রহ্মাণ্ড সেখানে রয়েছে, চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভূলোক, দ্যুলোক প্রভৃতি সবই সেখানে। যশোদা ভাবলেন অদ্ভুত দৃশ্য, মনে মনে শঙ্কিত হয়ে ভাবলেন আমি কি স্বপ্ন দেখছি, মতিভ্রম নাকি দেবমায়া? তাঁর মনে পড়ে গেল মহর্ষি গর্গ আগেই বলেছিলেন পুত্রের বিশেষ অলৌকিক গুণের কথা। তিনি কিছুই বুঝতে পারছিলেন না। তাই নারায়ণের কাছে পুত্রের মঙ্গল কামনা করতে লাগলেন। মনে সাত্ত্বিক ভাবের উদয় হল। তিনি প্রার্থনা করছেন 'হে নারায়ণ আমার জাগতিক মায়ার বন্ধন (দেহ, গেহ শক্তি পতি, পুত্রাদি প্রভৃতি) ছিন্ন কর, যাতেতোমার শ্রীচরণে স্থান পাই।'

তাহলে শ্রীভগবান লীলা করবেন কী করে। তাই তিনি তাঁর বৈষ্ণবীমায়ায় মা যশোদার বৈরাগ্য পরিবর্তন করলেন। তাঁর উপর বিস্তার করলেন বাৎসল্য রসে পূর্ণ স্নেহময়ী জননীর মায়া।

মা যশোদার লীলার অন্ত নেই। একদিন যশোদা বাড়ির বাইরে কাজে গিয়েছেন। চোর শিরোমণি নিজের বাড়িতেই মাখন চুরি করতে ব্যস্ত। হঠাৎ মা বাড়িতে ফিরে প্রিয় পুত্রকে না দেখতে পেয়ে ডাকাডাকি করতে লাগলেন, কৃষ্ণ! কানাই, নীলমণি তুই কোথায় বাবা? কী করছিস? কাছে আয়!

আচমকা মায়ের ডাক শুনে ননীচোর কৃস্ণ সাড়া দিলেন, 'যাই মা, একটু দাঁড়াও।'

তারপর তিনি মায়ের কাছে গিয়ে আদরমাখা গলায় বললেন, 'মা, আমার এই পদ্মরাগমণির তাপে হাত জ্বালা করছিল। তাই জ্বালা কমানোর জন্য মাখনের ভাণ্ডের মধ্যে হাতটা ঢুকিয়ে রেখেছিলাম।' ছেলের কথায় মায়ের মন গলে গেল। তিনি 'আয় বাছা আমার' বলে তাঁকে কোলে তুলে নিয়ে স্নেহ চুম্বনে ভরিয়ে দিলেন।

একদিন কানহা, মা যশোদাকে বললেন, 'তুমি আমাকে মণ্ডামিঠাই খাওয়ার জন্য বলো। কিন্তু মাখনই আমার সবথেকে বেশি ভালো লাগে।' এক ব্রজগোপী মা-বেটার এই কথা শুনতে পেয়েছিল। সে মনে মনে ভেবেছিল সে লুকিয়ে থাকবে আর কৃষ্ণ মন্থন পাত্রের পাশে বসে মাখন খাবে–এই সৌভাগ্য তার কবে হবে। অচিরে বালক কৃষ্ণ সেই গোপিনীর ইচ্ছা পূর্ণ করে।

বালক ঘরে ঘুমিয়ে আছে। যশোদা ব্যস্ত দধিমন্থনে। খিদের কারণে কৃষ্ণের ঘুম ভেঙে গেল। সে সোজা চলে গেল দধিমন্থনরত মায়ের কাছে। দধিমন্থনদণ্ড চেপে ধরে তাঁকে বাধা দিলেন; উদ্দেশ্য মায়ের কোলে যাওয়া।

সন্তানের ইচ্ছা বুঝতে যশোদার দেরি হল না। তিনি স্নেহভরে তাঁকে কোলে নিয়ে মাতৃদুগ্ধ পান করাতে লাগলেন। কৃষ্ণ আনন্দ করে মাতৃদুগ্ধ পান করতে লাগলেন। বাৎসল্য প্রেমময়ী নন্দরানিও আনন্দ লাভ করতে লাগলেন। দুগ্ধপানে আর দুগ্ধদানে মা ও সন্তান আনন্দ সাগরে ভাসছেন। এমন সময় রসভঙ্গ হল। যশোদা দেখলেন পাত্র থেকে দুধ ফুটে উনুনে উপচে পড়ছে। নাকে পোড়া দুধের গন্ধ এল। সঙ্গে সঙ্গে যশোদা ছেলেকে কোল থেকে নামিয়ে রান্নাঘরে ছুটলেন।

কৃষ্ণের পেট তখনও ভরেনি। মাতৃদুগ্ধপানের ইচ্ছাও রয়েছে। তার তখন খুব রাগ হল। তখন কৃষ্ণ করলেন কী, ঠোঁট ফুলিয়ে কাঁদতে কাঁদতে নোড়া দিয়ে দধিখাণ্ড ভেঙে দিলেন। তারপর একটি পাত্রে ননী ভর্তি করে মিছিমিছি ছলছল চোখে অন্য ঘরে লুকিয়ে এককোণে বসে খেতে লাগলেন।

কিছুক্ষণ পর যশোদা সেখানে ফিরে দেখলেন কৃষ্ণ নেই। মন্থনপাত্রটি ভাঙা। তিনি বুঝলেন এই অপকর্মটি কে করেছে। এরপর কৃষ্ণের ননীমাখা পায়ের চিহ্ন ধরে পৌঁছে গেলেন তার কাছে। দেখলেন কৃষ্ণ উদূখলের ওপর বসে বানরদের সঙ্গে ননী খাচ্ছে। যশোদা হাতে একটা দড়ি নিয়ে নিঃশব্দে ছেলের সামনে দাঁড়ালেন।

মাকে দেখেই কৃষ্ণ উদূখলের ওপর থেকে নেমে এক দৌড় দিলেন। দড়ি হাতে যশোদারানিও পিছু নিলেন। একটু পরেই কৃষ্ণ মায়ের হাতে স্বেচ্ছায় ধরা দিলেন। এমন ভাব করছেন যেন অপরাধ করে অনুতপ্ত। কৃষ্ণের কান্নায় চোখের জলের সঙ্গে কাজল গড়িয়ে পড়তে লাগল। ছেলের ভয়বিহ্বল অবস্থা দেখে মায়ের মনে করুণা হল। লাঠি দেখিয়ে ভয় দেখালেও প্রহার করতে পারলেন না। লাঠি ফেলে দিলেন। হালকাভাবে বকলেন। বললেন, 'দিন দিন তোর দুষ্টুমি বাড়ছে। আজ আমি তোকে বেঁধে রাখব।'

এই কথা বলে নন্দরানি একটুকরো দড়ি দিয়ে উদূখলের সঙ্গে কৃষ্ণকে বাঁধতে গিয়ে দেখলেন দু'আঙুল দড়ি কম। আরও একটি দড়ি আনলেন তাতেও দু'আঙুল কম পড়ল। এইভাবে শত চেষ্টার পরেও দেখা গেল ঠিক দু'আঙুল দড়ি কম পড়ছে, কৃষ্ণকে আর বাঁধা গেল না। গোপনারীরা দেখছেন যশোদার কাণ্ড। অবশেষে কৃষ্ণ মায়ের কাছে ধরা দিলেন। যশোদা এরপর উদূখলের সঙ্গে কৃষ্ণকে বেঁধে গৃহকার্য করতে লাগলেন। শ্রীভগবান ভক্তবৎসল। তিনি একমাত্র ভক্তের অন্তরেই বন্দি হন, এক্ষেত্রেও তিনি আবদ্ধ হলেন যশোদার বিশুদ্ধ বাৎসল্য প্রেমে।

শ্রীভগবানের দৃষ্টি পড়ল দুটি গাছের দিকে। এই দুই বৃক্ষ আসলে কুবের পুত্র নলকুবর ও মণিগ্রীব। মহর্ষি নারদকে এঁরা অসম্মান করলে তাঁর অভিশাপেই দুই ভাইয়ের দেহ বৃক্ষরূপ ধারণ করে।

গোকুলে নলকুবর ও মণিগ্রীব কৃষ্ণের আগমনের আশায় গাছ হয়ে প্রতিনিয়ত প্রার্থনা করতেন। একটি গাছের নাম যমল আর অপরটির নাম অর্জুন। শ্রীকৃষ্ণ ওই দুই গাছের ফাঁক দিয়ে উদূখল নিয়ে যাওয়ার সময় আটকে যায় আর তখনই উদূখলের সঙ্গে বাঁধন না কেটে ওই গাছ দুটি সশব্দে ভেঙে পড়ে। কৃষ্ণের স্পর্শে অভিশাপ থেকে মুক্তি পান নলকুবর ও মণিগ্রীব।

সূর্য প্রায় অস্তাচলে। পশ্চিমাকাশে রবির পড়ন্ত রঙের খেলা। আকাশে সন্ধ্যাতারা ক্রমশ উজ্জ্বল হয়ে রাতের আগমন বার্তা ঘোষণা করছে। পাখিরা দল বেঁধে ফিরে যাচ্ছে তাদের বাসায়।

রাখালরা গরুর পাল নিয়ে গান গাইতে গাইতে ঘরে ফিরছে। সবাই এখন গৃহমুখী। প্রকৃতি ধীরে ধীরে রাতের সাজে সাজবে। যশোদার সেইদিকে মন নেই। তিনি ভাবছেন, আদরের দুলাল আমার নীলমণি কোথায় গেল! সে তো এখনও ঘরে ফেরেনি। সেই কোন সকালে রাখাল সাথীদের নিয়ে রাখালরাজা বেরিয়েছে। তাঁর সঙ্গে থাকে তাঁর প্রিয়সঙ্গী বাঁশি।

নন্দরানি মা যশোদা ভীষণই উদ্বিগ্না। একটু বাতাসের আওয়াজে তিনি ভাবছেন—ওই বোধহয় আমার কানাই এল। অচিরেই ভাঙছে ভুল। দূর থেকে ভেসে আসছে মধুর মুরলীধ্বনি। সঙ্গে গোমাতাদের ডাক। এবার আর কোনও ভ্রম নেই। মন কিছুটা শান্ত। এরই মধ্যে তরল সন্ধ্যার আঁধারি প্রভায় সিক্ত হয়ে গোকুলের ধূলায় মলিন হয়ে ফিরলেন যশোদার প্রাণগোপাল।

'তাড়াতাড়ি আয় বাপ আমার!'

বাৎসল্য রসে সিক্ত যশোদা থমকে যান; কানুর মুখটা যে আঁধারে দেখতে পাচ্ছেন না! দ্রুত ঘর থেকে প্রদীপ এনে প্রাণের গোপালকে প্রাণভরে দেখতে দেখতে মুখটি যখন দেখলেন তখনই তিনি ভাবে বিভোর হয়ে গেলেন। গোপালের রূপ থেকে আর মন ফিরতে চায় না। যশোদার বাৎসল্য প্রেম ও সত্ত্বগুণ ভক্তিরস যেন এক লহমায় মিশে গিয়েছে।

একদিন এক ফলওয়ালি ফল বিক্রয় করছে। কৃষ্ণ বলরাম তখন নন্দালয়ের উঠানে খেলছে। ফলওয়ালি কালোজাম বেচছে। কৃষ্ণ তাঁর ছোট্ট হাতের মুঠোয় একমুঠো শস্য নিয়ে ফলওয়ালির কাছে গিয়ে বললেন—ওগো আমার এই শস্য নিয়ে আমাকে কয়েকটা কালোজাম দাও। কৃষ্ণের রূপে মুগ্ধ হয়ে সে বলল, তোমার হাতের মুঠো থেকে আগেই সব শস্য রাস্তায় পড়ে গেছে। মুঠো ফাঁকা। তবুও তুমি আমার ঝুড়ি থেকে যত ইচ্ছে ফল নাও।

এই বলে সে কৃষ্ণের দু'হাত ফলে ভরে দিল। বাড়ি ফিরে ফলওয়ালি দেখল তার ঝুড়িতে মণিরত্ন ও সোনায় ভর্তি। শ্রীভগবান কারও কাছে ঋণী থাকেন না। প্রতিদানে হাজার গুণ ফিরিয়ে দেন।

এভাবেই চলতে থাকে বালক কৃষ্ণের লীলাপ্রবাহ।

**গোপালের সেবাপুজো**

শ্রীকৃষ্ণের বালক রূপই হল গোপাল। তাই বিষ্ণু বা কৃষ্ণ মন্ত্রেই গোপাল পুজো গ্রহণ করেন। তিনি বহু পরিবারে নিত্য সেবাপুজো পান। বেশিরভাগ ক্ষেত্রেই তিনি থাকেন পরিবারের সদস্যরূপে, একান্ত আপন হয়ে। বাৎসল্যপ্রেমীদের কাছে তিনি সন্তান; আবার কারও কাছে ভাই বা দাদা। গোপাল কিন্তু খুব চঞ্চল ও চপল। তিনি যশোদার আদরের দুলাল। তাঁর সেবার কোনও ত্রুটি হলে ভক্তকে ব্যতিব্যস্ত করে তোলেন। আবার কখনও ভক্তের তুলসী সহ নিবেদিত জল বাতাসায় পরম তুষ্ট।

পদ্ম (শ্বেত হলে ভালো হয়), করবী, চামেলী, চাঁপা, যূথিকা, মল্লিকা, নবমল্লিকা, মন্দার, কুন্দ, নাগকেশর, পলাশ, অর্জুন, বকফুল আর তুলসী, আমলকী পাতা এবং যে কোনও সুন্দর ফুল দিয়ে গোপালের সেবাপুজো করা যেতেই পারে। এইসব ফুলে বিষ্ণু ও গোপাল প্রসন্ন হন। শ্বেতচন্দন চর্চিত ফুল তিনি ভালোবাসেন।

গোপালের সেবাপুজোয় যে কোনও ধরনের লালফুল, বেলফুল, জবাফুল, রক্তচন্দন, বেলপাতা, বাসিফুল, পোকায় কাটা, ছেঁড়া ও পচা দাগি ফুল সবসময় বর্জন করতে হবে। ওই উপচারে সেবাপুজো করলে গোপাল অপ্রসন্ন ও অসন্তুষ্ট হন।

কোনও কোনও পরিবারে গোপালের সেবাপুজোয় রোজ অন্নভোগ দেওয়া হয়। অন্ন বলতে অবশ্যই আতপচালের ভাত, মুগ-ছোলা-মটর ডাল বিবিধ সব্জি, পরমান্ন, মিষ্টান্ন প্রভৃতি। গাওয়া ঘিয়ের রান্নাই গোপালের বিশেষ প্রিয় ও প্রসন্নতা বর্ধক।



তবে অনেকেই গোপালের সেবাপুজোয় বাড়িতে রোজের তৈরি সাধারণ খাদ্যই সন্তান বা পরিবারের সদস্য জ্ঞানে নিবেদন করেন।

**ফললাভ**

কলিকালে প্রত্যক্ষ ফল প্রদানকারী দুই দেবতা হলেন—গোপাল আর দক্ষিণাকালী। গোপাল শ্রীকৃষ্ণের বাল্যরূপ। তাই তিনি ভক্তবৎসল। বিশেষ করে সংসারীদের কাছে তিনি ভক্তবাঞ্ছা কল্পতরু। গো-দুগ্ধ দোহনের আগে তিনি নিজ হাতে বাছুরদের বন্ধন খুলে দিতেন। এর রূপক অর্থ হল তিনি নিজ হাতে প্রয়োজনে মানুষকে তার কর্মফল মুক্ত করে মুক্তিদান করেন।

তিনি শিকেয় ঝোলা ননীভাণ্ড ফাটিয়ে দিতেন। এই ননীভাণ্ড আবার রূপক অর্থে ভক্তের কাছে মহাপ্রেমভাণ্ড। যা মায়ার আবরণে ঢাকা থাকে। প্রভু যখন কৃপা করেন তখন মায়ানাশ করে সেই প্রেমভাণ্ডটি ভগ্ন করেন। ভক্ত আস্বাদন করে অনাস্বাদিত প্রেমধন। গোপাল যে স্বয়ং প্রেমরূপ। তিনি পরিশুদ্ধ প্রেমের কাঙাল।

ভগবান শ্রীকৃষ্ণ ষড়ৈশ্বর্যবান, যাঁহা যাঁহা নেত্র পড়ে তাঁহা তাঁহা কৃষ্ণস্ফুরে। তিনি সর্বত্রগামী। তিনি যে কে মুখে বলা যায় না। স্তবে আছে তিনি 'সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষ সহস্রপাৎ'–কোনও জীবের পক্ষে ধারণা করা সম্ভব নয় যে সহস্র মস্তক সহস্র পদবিশিষ্ট এমন কারও চোহারা কল্পনা করা। তিনি পরব্রহ্ম। তিনি সাকার আবার নিরাকার। তিনি আবার বহুনামী, তাঁর অষ্টোত্তর শতনাম আছে। তাঁর নানারূপের মধ্যে গোপাল রূপ শ্রেষ্ঠ, কারণ তাঁর এইরূপেই মানুষ বড় সহজে আপন করে নিতে পারে। মানুষ সহজে তার প্রাণগোপালকে ভক্তিডোরে বেঁধে ফেলতে পারে। বলতে পারে, 'আয় রে গোপাল, খা রে গোপাল!' ভগবানের একটাই দুর্বলতা, তিনি যে ভক্তের ভক্তির কাঙাল। আবার তিনিও কম চালাক নন, গোপাল রূপে বাৎসল্যের ফাঁদে ফেলে প্রেমাভক্তি লুঠ করে নেন। আবশ্য শেষে ভক্তকে জিতিয়ে দিয়ে তাকে মুক্তির জগতে পৌঁছে দেন। ভক্তের কাছে গোপাল তাই চিরকালের শ্রেষ্ঠ।

কৃষ্ণপুজোর সব ফলই গোপালের সেবাপুজোয় পাওয়া যায়। ভক্তের আকাঙ্ক্ষা গোপাল সবসময় পূরণ করেন। আর পরিশেষে মুক্তি দান করেন। সন্তান লাভ, চাকরিপ্রাপ্তির জন্য গোপালের সেবাপুজোয় প্রতিদিন তিনটি করে তুলসী সাদা চন্দনসহ প্রদান করে গাওয়া ঘিয়ের দীপারতিতে কাঙ্ক্ষিত ফললাভ হয়। বিবাহ, রোগারোগ্য, গ্রহশান্তির জন্যও গোপালের সেবাপুজো করা যায়।

সাংসারিক শান্তি, সুখ ও শ্রীবৃদ্ধির জন্য, শ্রীকৃষ্ণের তথা গোপাল পুজোর প্রশস্ত সাদা পদ্ম, সাদা চন্দন মাখানো তুলসী ও ঘিয়ের দীপদানে ঈশ্বরের প্রসন্নতায় মনোবাসনা পূর্ণ হয়। প্রতিদিন শ্রীকৃষ্ণস্যগোপাল সহস্র নামস্তব পাঠ ও তুলসী প্রদান, দীপদানে ভক্তের সর্বমনস্কামনা পূর্ণ হয়। মোক্ষলাভও সম্ভব হয়।

তবে আন্তরিক শ্রদ্ধা ভক্তি থাকলেই হল। তাতেই গোপাল সবথেকে বেশি প্রসন্ন হন, এ বিষয়ে কোনও সন্দেহ নেই। তাঁর আশীর্বাদে জীবনে পরাশান্তি ও পরমানন্দ লাভ হয়। যাঁর নাম কীর্তন করলে সব পাপ দূর হয়, যাঁকে প্রণাম করলে সব দুঃখের নিবৃত্তি হয়, সেই পরমাত্মা শ্রীহরিই সকলের প্রণম্য–

নামসংকীর্তনং যস্য সর্বপাপপ্রণাশনম্।
প্রণামো দুঃখ–শমনস্তং নমামি হরিং পরম ॥ ❑


*DrivingSchool.com.bz*
*Tel: 416-756-1044*

**আমাদের সেবাসমূহ–**

- আপনাকে একজন ক্যানাডিয়ান মানের দক্ষ ড্রাইভার তৈরি করা
- ড্রাইভিং টেকনিকসমূহ আপনার কাছে স্ফটিকস্বচ্ছ ও সহজ করা
- ন্যূনতম সময় ও অর্থ ব্যয়ে টরন্টো থেকে লাইসেন্স পেতে সহযোগিতা করা
- আপনার প্রার্থীত সময়ে টেষ্ট বুকিং দেয়া

**ব্যবস্থাপনায়ঃ**
**অজয় বনিক**
**ব্যস্ত সড়কে উপযুক্ত প্রশিক্ষণই**
**আমাদের প্রকৃত বন্ধু**
নিরাপদ ড্রাইভিং শেখার
অন্যতম প্রতিষ্ঠান



# Bansaree Indian Restaurant


# বাঁশরী

## ইন্ডিয়ান রেষ্টুরেন্ট

**Karan Chowdhury**

**Tel: 905-684-3411**

শারদীয় শুভেচ্ছা



**Special discount for Temple Cattering. Please contact to Bansaree at Karan Chowdhury**

| | |
|---|---|
| Saturday Lunch | $12.95 + tax |
| Lunch special starting from Tuesday to Sunday | $5.95 + tax |
| Sunday Brunch (More than 50 items) | $15.95 + tax |
| Take out 10% off , free delivery at St. Catharines on orders over | $50 + tax |
| Students and seniors discount | 10% |

MONDAY : CLOSED

TUESDAY TO SUNDAY
11:30 AM - 9:30 PM

www.bansareeindian.com
C- 905-380-6637
Take out + Delivery opens

Orders : ubereats.com, dineniagara.ca, skipthe dishes.com, tummyexpress.com

**Bansaree Indian Restaurant**
342 St. Paul Street (East) St. Catharines, Ontario
L2R 3N2

# প্রভু নিত্যানন্দ

## রাধাবিনোদিনী বিন্তি বণিক

খ্রিষ্টিয় চতুর্দশ শতাব্দীর শেষভাগে আবির্ভূত হয়েছিলেন সেই মহাপুরুষ। যাঁর বলিষ্ঠ নেতৃত্ব গুণে ক্ষয়িষ্ণু, প্রাণহারা বঙ্গসমাজ নবসঞ্জীবনীসুধা প্রাপ্ত হয়ে হৃত মনোবল ফিরে পেয়েছিল। সেই মহান মূর্তি 'শ্রীমন্ নিত্যানন্দ'। আজও রয়ে গিয়েছেন তাঁর আদর্শ, অনুপ্রেরণা, আধুনিক মনস্কতার প্রভাবে।

নিত্যানন্দকে বলা হয় শ্রীভগবানের অবতার 'বলরাম'। তিনি ঐশী শক্তিসম্পন্ন মহাপুরুষ এবং বঙ্গের ভক্তি আন্দোলনে তাঁর অসাধারণ প্রভাব আজও উজ্জ্বল। তাই ৫৫০ বছর পরও 'জয় নিতাই' ধ্বনি আজও জনপ্রিয়। কেন বঙ্গদেশের বেশিরভাগ মন্দিরে রাধাকৃষ্ণের পাশে গৌরাঙ্গের সঙ্গে তাঁর বিগ্রহ বিরাজমান আজও? ৫৫০তম জন্মবর্ষে বছরে নিত্যানন্দকে দেখা।

**নিত্যানন্দের জন্ম ও বংশ পরিচয়**

বীরভূম জেলার ময়ূরেশ্বরের রাজা মুকুটনারায়ণ রায়। একমাত্র কন্যা পদ্মাবতীকে সম্প্রদান করলেন একচক্রানিবাসী মুকুন্দ বন্দ্যোপাধ্যায়ের হাতে। সে যুগে দাঁড়িয়েও পাত্রের পিতা 'মুরারি' কোনও যৌতুক নিলেন না। রাজা কন্যার নামে পুকুর খনন করিয়ে দিলেন। আজও একচক্রার সেই পুকুর পদ্মাপুকুর বা পদ্মাবতী পুকুর নামে পরিচিত। এই মুকুন্দ-পদ্মাবতীর সাত পুত্রের মধ্যে জ্যেষ্ঠ পুত্র নিত্যানন্দ। সময়টা ১৪৭৩ খ্রিষ্টাব্দের ফেব্রুয়ারি মাস (১৩৯৫ শকাব্দের মাঘ মাসের শুক্ল ত্রয়োদশী তিথি)। তাঁর অন্যান্য ভ্রাতা– কৃষ্ণানন্দ, সর্বানন্দ, ব্রহ্মানন্দ, পূর্ণানন্দ, প্রেমানন্দ আর বিশুদ্ধানন্দ। তাঁর জন্মস্থান আজও সুপরিচিত 'গর্ভবাস' বা 'সুতিকা মন্দির' নামে। পাশেই একটি ছোট পুকুর, নাম–নিতাই কুণ্ড। ছেলেবেলায় নিতাই তথা নিত্যানন্দ এই কুণ্ডের জলে স্নান করতেন, বান্ধবদের নিয়ে সাঁতার কাটতেন। তখন কিন্তু নাম ছিল তাঁর 'চিদানন্দ'। 'শ্রুত' ও 'কুবের' ছিল ডাকনাম। সন্ন্যাস নেওয়ার পর শ্রুতের নাম হয় নিত্যানন্দ অবধূত

**নিত্যানন্দকে বলা হয় শ্রীভগবানের অবতার 'বলরাম'। তিনি ঐশী শক্তিসম্পন্ন মহাপুরুষ এবং বঙ্গের ভক্তি আন্দোলনে তাঁর অসাধারণ প্রভাব আজও উজ্জ্বল।**

নিত্যানন্দের গুরুকরণ ও ভারতভ্রমণ

এক রাত্রে জনৈক সন্ন্যাসী স্বপ্ন দেখলেন, ভগবান শ্রীবলরাম এসে তাঁকে বলছেন, 'ওহে নাস্যীবর, একচক্রায় আমি হাড়াই বন্দ্যোপাধ্যায়ের পুত্র হয়ে এসেছি। এই অবতারে আমার নাম হবে নিত্যানন্দ। তুমি তার গৃহে যাও। তোমায় একটি মন্ত্র বলে দিচ্ছি। তুমি সেই মন্ত্রই আমায় সমর্পণ করবে। পরে সন্ন্যাস দিয়ে আমার নাম রেখ নিত্যানন্দ অবধূত।'

যথারীতি সন্ন্যাসী একচক্রায় এসে হাড়াই তথা মুকুন্দ বন্দ্যোপাধ্যায়ের অতিথি হয়ে পুত্র কুবেরকে ভিক্ষাস্বরূপ চেয়ে নিলেন। সন্ন্যাস দিয়ে নাম রাখলেন নিত্যানন্দ। তারপর নিজের সঙ্গে নিত্যানন্দকে নিয়ে বের হলেন তীর্থপর্যটনে।

নিত্যানন্দের সেই সন্ন্যাসী দীক্ষাগুরু কে ছিলেন এ সম্বন্ধে নানা মতভেদ আছে। জনশ্রুতি ও বহুমত হল–যিনি ভিক্ষার ছলে নিত্যানন্দকে চেয়ে নেন, তিনি ছিলেন গৌরাঙ্গের জ্যেষ্ঠ ভ্রাতা বিশ্বরূপ, সন্ন্যাস পরবর্তীতে যাঁর নাম শঙ্করারণ্য। আর, নিত্যানন্দকে দীক্ষা দেন শ্রীচৈতন্যদেবের পরমগুরুদেব মাধবেন্দ্রপুরীপাদ। তবে এ ব্যাপারে কোনও গ্রন্থপ্রমাণ নেই। শ্রীচৈতন্যভাগবত গ্রন্থ অনুযায়ী মাধবেন্দ্রপুরীপাদ ও নিত্যানন্দের মধ্যে ছিল অত্যন্ত সুসম্পর্ক। সাধবেন্দ্র বন্ধুসুলভ ব্যবহার করতেন নিত্যানন্দের প্রতি, নিত্যানন্দ তাঁকে গুরুবুদ্ধিতে দেখতেন। এই 'গুরুবুদ্ধি' শব্দটি থেকেই মনে করা হয় যে মাধবেন্দ্রপুরীই নিত্যানন্দের শ্রীগুরুদেব। আবার নরহরি চক্রবর্তী লিখিত 'ভক্তিরত্নাকর' গ্রন্থে আছে, মাধবেন্দ্রপুরীর গুরু 'লক্ষ্মীপতিপুরী' নাকি নিত্যানন্দের দীক্ষাগুরু। যদিও গৌড়ীয় বৈষ্ণব সমাজ এ তথ্য মানে না।

**গৌরাঙ্গের সঙ্গে নিত্যানন্দের প্রথম সাক্ষাৎ**

১৫০৯ খ্রিষ্টাব্দে (১৪৩১ শকাব্দে) নদীয়ার নবদ্বীপে আষাঢ় মাসে শ্রীগুরু পূর্ণিমার আগের দিন গোরা রায়ের সঙ্গে নিত্যানন্দের মিলন হয়। নবদ্বীপে এসে গৌরাঙ্গের সঙ্গে সরাসরি সাক্ষাৎ না করে নন্দনাচার্যের গৃহে তিনি বাস করতে থাকলেন। এদিকে শ্রীবাস অঙ্গনে গৌরাঙ্গ পার্ষদদের বললেন, 'শোনো, আমি স্বপ্ন দেখেছি, কোনও এক মহাপুরুষ এসেছেন নবদ্বীপে। তাঁর অতি অপরূপ বদন, পরিধানে নীল বস্ত্র, বিশাল দেহ। ক্ষণে ক্ষণে হুঙ্কার করছেন। তোমরা নবদ্বীপের ঘরে ঘরে সন্ধান করে দেখ, গতকাল এমন কোনও মহাপুরুষের পদার্পণ হয়েছে নাকি!'

শ্রীবাস আর হরিদাস ঠাকুর বেলা তৃতীয় প্রহর পর্যন্ত অনুসন্ধান করেও কোনও খবর না পেয়ে ফিরে এলেন। এরপর গৌরাঙ্গ স্বয়ং বেরলেন। তিনি সোজা নন্দনাচার্যের গৃহে এসে উপস্থিত হলেন। নিত্যানন্দ আত্মবিস্মৃত হয়ে অপলকে দেখতে থাকলেন গৌরাঙ্গকে। গৌরচন্দ্র শ্রীবাসকে বললেন, 'ভাগবতের একটি শ্লোক পাঠ কর তো!' অমনি শ্রীবাস গেয়ে উঠলেন–

'বর্হাপীড়ং নটবর বপুঃ কর্ণোয়োঃ কর্ণিকারং,
বিভ্রদ্বাসঃ কনক কপিশং বৈজয়ন্তীঞ্চ মালাম্ ॥
রন্ধ্রান বেনোরধর সুধয়া পূরয়ন গোপবৃন্দৈ
বৃন্দারণ্যং স্বপদ রমণং প্রাবিশদগীতকীর্তিঃ ॥'

গোপদের সঙ্গে শ্রীকৃষ্ণ বৃন্দাবনের অরণ্যে প্রবেশ করছেন। শিরে ময়ূরপুচ্ছ, কর্ণে পীত কর্ণিকার পুষ্প। অঙ্গে পীতবসন। কণ্ঠে বৈজয়ন্তী মালা। তিনি বেণু বাজাচ্ছেন। সঙ্গী গোপসখারা তাঁর কীর্তিসমূহ গান গেয়ে তাঁকে অনুসরণ করছেন।

শ্লোক শুনেই নিত্যানন্দ গর্জন করে নৃত্য করতে থাকলেন। আছাড় খেয়ে খেয়ে মাটিতে পড়ছেন। দেহ ক্ষত হচ্ছে। সেদিকে ভ্রুক্ষেপ নেই। তাঁর দেহ নয়নজলে ভিজে যাচ্ছে। অশ্রু, কম্পন ইত্যাদি সাত্ত্বিকভাবের বিকার সর্বাঙ্গে। অবধূতের বৈভব দর্শনে সকলে বাক্যহারা। এ কোন মহাপ্রেমিক। গৌরাঙ্গ ছাড়া আর কেউ তো এমন প্রেমরে অধিকারী নন! কে ইনি? গৌরাঙ্গ নিত্যানন্দকে বাহু বাড়িয়ে কাছে টেনে নিলেন। বহু বাঞ্ছিত মিলন হল দু'জনার।

**নবদ্বীপে নিত্যানন্দের বিহার**

উন্নত বপু, দীর্ঘদেহী, অপূর্ব দর্শন নিত্যানন্দ নিজের ব্যবহারে, অদ্ভুত এক জনমোহিনী আকর্ষণী ক্ষমতায় নবদ্বীপবাসীর অতি প্রিয়জন হলেন। তিনিই গৌরাঙ্গকে পরামর্শ দিলেন শ্রীবাসভবনে কীর্তনকে আবদ্ধ না রেখে খোলা আকাশে তলায় করা হোক। ঘরবন্ধ কীর্তন হয়ে উঠল নগর কীর্তন। নিতাই ও গৌরাঙ্গ কীর্তনরূপী গণসংগীতের দ্বারা সমাজের সকল শ্রেণির মানুষকে কাছে টানতে থাকলেন।

গৌরাঙ্গের নির্দেশে নিত্যানন্দ আর হরিদাস ঠাকুর ঘরে ঘরে গিয়ে কৃষ্ণনাম করিয়েছেন। নবদ্বীপের কোটাল কুখ্যাত মদ্যপ জগাই-মাধাই দুই ভাই-এর প্রহারে নিত্যানন্দের মাথা থেকে রক্তপাত হচ্ছে। অথচ তাদের ক্ষমা করে দেওয়ার জন্য তিনি সাধাসাধি করেছেন গৌরাঙ্গকে। তাঁর ক্ষমাশীল ব্যবহারে মুগ্ধ হয়ে জগাই-মাধাই মার্জনা চেয়ে মহাভক্ত হয়েছেন। পরে নিত্যানন্দের নির্দেশে গঙ্গায় স্নানে আসা লোকের সেবা করেছেন আজীবন। আজও তার সাক্ষী কাটোয়ার মাধাইয়ের ঘাট।

নিত্যানন্দের সঙ্গে পরামর্শ করেই গৌরাঙ্গ সন্ন্যাস নেওয়ার সিদ্ধান্ত নেন। এই সন্ন্যাস গ্রহণের পিছনে ছিল বৃহৎ এক উদ্দেশ্য। আবার, যখন সন্ন্যাসী চৈতন্যদেব দিগ্বিদিক জ্ঞানশূন্য হয়ে বৃন্দাবন যাবেন বলে ছুটছেন, তখন তাঁকে শান্তিপুরে ফিরিয়ে আনা সম্ভব হয় নিত্যানন্দেরই বুদ্ধিমত্তায়। মাঠের রাখালদের নিত্যানন্দই শিখিয়ে দিয়েছিলেন হরিবোল ধ্বনি দিতে। কারণ তাদের মুখে হরিধ্বনি শুনে মহাপ্রভু নির্ঘাৎ তাদের কাছে এসে দাঁড়াবেন। আর তখন, বৃন্দাবন কোন দিকে তিনি জানতে চাওয়া মাত্র বালকরা শান্তিপুরের দিকে বৃন্দাবন দেখিয়ে দেবে। মহাপ্রভু জানতে চেয়েছিলেন আর বালকরা উল্টোদিকে পথ দেখিয়েছিল। ফলে মহাপ্রভুকে ফিরিয়ে আনা সম্ভব হয়। নাহলে পুরীতে তাঁকে আমরা আর পেতাম না, নীলাচল লীলাও ঘটত না।

**নিত্যানন্দের দ্বারা মহাপ্রভুর সন্ন্যাসদণ্ড ভঙ্গ**

১৫১০ খ্রিষ্টাব্দে চৈতন্যদেব যখন সন্ন্যাস নিয়ে নীলাচলে গেলেন তখন নিত্যানন্দ, জগদানন্দ, দামোদর পণ্ডিত আর মুকুন্দ দত্ত তাঁর অনুগামী হন। পথে নীলাচলের ৯ কি.মি. উত্তরে কমলপুরে ভার্গী নদীতে স্নান সেরে মহাপ্রভু কপোতেশ্বর মহাদেব দর্শন করতে গেলেন। তখন জগদানন্দ নিত্যানন্দের কাছে সন্ন্যাসদণ্ডটি রেখে ভিক্ষা করতে গেলেন। দণ্ডটি হাতে নিয়ে নিত্যানন্দ অনেক স্তুতি করলেন, তারপর বললেন, 'ওরে দণ্ড, আমি যে প্রভুকে সর্বদা বহন করি, তিনি কি না কষ্ট করে তোকে বহন করবে!' এই বলে দণ্ডটি তিন টুকরো করে ফেললেন তিনি। পণ্ডিত জগদানন্দ ফিরে এসে দেখেন মহাপ্রভুর সন্ন্যাসদণ্ড টুকরো-টুকরো হয়ে পড়ে আছে। মাথায় হাত তাঁর। বললেন, 'এ কী সর্বনাম! কে ভাঙল সন্ন্যাসদণ্ড? নিত্যানন্দ হেসে বললেন—'যাঁর দণ্ড তিনিই ভেঙেছেন। তিনি বিনা তাঁর দণ্ডকে কে ভাঙতে পারে!' এরপর খণ্ডিত দণ্ডটি ভার্গী নদীতে ছুড়ে ফেলে দিলেন। তখন থেকে ভার্গী নদীর নাম হল দণ্ডভাঙা নদী। নিত্যানন্দ ছিলেন নির্ভীক, সাহসী।

**নিত্যানন্দের নির্দেশে দণ্ডমহোৎসব নাম-প্রেম প্রচার অভিযান**

গৌড়মণ্ডল থেকে প্রতি বছর ভক্তরা পুরীতে যেতেন রথযাত্রার সময়। উদ্দেশ্য রথাসীন জগন্নাথকে দর্শনের পর নীলাচলবাসী গৌরহরির সান্নিধ্যে তিন-চার মাস কাটানো। ১৫১৬ খ্রিষ্টাব্দে চৈতন্যদেব নিত্যানন্দকে বললেন, 'শ্রীপাদ, তুমি এভাবে প্রতি বছর



নীলাচলে আর এসো না। আমি তো সন্ন্যাস গ্রহণ করে দেশান্তরী হয়েছি, এখন তুমিও যদি আমার মতো মুনিধর্ম কর, তাহলে মূর্খ-নীচ-পতিতদের কথা কে ভাববে? তুমি বরং গৌড়ে ফিরে যাও তোমার পরিকরদের নিয়ে। তাদের নিয়ে নাম-প্রেম প্রচার করে জীবোদ্ধার কর।'

নিত্যানন্দ সঙ্গী সমেত উপস্থিত হলেন পানিহাটিতে গঙ্গাতীরে রাঘব পণ্ডিতের ভবনে। তিন মাস সেখানে থেকে নাম-প্রেম প্রচারের রূপরেখা তৈরি করলেন। নিজের দ্বাদশজন পরিকরকে গোপাল আখ্যা দিয়ে একেক জনকে একেক অঞ্চলের দায়িত্ব দিলেন। নিতাই অনুগত দ্বাদশ গোপাল গৌড়মণ্ডলের নানা স্থানে ছড়িয়ে পড়ে সেই সেই অঞ্চলের মানুষকে মৈত্রীর বন্ধনে আবদ্ধ করতে লাগলেন হরিনামের দ্বারা। পানিহাটিতে গঙ্গাতীরে এক মহোৎসবের আয়োজন করালেন হুগলি জেলার সপ্তগ্রামের জমিদারের পুত্র রঘুনাথ দাসের ব্যয়ভারে। সেই উৎসবে একসঙ্গে

৩৬ জাতির মানুষকে এক পংক্তিতে বসিয়ে ভোজন করালেন। শত শত মানুষ সেদিন এক আসনে বসে চিঁড়ে-দই-ফল প্রসাদ খেয়েছে, একে অপরের সঙ্গে আলিঙ্গনাবদ্ধ হয়েছে, পরস্পরের পদধূলি গ্রহণ করেছে নিজেদের বংশকৌলীন্য ভুলে। ১৫১৭ খ্রিষ্টাব্দে জ্যৈষ্ঠ শুক্লা ত্রয়োদশীতে এই উৎসব হয়েছিল। আজও সেই ঘটনাকে স্মরণ করে প্রতিবছর ওই তিথিতে চিঁড়ে-দধি মহোৎসব আয়োজিত হয়। পানিহাটির চিঁড়ের মেলা নামে এই উৎসব প্রসিদ্ধ।

সামাজিক আন্দোলনে জনসংযোগ একটি গুরুত্বপূর্ণ বিষয়, তা বিচক্ষণ নিত্যানন্দ বুঝেছিলেন। বুঝেছিলেন বলেই তিনি তাঁর পরিকর দ্বাদশ গোপাল ও দ্বাদশ উপগোপালদের নিয়ে গ্রামে গ্রামে ঘুরতেন সঙ্কীর্তন করে। এর ফলে হুগলি জেলার ৮২টি জাতি-উপজাতির মধ্যে ৪০টি বৈষ্ণবভাবাপন্ন হয়েছিল।

**নিত্যানন্দ দ্বারা শ্রীচৈতন্যদেবের ভগবত্তা প্রচার**



নিত্যানন্দ সমগ্র ভারতবর্ষ দীর্ঘ ২০ বছর ধরে ভ্রমণ করে নবদ্বীপে এসে এই উপলব্ধি করেছিলেন, শ্রীচৈতন্যদেবের মতন অনুভবীজন আর হয় না। যেদিন নবদ্বীপে গৌরাঙ্গের সঙ্গে তাঁর প্রথম সাক্ষাৎ হয়েছিল, তার পর দিন ছিল ব্যাস পূর্ণিমা বা গুরু পূর্ণিমা। সেদিন তিনি শ্রীবাস পণ্ডিতের ঘরে ব্যাস পুজোর সময় ব্যাসের উদ্দেশে নিবেদিত মালাটি গৌরাঙ্গকে পরিয়ে জগৎকে জানাতে চেয়েছিলেন কলিযুগের আচার্য, গুরু তথা ভগবান হলেন শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু। সেদিন তিনি গৌরাঙ্গের ষড়ভুজ রূপও দর্শন করেছিলেন। অন্য একদিন শ্রীবাসভবনে গৌরাঙ্গের মহাভাব প্রকাশ পেল। তখন নিত্যানন্দই এসে তাঁকে ভগবদ্স্বরূপ জ্ঞানে অভিষেক শুরু করলেন। তারপর আচার্য অদ্বৈতসহ নবদ্বীপের সব ভক্ত অভিষেক করলেন মহাপ্রভুর। এরপর যখন শ্রীচৈতন্যদেবের নির্দেশে নিত্যানন্দ নীলাচল থেকে গৌড়ে ফিরে আসেন হরিনাম প্রচার করে জগততারণ করবেন বলে তখন তিনি সর্বস্তরের মানুষের হৃদয় যাতে একসূত্রে গাঁথা হয় সেজন্য প্রচলন করলেন এক সঙ্গীত–'ভজ গৌরাঙ্গ, কহ গৌরাঙ্গ, লহ গৌরাঙ্গের নাম রে, যেই জনা গৌরাঙ্গ ভজে সে হয় আমার প্রাণ রে।' মানুষের দরজায় দরজায় গিয়ে দন্তে তৃণ ধরে তিনি অনুরোধ করেছেন গৌরাঙ্গ নাম নিতে। তিনি বুঝেছিলেন গৌরাঙ্গ চরিত্রের মাধুর্য গুণই পারে মানুষের কঠিন হৃদয়কে নরম করতে। এমন গৌরাঙ্গ প্রীতি, এমন গৌরাঙ্গ নিষ্ঠা নিত্যানন্দ দেখিয়েছিলেন তা দেখেই মানুষ মুগ্ধ হতো। তিনি চৈতন্যদেবের দাস, সেবক হয়ে চৈতন্যদেবের আদর্শকে প্রচার করে গেছেন। তাঁর আজীবনের লক্ষ্য ছিল গৌরাঙ্গকে মানুষের হৃদয়ে প্রতিষ্ঠা করা। তিনিই শ্রীচৈতন্যদেবের ভগবত্তার প্রচারক।

**নিত্যানন্দের সাজসজ্জা**

যেদিন নিত্যানন্দ প্রথম নবদ্বীপে এলেন তখন তাঁর অবধূত বেশ। পরনে স্বল্প বাস, দীর্ঘ কেশ এলোমেলো। অদ্ভুত এক জ্যোতি বদনে। দীর্ঘদেহী, গৌরবর্ণ, বিশাল বপু। সে রাত্রেই তিনি তাঁর দণ্ড-কমণ্ডলু ভেঙে পরদিন গঙ্গায় ভাসিয়ে দিলেন। এরপর থেকেই সম্ভবত কপালে তিলক কেটে, কণ্ঠে তুলসীর মালা পরে বৈষ্ণব বেশ ধারণ করেন। গৌরপ্রেম রসের আবেশে এমন বিভোর থাকতেন যে নিত্যানন্দের কটির বসন খুলে যেত মাঝে মধ্যেই। তিনি সামলাতে পারতেন না। আর, তাঁর সেসব নিয়ে কোনও মাথাব্যথাও থাকত না।

বৃন্দাবন দাস বলেছেন, একদিন গৌরাঙ্গের সঙ্গে কথা বলতে বলতে নিত্যানন্দ পরনের বস্ত্রখানা খুলে নিজের মস্তকে বেঁধে ফেললেন। ভাবাবেশে বিহ্বল হয়ে নিত্যানন্দ নৃত্য করতেন যখন, তখন দিনরাত্রির প্রতিও কোনও লক্ষ থাকত না। মুখে উচ্চারিত 'হরি হরি' ধ্বনি জীবহৃদয়ে প্রেমভাব জাগ্রত করত। এরপর শ্রীচৈতন্যদেবের আদেশে গৌড়ে ফিরে যখন নামপ্রেম বিতরণ শুরু করলেন তখন সাজসজ্জার পরিবর্তন হল। পরিধান করতেন বহু বিচিত্র বর্ণের বস্ত্র। বলরামের মতো নীল বস্ত্র পরে, মাথায় পাগড়ি বেঁধে তাঁর দ্বাদশ গোপালের সঙ্গে সুরধনীতীর ধরে নৃত্য করতে করতে যেতেন। গোপালরা সকলে সখ্যরসের আবেশে বিভোর থেকে ব্রজের গোপসখাদের অনুকরণে বেশভূষা পরতেন। এঁদের দেখে মনে হতো যেন ব্রজের বলরাম চলেছেন তাঁর গোপসখাদের নিয়ে।

**নিত্যানন্দের স্বভাব**

অত্যন্ত উদার স্বভাবের নিত্যানন্দ কখনও কারও কোনও দোষ দেখতেন না, কারও প্রতি ক্রোধ প্রকাশ করতেন না, নিরভিমানী স্বভাব। বালখিল্য ভাব তাঁর। হাসতেন খলখল করে, আবার দিগবিদিগ্ জ্ঞানশূন্য হয়ে মাঝেমধ্যেই 'গৌর গৌর', 'হরি হরি' বলে উঠতেন। কত না ভঙ্গিতে তিনি নৃত্য করতেন। প্রবাদই আছে– নিত্যানন্দের নৃত্য। ভুবন লুব্ধ হতো তাঁর সেই নৃত্যের সৌন্দর্যে। আবার সঙ্গীতেও তিনি সুখ্যাত। নিত্যানন্দের স্বাভাবিক প্রকৃতিই এত মধুময়, এত সুন্দর, এত মনোহর, এত প্রাণস্পর্শী ছিল যে তা দেখে সাধু, অসাধু, বালক, বৃদ্ধ, যুব সকলেই ভক্তিপ্লুত ও প্রেমোন্মত্ত হতো।

আবার বিপরীতে এক বলিষ্ঠ ব্যক্তিত্বের অধিকারীও ছিলেন। নিজের জনাকর্ষণী শক্তিতে নেতৃত্ব দিয়ে নজিরবিহীন দৃষ্টান্ত রেখেছেন। শ্রীচৈতন্যদেব বলেছেন– '...নিজ গোপ্য কহি। আমার দ্বিতীয় নাহি নিত্যানন্দ বহি। / এই নিত্যানন্দ যেই করায় আমারে। / সেই করি আমি এই বলিল তোমারে।'

তিনি প্রথম জীবনে একদিকে যেমন ছিলেন বিষয়-বিরাগী, আবার পরবর্তীকালে হয়েছেন বিষয়-বিলাসীও। চরম বৈপরীত্যের প্রকাশ। কিন্তু, বিষয়ের বিষ কখনও তাঁকে গ্রাস করেনি। নিত্যানন্দকে সর্বধর্ম সমন্বয়ের প্রতিমূর্তি বলা যায়। শৈব, শাক্ত, বৈষ্ণব–এই ত্রিধারার মেলবন্ধন নিত্যানন্দ। কারণ, তিনি তাঁর মস্তকে ধারণ করতেন শাক্ত সম্প্রদায়ের ত্রিপুরাসুন্দরী যন্ত্র, সঙ্গে

রাখতেন শৈব সম্প্রদায়ের নীলকণ্ঠ মহাদেব, আর কণ্ঠে ধারণ করতেন বৈষ্ণব ধর্মের প্রতিভূ অনন্তদেব শিলা।

**বৈষ্ণব মতে নিত্যানন্দ-তত্ত্ব**

শ্রীভগবানের সন্ধিনী শক্তি হলেন মূলসঙ্কর্ষণ বা নিত্যানন্দ বা বলরাম। অতএব, বলরাম বা বলদেব স্বরূপ মূলসঙ্কর্ষণ নিত্যানন্দ পাঁচটি রূপে ভগবানের সেবা করছেন–সঙ্কর্ষণ, কারণার্ণবশায়ী, গর্ভোদশায়ী, ক্ষীরোদশায়ী এবং শেষ।

বৈষ্ণব মতানুযায়ী স্বয়ং ঈশ্বর শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর 'ঈশ প্রকাশান্' তত্ত্ব হলেন শ্রীনিত্যানন্দ। অর্থাৎ, তিনি হলেন মহাপ্রভুর স্বরূপ প্রকাশ। পঞ্চতত্ত্বের মধ্যে তিনি হলেন ভক্তস্বরূপ তত্ত্ব। শ্রীনিত্যানন্দকে শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু তাঁর বড় ভাই বলে আখ্যা দিয়েছেন।

**নিত্যানন্দের বিবাহ ও শ্রীপাট খড়দহ**

গৌরাঙ্গের নিজজন তথঅ দ্বাদশ গোপালের অন্যতমজন গৌরীদাস পণ্ডিতের ভ্রাতা বর্ধমানের শালিগ্রাম নিবাসী সূর্যদাস সরখেলের দুই কন্যা–বসুধা ও জাহ্নবাকে তিনি বিবাহ করেছিলেন সম্ভবত ১৫১৯ বা ১৫২১ খ্রিষ্টাব্দে। এখনও পর্যন্ত কালনায় তাঁর বিবাহবাসরটি আছে। বসুধাদেবীর গর্ভে পুত্র বীরচন্দ্র ও কন্যা গঙ্গাদেবীর জন্ম হয়। অবশ্য, বীরচন্দ্রের জন্মের পূর্বে আরও সাতটি পুত্র হয়ে মারা যায়। জাহ্নবাদেবীর কোনও সন্তানাদি হয়নি। গৃহাশ্রমী নিত্যানন্দ পাকাপাকি ভাবে সংসার পেতেছিলেন খড়দহের 'কুঞ্জবাটী'তে ১৫২৩ খ্রিষ্টাব্দে। এই বছর তাঁর খড়দহে আগমনের ৫০০তম বৎসর তাই। খড়দহের বিখ্যাত শ্রীশ্যামসুন্দর মন্দিরই ছিল নিত্যানন্দের শ্রীপট। খড়দহ শ্রীপাট বিবাহ পরবর্তী বিহারভূমি যেমন, তেমনই আবার পানিহাটিতে শুরু হওয়া নাম-প্রেম প্রচার অভিযানের প্রধান কেন্দ্রস্থল হয়ে ওঠে।

**নিত্যানন্দের আধ্যাত্মচিন্তায় আধুনিকতা ও সমাজসেবা**

রাজরোষে পড়ে স্বর্ণবণিক সম্প্রদায় রাজা লক্ষ্মণ সেনের আমল (১১৭৮-১২০৬ খ্রিষ্টাব্দ) থেকে সমাজচ্যুত হয়েছিল। নিত্যানন্দ এই বণিক সম্প্রদায়কে দীক্ষা দিয়ে সম্মান জানিয়ে সমাজের মূলস্রোতে ফিরিয়ে এনেছিলেন। এদের আদিসপ্তগ্রাম নিবাসী উদ্ধারণ দত্ত তাঁর বিশেষ প্রিয় পরিকর ছিলেন। দিনের পর দিন তিনি এঁ গৃহে থেকেছেন। এমনকী, এঁর হাতের ছোঁয়া খেয়েছেনও, যা সে যুযগে দাঁড়িয়ে একজন ব্রাহ্মণের আচরণের অভাবিত বিষয়। উদারমনস্ক নিতাই উন্মুক্ত, দ্বিধাহীন কণ্ঠে শালিগ্রামের ব্রাহ্মণদের সে কথা বলে বুঝিয়েছেন তিনি ছুৎমার্গহীন, কেবল ভক্তিতে বিশ্বাসী। তৎকালীন জাতপাত বিভেদে ক্লিষ্ট বঙ্গে বৈষ্ণবধর্মের দ্বারা নিত্যানন্দ এক প্রাণখোলা হাওয়া যেন বইয়ে দিয়েছিলেন। ব্রাত্য, অচ্ছুৎ, জল-অচল বৌদ্ধ তথা নীচ জাতির মানুষদের দীক্ষা প্রদান দ্বারা শুদ্ধিকরণ করে তিনি তাঁদের সামাজিক স্বীকৃতি দিয়েছিলেন। এই শুদ্ধিকরণ প্রক্রিয়া খড়দহ শ্রীপাটে অনুষ্ঠিত হল। পরে 'নিত্যানন্দ বংশবিস্তার' গ্রন্থানুযায়ী তাঁর প্রদর্শিত পথের অনুগমন তাঁর পুত্র বীরচন্দ্রও করেন। বৌদ্ধ 'নেড়ানেড়ি'দের নিজ গোষ্ঠীভূত করায় বৈষ্ণবধর্মের সর্বজনীনতা বৃদ্ধি পায়। পতিতা রমণীদেরও তিনি স্থান দিয়েছিলেন। তাঁরা সঙ্কীর্তনে এসে নৃত্যও করতেন। আর, এ প্রসঙ্গে চৈতন্যদেব তাঁকে প্রশ্ন করলে তিনি জানান– 'কাঠিন্য কীর্তন কলিযুগ ধর্ম নহে।' নিত্যানন্দ যে কতখানি আধুনিকমনস্ক ছিলেন এবং সময়ের সঙ্গে সঙ্গে ধর্মকেও যুগোপযোগী করায় বিশ্বাসী ছিলেন, তা বোঝা যায়।

তাঁর সকলকে কাছে টানতে কুসংস্কারমুক্ত বেপরোয়া মনোভাবের জন্য তৎকালীন ব্রাহ্মণ সমাজের বিরাগভাজনও হয়েছিলেন। তাঁদের মুখপাত্র হয়ে এক ব্রাহ্মণ নীলাচলে চৈতন্যদেবের কাছে এ বিষয়ে নালিশও জানান।

সেসময় চৈতন্যদেব মন্তব্য করেছিলেন– 'মদিরা যবনী যদি নিত্যানন্দ ধরে। / তথাপি ব্রহ্মার বন্দ্য কহিল তোমারে।'

চৈতন্যদেব খুব ভালোভাবেই জানতেন, নিত্যানন্দের প্রতিটি কর্মের পিছনে এক মহান উদ্দেশ্য কাজ করে। যখন ষোড়শ শতাব্দীতে বঙ্গদেশে দুর্ভিক্ষ লাগে তখন সমাজসেবায় ব্রতী নিত্যানন্দেরই নির্দেশে ও পৃষ্ঠপোষকতায় সপ্তগ্রামে ৩০ বিঘা জমি জুড়ে অন্নসত্র, খুলে ক্ষুধার্ত মানুষের মুখে অন্ন তুলে দিয়ে নতুন জীবন প্রদান করা হয়। ব্যান্ডেল স্টেশনের নিকটবর্তী ভেদো এলাকায় প্রায় ৪০০টি গৃহনির্মিত হয়েছিল গৃহহীনদের জন্য। ধনশালী বণিক উদ্ধারণ দত্ত সহ সমাজের বিত্তবান মানুষের অর্থকে তিনি এভাবেই পরোপকারে কাজে লাগান।

খড়দহে শরীরচর্চা, সংস্কৃতিচর্চার নানা সমিতিও গঠন করেছিলেন। এভাবেই তিনি হয়েছিলেন মধ্যযুগে বাংলার নবজাগরণের পথিকৃৎ।

**নিত্যানন্দের দ্বারা বিগ্রহস্থাপন ও তাঁর অপ্রকট**

খড়দহে শ্রীশ্যামসুন্দর মন্দিরের বিগ্রহ এবং বীরভূমের একচক্রার শ্রীবঙ্কিমদেব বিগ্রহ প্রতিষ্ঠিত হয়েছিল নিত্যানন্দের দ্বারা। শোনা যায় জন্মভূমি একচক্রায় যখন নামপ্রচারে যান পরিণত নিত্যানন্দ, তখন স্বপ্নে বৃন্দাবনের বাঁকেবিহারীজি তাঁকে আদেশ দেন বিগ্রহ প্রতিষ্ঠার। তিনি জানান যে যমুনার জলে যে কাষ্ঠখণ্ড ভেসে আসবে সেই কাষ্ঠে আঘাত করলেই নাকি বাঁকেবিহারীজির মূর্তি বেরিয়ে আসবে তা থেকে। অর্থাৎ, স্বয়ং প্রকট হবেন।

এই যমুনা কিন্তু বৃন্দাবনের নয়। বীরভূমের বীরচন্দ্রপুর ও গর্ভবাসের মধ্যে একটি ছোট নালা যা যমুনা নামে পরিচিত আজও। নিত্যানন্দের অপ্রকটকালে জাহ্নবা দেবীর পর খড়দহ শ্রীপাটের দায়িত্ব পান বীরচন্দ্র।

নিত্যানন্দের শেষ পরিণতি অলৌকিকতার আবহেই। একদিন খড়দহে কীর্তন চলাকালীন তিনি মন্দিরে শ্যামসুন্দরের গর্ভগৃহে প্রবেশ করে অন্তর্ধান হয়ে যান। পরে ভক্তদের আকুল আহ্বানে আবার ফিরে আসেন। এর কিছুকাল পর ১৫৪২ (মতান্তরে ১৫৪৫) খ্রিষ্টাব্দে সকলের সামনে একচক্রার বঙ্গিমদেবকে দর্শন শেষে আলিঙ্গন করে বিগ্রহ লীন হন। তাঁর শরীর কোথাও খুঁজে পাওয়া যায়নি। সম্ভবত ১৫৭৩ বা ১৫৭৫ খ্রিষ্টাব্দ থেকে মন্দিরে গৌরাঙ্গ মূর্তির ডানদিকে নিত্যানন্দের মূর্তি পুজো শুরু হয়। ❑

# মণিকরণ
# হিন্দু-শিখের মিলনতীর্থ

**হেমন্তিকা কর**

হিন্দু ও শিখ এই উভয় ধর্মেরই পরম তীর্থ মণিকরণ। হিমাচল প্রদেশের কুলু জেলায় ভুটানের কাছে ১৭৬০ মিটার উচ্চতায় পার্বতী উপত্যকায় অবস্থিত সুন্দর সাজানো শহর মণিকরণ। হিন্দু বিশ্বাস অনুযায়ী মহাপ্লাবনের পর মনু নতুন করে জগৎ সংসার তৈরি করেছিলেন এই মণিকরণেই। আর সেই সূত্রেই মণিকরণ এত তাৎপর্যময়।

পুরাণ অনুযায়ী শিব-পার্বতী বেড়াতে বেরিয়েছিলেন পার্বতী উপত্যকায়। পৃথিবীর হিসেবে প্রায় ১১০০ বছর ধরে তাঁরা এই পার্বতী উপত্যকায় বিচরণ করেন। সুন্দর যেখানে শিবও সেখানে। শিব সুন্দরের উপাসক, তাই পর্বতবেষ্টিত সবুজ পার্বতী উপত্যকায় শিব পার্বতী বেড়াবেন, প্রেমালাপ করবেন এতে আশ্চর্য হওয়ার কিছুই নেই। এখানে থাকাকালীন পার্বতীর কান থেকে মণিকুন্তল পড়ে যায়। শেষনাগ সেটি নিয়ে পালিয়ে যায় পাতালে। পার্বতী শিবকে বললেন মণি হারানোর কথা। শিব তাঁর অনুচরদের বললেন মণি খুঁজে আনতে। কিন্তু তারা ব্যর্থ হয়। ভীষণ রেগে যান শিব।

**শিবের মণি উদ্ধার থেকেই নাম মণিকরণ। প্রস্রবণের জল যথেষ্ট উষ্ণ। এই জল পবিত্র বলে মনে করা হয়। এটাও বলা হয় মণিকরণ দর্শন করলে কাশীদর্শনের প্রয়োজন নেই।**

তাঁর তৃতীয় নয়ন উন্মীলিত করেন। পৃথিবী কাঁপতে থাকে, ফুটতে থাকে নদীর জল। শেষনাগের কাছে পৌঁছয় সেই সংবাদ। শেষনাগ পাতাল ফুঁড়ে ফুটন্ত জলের ভেতর দিয়ে উঠে আসে। শিবের কাছে মণি ফেরত দেয়, সঙ্গে আনে আরও মণি রত্ন। শিবকে তুষ্ট করতে জল উঠে তৈরি হয় প্রস্রবণ। শিব নিজের মণিটি নিয়ে বাকি মণিগুলোকে পাথর করে চাপা দেন প্রস্রবণ।

শিবের মণি উদ্ধার থেকেই নাম মণিকরণ। প্রস্রবণের জল যথেষ্ট উষ্ণ। এই জল পবিত্র বলে মনে করা হয়। এটাও বলা হয় মণিকরণ দর্শন করলে কাশীদর্শনের প্রয়োজন নেই। জলের রোগ নিরাময় ক্ষমতা আছে। জল এতটাই উষ্ণ যে ভাত রান্না করাও যায়। এই কুণ্ডে স্নান করলে সব পাপ ধুয়ে যায়। শরীরের কোথাও কোনও ব্যথা বেদনা থাকলে তারও উপশম হয়।

শিখ বিশ্বাস অনুযায়ী ১৫৭৪ সালে গুরু নানক এখানে আসেন মর্দানাকে সঙ্গে নিয়ে। মর্দানার খিদে পায়। কিন্তু কোনও খাবার ছিল না। গুরু নানক মর্দানাকে পাঠান লঙ্গরের জন্য খাদ্য সংগ্রহ করতে। অনেকে আটা দান করেন রুটি বানানোর জন্য। কিন্তু খাবার বানানোর জন্য কোথাও আগুন পাওয়া যায় না। তখন নানক মর্দানাকে বলেন একটা পাথরকে সরাতে। আর তখনই উষ্ণ প্রস্রবণটি বেরিয়ে পড়ে পাথর চাপা অবস্থা থেকে। মর্দানা চাপাটি তৈরি করে গরম জলে ফেলেন। এরপর চাপাটি ডুবে যায়। নানক তখন বলেন ঈশ্বরকে স্মরণ করতে ও তাঁর নামে একটি চাপাটি উৎসর্গ করতে—এরপর চাপাটি খাবার জন্য প্রস্তুত হয়েই ফেরত আসে। সেই বিশ্বাস অনুযায়ী এখানে কিছু দান করলে তা ফেরত পাওয়া যায়।

মণিকরণ যাত্রা শুরু করেছিলাম মানালি থেকে। আগের সারাদিন কেটেছে রোটাং পাসে। সকাল সকাল হিড়িম্বা দেবীর মন্দির দেখে আমরা বেরিয়ে পড়লাম। যাত্রাপথের সঙ্গী উচ্ছল চঞ্চল এক নদী যার নাম বিয়াস। মানালি আসার পথেও বিয়াসকে যাত্রাসঙ্গী হিসেবে পেয়েছিলাম আমরা। কিন্তু থামা হয়নি বিয়াসের ধারে, ছোঁয়া হয়নি খরস্রোতা হিমশীতল বিয়াসকে। তাই ফেরার পথে বিয়াসের ধারে নেমে পড়েছি। শুধু নেমে পড়াই নয়, রিভার রাফটিং-এর জন্য প্রস্তুতি নিয়েছি। এই আমার প্রথম রিভার রাফটিং। এক ঝটকায় বয়সটা কমে গেছে মনে হল। খরস্রোতা প্রস্তরময় বিয়াসের ঠাণ্ডা জলে ভিজে আমরা তিন কিলোমিটার রাফটিং করলাম।

আবার চলা বিয়াসের তীর ঘেঁষে। পথে কত যে ফলের বাগান। আপেল, নাশপাতি, বেদানা, আলু বোখরার বাগান। যদিও আপেল পাকার সময় নয়, তাই সবুজ আপেল দেখে মন ভরাতে হল।

কখন যেন বিয়াস ও পার্বতী নদীর সঙ্গম পেরিয়ে গেলাম। উচ্ছল পার্বতী গিয়ে মিশেছে বিপাশা নদীতে। তারপর যাত্রাপথ বেঁকে গেল। পার্বতী নদীর তীর ধরে এগতে লাগলাম মণিকরণের দিকে।



একপাশে নদী, অন্য পাশে পাহাড়। পাহাড়ে নানান ধরনের গাছ। দেখতে দেখতে কাসোল পেরুলাম। মণিকরণ আর সামান্য দূরে। মণিকরণে ঢুকেই দেখতে পাই বিশাল বড় বিল্ডিং, একেবারে নদীর গা থেকে উঠছে। গাড়ি থেকে নেমে বিরাট পার্কিং লটের ভিতর পায়ে হেঁটে পৌঁছে যাই অভীষ্ট স্থানে। সামনে একটা চওড়া ব্রিজ, নীচ দিয়ে বইছে খরস্রোতা পার্বতী নদী। বড় বড় পাথরের উপর দিয়ে সাদা ফেনার পসরা সাজিয়ে উচ্ছল চঞ্চল বালিকার মতো বইছে সে। তার অবিরাম গর্জনে তৈরি হয়েছে ছন্দ, চলার ছন্দে গান হয়ে বেজে যায় সে।

চারপাশে রং বেরঙের পতাকা, সামনের বড় বাড়িটাই গুরুদুয়ারা। গুরুদুয়ারার পাশেই শিবের মন্দির। মন্দিরের ভেতরে

উষ্ণ কুণ্ড। কুণ্ডের বাড়তি জল এসে পড়ছে পার্বতী নদীতে। পার্বতীর হিমশীতল জলে কুণ্ডের উষ্ণ জলের আত্মসমর্পণের স্থানটিতে অবিরাম ধোঁয়া উঠছে। তারপর পার্বতীর শীতলতায় নিজেকেও শীতল করে বইছে নদীর সঙ্গে।

ব্রিজ পেরিয়ে ঢুকলাম গুরুদুয়ারায়। ওঠার পথে কুণ্ডে যাবার রাস্তা বেঁকে গেছে। ছেলে-মেয়েদের আলাদা আলাদা স্নানের ব্যবস্থা আছে। কাছে গিয়ে কুণ্ডের জল মাথায় ঠেকালাম। এরপর সোজা গুরুদুয়ারায়। বসে থাকলাম উপরে। সুন্দর গান বাজছে। উপরের জানালা দিয়ে দেখা যাচ্ছে অসাধারণ প্রাকৃতিক দৃশ্য। গুরুদুয়ারার ভেতর দিয়ে পথ বেঁকে গিয়েছে মন্দিরের দিকে, মন্দিরের সামনে উষ্ণ জলের প্রস্রবণ। টগবগ করে জল ফুটছে। ছোট ছোট সিল্কের থলিতে চাল পাওয়া যাচ্ছে। সুতোয় বেঁধে আধঘণ্টার মতো কুণ্ডের জলে দিলেই চাল থেকে ভাত হয়ে যাচ্ছে। ওটাই এখানকার প্রসাদ। গুরুদুয়ারায় লঙ্গরখানা আছে। বিনা পয়সায় আহার মেলে। আর



সেই আহার্যের একটা বড় অংশ তৈরি হয় এই কুণ্ডের ফুটন্ত জলে। বড় বড় হাঁড়িতে করে চাল ডাল সিদ্ধ হচ্ছে। বিশালদেহী এক প্রৌঢ় শিখ খালি গায়ে এক একটা হাঁড়িতে জল ভরে চাল ঢেলে আস্তে আস্তে বসিয়ে দিচ্ছেন কুণ্ডের জলে। ঢাকা দিচ্ছেন চটের বস্তা। তৈরি হওয়া খাবারের হাঁড়িগুলো আস্তে করে টেনে আনছেন কাছে। এভাবেই সারাদিন ধরে চলছে খাবার তৈরির কাজ। কুণ্ডের কাছাকাছি প্রচণ্ড গরম। এলোমেলো বাতাসে গরম হাওয়া গায়ে এসে লাগছে।

মণিকরণের উষ্ণ প্রস্রবণের জল থেকে ভূতাপ শক্তি বা জিওথার্মাল এনার্জি উৎপাদন করা সম্ভব। পরীক্ষামূলক ভাবে এখানে বিদ্যুৎ উৎপাদন করার প্রচেষ্টা চলছে। কয়লা, পেট্রোলিয়ামের মতো গচ্ছিত সম্পদের বিপরীতে এই অপ্রচলিত শক্তি ভবিষ্যতে অনেক সুরাহা জোগাবে।

কুণ্ডের সামনে কালো পাথরের রুদ্ররূপী মহাদেবের মূর্তি। একটু এগিয়ে গিয়ে শিবের মন্দির। মন্দিরের সামনে বিশাল যণ্ডমূর্তি। সবাই সেই মূর্তির এক কান চেপে ধরে অন্য কানে চুপিচুপি



জানাচ্ছে মনোস্কামনা। এভাবে মনের ইচ্ছা জানালে তা নাকি সফল হবেই। সবার দেখাদেখি আমিও প্রার্থনা জানালাম।

দলের কয়েকজন সদস্য লঙ্গরখানার দিকে গেল। আমরা বাইরে পার্বতী নদীর সেতুর উপর দাঁড়ালাম। বিকেল হয়ে আসছে। আর কিছুক্ষণ পরেই সূর্যদেব পাটে যাবেন। খরস্রোতা পার্বতীর অনন্ত জলরাশি পার্বতীর শিলাময় বক্ষে অবিরত আছড়ে পড়ছে, ফেনায় ফেনায় উচ্ছল হয়ে উঠছে। দূরে নীল আকাশের গায়ে হেলান দিয়ে মহান হিমালয়। সবুজে নীলে মাখামাখি সেই হিমালয়ের বিশালত্বের সামনে দাঁড়িয়ে অনুভব করলাম আমার ক্ষুদ্রতা, আমার অসহায়তা। হে সুন্দরের দেবতা সব তুচ্ছতা, সব অসুন্দরের ছায়া থেকে আমাদের নিয়ে চল তোমার সত্যের পথে, সুন্দরের পথে। ❑

*ছবি : সংশ্লিষ্ট সংস্থার সৌজন্যে*

**যদা যদা হি ধর্মস্য গ্লানির্ভবতি ভারত।**
**অভ্যুত্থানমধর্মস্য তদাত্মানং সৃজাম্যহম্‌ ॥** (শ্রীমদ্ভগবদ্গীতা ৪/৭)

**অনুবাদ :** হে ভারত (অর্জুন)! যখনই ধর্মের অধঃপতন হয় এবং অধর্মের অভ্যুত্থান হয়, তখনই আমি দেহধারণ করে অবতীর্ণ হই।

**ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ।**
**অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা ॥** (শ্রীমদ্ভগবদ্গীতা ৭/৪)

**অনুবাদ :** আমার প্রকৃতি– ভূমি, জল, অগ্নি, বায়ু, আকাশ, মন, বুদ্ধি ও অহঙ্কার– এ আট ভাগে বিভক্ত।

# মানুষের কর্ম

সুমন বনিক

১। হরিপদ বাবু। সমাজকে বিত্তের ফ্রেমে বাঁধলে, হরিপদ বাবু নিম্ন-মধ্যবিত্তে এসে আটকে যান। নির্ঝঞ্ঝাট নিরহংকার একজন মানুষ। ঠিকঠাক সময়ে অফিসে যান, সময় উতরিয়ে বাড়ি ফেরেন। সাদামাটা জীবন। গৃহদেবতার স্তব-স্তুতিতে নিজেকে সঁপে দেন। সন্তানদের মানুষ করে তোলাই তিনি ব্রত হিসেবে বেছে নিয়েছেন।

২। হারাধন বাবু। বিত্ত-বৈভবে আকণ্ঠ নিমজ্জিত। মা লক্ষ্মী দু'হাতে ঢেলে দিয়েছেন। সিদ্ধিদাতা গণেশের কৃপায় ব্যবসার সাফল্য উত্তরোত্তর ক্রমবর্ধমান। দু'হাতে দান-ধ্যান করে চিত্তের সুখ খুঁজেন। ছেলেমেয়েরা প্রাচুর্য্যের বাণে ভাসছে। দেবালয়ে মুক্তহস্তে দান করে ঈশ্বরের কৃপাপ্রার্থী হন। নিদ্রাদেবতা যদি প্রসন্ন না হতেন তাহলে তিনি খুশীই হতেন। কারণ– ঐ সময়টুকু তো আয় বহির্ভূত কালক্ষেপণ– হারাধন বাবুর কাছে। বৈধ-অবৈধের ফারাক ভুলে গেছেন বহুকাল আগে। কর্মব্যস্ত মানুষ।

৩। রবিলাল বাবু। অভাব এসে প্রতিদিন ভোরবেলা টোকা মারে তার দরজায়। আড়মোড়া ভেঙ্গে ঘুম থেকে উঠে প্রাত্যহিক কাজ সেরে বেরিয়ে পড়েন কাজে। বাজারের মোড়ে জুতা সেলাই করেন। উদয়-অস্ত কাজ করে আহারাদি নিয়ে বাড়ি ফেরেন। যে রাস্তার ধারে বসে কাজ করেন তার বিপরীত দিকে একটি মন্দির আছে। তিনি কখনোই সে মন্দিরে যেতে পারেন না; পেশাগত ব্যবস্তায়। সাপ্তাহিক প্রার্থনা হয় সেই মন্দিরে। ভক্তসমাবেশ ঘটে। রবিলাল একটি কাজ করেন অতি গোপনে। তার প্রেরিত একজন এসে প্রার্থনা শুরুর আগেই কিছু ধুপকাঠি, মোমবাতি আর কয়েক বোতল জল মন্দিরে রেখে যান। এটা এতদিন অনাবিষ্কৃত ছিল। কৌতূহলবশত তার সেই কর্মটি উদ্‌ঘাটিত হয় সম্প্রতি। আয়ের একটি বড় অংশ সপ্তাহে ব্যয় করেন এই কাজটি করে।

**আমরা লোক দেখানো ধর্মাচারে খুবই ব্যস্ত থাকি। কিন্তু ধর্মের মর্মবাণীকে ধারণ করি না। আমরা পড়ালেখা করে ডিগ্রি অর্জন করি। কিন্তু জ্ঞানের রাজ্যে প্রবেশ করতে পারি না।**

উপরের তিনটি অণুগল্প আমাদের সমাজের খণ্ডিত চিত্রাবলী। প্রথম গল্পে হরিপদ বাবু সহজ সরল জীবনযাপনে শুধুই পরিবারকেন্দ্রিক কর্মে লিপ্ত। দ্বিতীয় গল্পে হারাধন বাবু অর্থের অথই জলে হাবুডুবু খাচ্ছেন। বৈধ-অধৈব সর্বগ্রাসী কর্মে ব্যাপৃত। তৃতীয় গল্পে রবিলাল বাবু যাপিত জীবনে অতি গোপনে যে কাজটি করছেন তা একেবারেই নিঃস্বার্থভাবে চালিয়ে যাচ্ছেন। কোন ফলের আশায়, প্রাপ্তির লোভে এই সেবাদান করছেন না। তার কর্মকে নিষ্কাম কর্ম বলা যেতে পারে বৈকি!

হিন্দুধর্মে আধ্যাত্মিক মুক্তির পথগুলির মধ্যে, কর্মযোগ হল নিঃস্বার্থ ক্রিয়াপথ। এতে বলা হয়, একজন আধ্যাত্ম-সন্ধ্যানীর উচিত ব্যক্তিগত ফলাফলের প্রতি আসক্ত না হয়ে ধর্ম অনুযায়ী কাজ করে চলা। কর্মযোগে বলা হয়, শ্রীমদ্ভগবদ্‌গীতাই মনকে শুদ্ধ করে। এইভাবে একজন উপলব্ধি করেন কর্মের মধ্যে ধর্ম এবং নিজের ধর্মের পথে কর্মকে অর্থাৎ ঈশ্বরের প্রতি কর্মের মধ্যে দিয়ে এবং এই মর্মে তাঁর জীবনের প্রতিটি মুহূর্তে তিনি ঈশ্বরের সান্নিধ্যে থাকেন।

জেমস লোচেফেল্ড, একজন হিন্দু ধর্মাশাস্ত্র ও দর্শন বিষয়ক পণ্ডিত, অধ্যাপক এবং লেখক। তাঁর লেখা Gods Gateway অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস থেকে বের হয়েছে। হাল আমলে পশ্চিমা দুনিয়ার পণ্ডিতগণ এই কর্মযোগ দর্শন থেকে রসাস্বাদন করছেন। তাঁর মতে কর্মযোগ হলো– "পরের হিতার্থে নিঃস্বার্থ কর্ম সম্পাদন এর আধ্যাত্মিক চর্চা। কর্মের মাধ্যমে আধ্যাত্মিক মোক্ষ (মুক্তি) লাভই হলো কর্মযোগের পথ। ফলের প্রতি আসক্ত না হয়ে অথবা ফলাফল কি হতে পারে তার দ্বারা প্রভাবিত না হয়ে ন্যায্য পথ অবলম্বন হলো এই কর্মযোগ। অস্ট্রেলিয়ান দার্শনিক প্রফেসর পুরুষোত্তমা বিলিমোরিয়া (P. Bilimoria) বলেন কর্মযোগ হলো– "নৈতিকভাবে সূক্ষ্মভাবে নিয়ন্ত্রিত কর্ম।" এশিয়ান স্টাডিজ এবং দর্শনের অধ্যাপক স্টিফেন ফিলিপস-এর মতে– "একমাত্র ধার্মিক কর্মই হলো কর্মযোগের উপযোগী, যেখানে একজন তার নিজস্ব ভূমিকাকে অথবা তার নিজস্ব আগ্রহকে গুরুত্বহীন করে তোলেন।"

গীতা নিজেই মহাভারত মহাকাব্যের একটি অধ্যায়, যেখানে রাজকুমার অর্জুন এবং তার বন্ধু ও রথের সারথি ভগবান শ্রীকৃষ্ণের মধ্যে রাজবংশীয় মহাযুদ্ধের প্রাক্কালে একটি কথোপকথন লেখা রয়েছে। তাদের এই কথোপকথন অর্জুনই শুরু করেছিলেন; আসন্ন যুদ্ধের উভয়পক্ষে তিনি বন্ধু এবং আত্মীয়দের দেখে দুঃখ ও আশঙ্কায় মুহ্যমান হয়ে পড়েছিলেন। প্রত্যুত্তরে, কৃষ্ণ তখন কয়েকটি দার্শনিক যোগ ব্যবস্থা এবং অভ্যাস (কর্মযোগ নিয়ে) সম্বন্ধে বিশদ ব্যাখ্যা করেছিলেন যার দ্বারা অর্জুন ধর্মের পথে তাঁর যুদ্ধ চালিয়ে গেছিলেন। অতএব, কর্মের ফলাফলের প্রতি আসক্ত না হয়ে, কর্তব্য হিসেবে কর্ম সম্পাদন করবেন, যেহেতু আসক্তি বিনা কর্মেই একজন পরম বা ঈশ্বরের কৃপালাভ করেন। ১৮৯৫ সালের ডিসেম্বর ও ১৮৯৬ সালের জানুয়ারি মাসে নিউইয়র্ক সিটির ২২৮ ওয়েস্ট ৩৯তম স্ট্রিটের বাড়িতে বিবেকানন্দ কয়েকটি বক্তৃতা দেন। এগুলিই ১৮৯৬ সালে তাঁর 'কর্মযোগ' বইটিতে প্রকাশিত হয়। এই বইয়ের মূল আলোচ্য বিষয় হলো কর্ম ও কর্মযোগ। স্বামীজী কর্মযোগকে একটি ধর্মমত বলে উল্লেখ করে বলেন, এই পথে মানুষ যেমন জগতের প্রতি নিজের কর্তব্য পালন করতে পারে, তেমনি জ্ঞানার্জনও করতে পারে। স্বামীজী


কর্মযোগের আদর্শ বলতে এক জায়গায় বলেছেন– "...অতএব কর্মযোগ নিঃস্বার্থপরতা ও সৎকর্ম দ্বারা মুক্তি লাভ করিবার একটি ধর্ম ও নীতি প্রণালী। কর্মযোগীর কোন প্রকার ধর্মমতে বিশ্বাস করিবার অবশ্যকতা নাই। তিনি ঈশ্বরে বিশ্বাস না করিতে পারেন, আত্মা সম্বন্ধে অনুসন্ধান না করিতে পারেন। অথবা কোন প্রকার দার্শনিক বিচারও না করিতে পারেন। কিছুই আসে যায় না তাঁহাকে নিজ চেষ্টাতেই উহা লাভ করিতে হইবে। তাঁহার জীবনের প্রতি মুহূর্তই হইবে উহার উপলব্ধি, কারণ জ্ঞানী যুক্তি বিচার করিয়া বা ভক্ত ভক্তির দ্বারা যে সমস্যা সমাধান করিতেছেন তাঁহাকে কোন প্রকার মতবাদের সহায়তা না লইয়া কেবল কর্ম দ্বারা সেই সমস্যারই সমাধান করিতে হইবে।"


এবার গল্পে ফিরে আসি। তিনটি গল্পের কর্তাব্যক্তিগণ যে যে কর্মে লিপ্ত এবং কর্মের কারণ ও উদ্দেশ্য বিশ্লেষণ করলে কর্মযোগ-এর দার্শনিক রূপটি পাই তৃতীয় গল্পের রবিলাল চরিত্রের চিত্র থেকে। একজন প্রান্তজন তার ক্ষুদ্র কর্মপ্রয়াসের মাধ্যমে আধ্যাত্মিকতার পূর্ণতা পেতে পারেন। এখানে বিত্তের বৃত্ত তুচ্ছমাত্র। আমরা লোক দেখানো ধর্মাচারে খুবই ব্যস্ত থাকি। কিন্তু ধর্মের মর্মবাণীকে ধারণ করি না। আমরা পড়ালেখা করে ডিগ্রি অর্জন করি। কিন্তু জ্ঞানের রাজ্যে প্রবেশ করতে পারি না। আমরা আত্মকেন্দ্রিকতার পঙ্কিলে এতটাই নিমজ্জিত যে, সমাজের কারো দিকে চেয়ে দেখার সময় পাই না। আমাদের সকল কর্মই স্বকাম কর্ম। আরও প্রাপ্তির, চাহিদার লেলিহান শিখায় জ্বলছি নিরন্তর। আমরা গীতায় কর্মযোগ পড়ি। নিষ্কাম কর্ম কী তাও পড়ি। কিন্তু আত্মস্থ করি না এবং তা আচরণে বিকশিত হয় না। তাই আমরা বার বার ফিরে যেতে চাই রবীন্দ্রনাথের সেই অমিয় সুধায়–

"আমারে না যেন করি প্রচার / আমারও আপন কাজে / তোমারই ইচ্ছা কর হে পূর্ণ / আমারও জীবন মাঝে"।

পাদটিকা : গল্পে ব্যবহৃত চরিত্রের নামসমূহ কাল্পনিক। ❑

[ * কবি, সম্পাদক : অগ্নিশিখা সাহিত্যের ছোট কাগজ ]



# Swami Vivekananda - The Universal Teacher

Dr. Dilip Chakraborty

Shri Jawahar Lal Nehru said that to know modern India, it would be sufficient to know only two persons– Mahatma Gandhi, the body of India and Gurudeb Rabindra Nath Tagore, the soul of India. To make the national fabric three dimensional, I would like to add one more name, the name of Swami Vivekananda, the spirit of India.

In ancient India 'Education' was given much importance and teachers were held in high esteem. Thinkers around the globe gave various definitions of education. But to me the definition given by Swami Vivekananda seem to be the best. Swami Vivekananda said, "Education is the manifestation of the perfection already in a man."

Swami Vivekananda was a complete teacher the Guru. Guru seems to be the most appropriate word for teacher. Guru is made of two words– "GU" and "RU". Gu means secret, concealed, hidden, mystic and 'Ru' means to throw light, hence one who throws light into the dark enclaves of one's life, is "Guru".



Swami Vivekananda was a universal teacher. He did not teach a few students inside a class room. He taught whole mankind. He did not teach one particular subject, he taught the "Religion of man." He practised what he preached and preached what he practised. His system encompassed the whole gamut of education– physical, moral, intellectual, spiritual. He put emphasis on building a strong body. He wanted people to be with "muscles of iron and nerves of steel." His lectures electrified the audience. He was a charming talker, an erudite scholar and a fluent orator. His speech had the vastness of the sky, the depth of an ocean and the height of a mountain peak.

Swami Vivekananda realized that India with her enormous potential was poor in the comity of nations because Indians lacked scientific knowledge and modern education. Centuries old British rule had crippled Indian economy. The rulers flourished at the cost of the ruled. Foreign rulers were responsible for India's drainage of wealth and pauperization of the country. As a result Indians lost their self esteem.

We all know what hardship and hurdles Swami Vivekananda faced to get entry into the Chicago Parliament of World Religions. When he reached America, he had no invitation to attend the Parliament as a delegate to represent Hinduism. Professor John Henry Wright of Harvard University was requested to give Swami Vivekananda a credential. After listening to the speech of Swami Vivekananda at Harvard, Prof. Wright is quoted as having said, "To ask for your credential is like asking the Sun to state its right to shine in the Heaven. Prof. Wright also wrote subsequently, "Swami Vivekananda is more learned than all the scholars of America put together."

We all know what poor opinion the world had about India at the time of the Chicago Parliament of Religions. India was supposed to be a land of snakes, beggars and snake-charmers. When Swamiji addressed the seven thousand strong audience as "My sisters and brothers of America", everyone stood up and gave him a standing ovation clapping continuously for two minutes. He touched the hearts of the audience as he greeted the youngest of the nations in the name of the most ancient order of monks in the world. The vedic order of Sanyasis, a religion which had taught the world tolerance and universal acceptance. The unknown Hindu monk of yesterday became a celebrity overnight. Dr. Barrows, the President of the Parliament said, "Hinduism was represented by Swami Vivekananda, the orange monk, who exercised the most wonderful influence over the audience." The New York critic wrote, "Vivekananda is an orator by divine right." The New Herald wrote, "Vivekananda is undoubtedly the greatest figure in the Parliament of Religions."

It can be said about Swami Vivekananda "veni, vidi, vici". He came, he saw and he conquered. Swami Vivekananda single-handedly uplifted the stature of India in the comity of nations. Swami Vivekananda was the Spiritual Father of India. ❑

Joyanta Banik

# DECIDE TODAY, CELEBRATE TOMORROW

হোক জ্ঞানের বোধন
শারদীয়ার প্রীতি
শুভেচ্ছা ও অভিনন্দন

RIGHT AT HOME REALTY INC.

MLS MULTIPLE LISTING SERVICE® R REALTOR

Off: 416-391-3232
Cell: 416-879-7817

email: jbanik@trebnet.com

*MEMBERS OF THE TORONTO REAL ESTATE BOARD*

Morneau Sobeco Centre II
Fax : 416 391 0319 / 416-615-0063
895 Don Mills Rd, Suite # 202
Toronto, ON M3C 1W3
www.rightathomerealty.com



JOYANTA BANIK
Sales Representative

C@systemsDTP@gmail.com

**Cell: 416-879-7817**

Ranked among Top 3% RAH salesforce for consecutive years.

# In This World, We Fight

Suparna Dey

This material creation is a place for dispute. Everyday we come into conflict with things-be it fellow mankind, nature, animals, jobs, or our own body that causes trouble.

In the battlefield of Kurukshetra, everyone knew that death was approaching, still they thought that they had reasons to fight! Duryodhana wanted to be the king and was so envious that he did not allow the Pandavas to even reign over five villages! His claim was unjust and he cheated them in a dice game(Pasha). Still, he thought his case was justified.


We are thinking– our war is justified. We might fight with words instead of weapons. Bhagaban says:


"Sharp arrows which pierce one's chest and reach the heart do not cause as much as suffering as the arrows of harsh, insulting words that become lodged within the heart when spoken by an uncivilized man."

Lord Krishna says to Arjuna, "You must act according to your right. There is no way to escape your moral dilemma through pretending to exist on a higher plan of religious detachment. Arjuna has to make a difficult, life-changing decision whether he should battle against his own family members in a war of good versus evil and the importance of living a life of truth and purpose.

The Bhagavad Gita encourages us to live our life with purity, strength, discipline, kindness and integrity. Like Arjuna, we can use the wisdom of Bhagavad Gita to meet our own battle, difficulties with fearlessness and honesty and learn to live life authentically and fully. ❑

*Source : NRISINGHA PRASAD BHADURI*



# দ্রৌপদীপ্রেমিক ভীমসেন

সুব্রত কুমার দাস গুপ্ত

মহাবীর ভীমসেনকে প্রেমিক বললে মহাভারতের পাঠক অথবা মহাভারত টিভি সিরিয়ালের দর্শকের প্রতিক্রিয়া হবে, লোকটা বলে কি? মহাভারতের পাঠক অথবা সিরিয়ালের দর্শকের মানসপটে ভেসে উঠে বিশালদেহী এক যোদ্ধা, যার হাতে বা কাঁধে থাকে বিশাল একটি গদা। তিনি অসংখ্য রাক্ষস বধ করেছেন, বিষম পরাক্রমশালী জ্বরাসন্ধকে মল্লযুদ্ধে নিহত করেছেন যার ভয়ে যাদবগণ মথুরা ছেড়ে দ্বারকা নগরীতে চলে গিয়েছিলেন। এই ভীমসেন কুরুক্ষেত্র যুদ্ধে একাই দুর্যোধনসহ তার অন্য নিরানব্বই জন ভাইকে গদাঘাতে নিহত করেছেন। দুঃশাসনের বুক চিড়ে রক্তপান করেছেন। তিনি যেরকম বলশালী যোদ্ধা ছিলেন তেমনি ভোজন করতে পারতেন প্রচুর পরিমানে যার জন্য ভীম-এর আরেক নাম ছিল বৃকদর।

এই বিশালদেহী ভীম বড় ভাই যুধিষ্ঠির-এর একান্ত বাধ্য ছিলেন কিন্তু ভীমসেনকে আমরা ক'জন প্রেমিক হিসাবে দেখেছি

**সারাজীবন দ্রৌপদীর পাশে থেকেছেন দ্রৌপদীকে ভালোবেসে যথার্থ প্রেমিকরূপে যোগ্যতার পরিচয় তুলে ধরতে সক্ষম হয়েছেন মহাভারতের এই ক্ষত্রিয়বীর।**

বা দেখার চেষ্টা করেছি? দ্রৌপদী ছাড়াও পাণ্ডবভ্রাতাদের প্রত্যেকের ১ জন করে স্ত্রী ছিল, অর্জুনের ছিল ৩ জন। দ্রৌপদী ছিলেন পাঁচ ভাইয়ের স্ত্রী। কিন্তু দ্রৌপদীকে সবচাইতে বেশি বোধহয় ভীমসেনই ভালোবাসতেন। স্ত্রী মানেই সহধর্মচরী বা সহধর্মিণী। সমস্ত মহাভারতব্যাপী দেখা গিয়েছে দ্রৌপদীর অপমানে সবচেয়ে বেশি ব্যাথা পেয়েছেন ভীম এবং তার প্রতিকার করার চেষ্টা করেছেন। দ্রৌপদীর অনেক আবদারই ছিল ভীমসেন-এর কাছে। পঞ্চপাণ্ডবদের মধ্যে একমাত্র ভীমকেই সারাজীবন দ্রৌপদীর জন্য আকুল থাকতে দেখা গিয়েছে।

মহাভারতের সভাপর্বে পাশা খেলায় শকুনীর কুটচালে দুর্যোধনের কাছে যুধিষ্ঠির একে একে সমস্ত রাজ্য হারিয়ে এমনকি তিনিসহ অন্য ভাইদেরকেও বাজিতে হেরে গিয়ে যখন দ্রৌপদীকেও পাশা খেলায় পণ রাখেন তখন একমাত্র ভীম এর প্রতিবাদ করেন। বড় ভাই যুধিষ্ঠির-এর একান্ত বাধ্য ছোট ভাই ভীম সহদেবকে আদেশ করেন আগুন আনার জন্য। ভীম চাইছিলেন বড় ভাই-এর পাশা খেলার হাত পুড়িয়ে দেওয়ার জন্য। লক্ষণীয় ভীমকে পাশা খেলায় বিক্রি করার জন্য কিন্তু প্রতিবাদ করেননি, বরং দ্রৌপদী যখন পাশা খেলায় হেরে গেল তখন প্রতিবাদ করেছেন। ভীম সারাজীবন বড় ভাই-এর কোন কথা অমান্য করেননি কিন্তু স্বামী হিসাবে দ্রৌপদীর অপমান সহ্য করতে পারেননি। এই পাশা খেলার আসরেই দুঃশাসন যখন দ্রৌপদীকে চুল ধরে টেনে নিয়ে আসেন এবং দ্রৌপদীর কাপড় খুলে নেওয়ার মত নিম্নরুচির কাজ করেন তখন একমাত্র ভীমই দ্রৌপদীর অপমানে প্রতিজ্ঞা করেন যে, পাপাত্মা দুঃশাসনের এই কুলসিত হাত তিনি ভেঙ্গে দিবেন এবং তার বুকের রক্ত পান করে দ্রৌপদীর প্রতি করা এই অপমানের শোধ নিবেন। তার এই প্রতিজ্ঞা রক্ষা করতে না পারলে স্বর্গের দ্বার যেন তার জন্য বন্ধ হয়ে যায়। কুরুক্ষেত্রের যুদ্ধে তিনি তার প্রতিজ্ঞা রক্ষা করেছিলেন। এই পাশা খেলার আসরেই দুর্যোধন দ্রৌপদীকে তার দাসী জেনে তার উরুতে বসার ইঙ্গিত করলে ভীম আবারও আরেকটি প্রতিজ্ঞা করেন যে ভবিষ্যকালে কোন যুদ্ধে তিনি তার গদা দিয়ে দুর্যোধনের উরু ভেঙ্গে দিয়ে দ্রৌপদীকে করা অপমানের প্রতিশোধ নিবেন এবং ভীমসেন গদাযুদ্ধে দুর্যোধনের উরু ভেঙ্গে দিয়ে তিনি তার দ্রৌপদীর প্রতি ভালোবাসার সম্মান দিয়েছিলেন।


মহাভারতের বনপর্বে পাণ্ডবগণ বদরিকাশ্রম এলাকায় বসবাসের সময় একদিন কনকপদ্ম নামক একটি সুগন্ধযুক্ত পদ্মফুল বাতাসে দ্রৌপদীর কাছে এসে পড়লে একমাত্র ভীমের কাছেই এই রকম আরও ফুল এনে দেওয়ার আবদার করেন। দ্রৌপদীকে খুশি করতে ভীম বিপদসংকুল গভীর অরণ্য যক্ষদের রক্ষিত পদ্মসরোবর হতে কঠিন সংগ্রামের পর ফুল সংগ্রহ করে দ্রৌপদীকে উপহার দেন। এখানেই দ্রৌপদীপ্রেমিক ভীম-এর কাজ শেষ হয়নি। বনবাস চলাকালীন পাণ্ডবগণ কাম্যকবনে অবস্থানের সময় একদিন দ্রৌপদীকে গৃহে একাকী পেয়ে দুর্যোধনের ভগ্নিপতি জয়দ্রথ দ্রৌপদীকে বলপূর্বক হরণ করলে খবর পেয়ে ভীম ও অর্জুন জয়দ্রথকে ধাওয়া করে ধরে ফেলেন। অর্জুন স্ত্রীকে উদ্ধার করার নৈতিক দায়িত্ব পালন করেন কিন্তু ভীম দ্রৌপদীকে অপহরণের জন্য জয়দ্রথকে তখনই বধ করতে চেয়েছিলেন। কিন্তু অর্জুন, যুধিষ্ঠির-এর নিষেধাজ্ঞা স্মরণ করিয়ে দিলে হত্যা করতে বিরত হন। তবে তিনি বলেছেন, এই পাপী দ্রৌপদীকে অপমান করেছে তাই সে বাঁচার যোগ্য নয়। ভীম জয়দ্রথকে বেঁধে যুধিষ্ঠির-এর কাছে নিয়ে এলে তাকে ছেড়ে দিতে বলেন, তাদের ভগ্নি (দুর্যোধনের বোন) বিধবা হয়ে যাবে বলে। ভীম জয়দ্রথকে ছেড়ে না দিয়ে বলেন, এ ব্যাপারে দ্রৌপদীর সম্মতি থাকলে তাই হবে।


পাণ্ডবদের এক বৎসর অজ্ঞাতবাসকালে বিরাট রাজ্যের গৃহে বিরাট রাজার শ্যালক মহাশক্তিশালী সেনাপতি কীচক দ্রৌপদীর রূপে মুগ্ধ হয়ে কুপ্রস্তাব দিলে দ্রৌপদী অপমানিত হয়ে রাজসভায় যুধিষ্ঠিরের সম্মুখে বিরাট রাজের কাছে অভিযোগ করলে সবার সম্মুখে কীচক কর্তৃক চরম লাঞ্ছিত হন। অপমানিত দ্রৌপদী বুঝতে

পারেন একমাত্র ভীমই পারেন এর প্রতিকার করতে। দ্রৌপদী ভীমকে এই অপমানের কথা বলার জন্য ভীমের গৃহে যান তখন ভীম ঘুমে ছিলেন। সমস্ত মহাভারত জুড়ে দ্রৌপদীকে তার পঞ্চ স্বামীর অন্য কারোর সঙ্গে এমন ঘনিষ্ঠ অবস্থার কথা মহাভারত রচনাকারী কবি দেখাননি। দ্রৌপদী ভীমের গৃহে প্রবেশ করে ঘুমন্ত ভীমসেনকে জাগরিত করার জন্য এইভাবে ব্যাখ্যা করেন– "যেমন লতাপ্রকাণ্ড শালবৃক্ষকে, মৃগরাজবধূ প্রসুপ্ত মৃগরাজকে ও হস্তিনী মহাগজকে আলিঙ্গন করে, সেইরূপ দ্রুপদ নন্দনী ভীমসেনকে বাহুপাশে বন্ধন করিয়া জাগ্রত করিলেন বিনাবিনিন্দিত গান্ধার স্বরে মধুরবাক্য তাঁহাকে সম্বোধনপূর্বক কহিলেন, নাথ! গাত্রোত্থান কর। কি আশ্চর্য্য! এখনও নিদ্রা যাইতেছ? নতুবা পাপাত্মা কীচককে জীবিত ব্যাক্তির স্ত্রীকে অপমানিত করিয়া এখনও জীবিত থাকিতে পারে?" দ্রৌপদীর মুখে সবকিছু শুনে পরিকল্পনা মাফিক কীচককে পরদিন সন্ধ্যার পর নৃত্যশালায় খালিহাতে নিষ্ঠুরভাবে বধ করে প্রেমিকা ও স্ত্রী দ্রৌপদীর অপমানের শোধ করেন। পরেরদিন কীচকের ভাই ও বন্ধুরা দ্রৌপদীকে জ্যন্ত পুড়িয়ে মারতে চাইলে তাদেরকেও হত্যা করে দ্রৌপদীকে রক্ষা করেন।

এভাবেই ভীম সারাজীবন দ্রৌপদীর পাশে থেকেছেন দ্রৌপদীকে ভালোবেসে যথার্থ প্রেমিকরূপে যোগ্যতার পরিচয় তুলে ধরতে সক্ষম হয়েছেন মহাভারতের এই ক্ষত্রিয়বীর।

সূত্র : কালীপ্রসন্ন সিংহ অনুদিত "মহাভারত"। ❑



# কবিতাঙ্গন

## জন্মাষ্টমী

### অমিত কুমার মুখোপাধ্যায়

অপূর্ব বিচিত্র সে গোপাল জন্মকথা,
শৃগাল দেখালো পথ, নাগ ধরে ছাতা।
প্রচণ্ড ঝড়ের রাত কংস কারাগারে,
অন্তর্যামী ছিল জাগি দেবকী অন্তরে।
মর্ত্যে এলো বসুদেব-দেবকী নন্দন
শিহরিল যত ছিল মথুরার জন।
বাজিল শঙ্খ ঘণ্টা মন্দিরে মন্দিরে,
দেবলীলা কংস কিছু বুঝিতে না পারে।
হতবাক বসুদেব বিস্ময়ে হেরিল
হাতপায়ে শৃঙ্খল কোথা চলি গেল?
দেখিল যে স্থানে ছিল ঘুমাইয়া দ্বারী,
দাঁড়াইয়া শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী।
আনন্দাশ্রু নাহি ধরে দুইটি নয়ন,
কারাগারে জন্ম নিল প্রভু নারায়ণ।
অন্তরীক্ষে দৈববাণী হৈল আচম্বিতে,
শুধু বসুদেব তাহা পাইল শুনিতে।
সেই মত জোগাইল দরকারী যত,
শৃগাল সম্মুখে এলো দেখাইতে পথ।
অচেতন দেবকীরে জাগালোনা আর,
যতনে শিশুরে লয়ে ছাড়ে কারাগার।
বাইরে তুমুল বৃষ্টি ঘন অন্ধকার,
কোথা কেহ জাগিছেনা সুযোগ এবার।
খুলিল কারার দ্বার আপনা আপনি,
জোড়করে জনার্দনে স্মরিল তখনি।
এত হেরি তবু মনে জাগে সংশয়,
কি জানি শিশুর যদি কিছু ক্ষতি হয়।
পুনঃ পুনঃ স্মরে মনে বিষ্ণুর চরণ,
তুমি রক্ষা কর ওগো দেব নারায়ণ।
বারিধারা শ্রাবণের অষ্টমী নিশি,
চারিধার অন্ধকার হেরে দশদিশি।
সন্তানে সন্তর্পণে লইয়া মাথায়,
বসুদেব বাহিরে আসিয়া দাঁড়ায়।
অবিরাম বৃষ্টিধারা গায়ে লাগিল না,
ছত্র ছিল নাগরাজ বাসুকির ফনা।
শিয়াল দেখায় পথ নাগ ধরে ছাতা,
গোকুলের পথে চলে জগতের ত্রাতা।
অপূর্ব বিচিত্র এই জন্মাষ্টমী কথা,
অমিত কুমার বলে, পুণ্যবান শ্রোতা।

## নদীজলে আরাধনা

### তুষার গায়েন

ধীর মিহি ধীর
মিহি ধীর মিহি
ধীর মিহি ধীর

ছায়া ছায়া সাদা কাশ
জ্বলে নেবে জোনাকির
মৃদু মৃদু নীল আলো
কুহকীর স্রোত হাওয়া
শিরশির জলধির

মিহি ধীর মিহি
ধীর মিহি ধীর

সরে যায় কাদাপাড় স্খলিত রাত্রি

আমি জলে ভাসি তুমি হাওয়ায় আসো ভেসে
শুশুকের পিঠে চাঁদ-লণ্ঠন জ্বলে উঠে

ডুবে যায় শুশুকের উত্তাল উল্লাস
চাঁদ ভেঙে ঘোরজলে তরল সোনার ঢেউ
ভেসে যান মহামায়া নিদ্রিতা বহুদূর
কতদূর ছেড়ে আসা ছায়া ছায়া নদীপাড়
যুথনাচ, গুঞ্জন, ধোঁয়ার আরতি
ভেসে আসে বাতাসের ঢাক গুড় গুড়

চোখে রাগ পুষ্পিত পরম পরাগ
ত্রিশূলে বিদ্ধ হলো আজ
অনেক যুদ্ধ শেষে
দেবীর পায়ের নিচে আলোর অসুর।

কবিতাঙ্গন

# শিববন্দনা

## সুব্রত পুরু

দেবতাদের দেবত্বে আমারও অপার কৌতূহল আছে
আছে এক অন্তর্গত টান,
লৌকিক উপাখ্যানে শিব যতটা শৌর্যবান
তারও চেয়ে বেশি জানবার উচ্ছ্বাসে
আমি হাঁটি সেই সুদূর অতীতে
কৈলাসের বরফাচ্ছাদিত গিরিপথ ধরে,
সেই সে বৃহৎ পুরুষ– শৌর্য-বীর্যে সেবা
তাহার সময়কালে, পশুচর্মে আচ্ছাদিত দেহে
ত্রিশূল হস্তে হেঁটে যায় প্রচণ্ড আত্মবিশ্বাসে
আমি সেই পথ ধরে হাঁটি, তারে জানবার তরে।

সেই সে প্রগাঢ় পুরুষ
বুকে ধরে সিংহের রণহুঙ্কার যুদ্ধ-শিঙ্গা বাজায়
গোষ্ঠীদ্বন্দ্বে লড়ে, প্রবল প্রতাপে ছিন্ন-ভিন্ন করে
প্রতিপক্ষের প্রতিরক্ষাব্যূহ,
ধ্বংস-বিনাশে সর্বনাশের ত্রাসে নতজানু
সেইসব হারানো গোষ্ঠীর মানুষের কাছে
কতটা ভীতিকর সেই সে মহাভীম জটাধারী
মহাকাল পথে হেঁটে আমি উত্তর খুঁজি তারই।

সেই সে আদিম নীলকণ্ঠ মানব
তুড়িতে উড়ায়ে বিশ্বসংসারের বিষজ্বালা
গঞ্জিকাধোঁয়ায় ক্রূঢ় লাল চোখে আমা পানে চায়,
তার চোখে ভাবালুতা আছে
আছে অতীত-বর্তমান-ভবিষ্যতের প্রতি দায়
আছে প্রেম, সৃষ্টি, কৃষির প্রতি মায়া
আছে স্থিতি; সতীর প্রতি ভালোবাসার ছায়া
এক চিলতে রোদ্দুরের মতো স্থির হয়ে ঝুলে থাকে
তার সে গম্ভীর রাগীমুখের উত্তরকোণায়।

আমি সেই পথে হাঁটি
মেঘাচ্ছন্ন পাহাড় চূড়ায় চূড়ায়
সৃষ্টির আনন্দে কেউ একজন দ্রিম-দ্রিম নেচে যায়
কেউ একজন পার্বতীপতি আপন ছন্দে নাচে
প্রলয়ানন্দে নাচে, নাচে ডমরু-ত্রিশূলে স্ব-ভঙ্গীতে
নাচে রুদ্রাক্ষ-বাসুকিমালা গলায় সংস্কৃতির সূত্রপাতে;
আমি হাঁটি তারাজ্বলা রাতে
তাহার পুত্র গণেশের মুণ্ডু গড়ায়ে পড়ে
সভ্যতার আদিলগ্নের থম্-থম্ রাতের মশাল আলোয়
ঘটে যাওয়া সেই প্রথম শল্য চিকিৎসা-কাণ্ড দেখি
বিহ্বল বিস্ময়ে– সেই ভূতনাথের,

চেতনালোপের শিহরণ আমারে তাড়িত করে

বিজ্ঞানের যাত্রারম্ভ আমারে জাগায়।
আমারে শিহরতি করে অতীতের পথ
জানা-অজানায় লীন সেই মণিমাণিক্যসম ইতিহাস,
সহস্র ধাপে লক্ষ বছরে মানুষের উন্মেষ-জাগরণে
কত মানুষের কত অবদান, কত ভুলে যাওয়া নাম!
মানুষেরই পূর্বপুরুষ হে দেবাদিদেব মৃত্যুঞ্জয়ী শিব–
লহ আমার প্রণাম।

# দশভুজা মা আমার

## পিংকি চৌধুরী

দশভুজা মা আমার, জুড়ি মেলা ভার,
দেখি যখন মুখটি তার, ভুলে যাই সকল কষ্ট আমার ॥
এতটুকু তার অবসর নেই, সকাল থেকে রাত,
হাসিমুখে মেটায় সবার আবদার, আছে যেন তার দশ হাত ॥
মা যে আমার ঘরের লক্ষ্মী, বিদ্যারূপে স্বরস্বতি,
ঘরে-বাইরের কাজে, সন্তানের লেখাপড়ায় সবকিছুতেই পারদর্শী ॥
শত কষ্টে সবাইকে মা, আগলে রাখে তার বুকে,
দুর্গারূপে শত্রু বিনাশ করে, হাঁসি ফোঁটায় সবার মুখে ॥
সেই মাকে তোমরা দুঃখ দিওনা গো, ফেলে রেখে বৃদ্ধাশ্রমে,
মা হারালে শান্তির ছোঁয়া তুমি, পাবে নাকো জগত সংসারে ॥

## কবিতাঙ্গন

# রথের গল্প

**শুভশ্রী ভট্টাচার্য**

দুর্গা মূর্তি গড়ার মাটি পা দিয়ে ছানতে কেমন লাগে কানাই কুমোরের।
যতই হোক দেবী এখনো তৈরি হয়নি। তবে হবে তো। যদি পাপ লেগে যায়?
পাড়ার বাচ্চাগুলোর ডাক পড়েছে উঠোনের মাটিতে দাপাদাপি গড়াগড়ি করার।
এ কাজের ডাক তাদের ফি বছর পড়ে ধান তোলার পর। ধান মাড়াই করার জন্য।
তখন তাদের আর পায় কে? উঠোন জোড়া সোনালি ধানের ওপর লাফালাফি, ডিগবাজি, নাচন-কোঁদন,
এ ওকে ঠেলে ফেলে দেওয়া, মোট কথা লঙ্কাকাণ্ড চলতে থাকে।
কাদার ওপর পিছল হওয়াতে খেলাটা জমে ভালো। কানু ভাবে, মা এদের ওপর রাগ করতে পারবেন না।
এই ছেলেমানুষী উল্লাসে পাপ নেই।

কানুর মেয়ে পুঁটি একটা ফুটো নারকোল মালা পেয়েছে কোথা থেকে।
সেই নিয়ে সকাল থেকে ঘুরছে আর বলছে, এইবার জিলিপি করতে পারবো।
দুপুরে না ঘুমোলে মা বলেছে রথের মেলায় নিয়ে যাবে না। মেলায় গিয়ে পুঁটি এত্ত বড় পাঁপড় খাবে।
সেটা দু'হাতে ধরে খেতে গেলে পুঁটির পুরোটাই প্রায় ঢাকা পড়ে যায়।
আগের বার খেতে গিয়ে এক কামড় বসাতেই পুরো পাঁপড়টা ভেঙে মাটিতে পড়ে গেছিল।
সেই দুঃখ আজও যায়নি। মেলা থেকে খেলনা বাটি কিনবে পুঁটি।
মা তাকে কিছুতেই বঁটি কিনতে দেয় না। হাত কেটে যাওয়ার ভয়ে।
এবার রান্নাবাটির মধ্যে একটা সাঁড়াশি কিনবে, আর কিনবে চাকি বেলুন।
পুতুলদের বুঝি লুচি খেতে ইচ্ছে হয় না? পুতুল বলে কি মানুষ নয়?

দাদাদের উঠোনে দাপাদাপি করতে দেখে পুঁটিও যায় সেখানে। কিন্তু শুরুতেই পা পিছলে আলুর দম।
সাধের গোলাপি ফ্রকটা কাদায় মাখামাখি। সবাই হেসে ওঠায় পুঁটি হাপুস নয়নে কেঁদে ফেলে
ছুট্টে মায়ের কাছে চলে আসে। মা তাকে আদর করে বলে, লেগেছে? পুঁটি মাথা নাড়ে।
মা বলে, তবে কাঁদছিস কেন? পুঁটি বলে, ওরা হাসছে কেন আমাকে দেখে? মা বলে, তাতে কী?
ওদের গায়ে কত কাদা দেখেছিস? চল চান করে খেয়ে নে।
তোকে রথের মেলা থেকে এবার একটা বঁটি কিনে দেব।
মায়ের সঙ্গে লাফাতে লাফাতে পুঁটি চললো পুকুরে নাইতে।

কানাই হাতের কঞ্চিটা দিয়ে মাটিতে এলোমেলো দাগ কাটতে কাটতে ভাবে,
এবারে ঠাকুরের বায়না এলো না একটাও। সারা বছর সংসারটা চলবে কী করে?
তারপর ভাবে, এসব হিসেবের কথা ভাবতে নেই। পাপ হয়।
দেবীর কাঠামোর ফেলনা বাঁশ দিয়ে সে মেয়ের জন্য একটা রথ বানাতে বসে।

## TORONTO SURYA SIDDHANTA BASED POOJA LIST OF BANGLA 1430

(BARO MASE TERO POOJA; SOURCE: LOKENATH & BENIMADHOB CALENDAR)

| LIST | DATE | DAY | POOJA/BROTO | TITHEE (TORONTO TIME) |
|---|---|---|---|---|
| 1 | 15 April (01 Boishakh)<br>Sun rise 6:35 am & set 8: 00 pm | Saturday | Ganesh Pooja | First day of the Bengoli year<br>Pooja: morning |
| 2 | 19 June (03 Ashar)<br>Sun rise 5:35 am & set 9: 02 pm | Monday | Jogonnath Dev's<br>Roth Jatra | Dwitia from 00:27 am to 01:55 am<br>next day. Pooja: morning |
| Changeable | 25 June (09 Ashar)<br>Sun rise 5:37 am & set 9:03 pm | Sunday | Nam Songkirton (Udoy-<br>Osto) 4:49 am - 9:51pm | Shukla Sunday of Uttarayon<br>(Between two Roth yatras) |
| 3* | 01 July (16 Ashar)<br>Sun rise 6:03 am & set 8: 44 pm | Saturday | Shoni pooja & Sotyo<br>Narayon Pooja | Any Shukla Saturday of Shravon;<br>Dwadoshi. Pooja: (17:00 – 20:45 pm) |
| 4 | 06 Sept. (19 Vadro)<br>Sun rise 6:46am & set 7:44 pm | Wednesday | Jonmashtomi (Birth Tithhi<br>of Lord Krishna) | Oshtomee till 10:33 am of next,<br>Rohinii till 5:47 am of next day.<br>Pooja: Day-Night |
| 5 | 18 Sept. (31 Vadro)<br>Sun rise 7:00 am & set 7: 22 pm | Monday | Vishwokorma Pooja | Month end of Vadro<br>Pooja: morning |
| 6 | 08 Oct. (20 Ashwin)<br>Sun rise 7:23am & set 6: 46 pm | Sunday | Pitri Torpon | Pitri Pokshio Doshomi till 04:01 am<br>of next day. Torpon: morning |
| 7(a) | 14 Oct. (26 Ashwin)<br>Sun rise 7:30 am & set 6: 36 pm | Saturday | Mohaloya (Durga pooja) | Omavosya till 13:19 pm<br>Pooja: Night |
| 7(b) | 19 Oct (01 Kartik)<br>Sun rise 7:36 am & set 6: 27 pm | Thursday | Bodhon (Durga pooja) | Shoshtthi from 13:03 pm to till 11:36<br>am next day. Pooja: Evening |
| | 20 Oct (02 Kartik)<br>Sun rise 7:37 am & set 6: 26 pm | Friday | Odhibas | Pooja: Evening |
| | 21 Oct (03 Kartik)<br>Sun rise 7:38 am & set 6: 24 pm | Saturday | Soptomee Pooja | Soptomee till 09:50 am<br>Pooja starts: 8:00 |
| | 21 Oct (03 Kartik)<br>Sun rise 7:38 am & set 6:24 pm | Saturday | Oshtomee (Durga Pooja) | Oshtomee till 07:47 am of next day<br>Pooja starts: 11:00 am |
| | 22 Oct (04 Kartik)<br>Sun rise 7: 40 am & set 6:23 pm | Sunday | Sondhi Pooja | Pooja: 07:23 am-08:11 am |
| | 22 Oct (04 Kartik)<br>Sun rise 7: 40 am & set 6:23 pm | Sunday | Nobomee (Durga Pooja) | Nobomee till 05:32 am next day<br>Pooja: 10:00 am |
| | 23 Oct (05 Kartik)<br>Sun rise 7:41 am & set 6:21 pm | Monday | Bijoy Doshomee | Doshomee till 03:11 am next day<br>Pooja: 10:00 am |
| 7(c) | 27 Oct. (09 Kartik)<br>Sunrise 7:46 am & set 6:15 pm | Friday | Sree Sree Loxmee pooja | Purnima till 16:25 pm (next day)<br>Pooja: Evening |
| 7(d) | 12 Nov (25 Kartik)<br>Sunrise 7:07 am & set 4:55 pm | Sunday | Sree Sree Kali pooja | Omavosya 03:35 am to 04:02 am<br>(next day) Pooja: Night |
| 7(e) | 21 Nov (04 Agrohayon)<br>Sunrise 7:19 am & set 4:47 pm | Tuesday | Jogotdhatri pooja | Novomee till 14:15 pm<br>Pooja: morning |
| 8 | 26 Nov (09 Agrohayon)<br>Sun rise 7:25 am & set 4:44 pm | Sunday | Rash Lila<br>of Lord Krishna | Purnima till 3:46 am (next day)<br>Pooja: Day and Night |
| 9 | 15 January (29 Poush)<br>Sun rise 7:48 am & set 5:05 pm | Monday | Mokor/Poush Sonkrantee<br>& Peettha festival. | Last day of the month of Poush<br>Pooja: morning. Pittha: prev. evening |
| 10 | 14 Feb (01 Falgun)<br>Sunrise 7:18am & set 5:45 pm | Wednesday | Soroswotee pooja | Ponchomi 9:42 am of previous day to<br>till 07:33 am. Pooja starts: 7:00 am |
| 11 | 08 Mar (24 Falgun)<br>Sunrise 6:41am & set 6:15 pm | Friday | Sree Shiva Ratri Vroto | Choturdoshee till 07:12 am (next<br>day) Pooja: Night |
| 12 | 24 March (10 Choitro)<br>Sunrise 7:12 am & set 7:35 pm | Sunday | Dool & Gour Purnima | Purnima till 14:17 am (next day)<br>Pooja: morning |
| 13 (a) | 15 April (02 Boishakh)<br>Sun rise 6:33 am & set 8:01 pm | Monday | Basontee Oshtomee and<br>Onnopoorna pooja | Oshtomee (need to see 1431 Ponjika)<br>Pooja: morning |
| 13 (b) | 16 April (03 Boishakh)<br>Sun rise 6:32 am & set 8:02 pm | Tuesday | Basontee & Ram<br>Novomee | Novomee (need to see 1431 Ponjika)<br>Pooja: morning |
| ***** | 13 April (30 Choitro)<br>Sun rise 6:37 am & set 7:59 pm | Saturday | Chorok puja<br>Shiva puja  | End of the year 1430 |

**Note: Ontario time changes on 04 Nov. 2023 and 09 March 2024 (Converter: Subhash Paul)**

## LOKENATH BROHMOCHARY POOJA LIST OF BANGLA 1430



| LIST | DATE | DAY | POOJA/BROTO | TITHEE (ONTARIO TIME) |
|---|---|---|---|---|
| 1 | 03 June (19 Joisttho)<br>Sunrise 5:38 am sunset: 8:53 pm | Saturday | **Tirodhan Dibos**<br>(Death anniversary) | Death anniversary<br>of Lokenath Brohmochari |
| 2 | 04 Nov. (17 Kartik)<br>Sunrise 7:56 am sunset: 6:04 pm | Saturday | **Prodeep Utsob**<br>**(Lamp offering day)** | Each Saturday and each Tuesday after 15 Kartik |
| 3 | 25 February (12 Falgun)<br>Sunrise 7:01 am sunset: 6:00 pm | Sunday | **Paduka Utsob** | 12 Falgun of Bangla calendar |

**Note:** In addition, an individual devotee will have facility to offer Prodeep to Sree Lokenath Brohmochary on 07 Nov. (20 Kartik) Tuesday, **11 Nov. (24 Kartik) Saturday,** and 14 Nov. (27 Kartik) Tuesday by their personal arrangements.




### Shiva puja and Chorok Puja

**NOTE:** Choitro Sonkranti is on 13 April 2024 (30 Choitro 1430) Saturday.
**Bengoli Hindu rule: Vegetarian food on the Choitro Sonkranti day.**

Sonkranti festival with absolute vegetarian food on this day is the Hindu culture.

প্রকৃতির অমোঘ বিধানে
নির্মম সত্যকে বরণ করে
যাঁরা চলে গেছেন অজানা স্থানে
যাঁদের স্মৃতি ও কীর্তি
আমাদের অনুভূতিকে আজও
স্পন্দন জাগায়
তাঁদের স্মরণে।

বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি ও
বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির
টরেন্টো


সকলকে শারদীয় শুভেচ্ছা
RIGHT AT HOME
REALTY INC.
RIGHT AT HOME REALTY INC
Morneau Sobeco Centre II
Office: 416 391 3232
Fax : 416 391 0319
E-mail:anupbiswas1961@yahoo.com
895 Don Mills Rd., Suite# 202
Toronto, ON M3C 1W3
www.rightathomerealty.com
Anup Kumar Biswas
B.SC (Mech.Eng.) MBA
Sales Representative
Cell : 647 773 2128

REALTOR® MULTIPLE LISTIND SERVICE MLS

RE/MAX

Chairman's Club Award

Hall of Fame Award

**Realtron Rahul Saha Realty Inc. Brokerage**

Each Office is independently owned and operated

# Rahul Saha, M.Sc. (Elect. Eng.)

***Broker of Record***

**শারদীয় শুভেচ্ছা**



885 Progress Avenue., #209, Toronto, ON M1H 3G3

**Cell: 416-832-5835**

Office: 416-289-3333

Fax: 416-289-4535

Email: rahulremax@gmail.com

**www.rahulsaha.com**